The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 868 | 02 May 2025 | শুক্রবার ১৯ বৈশাখ ১৪৩২


Pori Moni in legal trouble for abusing maid
→ Page 19

US arrests 100 migrants in nightclub raid
→ Page 19




Feds accidentally publish secret plan to kill NYC congestion pricing
→ Page 19

George Santos sentenced to more than 7 years in prison
→ Page 18


### নিউইয়র্ক সিটিতে ক্র্যাকডাউন পরিকল্পনা

# ব্যবসা প্রতিষ্ঠানে কর্মচারি সংকট

মনোয়ারুল ইসলাম




নিউইয়র্ক সিটিতে কাগজপত্রহীন/অবৈধ অভিবাসীরা ভয়ে কর্মস্থলে যাওয়া বন্ধ কওে দিয়েছেন। নেহায়েত জরুরী না হলে তারা কাজে যাচ্ছেন না। গত মঙ্গলবার নিউইয়র্ক সহ সেনচুয়ারি সিটিতে ক্র্যাকডাউন ঘোষণার পর ছোট ছোট ব্যবসা প্রতিষ্ঠান কর্মচারির অভাবে বন্ধ হবার উপক্রম। সিটির অধিকাংশ গ্রোসারী দোনকান, স্ট্রিট ভেন্ডরস, নিউজস্ট্যান্ড, বার, নাইটক্লাব ও রেষ্টুরেন্টগুলো অতিমাত্রায় নির্ভরশীল ইমিগ্রান্ট কর্মচারিদের ওপর। ব্যাপকহারে ধরপাকড় শুরু হবার হবার কর্মচারিরা আর কাজে যাচ্ছে না। গেল সপ্তাহে কলোরাডো স্টেটের নাইটক্লাবের অভিযানে ১০০ জনেরও বেশি অভিবাসী গ্রেফতার করায় এ আতংক আরও বেড়ে গেছে। তার প্রভাব পড়েছে নিউইয়র্ক সিটিতেও।প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অভিবাসনের উপর কঠোর ব্যবস্থা গ্রহনকেই দায়ী করা শুরু করেছেন ব্যবসায়ীরা। তারা বলছেন, নুন্যতম বেতনে কাজ করেন ইমিগ্রান্টরা। অনেকের কাগজপত্র না থাকায় আরও কম বেতনে কাজ করেন। ক্ষুদ্র ব্যবসায়ীদের কাছে ইমিগ্রান্ট কর্মচারি হচ্ছে আর্শীবাদ। তারা না থাকলে ব্যবসা পরিচালনা সম্ভব নয়। একটি জরিপে, প্রতি পাঁচজনে ৩ জন কর্মী বলেছেন, তারা কর্মক্ষেত্রে অভিবাসন অভিযান নিয়ে চিন্তিত।
ট্রাম্প সোমবার একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেছন, যার লক্ষ্যবস্তু হচ্ছে অভয়ারণ্য শহরগুলি (সেনচুয়ারি সিটি) । এ সব শহরগুলিতে অবৈধ ইমিগ্রান্টদের গ্রেফতারে ক্র্যাকডাউন চালাবে আইস পুলিশ।
এরপর ৪০ পৃষ্ঠায়



## লাগোর্ডিয়া কলেজের ১৭ বাংলাদেশি শিক্ষার্থীর ভিসা বাতিল

আজকাল রিপোর্ট

ল্যাগোর্ডিয়া কমিউনিটি কলেজের ১৭ বাংলাদেশি শিক্ষার্থীর ভিসা বাতিল করেছে হোমল্যান্ড সিকিউরিটি। এ সংখ্যাটি এপ্রিল মাসেরই। ইমিগ্রেশন ডিপার্টমেন্ট থেকে কলেজে প্রেরিত চিঠিতে বলা
এরপর ৪০ পৃষ্ঠায়

মন্তব্য প্রতিবেদন

## জাতীয় ঐকমত্য কমিশন কি ঠিক পথে হাঁটছে?


কাজী জহিরুল ইসলাম

জাতীয় ঐকমত্য কমিশনের ওপর আমার পুরোপুরি আস্থা আছে। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি অধ্যাপক ড. আলী রীয়াজের নেতৃত্বে এই কমিশন শেষ পর্যন্ত দেশপ্রেমকেই তাদের চালিকা নীতি স্থির রেখে
এরপর ৪২ পৃষ্ঠায়



## মাকসুদ চৌধুরী গ্রেফতার ও মুচলেকায় জামিন লাভ

আজকাল রিপোর্ট

কমিউনিটির পরিচিত মুখ মাকসুদ এইচ চৌধুরী প্রিসিংকটে আটক ও পরে জামিনে মুক্তি পেয়েছেন। নিউইয়র্কে ব্রুকলিনস্থ চট্রগ্রাম সমিতির অফিসে তালা ভেংগে প্রবেশ ও পুলিশী অভিযোগের ভিত্তিতে গত বুধবার ৩০ এপ্রিল মাকসুদসহ বিল্লাহ ও হারুন আটক হন।
এরপর ৩৮ পৃষ্ঠায়

## এসাইলাম আবেদন ফি হাজার ডলার!

আজকাল রিপোর্ট

রিপাবলিকানরা ইমিগ্রান্টদের যুক্তরাষ্ট্রে এসাইলাম বা রাজনৈতিক আশ্রয়ের আবেদন ফি ১ হাজার ডলার ফি ধার্য করার প্রস্তাব করেছে। ইমিগ্রেশনের বিভিন্ন পর্যায়ে যুক্তরাষ্ট্রে ইমিগ্রান্টদের জন্য যে ফি ধার্য করে সেগুলোর মধ্যে এখন পর্যন্ত এসাইলাম আবেদন করতে কোনো ফি নেয়া হয় না।
কংগেসের লোয়ার হাউজে রিপাবলিকানদের প্রস্তাবে বলা হয়েছে,আইনানুগভাবে যুক্তরাষ্ট্রে প্রবেশ করে এসাইলাম আবেদন করলে ফি দিতে হবে ১ হাজার ডলার । এতে রাজস্ব আয় বাড়বে ও ট্রাম্প প্রশাসনের পক্ষে সীমান্ত পথে অনুপ্রবেশ উল্লেখযোগ্য হারে কমবে। প্রেসিডেন্ট ট্রাম্পের লক্ষ বাস্তবায়নের
এরপর ৪১ পৃষ্ঠায়

## ক্রেডিট কার্ড ব্যবহারে পরিচয়পত্র প্রদর্শন বাধ্যতামূলক হচ্ছে


আজকাল রিপোর্ট

ক্রেটিড বা ডেবিট কার্ড ব্যবহারিকে অবশ্যই পরিচয় পত্র/ আইডি কার্ড দেখাতে হবে। নতুবা ব্যবসায়ীরা কার্ডধারীর পেমেন্ট গ্রহন করবেন না। কোন
এরপর ৪০ পৃষ্ঠায়

## ট্রাভেল ব্যবসায় খরা দেশে যেতে ভয়

আবু সাইম

ট্রাম্প প্রশাসনের ইমিগ্রেশন বিষয়ক সৃষ্ট পরিস্থিতে বেশ নেতিবাচক প্রভাব পড়েছে নিউইয়র্কের বাংলাদেশিদের ট্রাভেল ব্যবসায়। সামার মৌসুমেই ২৪ ঘন্টাই কাজ চলে ট্রাভেল প্রতিষ্ঠানে। তবে এবার ঠিক উল্টো। অন্যান্য বারের চেয়ে এয়ার টিকিট বিক্রি অর্ধেকে নেমেছে। ইমিগ্রেশন বিষয়ক সৃষ্ট আতঙ্কে অনেকেই তাদের পূর্ব নির্ধারিত বা পূর্ব পরিকল্পিত ভ্রমণ বাতিল করছেন।
এরপর ৪২ পৃষ্ঠায়

## ট্রাম্পের নিরাপত্তা উপদেষ্টা বরখাস্ত


আজকাল রিপোর্ট

প্রেসিডেন্ট ডোনাল্ড জে ট্রাম্প জাতীয় নিরাপত্তা উপদেষ্টা মাইক
এরপর ৪০ পৃষ্ঠায়

























NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
SWH
Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416

সাপ্তাহিক আজকাল
Friday, 02 May 2025, Issue 868, www.ajkalnewyork.com





# লেখকের অঙ্গন'র গ্রন্থালোচনা

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের সাহিত্য প্রেমীদের সংগঠন লেখকের অঙ্গনের ১৫তম পর্বের গ্রন্থ আলোচনা গত ২৬ এপ্রিল কুইন্স পাবলিক লাইব্রেরিতে নীরা কাদরীর পরিচালনায় অনুষ্ঠিত হয়। সাহিত্যের বিখ্যাত লেখকদের গ্রন্থ পাঠ নির্ভর এই অনুষ্ঠানে মোহাম্মদ মহিবুর রহমানের আলোচনায় বিশিষ্ট লেখক, গবেষক মাহমুদুল হকের 'কালো বরফ' উপন্যাসের বিষয় বস্তু এবং উৎপত্তির নান্দনিক ধারা সুন্দরভাবে ব্যাখ্যা করেন।
পরবর্তী আলোচক, সুনীত বড়ুয়ার আলোচনায় প্রখ্যাত হিন্দী লেখক প্রেম চন্দ'র 'ছোট গল্প' সংকলন থেকে সমাজের নিম্ন শ্রেণীর মানুষের কিছু অবিস্মরণীয় জীবন চিত্রের বাস্তবতা এবং এর প্রাসঙ্গিকতা উঠে আসে। রানু ফেরদৌস বিশিষ্ট লেখক হায়াৎ মামুদএর বই এরপর ৩১ পৃষ্ঠায়

# তিন শিশু নাগরিক মায়ের সঙ্গে ডিপোর্ট

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে জন্ম নেওয়া তিনজন শিশু নাগরিককে তাদের মায়ের সাথে হন্ডুরাসে ডিপোর্ট করা হয়েছে। আইস পুলিশ শিশুদের মাকে অবৈধ অবস্থান থেকে আটক করে। শিশুদের বয়স ২, ৪ ও ৭ বছর। তাদের আইনজীবীরা জানান, শিশুরা মার্কিন নাগরিক হওয়া সত্ত্বেও তাদের পরিবারের সঙ্গে হন্ডুরাসে পাঠিয়ে দেওয়া হয়েছে। যা যুক্তরাষ্ট্রের অভিবাসন নীতি ও নাগরিক অধিকার নিয়ে গুরুতর প্রশ্ন তৈরি করেছে। আইস অফিসে তাদের নিয়মিত চেকইন করার সময় আটক করা হয় এবং তাদের কোনো আইনজীবী বা পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগের সুযোগ দেওয়া হয়নি। আটক হওয়ার পর মাত্র কয়েকদিনের মধ্যে তাদের হন্ডুরাসে বহিষ্কার করা হয়।
জাতীয় অভিবাসন প্রকল্পের গ্রেসি উইলিস বলেন, এরপর ২৮ পৃষ্ঠায়

## আব্রেগো গার্সিয়াকে ভুল ডিপোর্ট করা নিয়ে আদালত

# এল সালভাদোর কারাগার থেকে ফিরিয়ে আনতে ফের নির্দেশ

আজকাল রিপোর্ট



ফেডারেল বিচারক ট্রাম্প প্রশাসনকে ভুল করে ধরে এল সালভাদোরের কারাগারে পাঠিয়ে দেয়া কিলমার আব্রেগো গার্সিয়াকে পুনরুদ্ধারের ব্যাপারে আবারও প্রশাসনকে সতর্ক করেন। আদালত তাঁর আদেশ মেনে চলার জন্য বুধবার এ সম্পর্কিত তথ্য জানাতে নির্দেশ দিয়েছেন। মেরিল্যান্ডের ইউএস জেলা জজ পলা জিনিস গত সপ্তাহে প্রশাসনের অনুরোধে তার নির্দেশনা সাময়িকভাবে স্থগিত করেছিলেন। তিনি কর্মকর্তাদের জন্য যে মাসের সময়সীমা নির্ধারণ করে দিয়েছিলেন। তাঁরা তাঁকে যুক্তরাষ্ট্রে ফেরত নিয়ে আসার জন্য যা কিছু করেছেন তার সাক্ষ্য প্রদান করতে বলা হয়। ২৯ বছর বয়সী আব্রেগো গার্সিয়া গত ৭ সপ্তাহ ধরে এল সালভাদরের কারাগারে বন্দি আছেন। অন্যদের সাথে তাকে ভুল করে ডিপোর্ট করা হয় বলে তার আইনজীবী আদালতকে জানান। প্রশাসনের পক্ষ থেকে ভুলে নির্বাসন করার পর প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসনে এই ভুল কাজের কারণে আদালতের সাথে তাদের ক্রমবর্ধমান সংঘাতের একটি 'ফ্ল্যাশ পয়েন্ট' হয়ে উঠেছে বলে জানা যায়।
প্রেসিডেন্ট মঙ্গলবার এবিসি নিউজের কাছে স্বীকার করেছেন যে, তিনি এল সালভাদোরের প্রেসিডেন্টকে ফোন করতে পারেন এবং আব্রেগো গার্সিয়াকে ফেরত পাঠাতে পারেন। তবে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তাঁর দাবিকে দ্বিগুণ করে জানিয়েছেন, আব্রেগো গার্সিয়া এমএস-১৩ গ্যাংয়ের একজন সদস্য। ওভাল অফিসে এবিসি'র সাংবাদিক টেরি মোরানকে ট্রাম্প বলেন, 'তিনি যদি ভদ্রলোকই হতেন, আমি তার জন্য সব করতাম'। মেরিল্যান্ডের পুলিশ আব্রেগো এরপর ২৭ পৃষ্ঠায়

# জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে বাংলা নববর্ষ উদ্‌যাপন

আজকাল রিপোর্ট

নিউইয়র্কস্থ জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে উৎসবমুখর ও আনন্দঘন পরিবেশে বাংলা নববর্ষ-১৪৩২ উদযাপন করা হয়। গত ২৩ এপ্রিল আয়োজিত এ অনুষ্ঠানে জাতিসংঘের বৈঠকে অংশগ্রহণে নিউইয়র্ক সফররত সরকারের পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো. আব্দুল খালেক এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল (অবসরপ্রাপ্ত) অনুপ কুমার চাকমাসহ বাংলাদেশ প্রতিনিধিদলের অন্যান্য সদস্যরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বাংলা নববর্ষ ১৪৩২ উপলক্ষে রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি সালাহউদ্দিন নোমান চৌধুরী তাঁর বক্তব্যে একটি বৈষম্যহীন অন্তর্ভুক্তিমূলক এরপর ৩১ পৃষ্ঠায়



# প্রবাসী মাদারীপুর জেলা সমিতির ঈদ পুনর্মিলনী

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে প্রবাসী মাদারীপুর জেলা সমিতির ঈদ পুনর্মিলনী ও পহেলা বৈশাখ-১৪৩২ উদযাপন অনুষ্ঠান গত ২০ এপ্রিল কুইন্সের গুলশান টেরেসে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের আহ্বায়ক মজিবুর রহমানের তত্ত্বাবধানে এবং সংগঠনের সভাপতি রামদাস ঘরামী ও সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মানিক মিয়া। বক্তব্য রাখেন মোশারফ হাওলাদার, লিয়াকত হোসেন, নুরুজ্জামান সরদার, রিয়াজ তালুকদার প্রমুখ। বক্তারা আগামীতে প্রবাসী মাদারীপুর জেলা সমিতিকে আরও শক্তিশালী করে গড়ে এরপর ২৮ পৃষ্ঠায়



# সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ খানের ভ্রাতৃ বিয়োগ

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক থেকে প্রকাশিত 'সাপ্তাহিক বাংলাদেশ' সম্পাদক ও নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাবেক সভাপতি ডা. ওয়াজেদ এ খানের ছোট ভাই আতাহার আলী খান ইন্তেকাল করেছেন। সোমবার (২৮ এপ্রিল) বাংলাদেশ সময় বিকাল সাড়ে পাঁচটায় রাজধানী ঢাকার ধানমন্ডির আনোয়ার খান মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন এরপর ২৭ পৃষ্ঠায়



## মুনা'র এডুকেশন ক্যাম্প অনুষ্ঠিত

# সাহাবায়ে কিরামের জীবনে রয়েছে সর্বোত্তম পাথেয়

আজকাল রিপোর্ট

সাহাবায়ে কিরামের জীবন মুসলিম মিল্লাতের জন্য অনুসরণীয় উপাদানে ভরপুর এবং বিশেষ করে ইসলামি আন্দোলনের কর্মীদের জন্য। আল্লাহর রাসুল (সাঃ) এর সাহাবিদের জীবনে রয়েছে আমাদের জন্য সর্বোত্তম পাথেয়। মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা (মুনা)'র নিউইয়র্ক নর্থ জোনের এডুকেশন ক্যাম্পে প্রধান অতিথির বক্তব্যে মুনার ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন এসব কথা বলেন। গত ২৬ ও ২৭ এপ্রিল দুইদিন ব্যাপী এডুকেশন এরপর ২৪ পৃষ্ঠায়


রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনে বাড়ি
পাবলিক অকশনে বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শরট-সেল ও REO প্রপার্টি
কল করুনঃ
৫১৬ ৪৫১ ৩৭৪৮
150 Groat Nack Road, Groat Nack, New York-11021
nurulazim67@gmail.com

Nurul Azim

York Holding Realty
Licensed Real Estate Broker
Over 20 Years Experience in Real Estate Business

Zakir H. Chowdhury
President
Now Hiring Sales Persons
Free Training (Free course fees for selected people)
Earn up to 300K Yearly
Call Us: 718-255-1555 | 917-400-3880
We are Specialized in Residential, Commercial, Industrial, Bank Owned, Co-op, Condo, Buying-Selling & Rentals
718-255-4555
zchowdhury646@gmail.com
www.yorkholdingrealty.com
70-32 Broadway, Jackson Heights NY-11372

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়

Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

OPEN 24 HOURS
PANSHI NEVER SLEEP
আমরা সব ধরনের ক্যাটারিং করি
ভাল খাবার, সুন্দর পরিবেশ, ভাল সার্ভিস, কমদামে উপভোগ করুন।

$6.99 Midnight & Driver Special
PANSHI RESTAURANT & PARTY HALL
168-37/39 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-480-8516, Fax: 718-480-8531

US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized IRS e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.


NABANNO
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ নবান্নেই
আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
সুসজ্জিত হলে বিয়ে,গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000


LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
(Black Car, Livery, Taxi, Yellow Cab, Green Cab)
Our Services
TLC Insurance
DMV & TLC Service
TLC Car & Plate Rent
Auto, Home & Business Ins.
TLC Base (Black & Green Cab)
ARIF SHAHRIAR
PRESIDENT & CEO
NYC Office:
41-05 69th Street
Woodside, NY 11377
Buffalo Office:
170 Kerns Ave, ST #101
Buffalo, NY 14211
Phone: 718-567-5600
info@libertybkg.com, www.libertybkg.com

সম্পাদকীয়

# ভারত-পাকিস্তান যুদ্ধংদশা

ভারত-পাকিস্তান সম্পর্কের আগ্নেয়গিরিতে ফের অগ্ন্যুৎপাত শুরু হয়েছে। দু'দশকেরও বেশি সময় পর ফের রণ মেজাজে দুই দেশ। কাশ্মীরের নিয়ন্ত্রণরেখায় প্রতিবেশী দেশ দুটির সেনাদের মধ্যে ঘটেছে গোলাগুলির ঘটনা। ফলে উদ্বেগের পারদ চড়িয়ে দুই দেশের সীমান্তেই এখন বাজার অপেক্ষায় যুদ্ধের দামামা। প্রস্তুত সেনা-নৌ-বিমান, তিন বাহিনীই।

পরমাণু শক্তিধর দুই দেশের কূটনীতির মাঠের টানটান উত্তেজনা এখন মাত্রা ছাড়িয়ে আরব সাগরে রণতরি মোতায়েন, ক্ষেপণাস্ত্র পরীক্ষা, নিজ নিজ সীমানায় যুদ্ধবিমানের মহড়ায় গিয়ে ঠেকেছে। জম্মু-কাশ্মীরের পর্যটনসমৃদ্ধ অঞ্চল পহেলগাঁওয়ে পর্যটকদের ওপর জঙ্গি হামলায় ২৬ জন নিহত হওয়ার পর থেকেই এই 'যুদ্ধংদশা'। চলছে দু'দেশের পাল্টাপাল্টি অভিযোগ, কঠোর কূটনৈতিক পদক্ষেপ ও শক্তিমত্তা প্রদর্শন। ভারতের জম্মু ও কাশ্মীরে সন্ত্রাসী হামলার ঘটনায় নিরপরাধ মানুষের মর্মান্তিক মৃত্যুতে তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ সহ সারা বিশ্ব। হামলায় নিহতদের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানানোর পাশাপাশি এ নিষ্ঠুর সহিংসতায় ভুক্তভোগী সবার প্রতি আন্তরিক সহানুভূতিও প্রকাশ করেছে।

হঠকারী কোনো সিদ্ধান্ত নয়, শান্তি রক্ষার্থে উদ্ভূত পরিস্থিতিতে সংঘাত এড়িয়েও যে কূটনৈতিক পন্থায় সমাধানে আসা যায়, দুদেশকে তা বুঝতে হবে। মনে রাখতে হবে, প্রতিবেশী দেশ দুটির চিরকালের বৈরিতার চূড়ান্ত পরিণতি কখনোই এ অঞ্চলের জন্য শুভফল বয়ে আনবে না। বরং তা রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষেত্রে ধ্বংস ডেকে আনবে। লজ্জিত হবে এ অঞ্চলের মানুষের শান্তি, নিরাপত্তা ও মৌলিক অধিকার। আমরা যুদ্ধ চাই না, শান্তি চাই। সংলাপের টেবিলে বসে দুদেশ উত্তেজনাকর পরিস্থিতি প্রশমনে কার্যকর পদক্ষেপ নেবে, এটাই প্রত্যাশা

স্বাভাবিকভাবেই পরমাণু শক্তিধর দুই প্রতিবেশী দেশের মধ্যে উত্তেজনা বাড়লে অনিশ্চিত ও বিপজ্জনক পরিণতির আশঙ্কা রয়েছে। এরই মধ্যে এ বিষয়ে সতর্কও করছেন প্রতিরক্ষা বিশ্লেষকরা। জাতিসংঘ মহাসচিব অ্যান্তনিও গুতেরেসও চলমান অস্থিরতায় উদ্বেগ জানিয়ে দুই দেশকে সর্বোচ্চ ধৈর্য ধরার আহ্বান জানিয়েছেন। তবে তার এ আহ্বান সত্যিই কাজে দেবে কিনা, তা সময়ই বলে দেবে।

উল্লেখ্য, সন্ত্রাসবাদের নানা ঘটনার পরও ভারত আগে কখনো পানিতে হাত দেয়নি। এবার সিন্ধু পানিচুক্তি স্থগিত করেছে। ফলে দু'দেশের কূটনৈতিক সম্পর্ক ডাউনগ্রেডই শুধু হয়নি, জটিল আকার নিয়েছে। অতীতেও ভারত ও পাকিস্তানের মধ্যে একাধিক যুদ্ধ দেখেছি আমরা। অনেকবার সীমান্তে সংঘাত হয়েছে; কিন্তু ১৯৬০ সালে সম্পাদিত দু'দেশের সিন্ধু পানিচুক্তি স্থগিতের মতো চরম সিদ্ধান্ত নিতে কখনো দেখা যায়নি। দিল্লির এমন সিদ্ধান্ত যে দৃষ্টান্ত হয়ে থাকল, তা বলাই বাহুল্য। আমাদের আশঙ্কা, ভূ-পৃষ্ঠের উপরিভাগে থাকা দেশগুলোর এমন সিদ্ধান্ত এখানকার অপেক্ষাকৃত নিম্ন অঞ্চলের দেশগুলোর সঙ্গে কূটনৈতিক সম্পর্কের সমীকরণকে আরও জটিল পর্যায়ে নিয়ে যাবে।

বলার অপেক্ষা রাখে না, বিশ্বজুড়ে সংঘাত বাড়ছে, শত্রুতা ছড়াচ্ছে। এর আঁচ এ অঞ্চলে লাগুক, তা কোনোভাবেই কাম্য নয়। কাশ্মীরের যে হত্যাকাণ্ডকে ঘিরে এ উত্তেজনা, বলা হচ্ছে, এর পেছনে রয়েছে ভারতের নিষিদ্ধ জঙ্গিগোষ্ঠী লস্কর-ই-তৈয়বার শাখা সংগঠন দ্য রেজিস্ট্যান্স ফ্রন্ট (টিআরএফ), যে দলটি পাকিস্তানেও কালো তালিকাভুক্ত। কাজেই একটি জঙ্গিগোষ্ঠীর কর্মকাণ্ডকে ঘিরে দু'দেশের যুদ্ধের দিকে যাওয়া বিচক্ষণতার পরিচয় নয়। যেহেতু উভয়েই পারমাণবিক ক্ষমতাধর দেশ, তাদের দায়িত্বও তাই বেশি। হঠকারী কোনো সিদ্ধান্ত নয়, শান্তি রক্ষার্থে উদ্ভূত পরিস্থিতিতে সংঘাত এড়িয়েও যে কূটনৈতিক পন্থায় সমাধানে আসা যায়, দুদেশকে তা বুঝতে হবে। মনে রাখতে হবে, প্রতিবেশী দেশ দুটির চিরকালের বৈরিতার চূড়ান্ত পরিণতি কখনোই এ অঞ্চলের জন্য শুভফল বয়ে আনবে না। বরং তা রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষেত্রে ধ্বংস ডেকে আনবে। লজ্জিত হবে এ অঞ্চলের মানুষের শান্তি, নিরাপত্তা ও মৌলিক অধিকার। আমরা যুদ্ধ চাই না, শান্তি চাই। সংলাপের টেবিলে বসে দুদেশ উত্তেজনাকর পরিস্থিতি প্রশমনে কার্যকর পদক্ষেপ নেবে, এটাই প্রত্যাশা।

# নির্বাচন মুখ্য, নাকি সংস্কার জরুরি?

সজল আশফাক



বাংলাদেশের প্রায় সব রাজনৈতিক দলই নির্বাচন চায়। তবে দ্রুত নির্বাচনের দাবিতে সবচেয়ে বেশি উচ্চকণ্ঠ বিএনপি। ২০২৪ সালের ৫ আগস্ট হাসিনা সরকারের পতনের পরপরই ৭ আগস্ট নয়াপল্টনে আয়োজিত সমাবেশে বিএনপি মহাসচিব অন্তর্বর্তী সরকারের গঠনের আগেই দ্রুত জাতীয় নির্বাচন অনুষ্ঠানের তাগিদ দেন। একইসঙ্গে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান 'দ্রুততম সময়ের মধ্যে' জাতীয় নির্বাচন অনুষ্ঠানের কথা দু'বার জোর দিয়ে উচ্চারণ করেন। এতে স্পষ্ট হয়ে যায়-বিএনপি সেই মুহূর্ত থেকেই নির্বাচনের দাবি সামনে রেখেছে। অবশ্য নির্বাচনের দাবিতে সোচ্চার হওয়া অস্বাভাবিক নয়। গত ১৫ বছরে দেশে গ্রহণযোগ্য নির্বাচন হয়নি। কিন্তু জনগণের প্রত্যাশা ছিল, নির্বাচনের পাশাপাশি ফ্যাসিস্ট সরকারের বিচারের দাবিতে, বিডিআর হত্যাকাণ্ডের তদন্তে, গুম-খুনের বিচার চাইতে, এবং জুলাই বিপ্লবে শহীদ ও আহতদের পুনর্বাসনের ব্যাপারেও বিএনপি ও অন্যান্য দলগুলো সরব হবে। বাস্তবে দেখা গেল, নির্বাচনের দাবির বাইরে এসব ইস্যুতে তেমন সোচ্চার ভূমিকা তারা নেয়নি। বরং আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সাময়িক উদ্যোগের পর অধিকাংশ দলই ধীরে ধীরে নিষ্ক্রিয় হয়ে পড়ে।

বিষয়টি এমন দাঁড়ায় যেন, ৫ আগস্টের পর দেশের স্থিতিশীলতার সম্পূর্ণ দায়ভার কেবলমাত্র বৈষম্যবিরোধী ছাত্রদের ওপর বর্তেছে। ফলে যখন ছাত্ররা এককভাবে চ্যালেঞ্জ মোকাবিলা করতে গিয়ে দুর্বল হতে থাকে, তখন বিভিন্ন রাজনৈতিক দল তাদের সক্ষমতা নিয়ে প্রশ্ন তোলে। অথচ এর দায়ভার রাজনৈতিক দলগুলোর নিজেদের উপরও বর্তায়।

এদিকে বিএনপির ভেতর থেকেও সংস্কার বনাম নির্বাচন বিতর্কে বিভ্রান্তি ছড়াতে দেখা গেছে। যখন জনসাধারণের মাঝে সংস্কারের দাবি প্রবল হতে থাকে, তখন বিএনপির একাংশ ডিসেম্বরে নির্বাচনের দাবিকেই একমাত্র মূল লক্ষ্য করে তোলে। এমনকি বিএনপির কয়েকজন শীর্ষ নেতা টক-শো ও বক্তব্যে বলেন-প্রথমে নির্বাচন, পরে সংস্কার। আবার কেউ কেউ ওসংস্কার চলমান প্রক্রিয়া বলে বিষয়টিকে এড়িয়ে যেতে চেষ্টা করেন। তবে জনগণের অভিজ্ঞতা বলে-এই দেশ অতীতে ওচলমান সংস্কার প্রক্রিয়ার আড়ালে কত প্রতারণা দেখেছে, তা তোলা সম্ভব নয়। ১৯৯০ সালের এরশাদ পতনের সময় ঘোষিত তিন জোটের রূপরেখাও শেষ পর্যন্ত বাস্তবায়িত হয়নি।

আজকের বিএনপিও যেন সেই পুরনো পথে হাঁটছে-চাইছে নির্বাচন, কিন্তু সংস্কারের প্রশ্নে দ্বিধান্বিত। অথচ তারেক রহমানের নেতৃত্বে ঘোষিত ৩১ দফা 'রাষ্ট্রকাঠামো মেরামত' পরিকল্পনায় যেমন সংবিধান সংস্কার কমিশন গঠনের কথা আছে, নির্বাচনকালীন নিরপেক্ষ সরকারের কথা আছে, প্রধানমন্ত্রীর মেয়াদসীমা নির্ধারণের কথা আছে-এসব দাবির সাথে অন্তর্বর্তী সরকারের সংস্কার প্রস্তাবের বিস্তর মিল রয়েছে। তাহলে প্রশ্ন ওঠে, বিএনপি কেন এই সংস্কার উদ্যোগকে সমর্থন করছে না? বরং তারা নিজেদের আগের দাবিকে এড়িয়ে গিয়ে, কথার মারপ্যাঁচে জনগণকে বিভ্রান্ত করছে। উদাহরণস্বরূপ, ৩১ দফার একটি গুরুত্বপূর্ণ প্রস্তাব ছিল-'কোনো ব্যক্তি পরপর দুইবারের বেশি প্রধানমন্ত্রী হতে পারবেন না'। এখন বিএনপির নেতারা বলছেন, 'দুই মেয়াদের মধ্যে বিরতি থাকলে আবারও প্রধানমন্ত্রী হওয়া যেতে পারে।' জনগণের চোখে এটা স্পষ্ট স্ববিরোধিতা এবং ভিন্ন উদ্দেশ্য প্রকাশ করে।

> জনগণের আকাঙ্ক্ষা বাস্তবায়নের জন্য এখন প্রয়োজন-রাজনৈতিক দলগুলোর আরও স্পষ্ট, নির্ভেজাল ভূমিকা। শুধু নির্বাচন নয়, নির্বাচনের পাশাপাশি দ্রুত সংস্কারের জন্যও সোচ্চার হওয়া অপরিহার্য। একটি নতুন বাংলাদেশ গড়ার জন্য-নগদ পাওয়ার নেশা থেকে বেরিয়ে এসে ভবিষ্যতের জন্য সত্যিকারের রূপরেখা প্রয়োজন। রাজনৈতিক দলগুলোর সামনে এখন সেই চ্যালেঞ্জ

তার চেয়ে বড় বিষয় হলো, ৩১ দফা তৈরি হয়েছিল ২০২৩ সালে, কিন্তু ২০২৪ সালের জুলাই বিপ্লবের পর যে নতুন বাস্তবতা তৈরি হয়েছে-তার কোনো প্রতিফলন সেখানে নেই। জনগণ নিজেরা ফ্যাসিস্ট সরকার হটিয়েছে। এখন তারা চায়, তাদের এই বিজয়কে সম্মান জানানো হোক। শুধু নির্বাচন আয়োজন করলেই হবে না। নির্বাচন হতে হবে সংস্কারকৃত নীতিমালার ভিত্তিতে। নইলে একই ভুলের পুনরাবৃত্তি হবে। দ্রুত নির্বাচন তো আসবেই-কিন্তু তার আগে দ্রুততম সংস্কার প্রক্রিয়া চালু হওয়া জরুরি। দুঃখজনক হলো, অন্তর্বর্তী সরকারের অনেক উপদেষ্টাই বিগত ফ্যাসিস্ট শাসনের সুবিধাভোগী। তাই তাদের ওপর সংস্কারের ভার ছেড়ে দিলে আরেকটি বিশ্বাসঘাতকতার সম্ভাবনা তৈরি হয়। জনগণের আকাঙ্ক্ষা বাস্তবায়নের জন্য এখন প্রয়োজন-রাজনৈতিক দলগুলোর আরও স্পষ্ট, নির্ভেজাল ভূমিকা। শুধু নির্বাচন নয়, নির্বাচনের পাশাপাশি দ্রুত সংস্কারের জন্যও সোচ্চার হওয়া অপরিহার্য। একটি নতুন বাংলাদেশ গড়ার জন্য-নগদ পাওয়ার নেশা থেকে বেরিয়ে এসে ভবিষ্যতের জন্য সত্যিকারের রূপরেখা প্রয়োজন। রাজনৈতিক দলগুলোর সামনে এখন সেই চ্যালেঞ্জ।

# ঐক্যের সুদৃঢ় প্রাচীর গড়ো মুসলমান!

জাফর আহমাদ

পৃথিবীতে বাঁচতে হলে, সুখি সমৃদ্ধশালী জীবন যাপন করতে হলে অবশ্যই নিজেদের মধ্যে সিসাঢালা সুদৃঢ় প্রাচীর রচনা করতে হবে। সকল প্রকার মতভেদ ভুলে গিয়ে ঐক্য গড়ে তুলতে হবে। অন্যথায় পদে পদে লাঞ্ছিত,অপমানিত,হেয় ও অপদস্ত হতে হবে। পৃথিবীর হায়েনারা অবৈধভাবে নিজের বৈধ সীমানায় প্রবেশ করবে এবং নিজেদের বৈধ ভিটামাটি থেকে উচ্ছেদ হতে হবে। এই অপমানজনক পরিস্থিতি থেকে পরিত্রাণ পেতে এখনি নিজেদের ছোট খাট মতভেদ ভুলে গিয়ে বৃহত্তর সুদৃঢ় ঐক্য গড়ে তুলতে হবে। নিজ জাতির দুর্বল লোকেরা যেখানেই নির্যাতীত হচ্ছে, তাদেরকে উদ্ধার করার জন্য ঐক্যবদ্ধ হতে হবে এবং তাদের প্রতি সকল প্রকার সহযোগীতার হাত বাড়িয়ে দিতে হবে। অন্যথায় নিজেরাও যে কোন সময় ঐ নির্যাতীতদের মধ্যে শামিল হওয়ার সমূহ সম্ভবনা থেকে যেতে পারে।

আল্লাহ তা'আলা বলেন, তোমাদের কি হলো, আল্লাহর পথে অসহায় নরনারী ও শিশুদের জন্য লড়বে না, যারা দুর্বলতার কারণে নির্যাতীত হচ্ছে? তারা ফরিয়াদ করছে, হে আমাদের রব! এই জনপদ থেকে আমাদেরকে বের করে নিয়ে যাও, যার অধিবাসীরা জালেম এবং তোমার পক্ষ থেকে আমাদের কোন বন্ধু,অভিভাবক ও সাহায্যকারী তৈরী করে দাও।"(সুরা নিসা:৭৫) এ আয়াতের পরিপেক্ষিতে গাজা-ফিলিস্তিন, কাশ্মির ও সিরিয় মজলুম শিশু,নারী ও পুরুষদের দিকে কি ইংগিত করা যায় না, যারা দুর্বলতার কারণে নির্যাতিত হচ্ছে? বিশ্ব-মুসলিম এখনো কি কানে তুলা দিয়ে নাক ডেকে ঘুমোবে? বোধশক্তি কি এখনো জেগে উঠবে না। এই সমস্ত শিশুরা যদি কিয়ামতের মাঠে রক্তমাখা মুখ ও জামা নিয়ে হাজির হয় এবং আপনাদের দিকে অঙ্গুলি তুলে ফরিয়াদ জানায় তখন আপনাদের কি হবে তা কি কল্পনা করতে পারেন?

আল্লাহর রিজার্ভফোর্স আছে, পৃথিবীতে আবাবিল, মশাও আছে, বদরের অদৃশ্য শক্তি এখনো মজুদ আছে। কিন্তু তারা হীনমন্য, পতনমুখ ও দুর্বল বা ত্রুটিযুক্ত ঈমানদারদের সহযোগীতার জন্য কখনো এগিয়ে আসেন না। মশার সাহায্যের জন্য একজন ইবরাহিম আঃ এর মতো একদল আল্লাহর ওপর পূর্ণ নির্ভরশীল লোক দরকার। বদরের মতো আল্লাহর বিশেষ সাহায্যের জন্য একদল আবুবকর, ওমর, ওসমান,আলী ও মুয়াজ রাজি'আল্লাহু তা'আলা আনহুম ঈমানদার দরকার। তাহলে আবাবালি ও মশাও আসবে এবং আকাশ থেকে আল্লাহর বিশেষ বাহিনীও মুসলমানদের সাহায্যেও জন্য নেমে আসবে। এক পরিসংখ্যান অনুযায়ী পৃথিবীতে প্রায় ২০০ কোটি মুসলমান যা পৃথিবীতে বসবাসকারী মোট জনসংখ্যার প্রায় ২৪% কিন্তু তাদের মধ্যে একজন আবুবকর, ওমর, ওসমান ও আলী রাজি'আল্লাহু তা'আলা আনহুম নেই। আর অন্যদিকে ২০১৯ সালের এক পরিসংখ্যান অনুযায়ী মোট জনসংখ্যার মাত্র ১ কোটি ৪৭ লক্ষ ইহুদী যা মোট জনসংখ্যার মাত্র ০.২৫%, অথচ তারাই আজ পৃথিবীতে আধিপত্য বিস্তার করে চলেছে। আরো দুঃখের বিষয় হলো, এই ইহুদীরা মুসলমানদের মধ্যে একদল চাটুকার তৈয়ার করতে সক্ষম হয়েছে। এটি মুসলিম জাতি সত্তার জন্য সবচেয়ে লজ্জাকর ও দুর্ভাগ্যের বিষয়। এই চাটুকারদের কাজ হলো, মুসলমানদের মধ্যে বিভেদ সৃষ্টি করা। তাঁরা মুসলমানদের ছোটখাট বিষয়কে প্রধান শিরোনাম বানিয়ে তাদের মধ্যে বিষবৃক্ষ বপন করে যাচ্ছে।আল্লাহ তা'আলা বলেন,"তোমরা সবাই দলবদ্ধভাবে আল্লাহর রুজ্জুকে আঁকড়ে ধরো এবং দলাদলি করো না।"(সুরা আলে ইমরান:১০৩) এ আয়াতের আলোকে ঐক্য সৃষ্টি করা ফরয এবং গ্রুপিং বা দলাদলি করা নাজায়েজ কাজ। যারা মুসলমানদের মধ্যে দলাদলি সৃষ্টি করছে তারা একদিকে ফরয তরক করছে অন্যদিকে দলাদলি করে কুরআন বিরোধী কাজে লিপ্ত আছে। পৃথিবীর নেতৃত্ব ও আধিপত্য বিস্তার করতে হলে সিসাঢালা প্রাচীর বা ঐক্য গড়ে তুলতে হবে। এ জন্য দরকার একদল নেতৃত্বের যোগ্যতাসম্পন্ন বীরসাহসী মর্দে মুজাহিদ। সুদৃঢ় দেয়াল গড়ার জন্য নিম্নবর্ণিত গুণাবলী সৃষ্টি করতে হবে।



- আকীদা-বিশ্বাস এবং উদ্দেশ্য ও লক্ষ্যের মধ্যে পূর্ণ ঐক্য। এ গুণটিই মুসলিম জনগোষ্ঠীর প্রতিটি সদস্যকে পূর্ণরূপে ঐক্যবদ্ধ করে।
- পরস্পরের নিষ্ঠা ও ঐকান্তিকতার ওপর আস্থা। প্রকৃতপক্ষে সবাই নিজ নিজ উদ্দেশ্য ও লক্ষ্যে নিষ্ঠাবান এবং অসদুদ্দেশ্য থেকে মুক্ত না হলে এ গুণ সৃষ্টি হতে পারে না। আর এ গুণটি যদি সৃষ্টি না হয় তাহলে যেমন যুদ্ধের মত কঠিন পরীক্ষা কারো দোষ-ত্রুটি গোপন থাকতে দেয় না। আর আস্থা নষ্ট হয়ে গেলে সেনাবাহিনী প্রতিটি সদস্য পরস্পরের ওপর নির্ভর করার পরিবর্তে একে অপরকে সন্দেহ করতে শুরু করে, তেমনি সাধারণ মুসলমানগণ ও দেশ পারস্পরিক নিষ্ঠা ও ঐকান্তিকতার ওপর আস্থা সৃষ্টি করতে হবে।
- নৈতিক চরিত্রের একটি উন্নত মান থাকতে হবে। এক মুসলিম ও অন্য মুসলিম, এক মুসলিম দেশ অন্য মুসলিম দেশ যদি সেই মানের নীচে চলে যায় তাহলে তাদের মনে পরস্পরের প্রতি ভালবাসা ও সম্মানবোধ সৃষ্টি হতে পারে না। তারা পারস্পরিক এরপর ২৮ পৃষ্ঠায়

> বাতিল জীবন ব্যবস্থা যতটুকু অধিকার দেবে এ দীন সেই চৌহদ্দির মধ্যেই হাত পা গুটিয়ে বসে থাকবে অথবা দীনের কিছু কিছু অংশ বাতিল জীবন ব্যবস্থার সাথে সমঝোতা করে জীবন পরিচালনা করবে এ উদ্দেশ্যে নবী সাঃ এ দীন দিয়ে পাঠানো হয়নি। বরং তাঁকে প্রেরণ করা হয়েছে যে, এখানে ইসলামী জীবন ব্যবস্থা বিজয়ী জীবনাদর্শ হিসাবে থাকবে। অন্য কোন জীবনাদর্শ বেঁচে থাকলেও এ জীবনাদর্শ যে সীমার মধ্য তাকে বেঁচে থাকার অনুমতি দেবে সে সীমার মধ্যেই তা বেঁচে থাকবে


Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# নয়া রাজনৈতিক বন্দোবস্ত কতোদূর?

মুনির হোসেন

অর্থনীতিবিদ রেহমান সোবহান সম্প্রতি এক নিবন্ধে মন্তব্য করেছেন, "রাজনীতির চিরন্তন শিক্ষা হলো সঠিক সময়ে সঠিক লড়াই করা।" তার মতে, গত সাত মাসে ভবিষ্যতের জন্য একটি সুস্পষ্ট রাজনৈতিক দৃষ্টিভঙ্গি তুলে ধরতে ব্যর্থ হওয়ায় ছাত্রআন্দোলনের দীপ্তি ক্রমেই ম্লান হয়ে যাচ্ছে। যদিও এ মন্তব্য অনেকের কাছে কঠোর বলে মনে হতে পারে, কিন্তু বাস্তবতা তার পক্ষেই দাঁড়িয়েছে। ছাত্রদের নেতৃত্বে গঠিত নতুন রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টি- এনসিপিকে গড়ে তোলার পথ এখন নানা পরীক্ষায় জর্জরিত। গণ-মানুষের প্রত্যাশা ও বাস্তবতার ব্যবধান দিন দিন বেড়েই চলেছে। এর পাশাপাশি, দলটির শীর্ষ নেতাদের কর্মকাণ্ডও নানা বিতর্কে জড়িয়ে পড়ছে, যা প্রায়শই সংবাদমাধ্যমের শিরোনাম হয়ে উঠছে। আত্মসমালোচনার প্রবণতা দলটির অভ্যন্তরেও দেখা যাচ্ছে। তবে যাদের নিয়ে এই অস্বস্তি-তারা আদৌ বাস্তবতা উপলব্ধি করছেন কি-না, সেই প্রশ্নও অমূলক নয়।

২০২৪ সালের জুলে কোটা সংস্কারের দাবিতে শুরু হওয়া ছাত্রআন্দোলন একসময় রাষ্ট্রক্ষমতা পরিবর্তনের দাবিতে রূপ নেয়। এ আন্দোলনের মাধ্যমে দীর্ঘদিনের একদলীয় কর্তৃত্বের অবসান ঘটে। এর মাধ্যমে এ দেশের মানুষের অগাধ আস্থা অর্জন করেছিলেন ছাত্রআন্দোলনের নেতারা। গণতন্ত্র, বাকস্বাধীনতা ও স্বচ্ছতার প্রত্যাশা সৃষ্টি হয় দেশের মানুষের মধ্যে। ৫ই আগস্ট পরবর্তী সময়ে অন্তর্বর্তী সরকারের অংশও হয়েছিলেন অভ্যুত্থানের নায়ক নাহিদ ইসলামরা। অন্যদিকে মাস পেরুতেই রাজনীতির নয়া বন্দোবস্ত নিয়ে হাজির হন নাহিদের সহযোদ্ধারা। "আমরা রাজনৈতিক দল নই, তবে আমাদের উদ্দেশ্য রাজনৈতিক"- এমন কথা বলেই কেন্দ্রীয় শহীদ মিনারে আত্মপ্রকাশ ঘটে জাতীয় নাগরিক কমিটির। এদেশের মানুষকে তারা নতুন রাজনীতির স্বপ্ন দেখাতে শুরু করেন। এক সময় সরকার ছেড়ে নাহিদ ইসলামও যোগ দেন এ উদ্যোগে। তার নেতৃত্বেই ফেব্রুয়ারিতে রাজনৈতিক নতুন দল জাতীয় নাগরিক পার্টি-এনসিপির আত্মপ্রকাশ।

দীর্ঘ এ পরিক্রমায়, ছাত্র নেতারা টকশো, সভা-সমাবেশে বারবার পুরনো রাজনৈতিক সংস্কৃতির বিরুদ্ধে অবস্থান নেন। তারা এক নতুন ধারার রাজনীতির স্বপ্ন দেখান। এতে জনগণের মধ্যে নতুন আশার সঞ্চার হয়। তবে রাজনৈতিক দল গঠনের আগে-পরে তাদের কর্মকাণ্ডে কতোটা নতুনত্ব প্রতিফলিত হয়েছে, তা এখন মূল্যায়নের সময় এসেছে।

বিশেষ করে এনসিপি'র আনুষ্ঠানিক আত্মপ্রকাশের পর থেকেই একাধিক নেতার বিরুদ্ধে এসেছে নিয়োগ-বাণিজ্য, ঠিকাদারি নিয়ন্ত্রণ, স্বজনপ্রীতি ও আর্থিক অনিয়মের অভিযোগ। যারা কিছুদিন আগেও নিজেদের 'ভাঙা ঘরের বাসিন্দা' বলে পরিচয় দিতেন, তারাই এখন বিলাসবহুল গাড়িতে চড়ছেন, শোডাউনের রাজনীতি করছেন। ফলে এনসিপি 'নতুন রাজনীতির প্রতীক' হিসেবে তার অবস্থান ধরে রাখতে পারছে না। এসব কর্মকাণ্ড পুরনো রাজনীতিকে সমর্থন করে।

নেতাদের বিতর্কিত বক্তব্য, অন্যান্য রাজনৈতিক শক্তির সঙ্গে অহেতুক দ্বন্দ্বে জড়ানো এবং নিজেদের 'অভ্যুত্থানের একচ্ছত্র নায়ক' দাবি করা- এসবই পুরনো রাজনীতির প্রতিচ্ছবি। এ ছাড়া, সংস্কার ও নির্বাচনী প্রক্রিয়া নিয়ে অন্যান্য রাজনৈতিক দলের সঙ্গে তাদের দূরত্বও স্পষ্ট হয়ে উঠছে। এতে জনসমর্থনের ভিত্তিও দুর্বল হচ্ছে; পূর্বের মতো ছাত্র নেতাদের ডাকে সাড়া দিয়ে রাজপথে নামে না হাজার হাজার মানুষ।



রেহমান সোবহান তার লেখায় উল্লেখ করেছেন, "চার দশক ধরে আওয়ামী লীগ ও বিএনপি'র দ্বিদলীয় আধিপত্যকে চ্যালেঞ্জ করতে বাংলাদেশে দীর্ঘদিন ধরে একটি তৃতীয় রাজনৈতিক শক্তির প্রয়োজন ছিল।" এনসিপি-কে সেই সম্ভাব্য তৃতীয় শক্তি হিসেবে দেখা হচ্ছিল। কিন্তু আত্মপ্রকাশের পূর্বপর্যায় থেকেই নেতারা নানা বিতর্কে জড়িয়ে পড়েছেন, যা দলের প্রতি জনগণের আস্থা কমিয়ে দিয়েছে। উদাহরণস্বরূপ, যুগ্ম সদস্য সচিব গাজী সালাহ উদ্দিন তানভীরের বিরুদ্ধে ওঠা অনিয়মের অভিযোগে তাকে সাময়িক অব্যাহতি দেয়া হয়। এক্ষেত্রেও নতুনত্ব দেখাতে পারেনি এনসিপি। কারণ তার বিরুদ্ধে ওঠা অভিযোগ শুরুতে আমলেই নেয়নি এনসিপি। মার্চের শুরুতে ওঠা অভিযোগের কারণে অব্যাহতি দেয়া হয়েছে গত সোমবার। কারণ ওই দিন তানভীর সচিবালয়ে গিয়েছেন এমন একটি ছবি ছড়িয়ে পড়ে সামাজিক যোগাযোগমাধ্যমে। এনসিপি এটিকে 'শৃঙ্খলার প্রয়োগ' বললেও, এ সিদ্ধান্ত বাস্তবিক অর্থে প্ররোচিত প্রতিক্রিয়া বলেই মনে হয়েছে অনেকের কাছে।

তানভীরের বিরুদ্ধে আগেও ডিসি নিয়োগসহ সচিবালয়ে বিভিন্ন সরকারি কাজে প্রভাব খাটানো ও ঘুষ বাণিজ্যের অভিযোগ ছিল। এনসিপি তানভীরকে অব্যাহতির চিঠিতে বলে, গত ১১ই মার্চ একটি জাতীয় দৈনিকে প্রকাশিত এক প্রতিবেদনে আপনার বিরুদ্ধে জেলা প্রশাসক (ডিসি) নিয়োগে অবৈধভাবে হস্তক্ষেপ এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) পাঠ্য বই ছাপার কাগজে কমিশন-বাণিজ্যের অভিযোগ ওঠে। চিঠিতে সালাউদ্দিন তানভীরকে এনসিপি'র কেন্দ্রীয় শৃঙ্খলা কমিটির প্রধানের কাছে সাতদিনের মধ্যে লিখিতভাবে ব্যাখ্যা দিতে বলা হয়। এতে উল্লেখ করা হয়, তাকে (তানভীর) কেন দল থেকে স্থায়ীভাবে বহিষ্কার করা হবে না, তা জানতে চেয়ে কারণ দর্শানোর জন্য দলের আহ্বায়ক মো. নাহিদ ইসলাম ও সদস্য সচিব আখতার হোসেন এরপর ৩৮ পৃষ্ঠায়



> যদিও এনসিপি'র শীর্ষ নেতৃত্ব এখনো আশাবাদী-পুরনো রাজনৈতিক সংস্কৃতি বদলে নতুন রাজনৈতিক ধারা চালু করার বিষয়ে। এনসিপি'র আহ্বায়ক নাহিদ ইসলাম বলেন, "পুরনো রাজনৈতিক সংস্কৃতির উপাদান আমাদের ভেতরও আসার চেষ্টা করছে। আমরা সেটাকে জবাবদিহির আওতায় আনছি। আমরা হয়তো নানা ধরনের সীমাবদ্ধতা ও ভুলত্রুটির মধ্য দিয়েই যাচ্ছি। এটা আমরা অস্বীকার করি না। তবে যারা আমাদের সমালোচনা করছে তারাও চায় আমরা ভালো করি।" প্রকৃতপক্ষে, নতুন রাজনীতি গড়ার প্রত্যয় যেমন সাহসের দাবি রাখে, তেমনি দরকার আত্মপ্রবঞ্চনাহীন আত্মসমালোচনা, কার্যকর নেতৃত্ব এবং সংগঠন গড়ে তোলার সক্ষমতা। না হলে 'নতুনের' মোড়কে পুরনোরই পুনরাবৃত্তি হয়ে দাঁড়াবে এনসিপি'র রাজনৈতিক যাত্রা

# সততার পুরস্কার কি কেবল অভাব?

রাজু আহমদ

> স্বাভাবিক জীবন ও জীবিকার জন্য যতটুকু দরকার, ততটুকু প্রদানের লক্ষ্য নির্ধারণ নিয়ে কর্তৃপক্ষ ভাবুক। চলমান বেতন কাঠামোয় জীবন আসলে চলছে না। বারবার থেমে যাচ্ছে, ধাক্কা খাচ্ছে। বেতনের সাথে তুলনা করে সরকারি চাকরি এখন লজ্জার কারণ হচ্ছে। যারা সৎভাবেবাঁচতে চায়, তাদেরকে সততায় বাঁচার ব্যবস্থা করে দিন। যারা স্বভাব দোষেই দুর্নীতি করে, তাদেরকে রুখে দিন। সর্বোচ্চ শাস্তি দিন। শুধু দুর্নীতি রোধ করার মাধ্যমে প্রচলিত বেতন কাঠামোর দ্বিগুণ বেতন পরিশোধ করা সম্ভব। দুর্নীতির অর্থ সঠিক চ্যানেলে প্রবেশ করাতে পারলে দেশের সামগ্রিক চিত্র বদলে যাবে। কাম্য বেতন নিশ্চিত করার ব্যবস্থায় উদ্যোগ নিন। তবেই রাষ্ট্রের সমৃদ্ধির গতি ত্বরান্বিত হবে। ভুখা পেটে, অভাব পুষে কোনো সেক্টরেকাঙ্ক্ষিত সেবা প্রদান করা যায় না



যারা এন্ট্রিলেভেলে বাংলাদেশের সর্বোচ্চ স্কেল/গ্রেডে সরকারি চাকুরিতে যোগদান করে, তাদের সাকুল্যে বেতন ৩৫ হাজারের আশেপাশে। রাজধানী, বিভাগ, জেলা কিংবা উপজেলায় পদায়নভেদেবাড়িভাড়ার তারতম্যে অঙ্কের কিছুটা কমবেশি হতে পারে। প্রথম শ্রেণির পিছনেও আরও দুটো শ্রেণি আছে-দ্বিতীয় ও তৃতীয় শ্রেণি। প্রত্যেক শ্রেণির আবার উচ্চ ও নিম্ন ধাপ আছে। সরকার প্রদেয় সর্বনিম্ন বেতন ১৪ হাজারের কমবেশি।

চাকুরিতে সবচেয়ে কম সংখ্যকজনবল প্রথম শ্রেণির। দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির মর্যাদাতেই জনবলের বড় সংখ্যা নিয়োজিত। বেতন, সঞ্চয় এবং ব্যয়ের হিসাবনিকাশ করে কখনো প্রশ্ন জাগে না যে, মানুষগুলোর সংসার কেমন চলছে? তারা টিকে আছে কেমনে? সরকারি চাকুরির যোগ্য হতে কত বছর বিনিয়োগ করতে হয়েছে এবং পরিবারকে কত টাকা ব্যয় করতে হয়েছে? টাকার হিসাব বাদ দিলাম। পড়াশোনার সময়কাল একটু হিসেব করে দেখি-মাস্টার্সে ১ বছর, অনার্সে ৪ বছর, উচ্চমাধ্যমিকে ২ বছর, মাধ্যমিকে ৫ বছর এবং প্রাথমিকে ৫ বছর। সর্বমোট ১৭ বছর বই খাতা হাতে ছুটতে হয়েছে।

প্রশ্ন হতে পারে, সকল সরকারি চাকুরিতে কি মাস্টার্সগ্র্যাজুয়েটরা? না। তবে দেশে মাস্টার্সডিগ্রিধারী বেকারের সংখ্যা এত অধিক যে আয়া, বুয়া, ঝাড়ুদার, দফাদার চেয়ে বিজ্ঞাপন দিলেওমাস্টার্সডিগ্রির আবেদনে সয়লাব হয়ে যায়। এইটপাশদের কোথাও জায়গা হয় না! সরকারি চাকুরিজীবীরা এমন অল্প বেতনে চলছেন কেমনে? যাদের আয়ের উৎস শুধু বেতন এবং ব্যয়ের খাত বহু, তাদের তো আসলে দুর্দিন চলছে। তারা বেতন নিলেও তাদেরকে আবার সেবক উপাধিতে ভূষিত করা হয়। ভাত খেতে না পারলেও, সংসার না চললেও কখনো সেবা প্রদান বিঘ্নিত করা যাবে না মর্মেনির্দেশনা ও অঙ্গীকার থাকে।

সরকারি চাকুরিজীবীদেরও আবার শ্রেণিবিভাগ আছে-অসৎ এবং সৎ! অসৎদের বেতন না হলেও চলে। যারা বিবেক বিক্রি করেছে, হালাল-হারামের পার্থক্য তুলে নিয়েছে, তাদের ব্যাপার ভিন্ন! যাদের উপরি কামাই আছে, তারা সমাজে কামাল জীবন যাপন করে। অসৎ পিয়নেরও বাড়ি-গাড়ি হয়। নীতিভ্রষ্টবসেরও বিদেশে আলিশানজীবনযাপন হয়। ঘুষখোরদের সমাজে প্রভাব-প্রতিপত্তি তড়তড় করে বাড়ে। তারা অর্থবিত্ত দান করে নাম কাম কামায়। মোটকথা, তাদের এলাহি কারবার। মাঝে মাঝে তাদের দু-চারজন ভ্রষ্টাচারের অভিযোগে পাকড়াও হন। রাষ্ট্রের আমজনতা তাদের নিয়ে তর্কবিতর্ক সভা করে। দিন যায়! অসহায়ের ভাগ্য বদল ঘটে না।



যত সমস্যা তা তো সৎদের। পরিবারের চাহিদা মেটাতে পারে না। আত্মীয়স্বজনের সাথে সম্পর্ক রক্ষা করতে পারে না। সন্তানদের সামনে মাথা উঁচু করে দাঁড়াতে পারে না। কেউ যাতে নিমন্ত্রণ না করে-স্রষ্টার কাছে সেই প্রার্থনা জানায়। যারা কাঁচাবাজার করে রাত্রে, মাছ-মুরগি কেনে দরদাম করে। ডিম-ডাল খেয়ে দিন পার করতে পারলে বাঁচে। যাদের দুই পয়সা খরচ করতে চারবার ভাবতে হয়, যাদের মাসের শেষে চালিয়ে নিতে টানাটানি লাগে-তাদের পাশে রাষ্ট্র দাঁড়ায়? সৎদের নিয়ে রাষ্ট্র ভাবে?

বেতন কম বললেই একদল বলে, তোমরা তো জেনেশুনেই বিষ করেছো পান। ২০১৫ সালের বেতন কাঠামো দিয়ে এই সময়টায় চলে না। ১০ বছরের ব্যবধানে দুনিয়ায় অনেক কিছুর পরিবর্তন হয়েছে। তখনকার সময়ে দ্রব্যমূল্যের বাজারদর, জীবনযাত্রার ব্যয় এই সময়ের সাথে খাপ খায় না-কে কারে বোঝাবে? দুর্নীতির অন্যতম কারণ কম বেতন প্রদান করা। যতটুকু স্বাভাবিক চাহিদা, ততটুকু তো দিতেই হবে। আবার সম্পূর্ণ দিলেও একটি অংশের লোভ থাকবে, ঘুষ খাবে। তাদের চিহ্নিত করে শাস্তির মুখোমুখি করতে হবে। কিন্তু যাদের চলছে না, যারা আধমরা হয়ে পড়ে আছে কিংবা বিষণ্নতারবিপন্নতায় যাদের দিন কাটছে, তাদের দিকে দেখুন। অল্প হলেও একটু একটুভাবুন। এখন বোধহয় নতুন পে-স্কেল গঠন করা যৌক্তিক।

যারা বেতনে সংসার চালিয়ে সৎ থাকতে চায়, তাদের পাশে রাষ্ট্রের থাকা উচিত। রাষ্ট্রকে তো তখনই ভালো সেবা দেওয়া যাবে, যখন সংসারের অশান্তি মিটবে, সন্তানের সুবিধা নিশ্চিত হবে। এজন্য বেতন বাড়ানো জরুরি। ন্যায্যতাভিত্তিক ন্যূনতম মজুরি পরিশোধ করা আবশ্যক। সরকারি চাকুরিজীবীদের বেতন যেহেতু স্বদেশী মুদ্রায় পরিশোধিত হয়, সেহেতু বেতন বেশি দিলে রাষ্ট্র ক্ষতিগ্রস্ত হবে না। বরং সে অর্থ বাজারে বিনিময় হয়ে অর্থের প্রবাহ বৃদ্ধি করবে এবং মুনাফার জন্ম দেবে। রাষ্ট্রের চেহারাও বদলাবে এবং কাজ আকর্ষণীয় হবে।

স্বাভাবিক জীবন ও জীবিকার জন্য যতটুকু দরকার, ততটুকু প্রদানের লক্ষ্য নির্ধারণ নিয়ে কর্তৃপক্ষ ভাবুক। চলমান বেতন কাঠামোয় জীবন আসলে চলছে না। বারবার থেমে যাচ্ছে, ধাক্কা খাচ্ছে। বেতনের সাথে তুলনা করে সরকারি চাকরি এখন লজ্জার কারণ হচ্ছে। যারা সৎভাবেবাঁচতে চায়, তাদেরকে সততায় বাঁচার ব্যবস্থা করে দিন। যারা স্বভাব দোষেই দুর্নীতি করে, তাদেরকে রুখে দিন। সর্বোচ্চ শাস্তি দিন। শুধু দুর্নীতি রোধ করার মাধ্যমে প্রচলিত বেতন কাঠামোর দ্বিগুণ বেতন পরিশোধ এরপর ২৭ পৃষ্ঠায়

# নজরুলের সাহিত্য মানস ও বিপ্লবী দর্শন

> কবি তাঁর ক্ষুরধার লিখনীর মধ্যদিয়ে সর্বপ্রকার অন্যায়, জুলুম ও অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ গড়ে তোলেন। যা ভারতবর্ষে ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের ভিত কাঁপিয়ে তুলেছিল। সেজন্য পরবর্তীতে নজরুলকে জেলও খাঁটতে হয়েছে। ব্রিটিশ সাম্রাজ্যবাদের শোষণপ্রক্রিয়া ও তাদের গণবিরোধী অন্যায় কার্য্যক্রম এবং অত্যাচারের বিরুদ্ধে নজরুলের ভূমিকা ছিল বজ্রের মতো কঠিণ। তিনি সর্বপ্রথম উপমহাদেশের মজলুম জনতাকে সরাসরি ব্রিটিশের বিরুদ্ধে রুখে দাঁড়াবার প্রেরণা দান করেন। তিনি কবি-সাহিত্যিকদের কলমযুদ্ধে অংশগ্রহনের আহ্বান জানান। এমনকি রাজনীতিতে সাধারণ মানুষের মুক্তির জন্য সবাইকে স্বাধীনতাসংগ্রামে অবতীর্ণ হওয়ার আহবান জানিয়েছিলেন। বিপ্লবী রাজনৈতিক কর্মীরা তাঁর নিকট থেকে প্রেরণা লাভ করেন

এবিএম সালেহ উদ্দীন



কাজী নজরুল ইসলাম যখন জন্মগ্রহন করেন, তখন সমগ্র বিশ্বের পরিস্থিতি ছিল টলটলায়মান এবং অনেকটা অরসাম্যহীন। মানুষের মধ্যকার বিশ্বাসের নানারকম টানাপোড়েন এবং মানবিক সংকট। নিপীড়িত মানুষের সীমাহীন সমস্যা,অন্যদিকে বিশ্বের রাষ্ট্রতান্ত্রিক বৃত্ত ভেঙ্গে সুপার পাওয়ার সমূহের অস্ত্র প্রতিযোগিতার প্রস্তুতি। সর্বত্র যুদ্ধংদেহী মনোভাবে ক্ষুদ্র ক্ষুদ্র রাষ্ট্রসমূহ এবং জনগোষ্ঠীর উপর শক্তিমত্তা পরিদর্শন ও আধিপত্য বিস্তারের প্রতিযোগিতা। সেই সঙ্গে দুইশত ভারতবর্ষে বছরের গোলামীযুগ। তখন বিশ্বের অনেকগুলো রাষ্ট্র ছিল ব্রিটিশ সাম্রাজ্যবাদের শাসনাধীন। ব্রিটিশ সাম্রাজ্যবাদের দু:শাসন, নিপীড়ন ও শোষণমূলক ক্ষমতার অপব্যবহারের মধ্যেই ভারতবর্ষে অনেক বিখ্যাতজনের আবির্ভাব ঘটে।

বাংলা সাহিত্যের অন্যতম প্রাণপুরুষ, নিপীড়িত গণমানুষের মুক্তির দিশারী বিদ্রোহী কবি ও মানবতার কবি কাজী নজরুল ইসলাম তাঁদের অন্যতম। ছোটবেলা থেকেই নজরুলের মাঝে আশ্চর্য রকম মেধা-মনন ও প্রতিভার উজ্জ্বলতম দিকগুলো ফুটে উঠতে থাকে। যদিও শিশুকাল থেকেই তাঁকে কঠিণ বাস্তবতার সম্মুখিন হতে হয়েছে। বাল্যকালেই তিনি পিতৃহীন হয়ে এতিম হয়ে যান। ফলে ছোটবেলা থেকেই দারিদ্রের কষাঘাতের যন্ত্রণা,অভিভাবকহীন এবং ভোগান্তি তাঁকে মর্মে মর্মে উপলব্ধি ও মুখোমুখি করেছে। তবে, একথা সত্যি যে,কাজী নজরুল ইসলামের পারিবারিক ঐতিহ্য ও সুনাম ছিল। তিনি ছিলেন অভিজাত পরিবারের সন্তান। কিন্তু জন্মের সময়কালে তাঁর পরিবার অর্থনৈতিকভাবে স্বচ্ছল ছিল না। নানা রকম টানাপোড়েনে এবং দারিদ্রের ঘাত-প্রতিঘাতের মধ্যেই তিনি বেড়ে উঠেছেন। এজন্যে কিশোরত্তীর্ণের আগেই পড়াশুনার পাশাপাশি তাঁকে চাকুরি করতে হয়েছে। মসজিদের খাদেম কিংবা রুটির দোকানে কাজ করতে হয়েছে। লেটোদল কিংবা নানান কিসিমের মানুষের মাঝে তিনি কাজ করেছেন। একসময় চা-রুটির দোকানে চাকরিও করেছেন। একজন মজুরের জীবনের কষাঘাত কেমন কঠিন হতে পারে,নজরুল তা মর্মে মর্মে উপলব্ধি করেছেন। মানুষের প্রতি পেশীশক্তির অবিচার,নিপীড়ন ও অত্যাচারের মাত্রা দেখে ক্রমাগত নজরুলকে সংক্ষুব্ধ করে তোলে। তাঁর ভেতরকার জেদ ও অপ্রতিরোধ্য চেতনা কুলি-মজুর থেকে শুরু করে সকল কল্যাণের কাজে অনুপ্রেরণা যোগায়।



'কুলি-মজুর'কবিতায় খেঁটে মানুষ ও শ্রমিকের প্রতি সন্মান প্রদর্শন এবং তাদের অধিকার প্রশ্নে ধনিকদের চোখে আঙুল দিয়ে নজরুলের এক দীর্ঘতম অভিব্যক্তির নি:সংকোচ বর্ণনা দেখতে পাই-

"বল ত এ-সব কাহাদের দান! তোমার অট্টালিকা
কার খুনে রাঙা? -ঠুলি খুলে দেখ, প্রতি ইঁটে
আছে লিখা।
তুমি জান না কো, কিন্তু পথের ধুলিকণা জানে
ঐ পথ, ঐ জাহাজ, শকট, অট্টালিকার মানে।
আসিতেছে শুভদিন,
দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা, শুধিতে হইবে ঋণ!
হাতুড়ি শাবল গাঁইতি চালায় ভাঙিল যারা পাহাড়,
পাহাড়-কাটা সে পথের দুপাশে পড়িয়া যাদের হাড়,
তোমারে সেবিতে হইল যাহারা মজুর, মুটে ও কুলি,
তোমারে সেবিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধূলি;
তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদেরই গান,
তাদেরই বক্ষে পা ফেলে আসে নব উত্থান!
মহা-মানবের মহা-বেদনার আজম মহা-উত্থান ,
উর্ধ্বে হাসিছে ভগবান,নিচে কাঁপিতেছে শয়তান!"
-(কুলি-মজুর)।

রুটির দোকানে একবার আসানসোলের দারোগা জনাব রফিজউল্লার সঙ্গে কিশোর নজরুলের পরিচয় হয়। দোকানে নজরুলের কাজকর্ম ও বুদ্ধিমত্তা দেখে তিনি চমকিত হন। নজরুলের চোখে মুখে বিচক্ষণতা,বিষ্ময়কর প্রতিভা ও মননশক্তির ছাপ পরিলক্ষিত হয়। তখন তিনি নজরুলকে স্কুলে ভর্তি করানোর প্রস্তাব দিলে নজরুল রাজি হয়ে যান। প্রথমে দারোগা সাহেব নজরুলকে তাঁর বাসায় থাকার ব্যবস্থা করেন। এমনও কথা আছে যে,বাসায় পড়াশুনার পাশাপাশি নজরুলকে তখন ফুটফরমায়েশের কাজও করতে হয়েছে। তবে সেজন্য তিনি পাঁচটাকা মাসিক ভাতাও পেতেন।

পরবর্তীতে দারোগা সাহেবের বিশেষ সহযোগিতায় নজরুল ১৯১৪ সালে ময়মনসিংহ জেলার ত্রিশালের দরিরামপুর স্কুলে সপ্তম শ্রেণিতে ভর্তি হন। সেশনের মাঝামাঝি স্কুলে ভর্তি হয়েও নজরুল ৯৮% নম্বর পেয়ে ক্লাসে প্রথম স্থান অধিকার করেন। কিন্তু একবছর পর নজরুল পুনরায় নিজগ্রামে ফিরে আসেন এবং ১৯১৫ সালে আবার রানীগঞ্জ সিয়ারসোল রাজস্কুলে অষ্টম শ্রেণিতে ভর্তি হন। এই স্কুলে তিনি (১৯১৫-১৭ সালে) অষ্টম থেকে দশম শ্রেণি পর্যন্ত পড়াশুনা করেন। এরই মধ্যে সেনাবাহিনীতে যোগদানের জন্য প্রস্তাব আসে। নজরুল রাজি হয়ে যান। তিনি প্রি-টেস্ট পরীক্ষার নির্বাচিত হলে ১৯১৭ সালের শেষদিকে সেনাবাহিনীতে যোগদান করেন। স্কুলজীবনে রফিজুল্লাহ দারোগার আনুকূল্য ছাড়াও ছাত্রজীবনের শেষদিকে নজরুল সিয়ারসোল স্কুলের চারজন শিক্ষক দ্বারা নানাভাবে প্রভাবিত

এরপর ৩৬ পৃষ্ঠায়



# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**
E-mail: moinlaw@gmail.com



**Moin Choudhury**
Attorney at Law

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**
**Manhattan Office By Appointment Only.**
**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
NY CAR & LIMO SERVICES INC B02902
BLACK & GREEN CAR BASE
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# ভারত-পাকিস্তান যুদ্ধ বাঁধলে ক্ষতি হবে কার

পাকিস্তানকে সন্ত্রাসবাদের জন্য দোষারোপ করা মোদির রাজনীতির একটি অন্যতম বিষয়ে পরিণত হয়েছে। পাকিস্তানি বিশ্লেষকেরা মনে করেন, ভারতের প্রধানমন্ত্রী সফলভাবে পাকিস্তান বিরোধী মনোভাবকে তার নির্বাচনী প্রচারণার হাতিয়ার করে তুলতে পেরেছেন। ২০১৯ সালে কাশ্মীরের পুলওয়ামায় নিরাপত্তাকর্মীদের ওপর ভয়াবহ হামলার প্রতিক্রিয়ায় ভারত পাকিস্তানে বিমান হামলা করেছিল। যুক্তরাষ্ট্র ও আরব দেশগুলোর মধ্যস্থতায় দুই পক্ষের মধ্যে সর্বাত্মক যুদ্ধ বাঁধেনি। এর কয়েক বছর আগে কাশ্মীরে ভারতের সেনাঘাঁটিতে হামলাকে কেন্দ্র করে আরেক দফা বৈরিতা তৈরি হয়েছিল। বিচক্ষণতাকে অবশ্যই জিততে হবে। দুই দেশেই বিপুলসংখ্যক গরিব মানুষ বাস করে। যুদ্ধ বেধে গেলে তাদের নিজেদের রক্ষা করার মতো সম্বল সামান্যই আছে

## বি জে সাদিক



বিচক্ষণতাকে অবশ্যই জিততে হবে। দুই দেশেই বিপুলসংখ্যক গরিব মানুষ বাস করে। যুদ্ধ বেধে গেলে তাদের নিজেদের রক্ষা করার মতো সম্বল সামান্যই আছে।

গত বৃহস্পতিবার পাকিস্তান সরকারের মধ্যে চরম অস্থিরতা বিরাজ করছিল। প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের সভাপতিত্বে জাতীয় নিরাপত্তা কমিটির বৈঠকে উপস্থিত সরকারি ও সামরিক কর্মকর্তাদের পরিশ্রান্ত, হতাশ ও ক্ষুব্ধ দেখাচ্ছিল। তাঁদের অস্বস্তির উৎস ছিল ভারত।

ভারত শাসিত কাশ্মীরের পেহেলগামে পাইনবন ও বরফে আচ্ছাদিত তৃণভূমি থেকে রক্তক্ষয়ী হামলার খবর আসে। একদল সশস্ত্র ব্যক্তি সেখানে ভ্রমণে আসা পর্যটকদের ওপর গুলি চালায়। ২৬ জন নিহত হন, আহত হন আরও কয়েক ডজন।

ভারতের নিরাপত্তা সংস্থাগুলো খুব দ্রুত এ হামলার সঙ্গে পাকিস্তানের যোগসূত্র আছে বলে দাবি করে। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যাচ্ছে, আহত পর্যটকেরা মাটিতে লুটিয়ে কাতরাচ্ছে, তাঁদের পরিবারের সদস্যরা সাহায্যের জন্য আবেদন জানাচ্ছেন। সড়ক যোগাযোগ ব্যবস্থা না থাকায় আহতদের উদ্ধার করতে হেলিকপ্টার ব্যবহার করা হয়।

কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাহ সামাজিক যোগাযোগমাধ্যমে লিখেছেন, 'সাম্প্রতিক বছরগুলোর মধ্যে বেসরকারি নাগরিকদের লক্ষ্য করে চালানো হামলার মধ্যে এটা সবচেয়ে বড়।'

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেন, 'এই জঘন্য হামলার পেছনে যারা জড়িত, তাদের বিচারের আওতায় আনা হবে... তাদের রেহাই দেওয়া হবে না। তাদের অশুভ এজেন্ডা কখনোই সফল হবে না। সন্ত্রাসবাদের বিরুদ্ধে আমাদের লড়াইয়ের সংকল্প অটুট থাকবে এবং শুধু শক্তিশালী হবে।'

একটি সশস্ত্র গোষ্ঠী যারা নিজেদের 'কাশ্মীর রেজিস্ট্যান্স' (মনে করা হয়, এই গোষ্ঠীটি লস্কর-ই-তৈয়বার সঙ্গে যুক্ত) বলে পরিচয় দেয়, তারা হামলার দায় স্বীকার করে।

কাশ্মীরের সাবেক পুলিশ মহাপরিদর্শক এসপি বৈদ অভিযোগ করেন, 'এটা পাকিস্তানি সেনাবাহিনীর মাধ্যমে ঘটেছে।' তিনি আরও বলেন, পাকিস্তানের বিশেষ বাহিনী, 'সন্ত্রাসবাদের ছদ্মবেশে এই হামলাগুলো চালানো হচ্ছে।'

ভারত সরকার খুব দ্রুত পাকিস্তানের বিরুদ্ধে একগুচ্ছ শাস্তিমূলক পদক্ষেপ ঘোষণা করে। এর মধ্যে রয়েছে গুরুত্বপূর্ণ সিন্ধু পানি চুক্তি স্থগিত, ভিসা বাতিল ও কূটনৈতিক সম্পর্ক অবনমন। পাকিস্তানের সঙ্গে প্রধান সীমান্ত বন্ধ করে দেয়। পাকিস্তান মঙ্গলবারের হামলায় তাদের কোনো ভূমিকা থাকার কথা অস্বীকার করেছে। ভারতের দাবিকে 'রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত' বলেছে।

সর্বশেষ হামলাটি হয়েছে যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সের ভারত সফরের সময়। ভারতের সঙ্গে প্রতিরক্ষা সম্পর্ক বাড়াতে এবং চীনের বিরুদ্ধে প্রধান মিত্র হিসেবে ভারতকে সাধুবাদ জানানোর উদ্দেশ্য থেকেই তাঁর এ সফর।

ঐতিহাসিকভাবে ভারত ও পাকিস্তানের মধ্যকার বৈরিতার লাগাম টেনে ধরার প্রধান কারিগর হিসেবে ভূমিকা রেখেছিল যুক্তরাষ্ট্র। কিন্তু এবারে যুক্তরাষ্ট্রের নেতৃত্বের কাছ থেকে ভারত পুরোপুরি সমর্থন পাবে বলে মনে হচ্ছে।

সিন্ধুর পানিপ্রবাহে ওপর ভারতের অবরোধের ঘোষণা পাকিস্তানজুড়ে উদ্বেগ তৈরি করেছে। কেননা এই নদীগুলোর পানির ওপরেই পাকিস্তানের বেশির ভাগ অংশের কৃষির উৎপাদন নির্ভর করে। ১৯৬০ সালে বিশ্বব্যাংকের মধ্যস্থতায় সম্পাদিত হওয়া চুক্তিটি নানা সময়ের সামরিক সংঘাত ও কূটনৈতিক সম্পর্ক ছিন্ন হওয়ার পরও অক্ষত ছিল। এটা স্থগিতের ঘোষণা অভূতপূর্ব। এটি পারমাণবিক শক্তিধর দুই প্রতিবেশীর মধ্যে বিরাজমান ভঙ্গুর সম্পর্কের ক্ষেত্রে এটি প্রধান এক বাঁকবদল।

নদীর পানিপ্রবাহে ভারত যদি কোনো ধরনের হস্তক্ষেপ করে, তবে সেটা পাকিস্তানের জন্য অপরিসীম অভিঘাত সৃষ্টি করবে। ফসলের কম ফলন ও কৃষি উৎপাদনের খরচ বাড়া- দুটি ঘটনায় ঘটবে। রাজনৈতিক বিশ্লেষক ও বিজ্ঞানী পারভেজ হুদভয় মিডল ইস্ট আইয়ের কাছে, তীব্র উদ্বেগ প্রকাশ করে বলেছেন, 'চুক্তি থেকে বের হয়ে আসা মানে যুদ্ধের আহ্বান জানানো। পারমাণবিক শক্তিধর দুটি দেশের মধ্যকার সেই যুদ্ধে কেউই জিততে পারবে না।'

বৃহস্পতিবার জাতীয় নিরাপত্তা পরিষদের বৈঠক শেষে সংবাদ সম্মেলনে ভারতের বিরুদ্ধে পাকিস্তান কঠোর ভাষায় পাল্টা পদক্ষেপ ঘোষণা করে। এর মধ্যে ভারতের সঙ্গে ভিসা ও বাণিজ্য বন্ধ, কূটনীতিকদের বহিষ্কার ও ভারতের বিমানের জন্য পাকিস্তানের আকাশসীমা বন্ধের ঘোষণা দেওয়া হয়।

পাকিস্তানের সাবেক কূটনীতিক আতা মুনিম শহীদ বলেছেন, 'সম্পূর্ণভাবে নিজেদের দেশে তৈরি হওয়া বিদ্রোহীদের ব্যাপারে পাকিস্তানকে এই প্রথম দোষারোপ করল না ভারত। আমরা সব সময় সন্ত্রাসবাদের নিন্দা করি, যেহেতু আমরা এর ভুক্তভোগী।'

যদিও পাকিস্তান বিদ্রোহীদের সমর্থন দেয়, দীর্ঘদিন ধরে করে আসা ভারতের এ অভিযোগের কিছু বৈধতা আছে। কিন্তু নরেন্দ্র মোদির অতি ডানপন্থী রাজনীতিও সাম্প্রতিক ঘটনাপ্রবাহের গুরুত্বপূর্ণ একটি কারণ।

মোদির গত এক দশকের শাসনামলে হিন্দু সংখ্যা গরিষ্ঠতাবাদী পদক্ষেপগুলোর

এরপর ২৪ পৃষ্ঠায়




# রাখাইনের জন্য করিডর: হিসাব-নিকাশগুলো জরুরি

## মারুফ মল্লিক

অন্তর্বর্তী সরকারের সম্প্রতিক কিছু কাজকর্ম বা সিদ্ধান্ত দেখে অনেকের মনে হতে পারে, তারা একা একা চলতে চাইছে। রাজনৈতিক সরকারগুলো অনেক সময় বিভিন্ন স্বার্থের কারণে অন্যান্য রাজনৈতিক দলকে না জানিয়ে বা আলাপ-আলোচনা না করে কিছু সিদ্ধান্ত নিয়ে ফেলে। রাজনৈতিক সরকারগুলো মনে করে তাদের প্রতি জনসমর্থন আছে। ফলে যে সিদ্ধান্ত তারা গ্রহণ করবে, তার পক্ষে নিজ নিজ কর্মীদের মাঠে নামাতে পারবে এবং এই কর্মীদের জনগণ বলে চালিয়ে দেওয়া যাবে।

কিন্তু বর্তমান অন্তর্বর্তী সরকার যারা একটি গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে গঠিত হয়েছে, তারা কেন রাজনৈতিক দলগুলোর সঙ্গে সব বিষয়ে আলাপ করবে না। এমন না যে রাজনৈতিক দলগুলোর সব সময় এই সরকারের বিরোধিতা করছে। রাজনৈতিক দলগুলো অনেক বিষয়েই একমত হবে সরকারের সঙ্গে, আবার কিছু বিষয়ে হবে না, এটাই স্বাভাবিক। যদি দ্বিমতও পোষণ করে তারপরও ঐকমত্যের ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া উচিত সরকারের। এ বিষয় সরকারের গুরুত্ব দিয়ে বিবেচনা করা প্রয়োজন।

সম্প্রতি মিয়ানমারের রাখাইন রাজ্যের জন্য মানবিক করিডর সুবিধা দেওয়াসংক্রান্ত সরকারের এককভাবে সিদ্ধান্ত নেওয়ার বিষয়টি আলোচনায় এসেছে। বিশেষ করে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সরকারের নীতিগত সিদ্ধান্ত নেওয়ার আগে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা করার দরকার ছিল।

কিছু দিন ধরে রাখাইনদের জন্য একটি মানবিক করিডর দেওয়ার বিষয়ে কথা হচ্ছিল। জাতিসংঘের পক্ষ থেকে এই করিডরের জন্য আগেই অনুরোধ করা হয়েছে। জাতিসংঘ মনে করছে এখনই রাখাইনে মানবিক সহায়তা না পাঠাতে পারলে সেখানে দুর্ভিক্ষ দেখা দিতে পারে। রাখাইনে মিয়ানমারের জান্তা শাসক ও আরাকান আর্মির মধ্যে চলমান যুদ্ধে মানবিক বিপর্যয় থেকে সাধারণ মানুষকে রক্ষার জন্য এই সহায়তা পাঠানো জরুরি।

জাতিসংঘের এমন মতামতের পর আমাদের দায়িত্বশীল কর্মকর্তারাও বিভিন্ন আলোচনায় করিডরের প্রয়োজনীয়তার কথা বলেছেন। এসব আলাপ-আলোচনার মধ্যেই সরকারের পক্ষ থেকে নীতিগত সিদ্ধান্তের বিষয়টি প্রকাশ্যে এল।

এক প্রেস ব্রিফিংয়ে পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন বলেন, 'এতটুকু আপনাদের বলতে পারি, নীতিগতভাবে আমরা এতে সম্মত। কারণ, এটি একটি হিউম্যানিটেরিয়ান প্যাসেজ (মানবিক সহায়তা সরবরাহের পথ) হবে। কিন্তু আমাদের কিছু শর্তাবলি রয়েছে, সেই বিস্তারিততে যাচ্ছি না। সেই শর্তাবলি যদি পালিত হয়, আমরা অবশ্যই জাতিসংঘের তত্ত্বাবধানে সহযোগিতা করব।'

এ প্রসঙ্গে বলতে হয়, মানবিক বিষয়ের সঙ্গে সঙ্গে ভূরাজনৈতিক, সামরিক, নিরাপত্তা, অর্থনৈতিক ও রাষ্ট্রীয় সার্বভৌমত্বের বিষয়গুলো আমাদের গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে। রাখাইন পরিস্থিতি গভীরভাবে বিশ্লেষণ করতে চাইলে প্রথমেই আমাদের একটি প্রশ্ন করতে হবে। তা হচ্ছে, রাখাইনের ভবিষ্যৎ কোন দিকে যাচ্ছে এবং



রাখাইনের যুদ্ধের পরিণতি শেষ পর্যন্ত কী হতে পারে। এই প্রশ্নের সঠিক উত্তর কেউই এখন দিতে পারবে না। কিন্তু এই প্রশ্নের উত্তর খোঁজার ওপর নির্ভর করবে কে কি ধরনের কৌশল গ্রহণ ও প্রয়োগ করবে।

তাই বাংলাদেশের প্রথম কৌশল হবে, রাখাইনের যেকোনো ধরনের পরিণতি থেকে আমরা কী ধরনের সুবিধা আদায় করে নিতে পারব, তার হদিস করা। এরই সঙ্গে আমাদের ঝুঁকির বিষয়গুলোও বিবেচনা করতে হবে।

রাখাইন পরিস্থিতির সঙ্গে রোহিঙ্গাদের ভিটেমাটি ছাড়া হয়ে বাংলাদেশে দলে দলে প্রবেশের বিষয়টিও গুরুত্বপূর্ণ। মিয়ানমার জান্তার হাত থেকে আরাকান আর্মি রাখাইনের প্রায় ৯০ শতাংশ এলাকা দখলে নিলেও রোহিঙ্গাদের উচ্ছেদ করা বন্ধ হয়নি। তাই রোহিঙ্গাদের বাংলাদেশে আসাও বন্ধ হয়নি। ফলে বোঝাই যাচ্ছে মিয়ানমারের শাসকগোষ্ঠীর পাশাপাশি আরাকান আর্মির মধ্যেও রোহিঙ্গাবিদ্বেষ রয়েছে। এ কারণে রাখাইনদের জন্য মানবিক করিডর দেওয়ার মাধ্যমে বাংলাদেশ রোহিঙ্গা সংকট সমাধানের পথ খুঁজতে পারে। এ ক্ষেত্রে বাংলাদেশ তৃতীয় পক্ষকে যুক্ত করতে পারে। এটা হবে বাংলাদেশের আলোচনা শুরু করার প্রথম শর্ত।

রোহিঙ্গা ইস্যু ছাড়াও এই মানবিক করিডর প্রদানের সঙ্গে আঞ্চলিক রাজনীতি, আমাদের নিজস্ব নিরাপত্তা, আর্থিক ও সামরিক বিষয়াদি জড়িত। রাখাইনকে কেন্দ্র করে আন্তর্জাতিক রাজনীতিতে নানা ধরনের মেরুকরণের সূচনা হতে পারে। তাই বিষয়টি আমাদের সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কৌশল সাজাতে হবে।

আগেই বলেছি রাখাইনের পরিণতি শেষ পর্যন্ত কী হতে পারে। এখানে দুটি সম্ভাবনাই আছে। এক, রাখাইন মিয়ানমার থেকে পৃথক হয়ে স্বাধীন দেশ বা বিশেষ ব্যবস্থায় পরিচালিত একটি ভূখণ্ডে পরিণত হতে পারে। অথবা মিয়ানমারের জান্তা সরকার রাখাইন পুরোপুরি নিজেদের নিয়ন্ত্রণে নিয়ে নিবে সামরিক অভিযানের মাধ্যমে বা আলোচনার ভিত্তিতে।

প্রথম সম্ভাবনাকে ধরে যদি আলোচনা করি তবে আমাদের করিডর প্রদান এ ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। এ অবস্থায় রাখাইনে নতুন রাষ্ট্রের সৃষ্টি

এরপর ২৪ পৃষ্ঠায়



এর পাশাপাশি কুকি-চিনদের যুদ্ধের প্রভাব ভারতের পূর্বাঞ্চলের রাজ্যগুলোতে প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে। তাই ভারত চাইবে না মিয়ানমারে এমন কিছু হোক, যাতে তার রাষ্ট্রীয় অখণ্ডতা বিঘ্নিত হতে পারে। মিয়ানমার নিয়ে চীনের অবস্থান খুবই ধোঁয়াশাচ্ছন্ন। কখন জান্তা সরকারকে সমর্থন দেয়, কখন কোনো বিদ্রোহীদের সহায়তা করে বলা মুশকিল। এর কারণ হচ্ছে চীনের কুমনিং থেকে বঙ্গোপসাগর হয়ে ভারত মহাসাগরে প্রবেশের একটি রুট হচ্ছে রাখাইনের বন্দরগুলো। তাদের বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভের একটি অংশ হচ্ছে মিয়ানমারের রাখাইনের বন্দর। তাই মিয়ানমার হাতছাড়া হয়ে গেলে রাখাইন নিয়ে চীনকে নতুন করে কূটনীতি শুরু করতে হবে। কুমনিং থেকে রাখাইন হয়ে ভারত মহাসাগরে প্রবেশ করে নিজস্ব নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা চীনের জন্য কঠিন হয়ে যাবে


বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯+
JFK-Dhaka-JFK Return
Mohammad B Hossain (Belal)
President & CEO
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime.
digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
OPEN 7 DAYS: 11AM -10PM
*Terms & Condition may apply. See store for details.

# পাড়ায় পাড়ায় রাজনীতি নিয়ে গল্প

জাহীদ রেজা নূর

রাস্তাঘাটে, চায়ের দোকানে, পাড়ার আড্ডায় এখন যেসব বিষয় নিয়ে আলোচনা হয়, তার অনেকগুলোই রাজনীতিকেন্দ্রিক। তবে সব কথা অকুণ্ঠচিত্তে মানুষ বলে না। বোঝা যায়, একধরনের সেলফ সেন্সরশিপও আছে। 'দেয়ালেরও কান আছে'-এ রকম যদি কেউ ভেবে থাকেন, তাহলে তাঁকে দোষ দেওয়া যাবে না। বিভিন্ন রাজনৈতিক দল নিয়ে মানুষের যে আলোচনাগুলো রয়েছে, তার অনেক কিছুরই উৎস ফেসবুক বা ইউটিউবে পাওয়া খবরগুলো। তথ্য সঠিক বলে প্রমাণিত হলে আলোচনা তীব্রতা পায়।

এ মুহূর্তে জনগণের আগ্রহ আছে নতুন দল এনসিপি নিয়ে। দলটি যে রকম আওয়াজ দিয়ে রাজনীতির মাঠ দখল করতে চেয়েছিল, সে রকম প্রত্যাশিত কোনো শক্তি হিসেবে তারা এখনো মানুষের মনে ঠাঁই পায়নি। বরং দল গঠনের আগে-পরে এই দল-সংশ্লিষ্ট নেতাদের কারও কারও আচরণে এমন কিছু উপাদান দৃশ্যমান হয়েছে, যা নিয়ে বিব্রত হওয়ার মতো যথেষ্ট কারণ রয়েছে। আগস্ট মাসে এই ছাত্রনেতাদের ডাকে যে রকম গণজোয়ারের দেখা মিলত, এখন যেন তা ম্রিয়মাণ হয়ে গেছে। এখন তাঁরা ডাকলেই আবার জেগে উঠবে জনগণ অথবা শিক্ষার্থীরা, এ রকমটা না-ও হতে পারে। কারণ, যে প্রত্যাশা নিয়ে গণ-আন্দোলন হয়েছিল, সে প্রত্যাশার সঙ্গে প্রাপ্তির রয়েছে যোজন যোজন দূরত্ব।

এনসিপি দলের কোনো কোনো নেতার হঠাৎ আঙুল ফুলে কলাগাছ হয়ে যাওয়ার খবর যখন আসে, তখন তাঁদের প্রতি আস্থায় ছেদ পড়ে। বাংলাদেশের সব শিক্ষায়তনের শিক্ষার্থীরা একসঙ্গে যে আন্দোলন করেছে, তার প্রতি কতটা কমিটমেন্ট রাখতে পারছেন বৈষম্যবিরোধী আন্দোলনের নেতারা, সে প্রশ্ন এড়ানো যাবে না। অনেকেই বলছেন, লাভের গুড় খেয়ে নিচ্ছে কতিপয় সুযোগসন্ধানী। এ কারণেই কি পহেলা বৈশাখে এনসিপি আয়োজিত সভায় অভিযোগ বলতে ছিল খবর সংগ্রহে যাওয়া অল্প কিছু সাংবাদিক? গুটিকয় সমর্থক যাঁরা ছিলেন, তাঁদের সংখ্যার দিকে তাকিয়ে এনসিপি নেতারা লজ্জা পেতে পারেন। একইভাবে এখন বিশাল কোনো জমায়েত করতে চাইলে দেখা যায় দলটি ভুগছে কর্মীহীনতায়। এখন পর্যন্ত নিবন্ধনের পথ মাড়ায়নি এই দল। তাদের রাজনৈতিক আদর্শও খোলাসা করেনি। কিন্তু এরই মধ্যে এদের অনেক নেতার মধ্যে বিলাসিতার দেখা পাচ্ছে জনগণ। সারজিস আলম আর হান্নান মাসউদের মোটর শোভাযাত্রার ঘটনাকে সাধারণ মানুষ সমালোচনার দৃষ্টিতেই দেখছে। এ ছাড়া এনসিপিরই এক নেত্রীর প্রশ্নের জবাবে সারজিস আলম রাজনীতির মাঠ নিয়ে যে ব্যাখ্যা দিয়েছেন, সেটাও হতাশ করেছে সাধারণ মানুষকে। তাঁর বক্তব্যে স্পষ্ট হয়েছে, মুখে যতই সংস্কারের কথা বলা হোক না কেন, নির্বাচনের মাঠে ওই সংস্কারবিহীন কৌশলগুলোর ওপরই আস্থা রাখবেন তাঁরা। সংস্কারের আগে নির্বাচন নয়-এ রকম একটি অবস্থান তাঁরা কেন নিচ্ছেন, তা নিয়ে 'পাবলিক পারসেপশন' হচ্ছে, আগে তাঁরা দল গুছিয়ে নেবেন, তারপরই কেবল নির্বাচনের কথা ভাববেন।

এই জায়গায় এসে অনেকেই প্রশ্ন করছেন, এনসিপি কি কিংস পার্টি হিসেবে ক্ষমতায় আসার কথাই ভাবছে? অর্থাৎ নির্বাচনের মাঠটি নিজেদের আয়ত্তে না আসা পর্যন্ত তারা নির্বাচনের কথা ভাববে না? প্রধান উপদেষ্টা নিজেই বলেছেন, এই ছাত্ররাই তাঁকে ক্ষমতায় বসিয়েছে অর্থাৎ এরাই প্রধান উপদেষ্টার নিয়োগকর্তা। সেই হিসেবে ছাত্রদের দলটি কি প্রধান উপদেষ্টার ছায়ায় থেকে ক্ষমতার স্বাদ পেতে চাইছে? তাহলে কি সংস্কারের চেয়ে ক্ষমতার প্রতি আকর্ষণই তাদের লক্ষ্য? এই লক্ষ্য নিয়ে এগিয়ে যেতে চাইলে তা কি নির্বাচনের মাঠে তাদের গ্রহণযোগ্য প্রতিদ্বন্দ্বী হিসেবে দাঁড়াতে দেবে? রাজনীতির মাঠ বড্ড পিচ্ছিল। গণ-অভ্যুত্থানে বড় ভূমিকা পালন করলেই জনগণের মন জয় করা যায় না। ধারাবাহিকভাবে তাদের কাজগুলো ঠিক হচ্ছে কি না, সেদিকেও জনগণ চোখ রাখে।



নতুন দলের নেতাদের একটা বড় শত্রু হচ্ছে তাঁদের নিজেদের ফেসবুক পেজ। মাঝে মাঝেই তাঁরা সামাজিক যোগাযোগমাধ্যমে এমন সব পোস্ট করেন, যেগুলো পরে সমালোচনার মুখে উঠিয়ে নিতে হয়। জাতীয় নেতা হওয়ার জন্যই তাঁরা রাজনীতিতে এসেছেন, সুতরাং সামাজিক যোগাযোগমাধ্যমে কিছু লেখার সময় নিজেদের পরিপক্বতার পরিচয় দিতে হবে, এ রকম কথা শোনা যায় ঘনিষ্ঠজনদের ছোটখাটো আড্ডায়।

নতুন দলকে এখনো সময় দিতে হবে। কিন্তু তাদের শুরুটা ভালো হয়নি। দ্বান্দ্বিক বিষয়গুলোয় তাদের ব্যাখ্যাগুলোও পরিপক্বতার পরিচয় দেয় না। সেই সঙ্গে নিয়োগ-বাণিজ্যসহ নানা রকম অপ্রীতিকর ব্যাপারে তাদের সংযুক্তির যে খবরগুলো ভেসে বেড়াচ্ছে ভার্চুয়াল দুনিয়ায়, সেগুলো অস্বীকার করলেই মানুষ কি তা বিশ্বাস করবে? তৃণমূল পর্যায়ে মানুষের সঙ্গে যোগাযোগ স্থাপন করাই এখন সবচেয়ে জরুরি কাজ নতুন এই দলটির। সচিবালয়ে গিয়ে নিয়োগ-বদলি নিয়ে তাদের যে বদনাম ঘটেছে, তার কিছু তো ঘটেছেই। এই তদবিরবাজির পথটি ক্ষমতার পথ। এটা পরিহার করা না হলে দলটি বেড়ে উঠতে পারবে না।

২. আওয়ামী লীগের পতনের পর ক্ষমতার লড়াইয়ে সবচেয়ে বড় দল হিসেবে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বা বিএনপিরই সম্ভাবনা ছিল প্রবল। কিন্তু অন্তর্বর্তী সরকার ক্ষমতাসীন হওয়ার পর থেকে নানা ঘটনায় মনে হতে থাকে, এই সরকার কি মাইনাস টু ফর্মুলাকে বাস্তবায়ন করতে চাইছে? বিএনপি নেতাদের একের পর এক মামলা খারিজ হয়ে গেছে এই সরকারের আমলে। আওয়ামী লীগের সভায় গ্রেনেড হামলার মামলাটিকেও বিদায় দেওয়া হয়েছে। বিএনপির মূল কান্ডারি তারেক

এরপর ২৪ পৃষ্ঠায়




"কথার সঙ্গে কাজের অমিল পেয়েছে। রেফারেন্স বই হিসেবে কোন বইটা বেছে নেবে, সে পরামর্শও কেউ তাদের দেয়নি। তাই, একাত্তরকে ঠিকভাবে উপলব্ধি না করেই তারা যেকোনো সিদ্ধান্ত নিয়ে ফেলতে পারে। এ ব্যাপারে সতর্ক না হলে জামায়াত ক্রমেই তাদের গ্রাস করবে। রকে-রেস্তোরাঁয় মানুষ আরও অনেক বিষয় নিয়ে আলোচনা করে। এর মধ্যে মব সন্ত্রাস, ইচ্ছে হলেই রাস্তা বন্ধ করে দাবি আদায়, মিথ্যে মামলায় কাউকে ঢুকিয়ে দিয়ে টুপাইস কামানো, আগস্টে পটপরিবর্তনের পর শীর্ষ সন্ত্রাসীদের মুক্ত করে দেওয়াসহ কত যে গল্প ঘুরে বেড়ায়! দেশের মানুষকে আশার আলো দেখাতে পারে, এমন মানুষ বা মানব সমষ্টিকে দরকার এখন। কিন্তু পরিস্থিতি আর পরিবেশ এখনো কুয়াশাচ্ছন্ন। এখনো জনগণ আশাবাদী হতে পারছে না-এটাই এ মুহূর্তে সবচেয়ে বিপদের জায়গা"

# গাজা জ্বলছে : চাই জোরালো প্রতিবাদ

শায়িস্তা আজিজ

"আমাদের উচিত, সেই ব্যক্তিদের ওপর চাপ বাড়ানো, যাদের ক্ষমতা আছে এ হত্যাকাণ্ড বন্ধ করার, যা অত্যন্ত প্রয়োজন। আমরা ব্রিটেনে সাহায্য ও মানবাধিকার খাতের সদস্যরা, এখন যে কর্ম গ্রহণ করব, তা শুধু গাজার মানুষের জন্যই গুরুত্বপূর্ণ নয়। আমাদের সরকার, আমাদের শীর্ষস্থানীয় বিভিন্ন প্রতিষ্ঠান এবং আমাদের সমাজ যে রকমভাবে গাজায় গণহত্যার মোকাবিলা করবে, তা ভবিষ্যতে দেশীয় এবং আন্তর্জাতিক সংকট ও জরুরি পরিস্থিতির মোকাবিলায় একটি দৃষ্টান্ত স্থাপন করবে। আজ আমাদের সবার উচিত ন্যায়ের জন্য লড়াই করা এবং আমাদের সরকারকে দেখানো যে গণহত্যার মুখে উদাসীনতার নীতি গ্রহণযোগ্য নয়। এতে আমরাও দোষী হয়ে যাব। আমাদের এ মুহূর্তে প্রতিক্রিয়া ইতিহাস বিচার করবে"

ইসরাইলের প্রতিরক্ষামন্ত্রী সম্প্রতি ঘোষণা করেছেন, 'গাজায় কোনো মানবিক সাহায্য প্রবেশ করবে না', যা স্পষ্টভাবে তার সরকারের ইচ্ছা প্রকাশ করছে যে, তারা আন্তর্জাতিক মানবিক আইনের স্পষ্ট লঙ্ঘন করে ফিলিস্তিনের নিরস্ত্র এবং অবরুদ্ধ নাগরিক জনগোষ্ঠীর ওপর নানা শাস্তি চালিয়ে যাবে। তিনি আরও বলেছেন, হামাসকে চাপে রাখার কৌশল হিসাবে এ পদক্ষেপ নেওয়া হয়েছে। তিনি আরও বলেছেন, 'বর্তমানে গাজায় কোনো মানবিক সাহায্য প্রবেশের অনুমতি দেওয়ার পরিকল্পনা নেই।' অ্যামনেস্টি এবং হিউম্যান রাইটস ওয়াচের মতো বহু এনজিও ও আন্তর্জাতিক সংস্থা দীর্ঘদিন ধরে গাজার মানবিক সাহায্যকে অস্ত্র হিসাবে ব্যবহারের ঘটনাকে গণহত্যার অংশ হিসাবে চিহ্নিত করেছে। ইসরাইলের প্রতিরক্ষামন্ত্রীর সাম্প্রতিক এ মন্তব্যের প্রতিক্রিয়ায়, তারা আবারও দেশটির সরকারের গণহত্যামূলক নীতির তীব্র নিন্দা জানিয়েছে এবং ইসরাইলের পশ্চিমা মিত্রদের আন্তর্জাতিক আইন কার্যকর করার জন্য পদক্ষেপ নিতে আহ্বান জানিয়েছে।



এ ধরনের নিন্দা ও কর্মসূচির আহ্বানে কাঙ্ক্ষিত সুফল মিলছে না। ১৮ মাস অব্যাহত ধ্বংসযজ্ঞ চালানোর পর ইসরাইল এখনো বোমাবর্ষণ করছে, গুলি চালাচ্ছে, ফিলিস্তিনিদের স্থানচ্যুত করছে এবং তাদের ক্ষুধার্ত রেখে দিচ্ছে; একইসঙ্গে ঘোষণা করছে, আগামীতেও এ ধরনের অপরাধ অব্যাহত থাকবে। দেশটি এখনো পশ্চিমা মিত্রদের পূর্ণ রাজনৈতিক, সামরিক ও কূটনৈতিক সমর্থন নিয়ে এ কাজ করে যাচ্ছে। এ কারণেই আমরা বিশ্বাস করি, ব্রিটিশ এনজিওগুলোর এখন কৌশল পরিবর্তনের সময় এসেছে। গত ১৮ মাস ধরে, যুক্তরাজ্যের মানবাধিকার ও ত্রাণ ক্ষেত্রের অনেকেই আমাদের সরকারকে বারবার অনুরোধ করেছে, যাতে তারা অন্তত আন্তর্জাতিক আইনের মৌলিক নীতিগুলো তার মিত্র ইসরাইলের ওপর বাস্তবায়ন করে।

আমরা প্রচার চালিয়েছি, আমরা সমর্থন চেয়েছি, আমরা অংশগ্রহণ করেছি এবং আমরা বোঝানোর চেষ্টা করেছি। আমরা প্রমাণ দেখিয়েছি, আইনের দিকে ইঙ্গিত করেছি এবং আমাদের নেতাদের সঠিক কাজ করতে বলেছিলাম। আমাদের আবেদন বৃথা গেছে। আমাদের কথা শোনেনি কেউ।

এখনো কিয়ের স্টারমারের সরকার ইসরাইলি সরকারের সঙ্গে বাণিজ্য চালিয়ে যাচ্ছে, এমনকি তাদের কাছে অস্ত্রও বিক্রি করছে, যদিও তারা গাজা এবং অন্যান্য দখলকৃত ফিলিস্তিনি অঞ্চলে ইসরাইল যে স্পষ্ট অপরাধগুলো প্রতিদিন করে তা সম্পর্কে অবগত। তারা এখনো ইসরাইলকে প্রধান মিত্র হিসাবে বিবেচনা করে, যদিও তারা জানে, আন্তর্জাতিক বিচার আদালত গাজায় ইসরাইলের 'যুদ্ধের' বিরুদ্ধে গণহত্যার অভিযোগ পর্যালোচনা করছে এবং আন্তর্জাতিক অপরাধ আদালত ইসরাইলের প্রধানমন্ত্রী নেতানিয়াহুর বিরুদ্ধে বিভিন্ন যুদ্ধ অপরাধ ও মানবতার বিরুদ্ধে অপরাধের জন্য গ্রেফতারি পরোয়ানা জারি করেছে।



সম্প্রতি লন্ডনে ব্রিটেনের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে ইসরাইলের পররাষ্ট্রমন্ত্রীর আলোচনা হয়েছে। জানা যায়, লন্ডনে এটা ছিল ইসরাইলের পররাষ্ট্রমন্ত্রীর ব্যক্তিগত সফর। কোনো দেশ যার বিরুদ্ধে আন্তর্জাতিক আইনে সবচেয়ে নির্মম অপরাধের অভিযোগ রয়েছে, তেমন দেশের উচ্চ পর্যায়ের মন্ত্রীর সঙ্গে ব্রিটেনের উচ্চপদস্থ ব্যক্তির প্রকাশ্য বা গোপন বৈঠক করা অনুচিত। যেহেতু ইসরাইল শরণার্থী তাঁবুতে বোমা ফেলে, সাংবাদিক ও চিকিৎসকদের হত্যা করে এবং অবরোধের মধ্যে থাকা জনগোষ্ঠীর কাছে সাহায্য পৌঁছানো বন্ধ করে রেখেছে সেহেতু ইসরাইলের নেতাদের সঙ্গে 'গাজা ও মধ্যপ্রাচ্যের অন্যান্য জরুরি বিষয়' নিয়ে আলোচনা করাও উচিত নয়, কোনো রাজনীতিকই যা ঘটছে তা না জানার কথা দাবি করতে পারেন না। হাজার হাজার ফিলিস্তিনি হতাহত হয়েছে। অনেকেই মানসিকভাবে ভেঙে পড়েছে এবং উদ্বাস্তু হয়েছে। হাসপাতাল, ক্লিনিক, শরণার্থী শিবির, স্কুল, বিশ্ববিদ্যালয়, আবাসিক এলাকা, পানি ও খাদ্য সরবরাহের স্থান ধ্বংস হয়েছে। শত শত সাহায্যকর্মী-স্থানীয় ও বিদেশি, ব্রিটিশসহ-ফিলিস্তিনিদের সাহায্য করায় টার্গেটে পরিণত হয়েছে। সাধারণ ব্রিটিশ জনগণ ইসরাইলের কাজ দেখে আতঙ্কিত এবং তারা এ অবস্থার অবসান চান।

আমরা আর ব্রিটিশ সরকারের সঙ্গে এমনভাবে যোগাযোগ চালিয়ে যেতে পারব না, যেন আমরা শুধু নীতিগত মতবিরোধে আছি। এটি এমন কোনো সাধারণ ঘটনা নয়, যেখানে আমাদের সরকার কোনো সংঘাত বা সংকটে পর্যাপ্ত মনোযোগ না দেওয়ার কারণে বিভিন্ন অগ্রাধিকার বা দ্বন্দ্বপূর্ণ স্বার্থের কারণে বিরোধিতা করছে। এটি এমন কোনো মতবিরোধ নয়, যা আমরা সংলাপ ও বিতর্কের মাধ্যমে কাটিয়ে উঠতে পারব। বর্তমান ব্রিটেনের নেতারা শুধু প্রতিদিন আমাদের স্ক্রিনে সরাসরি সম্প্রচারিত সবচেয়ে নৃশংস যুদ্ধাপরাধগুলোই উপেক্ষা করছেন না, বরং মানবাধিকার খাতে আশঙ্কা ও আকুতি সত্ত্বেও কূটনৈতিক, রাজনৈতিক ও সামরিকভাবে এ অপরাধীদের সমর্থন করতেও জোর দিচ্ছেন। আমাদের বিশ্বাস, এ বিষয়ে এনজিওগুলো প্রকৃত পরিবর্তন আনতে পারে শুধু সরকারের সঙ্গে সব ধরনের সংযোগ বন্ধ করে। ব্রিটিশ সরকার হয়তো আমাদের প্রচারাভিযান ও রিপোর্টে মনোযোগ দিচ্ছে না, কিন্তু তারা অবশেষে রাস্তার ক্রমবর্ধমান প্রতিবাদ ব্রিটিশ ও আন্তর্জাতিক আদালতে তাদের ইসরাইলি মিত্রদের বিরুদ্ধে নেওয়া আইনি সিদ্ধান্তের প্রতি মনোযোগ দেবে।

সামনে এগোনোর পথ আছে। আমাদের জোরালোভাবে বলতে হবে, গাজায় যা ঘটছে তা হলো গণহত্যা। আমাদের উচিত এ অপরাধের নামকরণ করা, সরকারের এ অপরাধে সম্পৃক্ততার বিষয়টি তুলে ধরা।

এরপর ২৪ পৃষ্ঠায়


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
C A
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208


মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD
& NATIONAL HEALTHCARE CHAMPION AWARD
প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি
ALL COUNTY
CDPAP
PCA
HHA.RN
হোম কেয়ার
NYS LICENSED HOME CARE AGENCY
অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে
PH : 718 593 0932
* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE
এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে
Get Paid to Take care of Your Friends & Family
150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com


GOLDEN AGE
HOME CARE
SHAH NAWAZ MBA
PH: 718-775-7852
PRESENTS
FOR SPONSOR AND STALL
PLEASE CONTACT
347-476-9424
SHAH SHAHIDUL HAQUE
(STALL) 347-484-0637
646-404-3688
BANGLADESH HERITAGE
CELEBRATION 2025
পথমেলা
২০২৫
24Th
MAY 2025
SATURDAY
12PM TO 9PM
PLACE:
37 AVE, 37 ROAD ON 76 STREET,
JACKSON HEIGHTS, NY-11372
১ম পুরস্কার
উপস্থাপনায়
মিয়া মোহাম্মদ দুলাল
প্রধান অতিথিঃ জনাব, শাহ্ নেওয়াজ এম.বি.এ
অনুষ্ঠান উদ্বোধন করবেনঃ এম, এম, শাহীন (চেয়ারম্যান, বোর্ড অব এডিটরস, সাপ্তাহিক ঠিকানা), গিয়াস আহমেদ (প্রেসিডেন্ট জে.বি.বি.এ, রাজনৈতিক ব্যক্তিত্ব)
আতাউর রহমান সেলিম (প্রেসিডেন্ট) ও মোহাম্মদ আলী (সেক্রেটারী) - বাংলাদেশ সোসাইটি, আব্দুর রহিম হাওলাদার (কমিউনিটি বোর্ড মেম্বার), মফিজুর রহমান (জে, বি, বি এ)
বিশেষ অতিথিঃ নূরুল আজীম (বিশিষ্ট ব্যবসায়ী), জাহীদ আলম (সম্পাদক, সাপ্তাহিক ইনকেলাব), মহীউদ্দীন দেওয়ান (সিনিয়র সহ- সভাপতি, বাংলাদেশ সোসাইটি), দুলাল বেপারী (প্রেসিডেন্ট - ঢাকা জেলা সমিতি), সাকিল মিয়া, প্রেসিডেন্ট- জ্যাকসন হাইটস্ এলাকাবাসী, লায়ন রকী আলাইন (প্রেসিডেন্ট বাংলাদেশ-আমেরিকান লায়ন ক্লাব)
আহবায়কঃ ইঞ্জিনিয়ার মোহাম্মদ আব্দুল খালেক, প্রধান সমন্বয়কারীঃ কামরুজ্জামান বকুল
সমন্বয়কারীঃ তরিকুল ইসলাম বাদল, সাংস্কৃতিক বিষয়ক উপদেষ্টাঃ এড. রেদওয়ানা রাজ্জাক,
সদস্য সচিবঃ অনিক রাজ, যুগ্ম সদস্য সচিবঃ খায়রুল ইসলাম খোকন
সভাপতিঃ শাহ্ শহীদুল হক
৩৪৭-৪৭৬-৯৪২৪
সাধারণ সম্পাদকঃ মোহাম্মদ আব্দুস সোবাহান
৬৪৬-৩৭১-৩৬৪১
POWERED BY:
Empire Care Agency
PCA / HHA SERVICE
NURUL AZIM
KR SHERA INC
SYLHET MOTORS
Contact us
161-05 Hillside Ave
Jamaica, NY 11432
Abdul Kadar
CEO
KIM & ASSOCIATES P.C
Kwangsoo Kim, Esp
Attorney At Law
Eng. Mohammad A. Khalek
MEDIA PARTNER:
আজকাল
ORGANIZED BY:
WORLD HUMAN RIGHTS DEVELOPMENT USA
37-47 73RD ST, SUITE#207, JACKSON HEIGHTS, NY-11372

# ব্রঙ্কস তথা নিউ ইয়র্ক এর প্রবাসি বাংলাদেশিদের জন্য সু-খবর

## সম্পুর্ন বাংলাদেশি মালিকানাধীন একটি অনন্য প্রতিটিষ্ঠান। এখানে সুলভ মুল্যে ঘরের যাবতিয় আসবাবপত্র সহ রয়েছে অত্যাধুনিক ইলেকট্রনিকস ও ইলেক্ট্রিক্যাল সামগ্রি।

শুভ উদ্ভোদন উপলক্ষে চলছে বিশাল সেল।

মাত্র ৪০% ডাউন পেমেন্ট দিয়ে কিস্তিতে পরিশোধ করার সুযোগ গ্রহন করুন। বিস্তারিত জানতে কল করুন।

# S & A DISCOUNT FURNITURE INC.

**NO CREDIT NEEDED!**
**WE APPROVE EVERYONE**
**90 DAYS NO INTEREST**
**SAME AS CASH**

একটি নির্ভরযোগ্য বাংলাদেশী প্রতিষ্ঠান
1627 Westchester Ave. Bronx, NY 10472
Tel: (347) 269-5249 - Cell: 646-404-0921
email: sa.discountfurniture@gmail.com

DCA# 2111113
Easy Trasportation:
#6 Train To Morrison, Soundview Ave.
Bus Bx4 & Bx4A

We Accept Major Credit Cards

## GRAND OPENING SALE

| VIERNES | SÁBADO | DOMINGO |
|---|---|---|
| $10 | $7 | $5 |
| FRIDAY | SATURDAY | SUNDAY |
| LUNES | MARTES | MIÉRCOLES Y JUEVES |
| $3 | $2 | Mixed Prices |
| MONDAY | TUESDAY | WEDNESDAY & THURSDAY |

## On Sale


















MATTRESS



*Order By Phone. Pay After Delivery.*

| | |
|---|---|
| TWIN SIZE | $100 |
| FULL SIZE | $150 |
| QUEEN SIZE | $199 |
| KING SIZE | $399 |

* এখানে পাবেন "আমাজন" "টারগেট" "ওয়ালমারট" ও "কস্টকো "র মত বিখ্যাত ব্রান্ডের আইটেম অত্যন্ত কম মুল্যে।

* ফোনে অরডার দিন, ডেলিভারির পর পে করুন।

# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



# COMMITTED HOME CARE



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য COMMITTED HOME CARE নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

## CORPORATE OFFICE:

37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814

# NY INSURANCE BROKERAGE INC

# আপনি কি TLC প্লেট নিতে চান??

## NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

Design & Print by: ihopeprint.com, 929-538-7903

# Renaming Penn Station?

Ajkal Desk




Gov. Kathy Hochul said she'd reluctantly consider renaming Penn Station for President Donald Trump — as long as the money's right.

The Trump administration announced earlier this month that federal officials were kicking the MTA off the station rehab project and taking over themselves. That would mean Amtrak and federal transportation officials would lead the $7 billion reconstruction of Penn Station, and save the state $1.3 billion it was preparing to contribute to the project, according to Hochul. She was asked about renaming Penn Station after Trump during a press briefing late Friday night on the state budget. .

"If he puts $7 billion into it? Who knows," Hochul told reporters Friday. "It would not be my favorite thing to call it, but it would save me $1.3 billion that I'm not planning to spend, to manage my other costs."

She also threw a little sarcasm Trump's way. "I expect to see immediate progress given how efficiency is so important to you," she said addressing the president. "Maybe Elon Musk can get in charge of it and get it done really fast." Federal officials earlier this month accused the MTA of mismanagement.

"President Trump has made it clear: the days of reckless spending and blank checks are over," Transportation Secretary Sean Duffy wrote in a statement."New York City deserves a Penn Station that reflects America's greatness and is safe and clean."

Duffy is locked in a legal battle with the MTA over congestion pricing fees that go to fund public transit. In its own management flub, the government's lawyers accidentally posted a private legal memo online saying the feds are likely to lose to the state in court.



# Central Park's north end now has a brand new rec center and pool

Shah Nawaz

A historically neglected area of Central Park now has a new recreation center complete with a massive public swimming pool that can become an ice rink or a public green, depending on the season.

The $160 million Davis Center represents the largest investment in the north end of Central Park in decades. It replaces the Lasker Rink and Pool, which was constructed in the 1960s and closed in 2021. The Davis Center's opening to the public on Saturday comes as local elected officials continue to advocate for more public park access for New York City residents.

"The historic Harlem Meer is one of Central Park's greatest gems, so I'm thrilled that the new Davis Center's programming and facilities will offer endless ways for visitors to connect with the Meer," Manhattan Borough President Mark Levine said in a statement. "Between fitness activities, cultural events, and youth programs, the Davis Center has something for everyone, and I'm particularly thrilled that the center was designed with opportunities for the neighboring communities in mind."

The new facility broke ground in 2021. It features a swimming pool that'll transform into an ice skating rink during the winter months and a green space, known as the Harlem Oval, during the spring and fall. The site also features a boardwalk and a pavilion.

Officials said the space will be used as a public space year-round and will offer a range of activities, including swimming lessons, yoga and hockey.

"So today we are fulfilling Olmsted and Vaux's original vision for a great democratic space in a bold new way," Central Park Conservancy President Betsy Smith said at a ribbon-cutting ceremony on Friday, referencing the park's original designers. "A pool, a rink, a green: The Davis Center is the embodiment of an expanded sense of space for all."

The northern edge of the park was also the scene of a high-profile 1989 assault and rape that led to the arrest and wrongful conviction of five teenagers. They were cleared of wrongdoing in 2002 and are now known as the Exonerated Five.

City Councilmember Yusef Salaam of Harlem, a member of the Exonerated Five, reflected on the center's significance at Friday's ribbon-cutting ceremony.

"The unveiling of the Davis Center isn't just about a pool, a rink or a stunning architectural accomplishment," he said. "It's a homecoming for me, it's a healing for me, it's a restoration for our community."

In a statement, Salaam went on to say that the Center will "strengthen Harlem's spirit and bring us together through diverse, accessible programming."

# George Santos sentenced to more than 7 years in prison

Ajkal Desk

Former U.S. Rep. George Santos was sentenced Friday to more than seven years in prison, according to federal prosecutors — roughly what they argued would be fair.

Santos sobbed as the judge handed down his sentence at federal court in Long Island, the Associated Press reported.

"I offer my deepest apologies," he said, according to the outlet. "I cannot rewrite the past, but I can control the road ahead."

John Durham, U.S. attorney for the Eastern District of New York, said at a press conference following the proceeding that Santos was being held accountable for "blatant corruption" that targeted innocent constituents and supporters in New York's 3rd Congressional District, which Santos previously represented.

"Santos' victims were real people and they suffered real losses," said Durham. "Today's sentence demonstrates that this egregious conduct will not and never will be tolerated."

Nassau County District Attorney Anne Donnelly, whose office helped bring the case, said Santos' behavior amounted to "an empty man in an empty designer suit, financed by fraud."

In addition to serving 87 months in federal prison, Santos will have to pay more than $370,000 in restitution that will go directly to those victims, according to Durham. The ex-lawmaker will also forfeit more than $200,000 — money that the government determined Santos illegally amassed.

Prior to his sentencing, Santos said he would ask to serve prison time in solitary confinement because he fears for his safety.

"I take full responsibility for bad actions I've made, and I regret that," Santos said Thursday night on "The Matt Gaetz Show." "I don't know what would be fair, but I know seven years [in prison] is pretty out there, in my opinion."

The disgraced ex-congressmember said it would be his last interview prior to his scheduled appearance in front of Judge Joanna Seybert in Central Islip on Friday morning. Santos, who represented parts of Long Island and Queens before being ousted from Congress in December 2023, pleaded guilty last year to federal charges of wire fraud and identity theft.

Prosecutors from the Eastern District of New York said earlier this month that they were seeking a prison sentence of 87 months for Santos as a way to "protect the public" from being cheated by him again.

"Santos' conduct has made a mockery of our election system," they wrote in a filing. "From his creation of a wholly fictitious biography to his callous theft of money from elderly and impaired donors, Santos' unrestrained greed and voracious appetite for fame enabled him to exploit the very system by which we select our representatives."

Santos told former Florida Rep. Matt Gaetz, also a Republican, that prosecutors were trying to "drop an anchor" on his head by requesting so much prison time. In his own court filings, he asked the court for two years, the mandatory minimum sentence for aggravated identity theft.

"I am allowed to make an application for protective custody because of who I am," Santos said Thursday.

Santos was formally expelled from Congress after a House ethics committee found "substantial evidence" of misconduct and illegal activity. In pleading guilty to the charges, he conceded he had



deceived political donors and stolen the identities of nearly a dozen people, including his relatives.

Santos told the New York Times in a recent interview that he was "totally resigned" to the possibility of spending 87 months in prison. On social media, he has been counting down the days until his sentencing.

"Soon," he tweeted early Friday, along with a praying-hands emoji.

Santos said Thursday that he had not directly asked President Donald Trump for a pardon, even though Trump has pardoned some other politicians in similar circumstances.

"I do hope that hopefully he takes a look at me, too," Santos said.

# Feds accidentally publish secret plan to kill NYC congestion pricing

Ajkal Desk

Lawyers for the federal government briefly published internal correspondence on Wednesday evening detailing a laundry list of flaws in the U.S. Department of Transportation's legal strategy to shut down the MTA's congestion pricing tolls. The document, dated April 11, was mistakenly posted on the docket of the MTA's federal lawsuit challenging U.S. Transportation Secretary Sean Duffy's effort to kill the tolls by revoking federal approval. The internal 11-page letter, sent from attorneys in the Southern District of New York to a lawyer for the federal transportation department, was taken down less than an hour after it was erroneously put online.



By Thursday afternoon, the attorneys were taken off the case while a transportation department spokesperson speculated they published the document as an act of sabotage.

It marked a new, bizarre wrinkle in the legal back-and-forth between New York state and the Trump administration over the future of the Manhattan tolls — and sparked yet another round of recrimination within President Donald Trump's justice department.

Three assistant U.S. attorneys wrote in the internal letter that Duffy's current argument to shut down the tolls isn't likely to hold up in court. The program was approved under former President Joe Biden through a U.S. DOT pilot program – the Value Pricing Pilot Program – that allows local governments to impose tolls on federally funded roads. Duffy has argued he has the authority to rescind that approval, but the government attorneys were skeptical. "It is unlikely that Judge [Lewis] Liman or further courts of review will accept the argument that [congestion pricing] was not a statutorily authorized 'value pricing' pilot" by the federal government, the letter states. "We have been unable to identify a compelling legal argument to support this position." The letter advises U.S. DOT officials to instead argue they're revoking approval for the tolls through Office of Management and Budget regulations, which could allow for such a move "as a matter of changed agency priorities." Still, the letter notes that argument isn't airtight because the DOT did not give the MTA any money to launch congestion pricing. The document was replaced on the docket with a letter to the judge updating him on the timeline for the case.

"Unfortunately, an attorney-client privileged document was erroneously filed on the public docket last night," SDNY spokesperson Nicholas Biase wrote in a statement. "This was a completely honest error and was not intentional in any way. Upon realizing the error, we immediately took steps to have the document removed. We look forward to continuing to vigorously advocate in the best interest of our clients, the DOT and FHWA, in this matter."

MTA officials did not immediately respond to a request for comment, but the filing suggests their bid to continue collecting the congestion pricing tolls is on solid ground.

The episode further strained the relationship between the Trump administration and the Southern District of New York, which had opposed the justice department's order to drop corruption charges against Mayor Eric Adams.

"Are SDNY lawyers on this case incompetent or was this their attempt to RESIST?" U.S. DOT spokesperson Halee Dobbins wrote in a statement. "At the very least, it's legal malpractice. It's sad to see a premier legal organization continue to fall into such disgrace."

Dobbins said the Southern District of New York would be taken off the case as a result of the mistake. Attorneys at the civil division at Justice Department headquarters in Washington, D.C. would handle the case moving forward, she said. Duffy initially ordered the MTA to shut down the tolls in February, just over a month after the agency launched them. President Donald Trump had promised to eliminate the program last year during his campaign. Duffy at first gave the agency a March 21 deadline to kill the program, then pushed it back to April 20. This week, the feds issued another deadline, saying the MTA has until May 21 to either nix the tolls or explain why they don't violate federal law. Duffy threatened to withhold some highway funding for New York if the agency doesn't comply. Gov. Kathy Hochul has vowed to leave the tolls on unless a federal judge orders otherwise. Congestion pricing was first authorized by state lawmakers in 2019, and is required to finance $15 billion worth of repairs to the MTA's mass transit infrastructure.

## Pori Moni in legal trouble for abusing maid

Anik Raj

On Tuesday (April 22), the victim Pinky Akhter filed the case in the court of Dhaka Metropolitan Magistrate Nazmin Akhter. The court took the plaintiff's statement, investigated the case and ordered the Police Bureau of Investigation (PBI) to submit a report by May 8.

Plaintiff's lawyer Nasidus Zaman Nishan confirmed this information.

A person named Sourav (28), who lives in the same flat with Pori Moni, has also been made an accused in the case. According to the charges in the case, Pinky took a job at the defendants' house through an organization called Quader Agency in March 2024. Before being hired, Pinky was supposed to take care of one child, but she had to take care of two children. She was also made to do the cooking at home at different times of the day and night. Since the job was absolutely necessary, the plaintiff was carrying out her duties with sincerity, accepting everything. However, on April 2 of this year at 1 pm, the accused Pori Moni came intoxicated from her makeup room to the child's room and started abusing Pinky in foul language. When asked about the reason for the abuse, Pori Moni said, "Why are you making milk for my child, now you will give them solid food." Pinky said, "According to the child's eating routine, now they are supposed to be fed milk, so I made milk."

At that time, Pori Moni got angry and slapped the plaintiff indiscriminately on the head, face and eyes. At one stage, Pinky became unconscious. After regaining consciousness, she was terrified. In order to get to a safe place from the scene, the victim Pinky kept requesting Pori Moni to take her to the hospital. Accused No. 2 Sourav was present at the time of the incident. But the accused did not listen to her. In addition, accused Sourav encouraged Pori Moni to torture Pinky and prevented her from leaving the house. Later, Pinky called 999 and went to safety from the scene with the help of the police. She sought treatment at Kurmitola General Hospital in Dhaka. In this incident, the victim Pinky Akhter filed a general



diary with Bhatara Police Station on April 4. Later, not seeing any progress in it, she filed a case in the court, which is also mentioned in the statement. In this case, charges have been filed against the accused under sections 323/324/307/506/34 of the Penal Code.




## US arrests 100 migrants in nightclub raid

Ajkal Desk

US authorities said on Sunday they arrested more than 100 undocumented migrants at a raid on a nightclub in Colorado, the latest detentions in president Donald Trump's immigration crackdown.

The Drug Enforcement Administration 'apprehended over 100 illegal aliens at an underground night club frequented by Tda and MS-13 terrorists,' Attorney General Pam Bondi wrote on X.

Trump has designated South American gangs Tren de Aragua and MS-13 as terrorist groups, sent troops to the Mexican border and called for mass expulsions of undocumented migrants as part of his iron fist approach to immigration.

The Republican leader has in the process butted heads with federal judges, rights groups and Democrats who say he has trampled or ignored constitutional rights in rushing to deport migrants, sometimes without the right to a hearing.

Footage posted on X by the DEA showed armed officers breaking a window and shouting at clubgoers to raise their hands as they run out of the building onto what appears to be a strip mall parking lot.

The DEA said that 'more than 100 illegal aliens' were taken into custody at the 'underground nightclub' in Colorado Springs.

'Drugs and weapons have also been seized,' the agency posted on X. DEA Special Agent Jonathan Pullen told local TV stations that the raid uncovered various US military members at the club, 'either as patrons or working as armed security.'

Trump on Sunday praised the operation on his Truth Social platform for targeting 'some of the worst people illegally in our Country — Drug Dealers, Murderers, and other Violent Criminals, of all shapes and sizes.'

He hit out at judges who have blocked migrant deportations, saying they would make the United States a 'Crime ridden MESS.'

Rights groups said last week that authorities had deported three American children — one of whom has a rare form of cancer — alongside their undocumented immigrant mothers.

One of the most high-profile deportations was of Maryland resident Kilmar Abrego Garcia, who was sent back to El Salvador despite his protected legal status.

The Trump administration admitted that Abrego Garcia was deported due to an 'administrative error,' and the Supreme Court ruled that the government must facilitate his return to the United States.

But Trump has since doubled down, insisting Abrego Garcia is in fact a gang member.

# এই সপ্তাহের কবিতা





## ছায়ায় ঢাকা গ্রাম
ইশতিয়াক রুপু

আকাশে আজ মেঘের মেলা
সুখ আনন্দে পথ চলা
বাউল মনের কান্না বিলাপ
খুঁজি উৎসবে
কেউ গায় তা উদাস সুরে
কেউবা আবার সদাই খুঁজে
সকল মানব অবয়বে।

নিশী রাতে নদীর বিলাপ
বিরান মাঠে সুরের আলাপ
ছায়ায় ঢাকা গ্রামের সারি
আলের মাথায় আলোছায়ায়
দাঁড়ায় কেনো নারী?

পূবের পাড়ার জীতেন দা
পাশের বাড়ির রানের মা
পুজোর বেলায় নদীর ঘাটে
বৈদ্য কাকা কাজের ছলে
পড়ে থাকে গ্রামের মাঠে!

রহিমুদ্দির চালার ঘরে
তাঁজে তাঁজে রুপোর টিন
রসিক পুরুষ ঘর সাজাতে
বধুর সংখ্যা তুলে তিন!

গ্রাম্য পুলিশ নুরুর বাপ
কাজে কথায় পাক সাফ
আইন হুকুমে চলে
কম আওয়াজে বলে!

হাওরবাসীর সুখের আলাপ
জমে বোশেখ মাসে
ফসল উঠে স্বপ্ন বুনে
জল বর্ষায় ভাসে!

লেখক: কবি, নিউইয়র্ক।



## খোঁজ
এইচ বি রিতা

প্রার্থনার ধূপধুনো জ্বালিয়ে রাখি সন্ধ্যার ঘরে,
পাথর-কঠিন হৃদয় ছুঁতে ডাক পাঠাই নীলে।

ঈশ্বর! তুমি কি পূজনীয় মূর্তি-বিভ্রান্তি তফাৎ
নাকি জোছনার কাঁপা ভাষা-নয়ন পল্লবে।

প্রার্থনালয়ে-হাতে মুঠো করে ধরি আশার ধুলো
কোনো উত্তর ফেরে না, ব্যথা সঙ্গী হয় মায়ায়।
উল্কাপাতে ভেঙে পড়ে লুকিয়ে রাখা সব সেতু
চোখের জল লুকিয়ে রাখি জ্যোৎস্নার ছায়ায়।

পথের শেষে, ভগ্ন মাটির মূর্তি হয়ে দাঁড়িয়ে আছি,
চেয়েও পাই না তারে, মোমের আলো ফুরিয়ে যায়।
জানি না কোথায়, কোন অনন্তে সে ঘুমিয়ে আছে-
আমি ডাকি, ডাকি-শুধু প্রতিধ্বনি ফেরে নিরাশায়।

লেখক: কবি, নিউইয়র্ক।



## পঁচিশে বৈশাখ
সুজন দাশ

বৈশাখ মাসের পঁচিশ তারিখ
জন্মেছিলেন কবি,
কাশ সাদা চুল লম্বা দাড়ি
ডাকেন সবাই রবি।

বাংলা ভাষার মর্য্যাদা মান
হাত দিয়ে তাঁর শুরু,
কাব্য গানে নেই তুলনা
সব কবিদের গুরু।

তাঁর রচনা সহজ পাঠে
ডুব দিলে কেউ সুখে,
ভাবও বোধের জাগে পরশ
শান্তি আসে বুকে।

বাংলা ভাষার সকল শাখায়
আসলো নিয়ে পলি,
আনে নোবেল সবার তরে
কাব্য গীতাঞ্জলি।

দর্শনে তার আলোর রাগে
ফোটে ফুলের কলি,
গানগুলো তাঁর হৃদয় কাড়ে
প্রাণ যেন যায় গলি!

লেখক: কবি, নিউজার্সি।



## ইচ্ছে করে
বিপুল চন্দ্র রায়

ইচ্ছে করে
রবি হবো উঠবো সকালে।
ইচ্ছে করে
পাখি হবো উড়বো আকাশে।
ইচ্ছে করে
ফুল হবো ফুটবো বাগানে।
ইচ্ছে করে
বৃষ্টি হবো পড়বো জমিনে।
ইচ্ছে করে
নদী হবো ছুটবো সমুদ্রে।

লেখক: কবি, নিউইয়র্ক।





## বদমাশ নেতা এক
মশিউর রহমান রুবেল

নেতার কথাতেই
লাগলো গোলমাল।
মুহূর্তে চারদিক হয়ে
উঠে বেসামাল।

হাতে হাতে রাম দাও
উত্তাল ক্যাম্পাস
ঐ ঐ ধর ধর, তোরা
সবাই কৈ যাস।

ক্ষমতাসীনদের
কত কত শর্ত
রাজপথে ঝরল
ছাত্র-জনতার রক্ত।

কেউ কেউ দিল সব
আছে শুধু জান
গুলিতে নিতে গেল
কত শত প্রাণ।

ছাত্র-জনতা এক হয়ে
বলে.. ধর ধর গেল কৈ
চিৎকার চেঁচামেচি
গোলমাল হৈ চৈ।

চিৎকার করে বলে
ভাই, ঘের দাও
পালাতে না পারে যেন
হাতে হাতে বেড় দাও।

চেয়েছিল আন্দোলন
করতে হাইজ্যাক
অবশেষে বানালো খুনি
বদমাশ নেতা এক।

লেখক: ছড়াকার, ঢাকা।



## গহীনে কার ছায়া
কুলসুম আক্তার সুমী

মন ভেসে যায় একাকী নিরালায়
স্মরণ দিনের স্রোতে,
চোখ বুজে আসে এই অবেলায়
ফিরে তাকাই কোনমতে।

কত ভাবি, হাবিজাবি দিকবেদিক
পায় না তারা ভাষা,
সোজা পথে চলি, দেখিও ঠিক
জীবন জুড়ে তবুও ধোঁয়াশা।

দিনান্তের সূর্য পাড়ি দেয় অজানায়
আগামীর প্রস্তুতি নিতে,
কেউ নির্ভার ডুব দেয় কবিতায়
নতুন প্রেমের অনুভব দিতে।

বিবাগী আকাশ জোছনার ঘোমটা খুলে
হাতছানি দিয়ে ডাকে ভালোবেসে,
প্রকৃতি প্রেমে আপনারে ভুলে
লীন হয়ে যাবো অনায়াসে।

হাতে নিয়ে জীবনের রূপ-রস-সুধা
কাগজে-কলমে আঁকিবুকি,
প্রাপ্তি নয় স্পর্শ নয় কোন অধরার ক্ষুধা-
গহীনে কার ছায়া দেখি?

লেখক: কবি, নিউইয়র্ক।

# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

**অহেতুক ঝামেলা এড়াতে**
**অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে**
**ট্যাক্স ফাইলিং করুন।**

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটিমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইর্য়ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377



# বদ-অভ্যাসের কারণে দাঁত ও মুখের ক্ষতি

ডা. মো. ফারুক হোসেন

আমাদের অনেকেরই বিভিন্ন ধরনের বদ-অভ্যাস রয়েছে যার কারণে আমাদের দাঁত ও মুখের ক্ষতি হয়। এ ধরনের বদ-অভ্যাস অবশ্যই বর্জন করতে হবে। দাঁতের সুরক্ষায় যা কিছু করণীয় এবং বর্জনীয় তা সবার জানা প্রয়োজন।

দাঁত দিয়ে দাঁত ঘষা বা দাঁত কামড়ানো ব্রুক্সিজম নামে পরিচিত। যারা দাঁত কামড়ানোজনিত সমস্যায় আক্রান্ত তারা সাধারণত রাতের বেলায় ঘুমের মধ্যে দাঁত কামড়ায়। দাঁত কামড়ানোর লক্ষণগুলো হলো চোয়ালে ব্যথা, কানে ব্যথা, মাথাব্যথা এবং দাঁত ক্ষেটে যাওয়া বা দাঁতে ফাটল ধরা। দাঁত কামড়ানোর পুরোপুরি কারণ জানা যায়নি।



তবে মানসিক চাপ, দুশ্চিন্তা, নাক ডাকা অন্যতম। এছাড়া ক্যাফেইন, এলকোহল এবং নিকোটিনের ব্যবহার দাঁত কামড়ানোতে ভূমিকা রাখে। দাঁত কামড়ানোর জন্য প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে মাউথ গার্ড ব্যবহার কার্যকরী। কখনো কখনো মাউথ সপ্লিন্ট ব্যবহার প্রয়োজন হতে পারে দাঁত কামড়ানোর হাত থেকে দাঁত ও মুখের অন্যান্য অংশকে রক্ষা করার জন্য।

ঘরোয়া চিকিৎসা : ঘুমানোর আগে কুড়মুড়ে বা মচমচে স্নাকস খাওয়া যেতে পারে। চিবানোর কারণে চোয়ালের মাংসপেশী শিথিল বা রিলাক্স হয় যার কারণে রাতেরবেলা আপনার দাঁত কামড়ানোর সম্ভাবনা কম থাকবে। চোয়ালের ওপর হালকা উষ্ণ কমপ্রেস প্রয়োগ করা যেতে পারে মাংসপেশী রিলাক্স করার জন্য। নিয়মিত ইয়োগা অথবা মেডিটেশন করতে হবে মানসিক চাপ কমানোর জন্য। এভাবে ঘরোয়া পদ্ধতিতে চেষ্টা করা যেতে পারে দাঁত কামড়ানোর হাত থেকে রক্ষা পাওয়ার জন্য। ওষুধের মধ্যে মাসল রিলাক্সেন্ট জাতীয় ওষুধ এবং ক্লোনাজিপাম দাঁত কামড়ানো রোগীদের ক্ষেত্রে বেশ কাজে আসে।

বরফ চোষা : বরফ চোষা অথবা কামড়ানো দাঁতের জন্য ক্ষতিকর। এতে করে দাঁতের এনামেলে ছোট ক্রাক বা ফাটল দেখা দিতে পারে যা সময়ের সঙ্গে সঙ্গে বড় আকার ধারণ করে এবং সবশেষে দাঁতে ফ্র্যাকচার দেখা যায়।

মাউথ গার্ড ব্যবহার : সব ধরনের খেলাধুলাতে ইনজুরি বা আঘাত অথবা ডেন্টাল ইনজুরির ঝুঁকি থাকে। স্পোর্টস মাউথ গার্ড ব্যবহার কমন ডেন্টাল ইনজুরির ঝুঁকি কমায় যেমন দাঁতের ফ্র্যাকচার, বের হয়ে যাওয়া দাঁত, টেম্পেরোম্যান্ডিবুলার জয়েন্ট স্থানচ্যুত হওয়া। তাই স্পোর্টস মাউথ গার্ড ব্যবহার করা প্রয়োজন।

ঘুমানোর সময় বোতল মুখে রেখে ঘুমানো শিশুদের জন্য ক্ষতিকর। দুধ-দাঁত অস্থায়ী হলেও সেগুলো পুষ্টির জন্য এবং ভবিষ্যৎ স্থায়ী দাঁতের পথ প্রস্তুত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ঘুমানোর সময় বোতল দিয়ে দুধ খাওয়ালে দাঁতে ক্ষয় হতে পারে। দাঁতের এই ক্ষয়কে নার্সিং বোতল ক্যারিজ বা বেবি বোতল টুথ ডিকে বলা হয়। দুধে চিনি থাকে যা ব্যাকটেরিয়ার বংশবৃদ্ধিতে সাহায্য করে।

ব্যাকটেরিয়া এসিড তৈরি করার মাধ্যমে দাঁতের ক্ষয় করে থাকে। শিশুকে দুধ খাওয়ানোর পর গজ বা পরিষ্কার পাতলা কাপড় দিয়ে দাঁত এবং মাড়ি পরিষ্কার করে দিতে হবে। আর অন্য একটি বোতলে একটু পানি নিয়ে খাওয়াতে হবে। তাহলে মুখের অভ্যন্তর ভাগ পরিষ্কার হয়ে যাবে। কাশির জন্য যে সিরাপ সেবন করা হয় সেখানে যদি চিনি মিশ্রিত থাকে তাহলে তা আপনার দাঁতের ক্ষয় সৃষ্টি করবে। কাশির সিরাপ সেবন করার সময় চিনি মিশ্রিত সিরাপ আপনার দাঁতে লেগে থাকে। এরপর ৩৯ পৃষ্ঠায়



# মেরুদণ্ডে দীর্ঘমেয়াদি ব্যথা

ডা. মোহাম্মদ ইয়াকুব আলী

ঘাড়, পিঠ বা কোমরের ব্যথায় ভোগেননি, এমন মানুষের সংখ্যা কম। কোনো আঘাত পাওয়া ছাড়াই মেরুদণ্ডের এসব অংশে ব্যথা হতে পারে। মেরুদণ্ডে ব্যথার সঠিক কারণ নির্ণয় করা তাই জরুরি। তা না হলে একদিকে যেমন রোগীর কষ্ট বাড়তে থাকে, একইভাবে বাড়ে চিকিৎসার ব্যয়। তাই শুরু থেকেই সতর্কতা ও চিকিৎসা জরুরি।

মাথার খুলি থেকে প্রথম ৭টি হাড় বা কশেরুকা নিয়ে ঘাড়, পরবর্তী ১২টি হাড় নিয়ে পিঠ এবং এর নিচে ৫টি হাড় নিয়ে কোমর গঠিত। নানা কারণে মেরুদণ্ডে ব্যথার সৃষ্টি হয়। ব্যথার উৎপত্তিস্থল ও লক্ষণ প্রকাশের স্থান আলাদা হওয়ায় প্রায়ই সঠিক রোগনির্ণয় ও চিকিৎসা ব্যাহত হয়।

মেরুদণ্ডের হাড়গুলোর ভেতর দিয়ে বেরিয়ে আসা নার্ভে বা স্পাইনালকর্ডে কিংবা দুই হাড়ের মধ্যবর্তী ডিস্কের কিছু অংশ বের হয়ে গিয়ে চাপের সৃষ্টি করলে ওই স্নায়ুমূলে ও নার্ভের বিচরণ অঙ্গে ব্যথা হয়। এ-জাতীয় ব্যথাকে চিকিৎসাশাস্ত্রে ডিস্ক প্রোল্যাপস (পিএলআইডি), হার্নিয়েটেড ডিস্ক বা স্পাইনাল স্টেনোসিস বলা হয়। ডিস্কের স্থানচ্যুতি বা সরে যাওয়া মাত্রার ওপর নির্ভর করে ডিস্ক প্রোল্যাপস রোগের জটিলতা।

লক্ষণ : মেরুদণ্ডের ওপরের অংশ আক্রান্ত হলে দাঁড়ানো বা বসা অবস্থায় ঘাড়ে ব্যথা অনুভূত হওয়া, ঘাড় থেকে উৎপন্ন ব্যথা হাতে ছড়িয়ে পড়া, প্রাথমিক পর্যায়ে কাঁধ ও হাতে ব্যথা, হাতের বিভিন্ন অংশে ঝিনঝিন করা, বোধশক্তি কমে আসা, পর্যায়ক্রমে অসাড়তা, ধীরে ধীরে হাত দুর্বল হয়ে হাতের কার্যক্ষমতা লোপ পাওয়ার মতো সমস্যা হয়। পিঠের অংশে লক্ষণের মধ্যে রয়েছে বসা ও দাঁড়ানো অবস্থায় পিঠে ব্যথা এবং পিঠ থেকে বুকের চারপাশে ব্যথা ছড়িয়ে পড়া। আর কোমরের দিকের মেরুদণ্ডে ব্যথার লক্ষণগুলো হলো দাঁড়ানো বা বসা অবস্থায় কোমরব্যথা অনুভূত হওয়া, কোমর থেকে উৎপন্ন ব্যথা পায়ে ছড়িয়ে পড়া, নিতম্ব ও পায়ের মাংসপেশিতে ব্যথা, পায়ের বিভিন্ন অংশে ঝিনঝিন-শিনশিন করা, পায়ের বোধশক্তি কমে আসা, পর্যায়ক্রমে পায়ের অসাড়তা, ধীরে ধীরে পা দুর্বল হয়ে কার্যক্ষমতা হারানো এবং চূড়ান্ত পর্যায়ে পঙ্গুত্ব বরণ।

চিকিৎসা : মেরুদণ্ডের এ ধরনের দীর্ঘমেয়াদি ব্যথায় রোগী সাধারণত ব্যথানাশক ওষুধ খেয়ে উপশমের চেষ্টা করেন। কিন্তু ব্যথানাশক ওষুধ নিয়মিত ও দীর্ঘদিন খেলে কিডনিতে সমস্যা দেখা দিতে পারে। তা ছাড়া এটি কোনো স্থায়ী সমাধান নয়। তাই ঘাড়, পিঠ ও কোমরব্যথায় অবহেলা না করে দ্রুত বিশেষজ্ঞ চিকিৎসকের শরণাপন্ন হওয়া উচিত। প্রয়োজন হলে অপারেশন বা অস্ত্রোপচারের মাধ্যমে ব্যথা নিরাময়ের ব্যবস্থা করতে হবে। ফিজিওথেরাপি ও ব্যায়ামও প্রশমন দিতে পারে।

আজকাল লেজার চিকিৎসার মাধ্যমে মেরুদণ্ডের ব্যথা নিরাময়ের ব্যবস্থা করা হয়।

লেখক: সিনিয়র কনসালট্যান্ট (সার্জন), বিএলসিএস ইনস্টিটিউট অ্যান্ড হাসপাতাল, ঢাকা।

# আপনি রক্তস্বল্পতায় ভুগছেন?

ডা. রোজানা রউফ



দুর্বলতা, ক্লান্তি কিংবা অবসাদ বোধ করছেন? সব সময় অরুচি লাগছে, মাথা ঘুরছে খুব? এত দিন যে কাজে কখনো ক্লান্তি আসেনি, আজকাল সেটুকু করতে হাঁপিয়ে উঠছেন? এর অনেক কারণ থাকতে পারে, কিন্তু সবার আগে দেখা চাই আপনি রক্তাল্পতায় ভুগছেন কি না। কারণ, আমাদের দেশে বিশেষ করে মেয়েদের এ সমস্যা খুবই পরিচিত।

আয়রনের ঘাটতির কারণে হয়ে থাকলে রক্তস্বল্পতা একটি সহজে নিরাময়যোগ্য রোগ। আয়রনের ঘাটতি হতে পারে খাদ্যতালিকায় আয়রনসমৃদ্ধ খাবার না থাকলে। গরুর মাংস, কলিজা, বেদানা, বিট, খেজুর, কাঁচকলা, লালশাক, কচু বা যেকোনো ফল, যা কাটলে কালো বর্ণ ধারণ করেতৃএসব আয়রনসমৃদ্ধ খাবার। সঠিক সময়ে খাদ্য গ্রহণ আরেকটি গুরুত্বপূর্ণ অভ্যাস। ছোটবেলা থেকে এর গুরুত্ব বুঝতে হবে। খাদ্য নির্বাচনের সময় খাবারটি স্বাস্থ্যসম্মত কি না, তার ওপর জোর দিতে হবে। খুব বেশি ঝাল খাবারে খাদ্যনালি ও পাকস্থলীর প্রদাহ হতে পারে। অপরিষ্কার পরিবেশে খাবার খেলে হতে পারে কৃমির সংক্রমণ। অতিরিক্ত ব্যথানাশক বড়ি খেলেও পাকস্থলীতে রক্তপাত হতে পারে। এসব কারণে দেখা দিতে পারে রক্তস্বল্পতা। কোনো স্থানে রক্তক্ষরণ যেমন পাইলস বা আন্ত্রিক কোনো জটিলতা অথবা মাসিকের সময় স্বাভাবিকের চেয়ে বেশি রক্তপাত বা দীর্ঘ সময় ধরে চলা মাসিক রক্তস্বল্পতার বড় কারণ। রক্তস্বল্পতার সঙ্গে দ্রুত যদি কারও ওজন কমে যাওয়ার ইতিহাস থাকে এবং শরীরে কোথাও কোনো চাকা অনুভূত হয়, দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হওয়া জরুরি। সঠিক সময়ে রক্তস্বল্পতার চিকিৎসা করা না হলে দেখা দিতে পারে কার্ডিয়াক অকার্যকরের মতো জটিলতা। সঠিক চিকিৎসার জন্য আগে দরকার সঠিকভাবে রোগনির্ণয়। হিমোগোবিনের মাত্রা, শরীরে আয়রনের ঘাটতির পরিমাণ জেনে খুঁজে বের করতে হবে রক্তস্বল্পতার কারণ। সমস্যা শনাক্ত করার জন্য ডাক্তার নিজে রোগীকে দেখবেন, প্রয়োজনে কিছু পরীক্ষা করাবেন। আয়রনের ঘাটতি পূরণের জন্য মুখে বা শিরায় আয়রন দেওয়া যায়। তবে কারণটির চিকিৎসাও করতে হবে। তাই দুর্বল বা ক্লান্তি লাগলে অবহেলা নয়। চিকিৎসাসেবা নিন।

লেখক: সহযোগী কনসালট্যান্ট, মেডিসিন বিভাগ, স্কয়ার হাসপাতাল, ঢাকা।

# চোখে ছানি : ওষুধ নাকি অস্ত্রোপচার

ডা. আনসারুল হক



অনেকেই মনে করেন শুধু বয়স্ক ব্যক্তিদেরই চোখে ছানি পড়ে। এ ধারণা পুরোপুরি ঠিক নয়। ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ বা অন্যান্য অসুখের কারণে কারও কারও অল্প বয়সেও চোখে ছানি হতে পারে। এমনকি শিশুদেরও হতে পারে। আর জন্মগতভাবে চোখে ছানি নিয়েও জন্মাতে পারে শিশু। তবে ছানি পড়ার ঝুঁকিতে তুলনামূলক বেশি থাকেন বয়স্ক ব্যক্তিরা।

অন্ধত্বের অন্যতম কারণ চোখে ছানি পড়া। ছানি চোখের এমন এক রোগ, যাতে চোখের লেন্স ধীরে ধীরে ঘোলা বা অস্বচ্ছ হতে শুরু করে। চোখের লেন্স ঘোলা হয়ে যাওয়ার এ সমস্যাকে বলে ক্যাটারেক্ট। এ কারণে লেন্সের প্রোটিন বা ক্রিস্টালিনের গঠন নষ্ট হয়ে যায়। ফলে দৃষ্টিশক্তি কমে আসে।

কেন পড়ে : চোখে দুই ধরনের ছানি পড়ে। জন্মগত ও অর্জিত। গর্ভধারণের প্রথম তিন মাসের মধ্যে ওই নারী এক্স-রে বা অন্য কোনো বিকিরণ রশ্মির সংস্পর্শে এলে তাঁর সন্তান চোখে ছানি নিয়ে জন্মানোর ঝুঁকিতে থাকে। যাঁরা ওয়েল্ডিংয়ের কাজ করেন, তাঁদের চোখেও ছানি পড়তে পারে। এ ছাড়া আরও যেসব কারণে চোখে ছানি পড়তে পারে- বার্ধক্যজনিত কারণে; দীর্ঘমেয়াদি ডায়াবেটিস; ঘন ঘন চোখের প্রদাহ; দীর্ঘদিন স্টেরয়েডজাতীয় ওষুধ খাওয়া; চোখে আঘাত পাওয়া; ধূমপান ও মদ্যপানে আসক্তি এবং বংশগত কারণে।

উপসর্গ : ধীরে ধীরে দৃষ্টিশক্তি কমে যাওয়া; চোখের লেন্সের রং ঘোলা হয়ে আসা; আলোতে গেলে চোখ থেকে পানি পড়া; রং চিনতে অসুবিধা হওয়া; বারবার চশমার পাওয়ার পরিবর্তন হওয়া; একই জিনিসকে একের অধিক দেখা; আলোর চারদিকে রংধনু দেখা; আলোতে চোখ বন্ধ হয়ে আসা ইত্যাদি।

ওষুধ নাকি অস্ত্রোপচার : চোখে ছানির সুনির্দিষ্ট চিকিৎসা হচ্ছে অস্ত্রোপচার। ওষুধের মাধ্যমে পুরোপুরি ছানি নিরাময় করা সম্ভব নয়। ছানি পড়া চোখের রেটিনা ও ভিট্রিয়াসে যদি বিশেষ কোনো সমস্যা না থাকে, তাহলে অস্ত্রোপচারের মাধ্যমে আবার আগের মতো দৃষ্টিশক্তি ফিরিয়ে আনা সম্ভব।

অনেকে মনে করেন ছানি বড় না হলে বা নির্দিষ্ট সময় পার না হলে অস্ত্রোপচার করা ঠিক নয়। এটি সম্পূর্ণ ভুল ধারণা। ছানির অস্ত্রোপচার কখন করা প্রয়োজন, সেটি চিকিৎসক রোগীর ছানি পরীক্ষা করে নির্ধারণ করবেন। বেশি দেরি হলে দৃষ্টি হারানোর মতো জটিলতা সৃষ্টি হতে পারে।

ছানি অস্ত্রোপচারের বিভিন্ন পদ্ধতি রয়েছে। বর্তমানে ফ্যাকোমালসিফিকেশন বা ছোট ছিদ্র করে বিশেষ যন্ত্রের মাধ্যমে ছানি অপসারণ করে কৃত্রিম লেন্স রোগীর চোখে স্থাপন করা হয়।

লেখক: চিফ কনসালট্যান্ট, ভিট্রিও-রেটিনাল ও লেজার সার্জিস, ল্যাবএইড আই সেন্টার, ঢাকা।

## হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

**এ. ভূঁইয়া**

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



## হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

### হোমিও ভিটামিন সেলিং সেন্টার
### Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

## আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## ভারত-পাকিস্তান যুদ্ধ বাঁধলে ক্ষতি হবে কার

১০ পৃষ্ঠার পর

কারণে ভারতীয় সমাজ মারাত্মকভাবে বিভাজিত হয়েছে। অতি ডানপন্থী হিন্দুত্ববাদী রাজনৈতিক কর্মীরা মুসলমানদের বিদেশি অনুপ্রবেশকারী বলে ঠাট্টা করেছে এবং ভারতীয় সমাজের সৌহার্দের মূলে আঘাত করেছে।
সংখ্যালঘু মুসলমানদের বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের বিবৃতি ভারতে এখন নিয়মিত ঘটনায় পরিণত হয়েছে। ২০১৯ সালের আগস্ট মাসে কাশ্মীরের আধা স্বায়ত্তশাসিত মর্যাদা বাতিল করে কেন্দ্রীয় সরকারের সরাসরি নিয়ন্ত্রণে নিয়ে আসা হয়। কাশ্মীরের নেতাদের ও স্বাধীন আন্দোলনকারীদের কারাগারে পাঠানো হয় এবং কারফিউ জারি করা হয়।
পাকিস্তানকে সন্ত্রাসবাদের জন্য দোষারোপ করা মোদির রাজনীতির একটি অন্যতম বিষয়ে পরিণত হয়েছে। পাকিস্তানি বিশ্লেষকেরা মনে করেন, ভারতের প্রধানমন্ত্রী সফলভাবে পাকিস্তান বিরোধী মনোভাবকে তার নির্বাচনী প্রচারণার হাতিয়ার করে তুলতে পেরেছেন।
২০১৯ সালে কাশ্মীরের পুলওয়ামায় নিরাপত্তাকর্মীদের ওপর অজ্ঞাত হামলার প্রতিক্রিয়ায় ভারত পাকিস্তানে বিমান হামলা করেছিল। যুক্তরাষ্ট্র ও আরব দেশগুলোর মধ্যস্থতায় দুই পক্ষের মধ্যে সর্বাত্মক যুদ্ধ বাঁধেনি। এর কয়েক বছর আগে কাশ্মীরে ভারতের সেনাঘাঁটিতে হামলাকে কেন্দ্র করে আরেক দফা বৈরিতা তৈরি হয়েছিল।
বিচক্ষণতাকে অবশ্যই জিততে হবে। দুই দেশেই বিপুলসংখ্যক গরিব মানুষ বাস করে। যুদ্ধ বেধে গেলে তাদের নিজেদের রক্ষা করার মতো সবল সামান্যই আছে।
বি জে সাদিক ব্রিটিশ-পাকিস্তানি লেখক, সাংবাদিক ও কবি।
মিডলইস্ট আই থেকে নেওয়া, ইংরেজি থেকে সংক্ষিপ্তাকারে অনূদিত

## পাড়ায় পাড়ায় রাজনীতি নিয়ে গল্প

১২ পৃষ্ঠার পর

রহমানের সব মামলা প্রত্যাহার করে নেওয়া হয়েছে। কিন্তু তারেক রহমান এ রকম এক অবারিত মাঠেও কেন নামছেন না, সে প্রশ্ন আছে জনগণের মনে।
বিএনপির পক্ষ থেকে যে ব্যাখ্যাই দেওয়া হোক না কেন, মনে হয় গোপনে দলটি এখনো মনে করে, তারেক রহমান দেশে ফিরলে এমন কোনো ষড়যন্ত্রের মুখোমুখি হতে পারেন, যা রাজনীতির মাঠকে জটিল করে তুলবে, বিএনপি পড়বে বেকায়দায়-এ রকম ভাবছেন কেউ কেউ।
জনগণ এটাও খেয়াল করেছে, আওয়ামী দোসর তকমা দিয়ে প্রশাসনে বদলি ও পদায়নের ব্যাপারে ছাত্রদের প্রতিনিধিরা সক্রিয় হলেও প্রশাসনে থাকা বিএনপি ও জামায়াতের আমলারাই মূলত শূন্যস্থান পূরণ করেছেন। নিয়োগ-বাণিজ্য কাকে বলে, কারা এতে কীভাবে অংশ নেন, সে কথা এখন উৎসুক সবাই জানেন। এবং বিস্মিত হন এই কথা ভেবে যে, এত টাকা এরা কোথায় পায়? এত টাকা তারা কোথায় পায়, তার একটি উত্তর এমন-তাঁরা নিজের পকেটের পয়সা খরচ করে এই পদগুলো কিনে নেন না। তাঁরা পদে বসলে যাঁরা লাভবান হবেন, তাঁরাই এই টাকার জোগান দেন। দুশ্চিন্তার ব্যাপার হলো, এসব ক্ষেত্রে কেউ বলেকয়ে ঘুষ খান না, ঘুষ দেন না। সুতরাং কেউ নিজে থেকে না বললে ঘুষ-বাণিজ্য হচ্ছে কি হচ্ছে না, সেটার প্রমাণ মেলে না। প্রশাসনে এভাবে বিএনপি-সমর্থক একটি অংশ জায়গা করে নিয়েছে বলে মনে করা যায়।
বিএনপির প্রধান মুশকিলের জায়গা হলো, দখলবাজ, পেশিশক্তির অধিকারী, মাস্তান কর্মীদের বশ করতে না পারা। বিএনপির উচ্চপর্যায়ের নেতারা বহিষ্কার করাসহ নানা ধরনের শাস্তির ব্যবস্থা করছেন বটে, কিন্তু ক্ষমতালোভী কর্মীদের তাঁরা ঠেকাতে পারছেন না। এমনকি এলাকার দলীয় সুস্থ রাজনীতির ধারক-বাহকেরাও এদের পথে আনতে পারছেন না। কেউ কেউ বলে থাকেন, বিএনপির জনপ্রিয়তা কমানোর জন্য সরকারের একটি অংশ বিএনপির এইসব সদস্যকে নির্দ্বিধায় মারপিট, ঘুষ, চাঁদাবাজি, মাস্তানি করতে দিচ্ছে। এতে কিংস পার্টির সুবিধা হবে।
৩. জামায়াতে ইসলামী রাজনীতির মাঠে এখন যথেষ্ট শক্তিশালী দল। অনুকূল পরিবেশ পেয়ে তারা মুক্তিযুদ্ধের নতুন বয়ান তৈরি করতে চাইছে। বিস্ময়কর ব্যাপার হলো, ছাত্ররাজনীতিবিদদের একটি অংশও জামায়াতের এই নতুন বয়ানে মজেছে এবং তাদের কিছু কিছু মন্তব্যে দেখা গেছে, এরাও একাত্তরকে জামায়াতের পোশাক পরেই দেখতে চায়।
একাত্তর নিয়ে তারা যে সাহসী বক্তব্য দিচ্ছে, তার সঙ্গে ইতিহাসের কোনো মিল নেই। নিজেদের উপযোগী করে তারা মুক্তিযুদ্ধটাকেই পরিহাসে পরিণত করতে চাইছে। আওয়ামী লীগের সাড়ে ১৫ বছরের শাসনামলে ঘটা নানা অনিয়মের সঙ্গে মুক্তিযুদ্ধের মূল আকাঙ্ক্ষাকে গুলিয়ে ফেললে চলবে না। জামায়াতে ইসলামী যদি একাত্তরে তাদের নৃশংস, বর্বর ভূমিকার জন্য জনগণের কাছে ক্ষমা চেয়ে রাজনীতি করত, তাহলে এই দেশের মানুষের হয়ে কথা বলার মতো প্ল্যাটফর্ম পেত। কিন্তু তারা এখনো বাজিয়ে চলেছে তাদের পুরোনো ভাঙা রেকর্ড। তাদের সবচেয়ে বড় সুবিধা হলো, বর্তমান প্রজন্ম ইতিহাস পাঠের নামে বিভিন্ন দলীয় ব্যাখ্যাই পেয়েছে। কথার সঙ্গে কাজের অমিল পেয়েছে। রেফারেন্স বই হিসেবে কোন বইটা নেবে নেবে, সে পরামর্শও কেউ তাদের দেয়নি। তাই, একাত্তরকে ঠিকভাবে উপলব্ধি না করেই তারা যেকোনো সিদ্ধান্ত নিয়ে ফেলতে পারে। এ ব্যাপারে সতর্ক না হলে জামায়াত ক্রমেই তাদের গ্রাস করবে।
চায়ের-রেস্তোরাঁয় মানুষ আরও অনেক বিষয় নিয়ে আলোচনা করে। এর মধ্যে মব সন্ত্রাস, ইচ্ছে হলেই রাস্তা বন্ধ করে দাবি আদায়, মিথ্যে মামলায় কাউকে ঢুকিয়ে দিয়ে টুপাইস কামানো, আগস্টে পটপরিবর্তনের পর শীর্ষ সন্ত্রাসীদের মুক্ত করে দেওয়াসহ কত যে গল্প ঘুরে বেড়ায়!
দেশের মানুষকে আশার আলো দেখাতে পারে, এমন মানুষ বা মানব সমষ্টিকে দরকার এখন। কিন্তু পরিস্থিতি আর পরিবেশ এখনো কুয়াশাচ্ছন্ন। এখনো জনগণ আশাবাদী হতে পারছে না-এটাই এ মুহূর্তে সবচেয়ে বিপদের জায়গা।
লেখক: উপসম্পাদক, আজকের পত্রিকা।

## সাহাবায়ে কিরামের জীবনে রয়েছে সর্বোত্তম পাথেয়

৩ পৃষ্ঠার পর

ক্যাম্প অনুষ্ঠিত হয় মুনা সেন্টার অফ জ্যামাইকায় (মসজিদ আর রাইয়্যান)। এতে সভাপতিত্ব করেন নিউইয়র্ক নর্থ জোনের সভাপতি মোহাম্মদ রাশেদুজ্জামান। পরিচালনা করেন জোনের সাধারণ সম্পাদক মহিবুল ইসলাম মজুমদার। দেড় শতাধিক সিনিয়র মেম্বার ও মেম্বারদের উপস্থিতিতে বিষয় ভিত্তিক আলোচনা করেন, মুনার ন্যাশনাল ভাইস প্রেসিডেন্ট আবু আহমেদ নুরুজ্জামান, ন্যাশনাল ভাইস প্রেসিডেন্ট হারুন অর রশীদ, ন্যাশনাল এক্সিকিউটিভ ডাইরেক্টর আরমান চৌধুরী, ন্যাশনাল এসিস্টেন্ট এক্সিকিউটিভ ডাইরেক্টর প্রফেসর ড: মোহাম্মদ রুহুল আমিন, কেন্দ্রীয় মজলিশে শুরা সদস্য আবুনাঈমাহ সিরাজুল ইসলাম, মাওলানা তোহায়া আমিন খান, ডা: আতাউল গোস্বামী, সাখাওয়াত হোসেন সাকা, মঞ্চে উপস্থিত ছিলেন ন্যাশনাল এসিস্টেন্ট ফাইনান্স ডাইরেক্টর শেখ জালাল উদ্দিন, জোনের সহ সাধারণ সম্পাদক সম্পাদক সিদারুল আলম।
ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন বলেন, আল্লাহর জমিনে তাঁর দীন বেঁচে আছে ত্যাগের ও তিতিক্ষার কারণে। বিশ্বের দিক-দিগন্তে ইসলামের অমিয় বাণী পৌঁছিয়ে দেওয়ার পিছনে আল্লাহর ত্যাগী বান্দাদের অবদান অনস্বীকার্য। নবী-রাসুল এবং তাদের একনিষ্ঠ অনুসারীদের অক্লান্ত পরিশ্রম ও আত্মত্যাগ ইতিহাসের পাতায় চিরভাস্বর হয়ে আছে। তিনি বলেন, সাহাবায়ে কিরামের জীবন মুসলিম মিল্লাতের জন্য অনুসরণীয় উপাদানে ভরপুর এবং বিশেষ করে ইসলামি আন্দোলনের কর্মীদের জন্য। আল্লাহর রাসুল (সা:) এর সাহাবিদের জীবনে রয়েছে আমাদের জন্য সর্বোত্তম পাথেয়।
অন্যান্য আলোচকবৃন্দ বলেন, আল্লাহর এ যমীনে আল্লাহর দাসত্ব প্রতিষ্ঠায় পৃথিবীর পথে-প্রান্তরে নানা চড়াই-উৎরাই পেরিয়ে তাওহীদের দাওয়াত পৌঁছিয়ে দিয়েছেন। এ পথে নির্যাতনের কঠিন অগ্নিপরীক্ষায় সঁপে দিতেও তারা বিন্দুমাত্র পরওয়া করেননি। তাদের রক্তের অক্ষরে লেখা ত্যাগের অমলিন ইতিহাস আমাদের প্রেরণার উৎস হয়ে আছে। তারা বলেন, রহমানের বান্দারা হবে, সর্বদা বিনয়ী, নম্র, ধৈর্য ও সহিষ্ণুতার গুণে গুণান্বিত। তারা গর্ব ও অহংকারসহ সকল অসদাচরণ পরিত্যাগ করে আল্লাহর সাথে গভীর সম্পর্ক উন্নয়নে রাতের সালাতে অভ্যস্ত হতে হবে।
আলোচকবৃন্দ আরো বলেন, দুনিয়া জীবন খুবই সীমিত, মানুষের আসল স্থান হলো আখেরাত। আখেরাতের অনন্ত জীবন সুন্দর ও স্বার্থক করার লক্ষ্যে দুনিয়াতে অনৈতিক কাজ পরিহার করা প্রত্যেক মুসলমানের ঈমানী দায়িত্ব।
অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিলেন জোনের কার্যকরী কমিটির সদস্য প্রফেসর দেলোয়ার মজুমদার, ইঞ্জিনিয়ার মাসুদুর রহমান, এডভোকেট আবুল হাসেম, নুরুল সামাদ চৌধুরী, মঞ্জুর আহমেদ, মোহাম্মদ আব্দুল্লাহ, কায়কোবাদ কবির প্রমুখ।

## রাখাইনের জন্য করিডর: হিসাব-নিকাশগুলো জরুরি

১০ পৃষ্ঠার পর

না নতুন ব্যবস্থার উদ্ভব ভারত, চীন ও যুক্তরাষ্ট্র কীভাবে গ্রহণ করবে, তা নিয়ে আমাদের ভাবতে হবে। প্রথমত রাখাইনে রাজনৈতিক ও ভৌগোলিক পরিবর্তন ভারতের জন্য বড় ধরনের ঝুঁকির কারণ হবে। ভারত মিয়ানমারে পুরোপুরি নিয়ন্ত্রণ হারাবে। ভারতের পূর্বাঞ্চলের রাজ্যগুলো বাংলাদেশকে এড়িয়ে সরাসরি বঙ্গোপসাগরের প্রবেশের সুযোগ হারাবে। তখন অনেক ঘুরে ইয়াবুল হয়ে সমুদ্রে প্রবেশ করতে হবে। এর পাশাপাশি কুকি-চিনদের যুদ্ধের প্রভাব ভারতের পূর্বাঞ্চলের রাজ্যগুলোতে প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে। তাই ভারত চাইবে না মিয়ানমারে এমন কিছু হোক, যাতে তার রাষ্ট্রীয় অখণ্ডতা বিঘ্নিত হতে পারে।
মিয়ানমার নিয়ে চীনের অবস্থান খুবই ধোঁয়াশাচ্ছন্ন। কখন জান্তা সরকারকে সমর্থন দেয়া, কখন কোনো বিদ্রোহীদের সহায়তা করে বলা মুশকিল। এর কারণ হচ্ছে চীনের কুনমিং থেকে বঙ্গোপসাগর হয়ে ভারত মহাসাগরে প্রবেশের একটি রুট হচ্ছে রাখাইনের বন্দরগুলো। তাদের বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভের একটি অংশ হচ্ছে মিয়ানমারের রাখাইনের বন্দর। তাই মিয়ানমার হাতছাড়া হয়ে গেলে রাখাইন নিয়ে চীনকে নতুন করে কূটনীতি শুরু করতে হবে। কুনমিং থেকে রাখাইন হয়ে ভারত মহাসাগরে প্রবেশ করে নিজস্ব নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা চীনের জন্য কঠিন হয়ে যাবে।

## গাজা জ্বলছে : চাই জোরালো প্রতিবাদ

১২ পৃষ্ঠার পর

আমরা জানি, আমাদের কার্যক্রম জোরপূর্বক দখলকৃত ফিলিস্তিনে গণহত্যা বন্ধ করতে পারবে না, তবুও সেগুলো পার্থক্য গড়ে তুলতে সক্ষম। আমাদের উচিত, সেই ব্যক্তিদের ওপর চাপ বাড়ানো, যাদের ক্ষমতা আছে এ হত্যাকাণ্ড বন্ধ করার, যা অত্যন্ত প্রয়োজন। আমরা ব্রিটেনে সাহায্য ও মানবাধিকার খাতের সদস্যরা, এখন যে কর্ম গ্রহণ করব, তা শুধু গাজার মানুষের জন্যই গুরুত্বপূর্ণ নয়। আমাদের সরকার, আমাদের শীর্ষস্থানীয় বিভিন্ন প্রতিষ্ঠান এবং আমাদের সমাজ যে রকমভাবে গাজায় গণহত্যার মোকাবিলা করবে, তা ভবিষ্যতে দেশীয় এবং আন্তর্জাতিক সংকট ও জরুরি পরিস্থিতির মোকাবিলায় একটি নৃতাত্ত্বিক স্থাপন করবে। আজ আমাদের সবার উচিত ন্যায়ের জন্য লড়াই করা এবং আমাদের সরকারকে দেখানো যে গণহত্যার মুখে উদাসীনতার নীতি গ্রহণযোগ্য নয়। এতে আমরাও দোষী হয়ে যাব। আমাদের এ মুহূর্তে প্রতিক্রিয়া ইতিহাস বিচার করবে।
শাহিদা আজিজ : সাংবাদিক, লেখক
(আলজাজিরা থেকে ভাষান্তরিত)


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস

মেডিসিন বিশেষজ্ঞ



এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।
Cell: 718-864-8882
আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine
Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com
718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট
Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.
We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700
Mon-Tue-Thu-Fri
(2Pm to 7 Pm)

Brooklyn Office
345 Broadway
Brooklyn, NY 11211
Tel: 718-384-1671
Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (11Am to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# হজের জন্য আত্মিক প্রস্তুতি জরুরি

মাওলানা মুহাম্মদ আনসারুল্লাহ হাসান

হজ একটি দৈহিক, আর্থিক ও আত্মিক ইবাদত। এতে যেমন আছে দীর্ঘ সফর ও বিশেষ স্থানে বিশেষ আমলের অপরিহার্যতা, তেমনি আছে গভীর রুহানিয়ত ও আধ্যাত্মিক তাৎপর্যের বিষয়। আল্লাহর ঘরে হাজিরি মুমিন জীবনের পরম সৌভাগ্য। ওই পুণ্যভূমিতে পৌঁছে বান্দা তার রবের উদ্দেশে নিজের আবদিয়ত ও দাসত্বের এবং ইশ্‌ক ও মহব্বতের প্রমাণ দেবে। আল্লাহর শি'আর ও নিদর্শনাবলির প্রতি ভক্তি ও শ্রদ্ধা প্রকাশ করবে। নিজের জাহের ও বাতেনকে ইবরাহিম খলিলুল্লাহর রঙে রঙিন করার অনুপ্রেরণা অর্জন করবে এবং ওই পবিত্র ভূমির নুর ও নুরানিয়াতে নিজেকে আলোকিত করবে-এটাই তো হজের দর্শন ও তত্ত্বকথা।

বায়তুল্লাহ অভিমুখে হজের সফর তো ইবাদতের সফর। আল্লাহর সন্তুষ্টি ও নৈকট্য লাভের সফর। তাই আল্লাহর যে বান্দা হজের নিয়ত করে তার অবশ্যকর্তব্য এ ইবাদতের জন্য প্রস্তুতি গ্রহণ করা। এক্ষেত্রে জাগতিক প্রস্তুতির চেয়ে বেশি প্রয়োজন রুহানি প্রস্তুতি। কারণ যে ইবাদত ইখলাস ও তাকওয়ার সঙ্গে এবং সুন্নাহ-সম্মত পন্থায় আদায় করা হয় তা কবুলিয়তের অতি নিকটবর্তী হয়ে যায়। তাই শুধু হজ নয়, নামাজ-রোজা, জাকাত-সদকাসহ সব ইবাদতকে জাহের-বাতেন উভয় দিক থেকে রাসুলুল্লাহ (সা.)-এর নামাজ, রোজা, হজ ও জাকাতের অনুরূপ করার চেষ্টায় নিয়োজিত হওয়া সবচেয়ে বেশি প্রয়োজন।

এটা ঠিক যে, হজের জন্য পাথেয় সংগ্রহ করা, বৈষয়িক প্রস্তুতি নেওয়া সম্পূর্ণ জায়েজ বরং প্রয়োজন পরিমাণ প্রস্তুতি তো আবশ্যক এবং শরিয়তের নির্দেশ। উপরন্তু শরিয়তে ওইসব লোকের নিন্দা করা হয়েছে, যারা তাওয়াক্কুল ও তাকওয়ার নামে হজের সফরে প্রয়োজনীয় পাথেয় না নিয়েই চলে যেত এবং সেখানে মানুষের কাছে ভিক্ষার হাত প্রসারিত করত। তবে বৈষয়িক প্রস্তুতির চেয়েও গুরুত্বপূর্ণ হচ্ছে ভালোভাবে হজের আহকাম ও মাসায়েল শেখা এবং নিজের হৃদয় ও অন্তরকে হজের কল্যাণ ধারণের উপযোগী করা।

কুরআনে কারিমে তাকওয়ার পাথেয় অর্জনের প্রতি অধিক গুরুত্ব দেওয়া হয়েছে। আল্লাহতায়ালা ইরশাদ করেন : হজের সফরে তোমরা পাথেয় ব্যবস্থা কর, বস্তুত তাকওয়াই উৎকৃষ্ট পাথেয়। হে জ্ঞানী লোকরা তোমরা আমাকে ভয় করে চল। *(সূরা বাকারা : ১৯৭)*। স্মরণ রাখা উচিত, হজ হলো পুরো জীবনের আমল। পুরো জীবনে একবারই হজ করা ফরজ। তাহলে যে হজ পুরো জীবনব্যাপী পরিব্যাপ্ত তার প্রভাব তো জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত অবশিষ্ট থাকতে হবে। তাহলে হজকে প্রথাগত হজের চেয়ে জীবন্ত হজে পরিণত করার চেষ্টা করা কি অবশ্য কর্তব্য নয়? এ প্রচেষ্টা ও সাধনায় আত্মনিয়োগ করতে পারাটাই তো হজ কবুল হওয়ার অন্যতম বড় আলামত। আর আল্লাহতায়ালার রহমত, মাগফিরাত ও জান্নাতের ওয়াদা তো মকবুল হজের ক্ষেত্রেই প্রযোজ্য। সব ইবাদতের মতো এ ইবাদতেরও প্রাণ হচ্ছে ইখলাস। অর্থাৎ একমাত্র আল্লাহতায়ালার সন্তুষ্টি ও নৈকট্য লাভের উদ্দেশ্যে হজ করা। লৌকিকতা, সুনাম-সুখ্যাতি, হাজী উপাধি লাভ ইত্যাদি যে কোনো দুনিয়াবী স্বার্থ ও উদ্দেশ্য থেকে এ আমলকে মুক্ত রাখা অতি জরুরি। ইখলাস ছাড়া কোনো আমলই আল্লাহর দরবারে কবুল হয় না। আল্লাহতায়ালা বলেন : তারা তো আদিষ্ট হয়েছিল আল্লাহর ইবাদত করতে তার আনুগত্যে বিশুদ্ধচিত্ত হয়ে একনিষ্ঠভাবে। *(সূরা বায়্যিনাহ : ৫)*।

এ জন্য হজের সৌভাগ্য লাভকারীদের উচিত, আল্লাহতায়ালার কাছে রিয়ামুক্ত হজের জন্য দোয়া করতে থাকা।

## তাহাজ্জুদ নামাজ পড়ার অভ্যাস গড়ি

সুমাইয়া গণি শেফা

প্রাণহীন হৃদয়কে সতেজ করার শ্রেষ্ঠ উপায় তাহাজ্জুদ। শেষ রাতের এই সালাত স্রষ্টা আর সৃষ্টির মাঝে তৈরি করে ভালোবাসা, যত্ন আর অনুভবের গভীর মমত্ববোধ। রবের সান্নিধ্যে ডুব দেওয়ার গভীর বন্ধুত্বে হারিয়ে যাওয়ার সর্বোত্তম মাধ্যম এটি। সালাতের ধরনটিও খুব সুন্দর। আমরা আল্লাহকে দেখছি না, কিন্তু মহামহিম রব আমাদের ঠিকই দেখেন। তিনি আমাদের মনের অবস্থাও জানেন। অতএব, অনেক উপায়ে আমরা তাহাজ্জুদ পড়ার বিষয়ে উৎসাহ লাভ করতে পারি। তার মধ্যে অন্যতম হলো সুমহান রব বলেন, 'তারা শয্যা ত্যাগ করে তাদের প্রতিপালককে ডাকে আশা ও আকাঙ্ক্ষায়। আর আমি তাদের যে রিজিক দিয়েছি তা থেকে তারা ব্যয় করে'। *(সূরা : সিজদাহ, আয়াত : ১৬)*।

ফরজ নামাজের পর নফল ইবাদতের মধ্যে সবচেয়ে মর্যাদাপূর্ণ নামাজ হলো তাহাজ্জুদ। এমনকি হেরা গুহায় জিবরাইল (আ.) আল্লাহর রাসূলের কাছে দ্বিতীয়বার আসেন তাহাজ্জুদ আদায় করার এরপর ২৯ পৃষ্ঠায়



## চরম শত্রুকেও দয়া করতেন নবীজি (সা.)

হাবিবা রহমান উজলা

ধৈর্য, ক্ষমা ও দয়ার গুণই প্রবল ছিল মহানবী (সা.)-এর জীবনে। তিনি ব্যক্তিগত কারণে কখনো কারো সঙ্গে রূঢ় আচরণ করেননি, কাউকে আঘাত করেননি, কারো কাছ থেকে প্রতিশোধ নেননি। চরম শত্রুকেও তিনি ক্ষমা করে দিয়েছেন কোনো প্রকার দ্বিধা ছাড়াই। মহানবী (সা.)-এর এই গুণের প্রতি ইঙ্গিত দিয়ে বলা হয়েছে, 'আমি আপনাকে জগৎবাসীর জন্য রহমতস্বরূপ প্রেরণ করেছি। *(সুরা আম্বিয়া, আয়াত : ১০৭)*। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'আমি রহমতস্বরূপ প্রেরিত হয়েছি।' *(সহিহ মুসলিম, হাদিস : ২৫৯৯)*।

যেহেতু তিনি সমগ্র জগতের জন্য দয়াস্বরূপ প্রেরিত হয়েছিলেন এ জন্য মুসলিম ও অমুসলিম, আপনজন ও শত্রু সবাই তাঁর দয়া ও ভালোবাসায় সিক্ত হয়েছিল। যেমন সাহাবি তোফায়েল বিন আমর আদ-দাওসি (রা.) যখন নিজ গোত্র বনু দাওসের সুপথপ্রাপ্তির বিষয়ে একেবারে নিরাশ হয়ে যান, তখন রাসুলুল্লাহ (সা.)-এর কাছে আবেদন করেন, এরপর ৫৩ পৃষ্ঠায়

## ইসলামি দাম্পত্যবিধানে স্বামী-স্ত্রীর দায়িত্ব



মুফতি মাওলানা শাইখ মুহাম্মাদ উছমান গনী

প্রথম মানব ও প্রথম নবী হজরত আদম (আ.) কে সৃষ্টি করার পর তিনি একাকিত্ব অনুভব করলেন। তাঁর অস্থিরতা দূর করার জন্য মহান আল্লাহ তাআলা তাঁর সঙ্গী হিসেবে আদি মাতা বিবি হাওয়া (আ.)কে সৃজন করলেন। এখান থেকেই শুরু যুগলবন্দী দাম্পত্যজীবনের। আল্লাহ রাব্বুল আলামিনের মহাপরিকল্পনায় বাবা আদম (আ.) ও মা হাওয়া (আ.) দুনিয়াতে এলেন। তাঁদের ঔরসজাত সন্তানেরাই পৃথিবী সাজিয়েছে। আর সে সময় থেকে ধারাবাহিকভাবে চলে আসছে এই বিবাহবন্ধন ও দাম্পত্যবিধান। আল্লাহ তাআলা বলেন, 'তিনিই মহান সত্তা! যিনি তোমাদের এক ব্যক্তি হতে সৃষ্টি করেছেন ও তা হতে তার জোড়া সৃষ্টি করেন; যাতে সে তার নিকট প্রশান্তি লাভ করে।' *(সুরা-৭ আরাফ, আয়াত: ১৮৯)*

দাম্পত্যজীবন শরিয়তসিদ্ধ একটি আইনগত সম্পর্ক হলেও এর মূল হলো ভালোবাসা ও মায়ামমতা। কোরআন মজিদের বর্ণনা, 'এবং তার নিদর্শনাবলির মধ্যে রয়েছে, তিনি তোমাদের জন্য এরপর ৪১ পৃষ্ঠায়



## অনিচ্ছায় অর্জিত সুদের বিধান

মাইমুনা আক্তার

মহান আল্লাহ সুদকে হারাম করেছেন। এবং তাঁর বান্দাদের সুদ থেকে দূরে থাকার জন্য কঠোরভাবে নির্দেশনা দিয়েছেন। কারণ পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে, 'হে মুমিনরা, তোমরা আল্লাহকে ভয় করো এবং সুদের যা বকেয়া আছে তা ছেড়ে দাও, যদি তোমরা মুমিন হও।' অতঃপর যদি তোমরা না করো, তাহলে আল্লাহ ও তাঁর রাসুলের পক্ষ থেকে যুদ্ধের ঘোষণা নাও। *(সুরা : বাকারা, আয়াত ২৭৮-২৭৯)* আমাদের নবীজি (সা.)-ও সুদের ব্যাপারে ভীষণ কঠোর ছিলেন। তিনি সুদের সঙ্গে জড়িতদের অভিসম্পাত করেছেন।

জাবির (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুল (সা.) সুদখোর, সুদদাতা, সুদের লেখক ও তার সাক্ষীদ্বয়ের ওপর অভিসম্পাত করেছেন এবং বলেছেন এরা সবাই সমান। *(মুসলিম, হাদিস : ৩৯৮৫)*

ফলে ধর্মপ্রাণ মানুষ যতটা সম্ভব সুদ থেকে দূরে থাকার চেষ্টা করে। কিন্তু কিছু কাজ এরপর ৩৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City মে ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ০৩ | ৪:২৬ | ৫:৫২ | ১২:৫৩ | ৪:৪৫ | ৭:৫৫ | ০৯:২১ |
| ০৪ | ৪:২৪ | ৫:৫০ | ১২:৫৩ | ৪:৪৫ | ৭:৫৬ | ০৯:২২ |
| ০৫ | ৪:২৩ | ৫:৪৯ | ১২:৫৩ | ৪:৪৬ | ৭:৫৭ | ০৯:২৪ |
| ০৬ | ৪:২১ | ৫:৪৮ | ১২:৫৩ | ৪:৪৬ | ৭:৫৮ | ০৯:২৫ |
| ০৭ | ৪:২০ | ৫:৪৭ | ১২:৫৩ | ৪:৪৬ | ৭:৫৯ | ০৯:২৬ |
| ০৮ | ৪:১৮ | ৫:৪৬ | ১২:৫২ | ৪:৪৬ | ৮:০০ | ০৯:২৮ |
| ০৯ | ৪:১৭ | ৫:৪৫ | ১২:৫২ | ৪:৪৭ | ৮:০১ | ০৯:২৯ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN



আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)

## এল সালভাদোর কারাগার থেকে ফিরিয়ে আনতে ফের নির্দেশ

৩ পৃষ্ঠার পর

গার্সিয়াকে ২০১৯ সালে তার ট্যাটু, শিকাগো বুলস হুডি এবং একজন অপরাধী তথ্যদাতার শব্দের ভিত্তিতে এমএস-১৩ গ্যাং সদস্য হিসেবে চিহ্নিত করেছিল কিন্তু আব্রেগো গার্সিয়াকে কখনও অভিযুক্ত করা হয়নি। তার আইনজীবীরা বলেছেন যে, তথ্যদাতা দাবি করেছেন যে আব্রেগো গার্সিয়া নিউইয়র্কের একটি এমএস-১৩ গ্যাং সদস্য ছিলেন। তবে সেখানে তিনি কখনও বসবাস করেননি। স্থানীয় পুলিশের দ্বারা গ্যাং সনাক্তকরণ করার পর ট্রাম্প প্রশাসনকে মার্চ মাসে কুখ্যাত এল সালভাদোর কারাগারে আব্রেগো গার্সিয়াকে বহিষ্কার করতে অনেকটা প্ররোচিত করেছিল। তার নির্বাসনটি ২০১৯ সালে ইমিগ্রেশন বিচারকের আদেশ লঙ্ঘন করেছে যা তাকে এল সালভাদরে পাঠানো থেকে রক্ষা করেছিল।

আদালতের নথিতে বলা হয়েছে, আব্রেগো গার্সিয়া অভিবাসন আদালতে দেখিয়েছিলেন যে তিনি সম্ভবত স্থানীয় সালভাদোরান দলগুলির দ্বারা নিপীড়নের মুখোমুখি হয়েছিলেন যা তাকে এবং তার পরিবারকে আতঙ্কিত করেছিল। তিনি ১৬ বছর বয়সে যুক্তরাষ্ট্রে পালিয়ে আসেন এবং প্রায় ১৪ বছর ধরে মেরিল্যান্ডে বসবাস করেন। নির্মাণ কাজ করেন, বিয়ে করেন এবং তিন সন্তানকে বড় করেন।

বিচারক জিনিস প্রায় এক মাস আগে গত ৪ এপ্রিল ট্রাম্প প্রশাসনকে তাকে ফিরিয়ে আনতে নির্দেশ দেন। সুপ্রিম কোর্ট গত ১০ই এপ্রিল রায় দেয় যে তাকে ফিরিয়ে আনার জন্য প্রশাসনকে অবশ্যই কাজ করতে হবে। কিন্তু মামলাটি আরও উত্তপ্ত হয়ে ওঠে। জিনিস একজন সরকারি আইনজীবীর তীব্র সমালোচনা করেন। যিনি ট্রাম্প প্রশাসন কী করেছে তা ব্যাখ্যা করতে পারেননি। তারপরে তিনি কর্মকর্তাদের তাদের প্রচেষ্টা নথিভুক্ত করার জন্য শপথ সাক্ষ্য এবং অন্যান্য তথ্য সরবরাহ করার নির্দেশ দেন।

ট্রাম্প প্রশাসন আপিল করে। কিন্তু একটি ফেডারেল আপিল আদালত স্তম্ভিত রায়ে তথ্যের জন্য বিচারক জিনিসের আদেশকে সমর্থন করে বলেছেন, 'আমরা সুপ্রিম কোর্টের সাম্প্রতিক সিদ্ধান্ত বাস্তবায়নের চেষ্টা করা একজন সৎ জেলা বিচারকের প্রচেষ্টাকে মাইক্রোম্যানেজ করব না'।

ট্রাম্প প্রশাসন বিরোধিতা করে বলেছিল যে, জিনিস যে তথ্য চেয়েছিল তাতে রাষ্ট্রীয় গোপনীয়তা এবং সরকারি আলোচনার সুরক্ষা অন্তর্ভুক্ত ছিল। তিনি তার আদেশ উপেক্ষা করার জন্য এবং মন্দ বিশ্বাসে কাজ করায় সরকারি আইনজীবীদের তিরস্কার করেছিলেন। একজন সাংবাদিক গত বুধবার যখন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওকে জিজ্ঞাসা করেন যে, আব্রেগো গার্সিয়াকে ফিরিয়ে দেওয়ার বিষয়ে এল সালভাদোরের সাথে তার কোনও কথোপকথন হয়েছে কিনা, রুবিও বলেন যে, বিচারকদের সাথে বৈদেশিক নীতি নিয়ে আলোচনা করা উচিত নয়।

এদিকে, আব্রেগো গার্সিয়ার অ্যাটর্নিরা বুধবার বলেছেন যে, আদালত মামলায় বিরতি দেওয়ার অনুরোধ জানালে প্রশাসন তাকে ফিরিয়ে আনার দিকে এখন এগিয়ে চলেছে।

## সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ খানের ভ্রাতৃ বিয়োগ

৩ পৃষ্ঠার পর

অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তার বয়স হয়েছিলো ৬২ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই মেয়ে, ভাই-বোন সহ অসংখ্য আত্মীয়-স্বজন রেখে গেছেন। দীর্ঘ দিন তিনি ডায়াবেটিস ও কিডনিজনিত রোগে ভুগছিলেন। ছোট ভাইয়ের বিদেহী আত্মার মাগফিরাত কামনায় ডা. ওয়াজেদ এ খান সবার দোয়া কামনা করেছেন।

সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ খানের ভাইয়ের ইন্তেকালে নিউইয়র্ক থেকে প্রকাশিত বিভিন্ন মিডিয়ার সম্পাদক ও সাংবাদিক গভীর শোক ও সমবেদনা প্রকাশ করে মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে শোক জ্ঞাপন করেন। শোক প্রকাশকারীদের মধ্যে রয়েছেন- সাপ্তাহিক ঠিকানা'র সম্পাদকমণ্ডলীর সভাপতি ও অগ্রপ্রতিষ্ঠাতা সম্পাদক এবং সাবেক এমপি এম এম শাহীন, সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক আজকাল সম্পাদক ও প্রকাশক সাঈদ শাহ নেওয়াজ, সাপ্তাহিক বাঙালী সম্পাদক কৌশিক আহমেদ, টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা পরিবারের পক্ষ থেকে সিইও আবু তাহের, সাপ্তাহিক বাংলাদেশ-এর উপদেষ্টা সম্পাদক আনোয়ার হোসাইন মঞ্জু, সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, সাবেক প্রধান সম্পাদক মনজুর আহমেদ, সাপ্তাহিক নিউইয়র্ক সময় সম্পাদক জাকারিয়া মাসুদ জিকো, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, সাপ্তাহিক নবযুগ সম্পাদক শাহাব উদ্দিন সাগর, সাপ্তাহিক দেশ সম্পাদক মিজানুর রহমান, বর্ণমালা সম্পাদক মাহফুজুর রহমান, আজকের টেলিগ্রাম ও সাপ্তাহিক হককথা সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ, সাপ্তাহিক সাদাকালো'র প্রধান সম্পাদক আকাশ রহমান ও সাপ্তাহিক বাংলা পোস্ট'র চেয়ারম্যান আনিক রাজী টুটুল।

এছাড়াও নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের পক্ষ থেকে সভাপতি মনোয়ারুল ইসলাম ও সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম মজুমদার এবং কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন। আরো শোক প্রকাশ করেছেন সিনিয়র সাংবাদিক কাজী শামসুল হক, মহিউদ্দীন সাদেক, সাঈদ তারেক, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, বাংলাদেশি আমেরিকান সোসাইটির সিনিয়র ভাইস প্রেসিডেন্ট সেলিম খান ও সাধারণ সম্পাদক আমিন মেহেদি, বিশিষ্ট ব্যবসায়ী গিয়াস আহমেদ, কমিউনিটি অ্যাক্টিভিস্ট এবিএম ওসমান গনি, আবদাল মাহিন, ফখরুল ইসলাম দেলোয়ার, প্রবাসী টাঙ্গাইলবাসী ইউএসএ'র উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা আব্দুর রহমান, উপদেষ্টা খন্দকার আশেক শামীম, উপদেষ্টা ও সাবেক সভাপতি ফরহাদ তালুকদার, উপদেষ্টা সোলায়মান আলী, সভাপতি ফরিদ খান ও সাধারণ সম্পাদক মোহাম্মদ শরীফ শিকদার প্রমুখ।

## সততার পুরস্কার কি কেবল অভাব?

৬ পৃষ্ঠার পর

করা সম্ভব। দুর্নীতির অর্থ সঠিক চ্যানেলে প্রবেশ করাতে পারলে দেশের সামগ্রিক চিত্র বদলে যাবে। কাম্য বেতন নিশ্চিত করার ব্যবস্থায় উদ্যোগ নিন। তবেই রাষ্ট্রের সমৃদ্ধির গতি ত্বরান্বিত হবে। ক্ষুধা পেটে, অভাব পুষে কোনো সেক্টরে কাঙ্ক্ষিত সেবা প্রদান করা যায় না।

## সংঘাতে জড়াতে পারে বাংলাদেশ

৬৪ পৃষ্ঠার পর

কিছু শর্তে রাখাইনে জাতিসংঘের ত্রাণ সরবরাহে প্যাসেজ দিতে বাংলাদেশ নীতিগত সম্মত হয়েছে। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের এই মানবিক করিডর নিয়ে বিস্তারিত পরিকল্পনা কী তা স্পষ্ট করেনি। তবে বিশেষজ্ঞরা বলছেন, মানবিক করিডর বাংলাদেশের জাতীয় নিরাপত্তার জন্যে মারাত্মক ঝুঁকির কারণ হতে পারে। এক পর্যায়ে অহেতুক সংঘাতে জড়িয়ে পড়তে পারে বাংলাদেশ। এটা বাংলাদেশের জন্য অশনি সংকেত। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, বাংলাদেশ যেন আরেকটি গাজায় পরিণত না হয়। রাখাইনে মানবিক করিডর দেবার নীতিগত সিদ্ধান্ত গ্রহণের আগে সকল রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা করার প্রয়োজন ছিলো। জামায়াতে ইসলামীসহ বিভিন্ন রাজনৈতিক দল প্রায় একই ধরনের প্রতিক্রিয়া ব্যক্ত করেছে। কিন্তু সরকার সিদ্ধান্তে অটল।

মিয়ানমারের রাখাইন রাজ্যের অধিকাংশ অঞ্চল এখন আরাকান আর্মির দখলে। বিশেষ করে বাংলাদেশের সীমান্তবর্তী প্রায় পুরোটাই এই সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠীর দখলে চলে গেছে। আরাকান আর্মি একটি রোহিঙ্গা বিরোধী গোষ্ঠী। বৌদ্ধ ধর্মাবলম্বী রাখাইন সম্প্রদায়ের এই গ্রুপটি রাখাইন রাজ্য থেকে রোহিঙ্গাদের ওপর দমন পীড়ন চালিয়ে বিতাড়িত করেছে। রাখাইন রাজ্যে মানবিক করিডর দেবার জাতিসংঘের প্রস্তাবের মধ্যেও সেখান থেকে নতুন করে লক্ষাধিক রোহিঙ্গা বাংলাদেশে অনুপ্রবেশ করেছে। রাখাইনে মানবিক করিডর দেবার শর্তের মধ্যে রোহিঙ্গাকে ফেরত নেবার কোনও শর্ত নেই। ত্রাণ সকল গোষ্ঠীর মধ্যে বিতরণের শর্ত রয়েছে। অর্থাৎ আরাকান আর্মি বৌদ্ধ হলেও সেখানে এখনও থেকে যাওয়া রোহিঙ্গারাও যাতে ত্রাণ পায় সেই ব্যবস্থা করার শর্ত রয়েছে। ২০১০ সালে গড়ে ওঠা আরাকান আর্মি মিয়ানমারের কাচিন বিদ্রোহী গোষ্ঠী কাচিন ইনডিপেনডেন্ট আর্মি (কেআইএ)-এর কাছে প্রশিক্ষণ গ্রহণ করে। আরাকান আর্মির বিরুদ্ধে মিয়ানমারের সামরিক জান্তা বিমান হামলা পরিচালনা করলেও গেরিলা যুদ্ধ করে বিদ্রোহী গোষ্ঠী নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেছে। কোভিড-১৯ মহামারিকালে ক্ষমতার শূন্যতার সুযোগ নিয়ে আরাকান আর্মি রাখাইন রাজ্যে বাংলাদেশের সীমান্ত সংলগ্ন অঞ্চল দখলে নেয়। ২০২৪ সালে আরাকান আর্মি ঘোষণা করে যে, তারা রাখাইন রাজ্যের অধিকাংশ এলাকা দখল করে নিয়েছে। আরাকান আর্মি দাবি করেছে যে, তাদের সৈন্য সংখ্যা ৪৫ হাজার।

রাখাইন রাজ্যে ভারতের কালাদান মাল্টিমোডাল প্রকল্প রয়েছে। ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্য মিজোরাম থেকে ভারতের অন্য অংশে সংযোগ স্থাপনের লক্ষ্যে মিয়ানমারের কালাদান নদীর ওপর দিয়ে এই প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের কাজ শেষ না হতেই আরাকান আর্মি রাখাইনে তাদের শক্ত অবস্থান নিশ্চিত করেছে। ফলে প্রকল্পটিকে অক্ষত রাখতে ভারত আরাকান আর্মির সঙ্গে যোগাযোগ স্থাপন করেছে।

আরাকান আর্মি একটি সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী। তাই বাংলাদেশের পক্ষে সরকারীভাবে এই গোষ্ঠীর সঙ্গে সম্পর্ক স্থাপন সম্ভব নয়। আরাকান আর্মির সহায়তা ছাড়া রোহিঙ্গাদের রাখাইন রাজ্যে ফেরত পাঠানো সম্ভব নয়। এ কারণে বাংলাদেশও আরাকান আর্মির সঙ্গে অনানুষ্ঠানিক যোগাযোগ স্থাপন করেছে। তবে জাতিসংঘ বলছে, রাখাইন রাজ্যে দুর্ভিক্ষ হতে পারে। এই আশঙ্কা থেকে তারা সেখানে ত্রাণ সামগ্রী পাঠাতে চায়। জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস সম্প্রতি বাংলাদেশ সফরকালে বাংলাদেশের মধ্য দিয়ে ত্রাণ পাঠানোর প্রস্তাব করেন। বাংলাদেশ এই বিষয়ে মন্ত্রিসভায় কোনও আলোচনা না করেই নীতিগত সম্মতির কথা জানায়। রাজনৈতিক দলগুলোর সঙ্গেও কোনও আলোচনা করেনি অন্তর্বর্তী সরকার। রাখাইনে মানবিক করিডর দেওয়া হলে বাংলাদেশের তেমন কোনও সুফলের কথা কেউই বলতে পারেনি। তবে অনেকগুলো আশঙ্কার কথা বলেছেন অনেকে। মানবিক করিডরের নামে ভবিষ্যতের সামরিক ঘাঁটির সুযোগ সৃষ্টি হচ্ছে কিনা এই প্রশ্ন করা হচ্ছে। তারা বলছেন, টেকনাফ সীমান্তে জাতিসংঘ যে মানবিক করিডর চাচ্ছে, তার প্রভাব হতে পারে দীর্ঘমেয়াদি, ভয়ংকর এবং অনুশোচনামূলক।

বসনিয়া ও হার্জেগোভিনা যুদ্ধের সময় জাতিসংঘ মানবিক করিডর বানিয়েছিলো। তার ফলে সেখানে স্থায়ী ন্যাটো ঘাঁটি স্থাপিত হয়েছে। ইরাকে 'নো ফ্লাই জোন' নামে তৈরী করা হয়েছিলো মানবিক করিডর। তার ফলে সেখানে প্রতিষ্ঠিত হয় মার্কিন সামরিক ঘাঁটি ও দীর্ঘ মেয়াদি দখল। ২০১১ সালে মানবিক সহায়তা এবং নাগরিক সুরক্ষার নামে ন্যাটো ও জাতিসংঘ লিবিয়ার বেনগাজিতে মানবিক করিডর প্রতিষ্ঠা করে। লিবিয়ার মুয়াম্মার গাদ্দাফির পতনের পথ তৈরী করে এবং দেশটিকে টুকরো টুকরো করে দেয়। আজ অবধি লিবিয়া আর একটা পূর্ণাঙ্গ রাষ্ট্র হয়ে উঠতে পারেনি।

সিরিয়ার আলেপ্পো, ইদলিব ও রাক্কা অঞ্চলে মানবিক করিডরের প্রতিষ্ঠার নামে যে পশ্চিমাদের অভ্যন্তরীণ করিডর তৈরী করা হয়েছিলো। তার ফলে সিরিয়ায় এক যুগেরও বেশি সময় ধরে চলেছে গৃহযুদ্ধ। আফগানিস্তানেও শুরুটা হয়েছিলোমানবিক সহায়তা দিয়ে, শেষটা কোথায় গেছে আমরা সবাই জানি। আজ টেকনাফ সীমান্তে যে হিউম্যানিটেরিয়ান করিডর গঠনের আলোচনা চলছে, তা আদতে একটি নতুন বাফার জোন তৈরীর সূচনা হতে পারে। সেই করিডরে জাতিসংঘ থাকবে, আন্তর্জাতিক এনজিও থাকবে, থাকবে বিদেশী পর্যবেক্ষক, বিদেশী কনভয়। ফলে বাংলাদেশের সীমান্তের একাংশে নিজস্ব সার্বভৌমত্ব কর্তৃত্ব হারানোর আশঙ্কা রয়েছে।



## বিচারকের নির্দেশে 'আইস' থেকে ফিলিস্তিনি ছাত্র মুক্ত

৩২ পৃষ্ঠার পর

বলেছেন। এদিন মাহদাউির প্রতি সমর্থন প্রদর্শনের জন্য ব্রাটলবোরোর আদালতের বাইরে মানুষ সাইনবোর্ড নিয়ে জড়ো হয়। গত ১০ বছর ধরে বৈধ স্থায়ী বাসিন্দা মোহসেন মাহদাউিকে ১৪ই এপ্রিল তার মার্কিন নাগরিকত্ব চূড়ান্ত করার বিষয়ে একটি সাক্ষাৎকারের সময় গ্রেপ্তার করা হয়েছিল।

ভার্মন্টের আদালতের বাইরে মাহদাউি বলেন, 'আমি প্রেসিডেন্ট ট্রাম্প ও তাঁর মন্ত্রিসভার কাছে এটা স্পষ্ট ও উচ্চস্বরে বলছি- আমি আপনাকে ভয় পাই না'। স্টেট ডিপার্টমেন্ট জোর দিয়েছিল যে, গ্রেপ্তার ব্যক্তি-সংশ্লিষ্ট মাহদাউিকে ইমিগ্রেশন অ্যান্ড ন্যাশনালিটি অ্যাক্টের অধীনে অপসারণযোগ্য। সেক্রেটারি অব স্টেট মার্কো রুবিও দাবি করেছিলেন যে বিক্ষোভকারীর উপস্থিতি এবং কার্যকলাপ গুরুতর প্রতিকূল বৈদেশিক নীতি তৈরি করতে পারে।

কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভের সময় ইহুদি শিক্ষার্থীদের বিরুদ্ধে হুমকিমূলক বক্তৃতা ও ভীতিপ্রদর্শন করার জন্য মাহদাউির বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছিল। বিচারকদের আদেশে, মাহদাউিকে ভার্মন্টে তার স্থায়ী বসবাসের মর্যাদা রাখার অনুমতি দেওয়া হবে, নিউ ইয়র্ক সিটিতে ফিরে আসার অনুমতি দেওয়া হবে, স্কুলে যাওয়ার অনুমতি দেওয়া হবে এবং কলম্বিয়া থেকে স্নাতক হওয়ার অনুমতি দেওয়া হবে। মাহদাউি বর্তমানে স্থগিত হওয়া কলম্বিয়া স্টুডেন্টস ফর জাস্টিস ইন প্যালেস্টাইনের (এসজেপি) সহ-সভাপতি ছিলেন।

## 'ভর্তুকি'র সিরিজে কি পেল বাংলাদেশ

৫২ পৃষ্ঠার পর

একাদশে নিয়েছে এনামুল হক বিজয়কে। সৈয়দ খালেদ আহমেদের পরিবর্তে স্পিনার নাঈম হাসানকে নিয়েছে। আর পিএসএল খেলতে পাকিস্তানে নাহিদ রানা চলে যাওয়ায় তাঁর পরিবর্তে টেস্টে অভিষেক হয়েছে তানজিম হাসান সাকিবের। বোলিংয়ে ১ উইকেট নিলেও দশ নম্বরে নেমে তানজিম সাকিবের ৪১ রানের ইনিংসটা দারুণ কাজে দিয়েছে। আর তাইজুল ইসলাম, নাঈম হাসান, মিরাজদের স্পিনার বোলিংয়ের ফল হাতেনাতে পেয়েছে বাংলাদেশ।

চট্টগ্রাম টেস্টের আগে শুধু জয়কে নিয়েই যে সমালোচনা হচ্ছিল তা নয়। বাংলাদেশের উদ্বোধনী জুটি ছিল কোচ, অধিনায়ক ও নির্বাচকদের মাথাব্যথার কারণ। যাকেই আনা হোক না কেন, টেস্টে বাংলাদেশের শুরুটা মোটেই আশানুরূপ হচ্ছিল না। অবশেষে দীর্ঘ ২৮ মাস পর বাংলাদেশের উদ্বোধনী জুটিতে সেঞ্চুরির দেখা মিলেছে চট্টগ্রামে। এই জুটি গড়তে অবদান রাখেন সাদমান ও এনামুল হক বিজয়। জিম্বাবুয়ের বিপক্ষে এই ম্যাচ দিয়েই চার বছর পর সাদমান পেলেন সেঞ্চুরির দেখা। আর মিরাজ তো রেকর্ড বই তছনছ করে দিয়েছেন। একই দিনে সেঞ্চুরি ও ৫ উইকেট নিয়ে স্যার ইয়ান বোথামের ৪১ বছরের পুরোনো রেকর্ডে ভাগ বসিয়েছেন মিরাজ। জিম্বাবুয়ের বিপক্ষে দ্বিতীয় টেস্টে ম্যান অব দ্য ম্যাচ, ম্যান অব দ্য সিরিজ দুটি পুরস্কারই পেলেন মিরাজ। সিরিজে ১৫ উইকেট নিয়েছেন বাংলাদেশের এই অলরাউন্ডার।

সাদমান-মিরাজদের সঙ্গে তাইজুলও আলো ছড়িয়েছেন চট্টগ্রাম টেস্টে। প্রথম ইনিংসে জিম্বাবুয়ের কাছে ২৫০-৩০০ রানের স্কোরও যখন মামুলি মনে হচ্ছিল, তখন তাইজুল ৬ উইকেট নিয়ে সফরকারীদের দ্রুত ধসিয়ে দেন। তবে জিম্বাবুয়ের বিপক্ষে সিরিজ ড্র করলেও বাংলাদেশের বাজে ফিল্ডিং এড়িয়ে যাওয়ার সুযোগ নেই। সাদমান স্লিপে বারবার ক্যাচ ছেড়েছেন। রান আউটের অনেক সুযোগও হাতছাড়া করেছে শান্তর দল। এমনকি মুশফিক তাড়াহুড়ো করে সিঙ্গেল নিতে গিয়ে রানআউট হয়েছেন। চট্টগ্রাম টেস্ট জিতেও তাই খুব একটা খুশি নন শান্ত। সতীর্থদের আউট হওয়ার ধরন নিয়ে সংবাদ সম্মেলনে বাংলাদেশ অধিনায়ক বলেন, 'না, আমি আসলে খুব বেশি খুশি না। দুই ম্যাচের পর এর চেয়ে ভালো ক্রিকেট খেলা উচিত ছিল। সিরিজটা আমাদের জেতা উচিত ছিল। প্রথম ম্যাচে আমরা ভালো খেলিনি, দ্বিতীয় ম্যাচে ফিরে এসেছি।'

জিম্বাবুয়ে সিরিজ নিয়ে অবশ্য খুব একটা মানুষের আগ্রহ ছিল না। এমনকি বাংলাদেশ-জিম্বাবুয়ে ম্যাচ কবে শুরু, সেটাও নাকি অনেকে জানতেন না। ক্রিকেটের প্রতি আগ্রহ কমে যাওয়ার কারণ হতে পারে আইসিসি ইভেন্টে সাম্প্রতিক সময়ে বাংলাদেশ দলের ব্যর্থতা। এদিকে হামজা চৌধুরীর দেখাদেখি কিউবা মিচেল, সমিত সোমসহ অনেক প্রবাসী ফুটবলার বাংলাদেশের জার্সিতে খেলার আগ্রহ প্রকাশ করেছেন বলে শোনা যাচ্ছে। তাতে করে বাংলাদেশের ফুটবল নিয়ে আগ্রহ অনেকেরই বেড়েছে। ক্রিকেট নিয়ে আগ্রহের কমতিটাই বাংলাদেশ-জিম্বাবুয়ে সিরিজে একমাত্র ব্যাপার নয়। সিলেট আন্তর্জাতিক স্টেডিয়ামে প্রথম টেস্ট চলার সময় দেখা গেছে দর্শকখরা। যারা মাঠে বসে খেলা দেখার সুযোগ পাননি, তাঁদের ম্যাচ দেখতে হয়েছে বাংলাদেশ টেলিভিশনে (বিটিভি)। সেই অস্পষ্ট, ঝিরঝির টিভির পর্দা, যারা আধুনিক সম্প্রচার থেকে পড়ে আছে অনেক অনেক পেছনে। সেদিনই আবার বিটিভি অ্যাপ ক্রাশ করেছে। টেস্ট শেষে বাংলাদেশ আগামী এক মাস ব্যস্ত থাকবে সীমিত ওভারের ক্রিকেট নিয়ে। এই সময়ে শান্ত-মিরাজদের খেলতে হবে সাত টি-টোয়েন্টি। আরব আমিরাতের বিপক্ষে ১৭ ও ২০ মে শারজায় দুটি টি-টোয়েন্টি ম্যাচ খেলার কথা বাংলাদেশের। এই সিরিজ শেষে পাকিস্তানে উড়াল দেবেন শান্তরা। পাকিস্তানের বিপক্ষে পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলবে বাংলাদেশ। ২৫ মে থেকে ৩ জুন পর্যন্ত হবে বাংলাদেশ-পাকিস্তান সিরিজ।

## তিন শিশু নাগরিক মায়ের সঙ্গে ডিপোর্ট

৩ পৃষ্ঠার পর

এই মায়েরা একটি সুষ্ঠু সুযোগ পাননি, যাতে তারা সিদ্ধান্ত নিতে পারতেন যে তাদের সন্তানরা মার্কিন যুক্তরাষ্ট্রে থাকতে চায় কি-না। আমরা জানি না, 'আইস' কীভাবে তাদের প্রভাবিত করেছে, তবে এটি স্পষ্ট যে, এই মায়েদের আর কোনো বিকল্প ছিল না।

চার বছর বয়সী একটি শিশু, যে বিরল ক্যানসারে আক্রান্ত এবং সাত বছর বয়সী শিশুটিও তাদের মায়ের সঙ্গে হন্ডুরাসে পাঠানো হয়েছে। আইনজীবীরা জানিয়েছেন, ওই শিশুরা তাদের মায়েদের সঙ্গে হন্ডুরাসে চলে গেছে এবং একদিনের মধ্যে তাদের বহিষ্কার করা হয়। লুইজিয়ানার একটি ফেডারেল বিচারপতি দুই বছর বয়সী শিশুর বহিষ্কারের বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। বিচারপতি টেরি ডাউটি বলেছেন, সরকার প্রমাণ করতে পারেনি যে, শিশুটির বহিষ্কার প্রক্রিয়া সঠিকভাবে সম্পন্ন হয়েছে এবং এটি স্পষ্ট যে, মার্কিন নাগরিককে কোনো সঠিক প্রক্রিয়া ছাড়াই বহিষ্কার করা হয়েছে। বিচারপতি ডাউটি এক আদেশে বলেছেন, এ ঘটনায় সরকারের সিদ্ধান্ত পুনর্মূল্যায়ন করতে একটি শুনানির জন্য আগামী ১৬ মে আদালতে উপস্থিত হতে হবে।

## প্রবাসী মাদারীপুর জেলা সমিতির ঈদ পুনর্মিলনী

৩ পৃষ্ঠার পর

জেলার প্রতিশ্রুতি দেন। অনুষ্ঠানে প্রবাসী বাংলাদেশিদের বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। ঈদ পুনর্মিলনীতে ছিল মিলনমেলা ও শুভেচ্ছা বিনিময়, ঐতিহ্যবাহী বাঙালি খাবারের আয়োজন, শিশু-কিশোরদের জন্য মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশন, বড়দের অংশগ্রহণে কবিতা আবৃত্তি ও সংগীত অনুষ্ঠান।

এছাড়া পহেলা বৈশাখ উদযাপনে ছিল, নববর্ষের গান ও আবৃত্তি, বৈশাখী পাঞ্জাবি ও শাড়িতে প্রবাসীদের অংশগ্রহণ, ঐতিহ্যবাহী সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজকরা বলেন, ঈদ ও পহেলা বৈশাখ এই দুই বাঙালির প্রাণের উৎসবকে একত্র করে প্রবাসের মাটিতে বাঙালি সংস্কৃতির চর্চা এবং ঐক্যের বন্ধন আরও দৃঢ় করতে এই আয়োজন।

মাদারীপুর জেলা সমিতি ইউএসএ ইনক ভবিষ্যতেও এ ধরনের আয়োজন নিয়মিতভাবে করে যেতে দৃঢ় প্রতিজ্ঞ বলে জানানো হয়।

## ঐক্যের সুদৃঢ় প্রাচীর গড়ো মুসলমান!

৫ পৃষ্ঠার পর

- কোন্দল ও দ্বন্দ্ব-সংঘর্ষ থেকেও রক্ষা পেতে পারে না।
- উদ্দেশ্য ও লক্ষ্যের প্রতি এমন অনুরাগ ও ভালবাসা এবং তা অর্জনের জন্য এমন দৃঢ় সংকল্প থাকা চাই যা গোটা মুসলিম উম্মাহর মধ্যে জীবনপাত করার অদম্য আকাংখা সৃষ্টি করে দেবে আর যে মুসলমানদের যে কোন দুর্যোগে তা প্রকৃতই মজবুত দেয়ালের মতো দাঁড়িয়ে যাবে।

নবী সাঃ এর নেতৃত্বে যে শক্তিশালী সংগঠনটি গড়ে উঠেছিল, যার সাথে সংঘর্ষে বড় বড় শক্তি চূর্ণবিচূর্ণ হয়ে গিয়েছিল এবং শতাব্দীর পর শতাব্দী কোন শক্তি যার মোকাবেলায় দাঁড়াতে পারেনি এ সব গুণ ও বৈশিষ্ট্যই ছিল তার ভিত্তি। বর্তমান মুসলিম বিশ্ব যদি রাসুলুল্লাহ সাঃ এর মতো উল্লেখিত গুণ ও বৈশিষ্ট্যের আলোকে নিজেদেরকে গঠন করেন তাহলে মুসলিম বিশ্বই পৃথিবীতে আধিপত্য বিস্তার করবে এবং তারাই পৃথিবীর নেতৃত্ব দেবে। কোন পরাশক্তি চোখ তুলে তাদের দিকে তাকাতে পারবে না। মনে রাখতে হবে, এই ধরনের গুণ-বৈশিষ্ট্যের লোক তৈরী করা রাসুলুল্লাহ সাঃ এর একটি মৌলিক সুন্নাহ। এই সুন্নাহ ছাড়া অন্যান্য সুন্নাহ মূল্যহীন হয়ে পড়ে।

আল্লাহ তা'আলা বলেন, "যারা ঈমানের পথ অবলম্বন করেছে তারা আল্লাহর পথে লড়াই করে আর যারা কাফের তারা লড়াই করে তাগুতের পথে। কাজেই শয়তানের সহযোগীদের সাথে লড়ো এবং নিশ্চিত জেনে রাখো, শয়তানের কৌশল আসলে নিতান্তই দুর্বল।"(সুরা নিসা:৭৬) এটি আল্লাহর দ্ব্যর্থহীন ফয়সালা। আল্লাহর পৃথিবীতে একমাত্র আল্লাহর দীন প্রতিষ্ঠিত করার উদ্দেশ্যে লড়াই করা হচ্ছে ঈমানদারদের কাজ। যথার্থ ও সত্যিকার মুমিন এই কাজ থেকে কখনো বিরত থাকবে না। আর আল্লাহর পৃথিবীতে আল্লাহ বিরোধী ও আল্লাহদ্রোহীদের রাজত্ব ও কর্তৃত্ব প্রতিষ্ঠার জন্য তাগুতের পথে লড়াই করা হচ্ছে কাফেরদের কাজ। কোন ঈমানদার ব্যক্তি এ কাজ করতে পারে না। এমনকি যারা আল্লাহর পথে লড়েন না সেই সমস্ত ঈমানদারেরা পক্ষান্তরে কাফেরদেরকেই সহযোগীতা করার দোষে দোষী হবেন। তাদের কোন অজুহাত দেখাবার কোন সুযোগ নাই। ঈমানের দাবী পূরণের জন্য অবশ্যই তাকে আল্লাহর পথে লড়তে হবে।

"আল্লাহই তো সেই মহান সত্তা যিনি তাঁর রাসুলকে হিদায়াত ও সত্য দীন বা জীবন ব্যবস্থা দিয়ে পাঠিয়েছেন যেন তাকে সমস্ত দীনের ওপর বিজয়ী করে দেন। আর এ বাস্তবতা সম্পর্কে আল্লাহর সাক্ষ্যই যথেষ্ট।"(সুরা আল ফাতাহ:২৮)

দীন মানে জীবন ব্যবস্থা। দীনি হক্ব বা দীনে ইসলাম মানে ইসলামী জীবন ব্যবস্থা। আল্লাহ প্রদত্ত ও রাসুলুল্লাহ সাঃ কর্তৃক প্রদর্শিত জীবন ব্যবস্থার নাম ইসলামী জীবন ব্যবস্থা। আর আল্লাহর কাছে এটিই একমাত্র গ্রহণযোগ্য জীবন ব্যবস্থা। আল্লাহ তা'আলা বলেন, "ইসলাম আল্লাহর নিকট একমাত্র জীবন ব্যবস্থা।" (সুরা আলে ইমরান:১৯) অর্থাৎ আল্লাহর কাছে মানুষের জন্য একটি মাত্র জীবন ও একটি মাত্র জীবন বিধান সঠিক ও নির্ভুল বলে গৃহীত। সেটি হচ্ছে, মানুষ আল্লাহকে নিজের মালিক ও মাবুদ বলে স্বীকার করে নিবে এবং তাঁর ইবাদাত, বন্দেগী ও দাসত্বের মধ্যে নিজেকে সম্পূর্ণরূপে সোপর্দ করে দেবে। আর তাঁর বন্দেগী করার পদ্ধতি নিজে আবিষ্কার করবে না। বরং রাসুলুল্লাহ সাঃ-কে যে হিদায়াত ও বিধান সহকারে পাঠিয়েছেন সেইহিদায়াত ও বিধান যে পদ্ধতিতে প্রদর্শন করে গেছেন তাতে কোন প্রকার কমবেশ না করে তার অনুসরণ করবে। এই চিন্তা ও কর্মপদ্ধতির নাম ইসলাম আর বিশ্ব-জাহানের স্রষ্টার ও প্রভুর নিজের সৃষ্টিকুল ও প্রজা সাধারণের জন্য ইসলাম ছাড়া অন্য কোন কর্মপদ্ধতির বৈধতার স্বীকৃতি না দেয়াও পুরোপুরি ন্যায়সংগত।

এই জীবন ব্যবস্থা প্রতিষ্ঠার জন্যই মুহাম্মদ সাঃ কে রাসুল হিসাবে দুনিয়াতে প্রেরণ করা হয়েছে। উল্লেখিত আয়াতে আল্লাহ তা'আলা এ কথাটিই পরিষ্কার ভাষায় বলেছেন। শুধু দীনের প্রচার করার জন্য মুহাম্মদ সাঃ কে পাঠানো উদ্দেশ্য ছিল না বরং উদ্দেশ্য ছিল মানব রচিত বা মানুষের মস্তিষ্ক প্রসূত জীবন ব্যবস্থার ওপর আল্লাহ প্রদত্ত জীবন ব্যবস্থাকে প্রতিষ্ঠা করা বা বিজয়ী করা। অন্য কথায় জীবনের সমস্ত দিক ও বিভাগের ওপর কোন বাতিল জীবনাদর্শ বিজয়ী হয়ে থাকবে আর ইসলামী জীবন ব্যবস্থা বাতিল জীবনাদর্শের আধিপত্যাধীনে বেঁচে থাকবে এবং বাতিল জীবন ব্যবস্থা যতটুকু অধিকার দেবে এ দীন সেই চৌহদ্দির মধ্যেই হাত পা গুটিয়ে বসে থাকবে অথবা দীনের কিছু কিছু অংশ বাতিল জীবন ব্যবস্থার সাথে সমঝোতা করে জীবন পরিচালনা করবে এ উদ্দেশ্যে নবী সাঃ এ দীন দিয়ে পাঠানো হয়নি। বরং তাঁকে প্রেরণ করা হয়েছে যে, এখানে ইসলামী জীবন ব্যবস্থা বিজয়ী জীবনাদর্শ হিসাবে থাকবে। অন্য কোন জীবনাদর্শ বেঁচে থাকলেও এ জীবনাদর্শ যে সীমার মধ্য তাকে বেঁচে থাকার অনুমতি দেবে সে সীমার মধ্যেই তা বেঁচে থাকবে।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

সাপ্তাহিক আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা
বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।
Email: ajkalnews@gmail.com
যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১

## বরিশাল বিভাগবাসীর নতুন কমিটি নির্বাচিত

৬২ পৃষ্ঠার পর

সিনিয়র সহ-সভাপতি এবং শফর মইজুর রহমান জুয়েলকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়।

সম্মিলিত বরিশাল বিভাগবাসী ইউ.এস.এ ইনকের সদ্য বিদায়ী সভাপতি এম.এ সালাম আকন্দের সভাপতিত্বে অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন জামাইকা মুসলিম সেন্টারের ইমাম ও খতিব মাওলানা আবু জাফর বেগ। এ সময় সংগঠনের প্রয়াত সদস্য ও সদস্যাদের প্রয়াত আত্মীয় স্বজন এবং অনুষ্ঠানের জন্য দোয়া চাওয়া হয়।

আগামী ১৭ ই আগস্ট বার্ষিক বনভোজন ফ্লাশিং ডি রুজভেল্ট স্টেট পার্কে আয়োজন করা হয়েছে বলে অনুষ্ঠানে জানানো হয়।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন সাবেক সভাপতি মোহাম্মদ আব্দুল ওয়াদুদ তালুকদার ও ডা. আব্দুস সত্তার, সহ-সভাপতি আক্তারুর রহমান মামুন, উপদেষ্টা শওকত আকবর রিচি, ফারুক হুসাইন ও শিরিন আক্তার, মোহাম্মদ নকিব খান, সাঈদ রহমান কার্যকরী সদস্য প্রমুখ।

অনুষ্ঠান আরও উপস্থিত ছিলেন সাবেক সভাপতি মোহাম্মদ আব্দুল ওয়াদুদ তালুকদার ও ডা. আব্দুস সত্তার, সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ কায়কোবাদ খান, সাবেক সংসদ সদস্য মনিরুল ইসলাম মনি প্রমুখ।

এছাড়া কার্যকরী কমিটি ২০২২-২০২৪ সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন- এম এ সালাম আকন্দ সভাপতি, কামরুজ্জামান বাচ্চু সহ-সভাপতি, আক্তারুর রহমান মামুন সহ-সভাপতি, এস. এম মোজাম্মেল হক সাহিত্য সম্পাদক, কাজী রবি-উজ-জামান প্রচার সম্পাদক, সাঈদ রহমান কার্যকরী সদস্য, গোলাম বাচ্চু কার্যকরী সদস্য। মোস্তাক আলম চৌধুরী সাবেক চেয়ারম্যান জাগুয়া, জালাল আহমেদ সাবেক কমিশনার, মোহাম্মদ মনজুর হাসান বিপুল, মোহাম্মদ শামিম মিয়া, মোহাম্মদ হাসিব হোসেন, রাজিয়া ইসলাম, দেলোয়ার মোল্লা, আলম তালুকদার, নজরুল আলম, এমডি সিদ্দিকী, মিজানুর রহমান, গোলাম কিবরিয়া বাচ্চু, ফারহানা বেগম, দোস্তাক সরদার, সুমন, জসিম, কাজী সাইদুর রহমান, মোহাম্মদ জহিরুল ইসলাম, এমডি সালে উদ্দিন, এমডি আনোয়ার হোসেন, এমডি আলী হোসেন, এমডি মামুন সিকদার, টি এম রুহুল আমীন, মোসাম্মৎ রাশিদা বেবি সাবেক কমিশনার, রীনা আফরীন, এমডি নাসিম, এমএ বাশার খান, ফরিদা খান, নাবিলা খান, নিলয় খান প্রমুখ।

## তাহাজ্জুদ নামাজ পড়ার অভ্যাস গড়ি

২৫ পৃষ্ঠার পর

হুকুম নিয়ে। এ ছাড়া প্রতিটা রাতের শেষ প্রহরে এসে সুমহান রব ডেকে ডেকে বলেন, কে আছ? ওঠ। ক্ষমা চাও, আমি ক্ষমা করে দেব। মহান রব তাহাজ্জুদের ফজিলত বর্ণনায় বলেন, 'যে ব্যক্তি রাতেরবেলায় সিজদারত বা দাঁড়ানো থাকে, পরকালের ভয় করে এবং নিজ রবের অনুগ্রহ প্রত্যাশা করে, সে কী তার সমান যে এমনটি করে না? বলুন, যারা জানে আর যারা জানে না, তারা কি সমান হতে পারে? বস্তুত বুদ্ধিমানরাই উপদেশ গ্রহণ করে থাকে (সুরা জুমার, আয়াত : ৯)।

তাই নবিজি বলেছেন, 'তোমরা অবশ্যই রাতের ইবাদত করবে। কেননা এটা তোমাদের পূর্ববর্তী সৎকর্মশীল বান্দাদের অভ্যাস। আর এটা আল্লাহর নৈকট্য লাভের উপায়, গুনাহগুলোর কাফফারা এবং পাপের প্রতিবন্ধক'।

রব ও বান্দার মধুর কথোপকথনের নামই যেন তাহাজ্জুদ। গভীর রাত, নিস্তব্ধ প্রকৃতি চারপাশের প্রত্যেকটা জীবজন্তু অঘোর ঘুমে আচ্ছন্ন। এমন সময়ে আপনি আপনার রবের ডাকে সাড়া দিচ্ছেন, চেয়ে নিচ্ছেন আপনার যাচিত জীবনের সবকিছু। এমন একটি সুন্দর মুহূর্ত কল্পনা করাটা নিশ্চয়ই অসম্ভব নয়। তাই আসুন তাহাজ্জুদের অভ্যাস গড়ে তুলি।

## ২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপের সময়-সূচি প্রকাশ, ফাইনাল লর্ডসে

৫২ পৃষ্ঠার পর

ইংল্যান্ড ও ওয়েলস যৌথভাবে টুর্নামেন্ট আয়োজনের দায়িত্ব পায় ২০২২ সালে। এরপরই বিভিন্ন মানদণ্ড বিবেচনায় রেখে নির্বাচিত করা হয় সাতটি স্টেডিয়াম। লর্ডসে টুর্নামেন্টের আনুষ্ঠানিক ঘোষণায় উপস্থিত থাকবেন ইংল্যান্ড নারী দলের প্রধান কোচ শার্লট এডওয়ার্ডস, তারকা খেলোয়াড় ট্যামি বোমন্ট, সোফিয়া ডাঙ্কলি, সোফি একলস্টোন, লরেন বেল এবং ইংল্যান্ডের নারী রাগবি তারকা এলি কিলডান। আয়োজকেরা টুর্নামেন্টটিকে শুধু একটি ক্রীড়া ইভেন্ট হিসেবে নয়, নারী-পুরুষ সমতার পথে ক্রিকেটকে এগিয়ে নিয়ে যাওয়ার একটি বড় সুযোগ হিসেবেও দেখছেন। লক্ষ্য একটাই- নারী ক্রিকেটকে সবসময়ই রাখার মধ্যে একটি মূলধারার খেলার জায়গা তৈরি করা। আইসিসি চেয়ারম্যান জয় শাহ এবং ইংল্যান্ড-ওয়েলস ক্রিকেট বোর্ডের (ইসিবি) প্রধান নির্বাহী রিচার্ড গোল্ড এই আয়োজনের নেতৃত্বে রয়েছেন।







NOW SHOWING IN THEATRES




1. REGAL UA MIDWAY, **FOREST HILLS/QUEENS**
2. SHOWCASE CINEMA DE LUX FARMINGDALE, **FARMINGDALE/LONG ISLAND**
3. REGAL ELMWOOD CENTRE, **BUFFALO** 4. REGAL TRANSIT CENTRE, **WILLIAMSVILLE**
5. AMC JERSEY GARDENS, **ELIZABETH, NJ**
6. REGAL COMMERCE CENTRE STADIUM, **NORTH BRUNSWICK, NJ**
7. REGAL HAMILTON COMMONS, **MAYS LANDING/ATLANTIC CITY, NJ**



## ইডিপির জাঁকজমকপূর্ণ দশম বর্ষপূর্তি উৎযাপিত

৬২ পৃষ্ঠার পর

প্রতিনিধি এবং বিভিন্ন স্টেট ও সিটি অ্যাসেম্বলি থেকে আগত বিশিষ্ট ব্যক্তিবর্গরা উপস্থিত থেকে ইডিপির প্রতি সমর্থন জানান। ইডিপির প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক আবিয়া বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানটি উপস্থাপনা করেন উপস্থাপক শারমিন সোনিয়া। সার্বিক সহযোগিতায় ছিলেন প্রতিষ্ঠানটির পরিচালক আশিকুর রহমান আশিক। সার্বক্ষণিক তদারকিতে ছিলেন ইডিপির প্রোগ্রাম ম্যানেজার আব্দুল্লাহ জুবায়ের।



## জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে বাংলা নববর্ষ উদ্‌যাপন

৩ পৃষ্ঠার পর

বাংলাদেশ বিনির্মাণে বাংলাদেশ সরকারের সর্বাত্মক প্রচেষ্টাকে সফল করার আহবান জানান।

অনুষ্ঠানে বাঙালী, চাকমা, মণিপুরী, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর সংস্কৃতি তুলে ধরে মিশনের মিলনায়তনে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমবেত কন্ঠে পরিবেশিত 'এসো হে বৈশাখ' সঙ্গীতের মধ্য দিয়ে শুরু হওয়া অনুষ্ঠানে শিশু-কিশোরদের পাশাপাশি মণিপুরী, চাকমা ও মারমা শিল্পীরা কবিতা গান ও নৃত্য পরিবেশন করেন। বর্ণিল পোশাক, ঐতিহ্যবাহী বাঙালি খাবার আর শিশুদের কল-কাকলিতে মিশন প্রাঙ্গণ বাংলাদেশের সবজাতিগোষ্ঠীর এক মিলন মেলায় পরিণত হয়।



## লেখকের অঙ্গন'র গ্রন্থালোচনা

৩ পৃষ্ঠার পর

রবীন্দ্রনাথ: কিশোর জীবনী গ্রন্থের আলোচিত দিক এবং কিশোর রবীন্দ্রনাথের শৈশবের সমুজ্জ্বল স্মৃতি কথা আলোচনা করেন। আলোচক সুমন শামসুদ্দিনের আলোচনায় উঠে আসে বিশিষ্ট কবি আল মাহমুদের পাঠক নন্দিত কাব্য গ্রন্থ 'সোনালী কাবিন'-এর কাব্য ধারার অনন্য বৈশিষ্ট্য। অধ্যাপক হুসনে আরা বিশিষ্ট লেখক, গবেষক, কথা সাহিত্যিক শওকত আলীর আলোচিত উপন্যাস 'প্রদোষে প্রাকৃতজন' গ্রন্থের অন্তর্নিহিত ইতিহাস নির্ভর তৎপর্যের অনন্য সৃজন ধারার নান্দনিক বিকাশ আলোচনা করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শাহিদা পারভীন, লাইব্রেরী লিয়াজন সেলিনা শারমিন প্রমুখ।

## ঐতিহ্যের ধারায় বাফা'র বাংলা বর্ষবরণ

৬৪ পৃষ্ঠার পর

একাডেমিতে বৈশাখি উৎসবে সাংস্কৃতিক অনুষ্ঠান ছাড়াও ছিল বৈশাখি মেলা। এবারের মেলায় নানা বয়সের মানুষের উপস্থিতি অনুষ্ঠানের আকর্ষণ বাড়িয়ে দেয়। এবারের প্রতিপাদ্য ছিল 'হে নূতন দেখা দিক আরবার'। বাফার নিজস্ব ছাত্র ছাত্রীরা এই আয়োজনে উপস্থিত ছিলেন। বাফার এই শিল্পীরা উপস্থিত দর্শকদের মুগ্ধ করেছে। অনুষ্ঠানে কোন প্রবেশ ফি ছিল না। আগামী ১০ মে শনিবার ব্রুকলে অনুষ্ঠিত হবে বৈশাখি উৎসব 'গাহি সাম্যের গান'। পার্কচেস্টারে এদিন বাফার পক্ষ থেকে একটি প্যারেড অনুষ্ঠিত হবে। বাফার নির্বাহী পরিচালক ফরিদা ইয়াসমিন বলেন, আমাদের এবারের আয়োজন দর্শকদের মুগ্ধ করতে পেরেছে।



## নিউইয়র্কে বাংলাদেশ ও বাঙালির জয়গান

৬৪ পৃষ্ঠার পর

বিশ্বায়নের যুগে বাংলা সংস্কৃতির জয়গান করেন এবং সিনেটরদের কৃতজ্ঞতা জ্ঞাপন করে কথা বলেন। বিশ্ববাঙালির কাছে এই উদযাপন স্মৃতিচিহ্ন হয়ে থাকবে বলে মন্তব্য করেন রবীন্দ্রনাথ রায়।

আলবেনির ক্যাপিটল হিলে এদিন বাংলাদেশ ডে উদযাপিত হয় ব্রুকলিন বাংলাদেশি কমিউনিটির উদ্যোগে। ব্রুকলিন থেকে ২টি বাসে করে শতাধিক বাংলাদেশি নিউইয়র্ক স্টেটের রাজধানী আলবেনিতে যায়। এতে নেতৃত্ব দেন আব্দুল শহীদ, শেখ মামুন,মামুন ইসলাম, সামাদ মিয়া জাকারিয়া, আব্দুল হালিম হানয়, আব্দুর রহিম বাদশা, সোলায়মান আলী, শামীম মিয়া, খলিল উদ্দীন ও শেখ শফিক । অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পরিবেশবিদ ড. নজরুল ইসলাম ও পুষ্পকুল নাহার লতা । উক্ত অনুষ্ঠানে সিনেটর ফার্নান্দেজের পৃষ্ঠপোষকতায় মধ্যাহ্ন ভোজ শেষে শুরু হয় সমাবেশ কক্ষ(এসেমব্লি চেম্বার)-এর পর্ব। সেখানে বিশ্বজিত সাহা, ড. নজরুল ইসলাম, রবীন্দ্রনাথ রায়, সংগীত পরিচালক মহিতোষ তালুকদার তাপস এবং শিল্পী পুষ্পকুল নাহার লতার উপস্থিতিতে রেজুলেশনটি পাস করা হয়।

বিকেলে সিনেট কক্ষে পাসকৃত রেজুলেশনটি পাঠ এবং সেপুলভেদাসহ সিনেটরদের মন্তব্য ও আলোচনা শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা আনন্দঘন পরিবেশ সৃজন করে। বিশেষত টাইমস স্কয়ারে নববর্ষ উদযাপন কমিটির শিল্পীবৃন্দ মহিতোষ তাপসের নেতৃত্বে সাংস্কৃতিক অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তোলেন। একক ফোক সংগীত পরিবেশনা করেন শাহীন হোসেন।







নৃত্য পরিবেশনা করেন জবা সাহা। এই প্রথম বাংলা নববর্ষ আন্তর্জাতিক বিশ্বে রাষ্ট্রীয়ভাবে উদযাপন করা হলো।

বাংলাদেশের স্বাধীনতা দিবস (২৬ মার্চ) ও পহেলা বৈশাখকে (বাংলা নববর্ষ) আনুষ্ঠানিক স্বীকৃতি দিয়েছে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক স্টেট সিনেট। এই ঐতিহাসিক স্বীকৃতিকে অভাবনীয় অর্জন হিসেবে দেখছেন প্রবাসীরা। তারা মনে করেন, এটি শুধু নিউইয়র্কে নয়, বরং বিশ্বব্যাপী বাঙালিদের জন্য এক গর্বের মুহূর্ত।

এনআরবি ওয়ার্ল্ডওয়াইডের প্রতিষ্ঠাতা ও সভাপতি বিশ্বজিৎ সাহা বলেন, '১৪ এপ্রিলকে নিউইয়র্ক গভর্নরের পক্ষ থেকে বাংলা নববর্ষ হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। এটি সারা বিশ্বের প্রবাসী বাংলাদেশিদের ঐতিহাসিক অর্জন। আজ গভর্নরের অফিসে আমরা বাংলা জাগরণের একটি গুরুত্বপূর্ণ অধ্যায়ের সাক্ষী হলাম।' বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম বলেন, 'বিশ্বের রাজধানী বলা হয় নিউইয়র্ককে, আর নিউইয়র্ক স্টেটের রাজধানী হলো আলবেনি। আমরা আজ এখানে বাংলাদেশি ডে উদযাপন করছি, এটা আমাদের জন্য সম্মানের বিষয়।' একুশে পদকপ্রাপ্ত স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী রবীন্দ্রনাথ বলেন, 'পহেলা বৈশাখ কোনো ধর্মীয় উৎসব নয়, বরং এটি আমাদের জাতিসত্তার প্রকাশ। নিউইয়র্ক স্টেট কর্তৃপক্ষ আমাদের এই সংস্কৃতিকে সম্মান জানিয়ে যে স্বীকৃতি দিয়েছে, তার জন্য আমি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি।' উল্লেখ্য, নিউইয়র্ক স্টেট সিনেটে দুটি দিবসকে স্বীকৃতি দেওয়ার প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়, যা নিউইয়র্কের প্রবাসী বাঙালি সমাজের সাংস্কৃতিক অবস্থানকে আরও সুদৃঢ় করল।




GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরন

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনি

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c


AGE
ARE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
স্কুল আছে
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
FFICE
e Ave
432
820
4115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903

## দশম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে 'জেমিনি অ্যাওয়ার্ড' অনুষ্ঠান ৯ মে

৬২ পৃষ্ঠার পর

হোমকেয়ার-এর প্রেসিডেন্ট ও সিইও লায়ন শাহ নেওয়াজ। অনুষ্ঠানে বিভিন্ন ক্যাটাগরীতে 'জেমিনি অ্যাওয়ার্ড-২০২৫' প্রদান করা হবে। এছাড়াও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রবাসের জনপ্রিয় শিল্পীরা অংশ নেবেন।

মূলতঃ বিনোদন ম্যাগাজিন হিসেবে জেমিনি প্রবাস ছাড়াও দেশের বিশিষ্ট ব্যক্তিকে নিয়ে প্রচ্ছদ কভার করে পাঠক মহলে স্থান করে নিয়েছে এবং ব্যাপক পাঠক প্রিয়তাও পেয়েছে। সবার সহযোগিতায় জেমিনি আগামী দিনের চলার পথে আরো নতুনত্ব নিয়ে পাঠকের চাহিদা পূরণ করবে- এই প্রত্যাশা কর্তৃপক্ষের। 'জেমিনি অ্যাওয়ার্ড-২০২৫' অনুষ্ঠান সফল করতে জেমিনি সম্পাদক ও প্রকাশক লায়ন বেলাল আহমেদ সবার সার্বিক সহযোগিতা কামনা করেছেন।

বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!
SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$
Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.
BUY - SELL - RENT
আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুন
মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোনঃ 929-393-7331
Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com
EXIT
EXIT REALTY PRIME
169-10 Hillside Ave, Suite E, Queens, NY 11432
Office: 718-343-0300, Fax: 718-343-0334



## আটলান্টিক সিটিতে এনএএসিপির বার্ষিক 'ফ্রিডম ফান্ড গালা' অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

প্রধান, সিটি কাউন্সিলরগণ, নগর কর্তৃপক্ষের ঊর্ধ্বতন কর্মকর্তারাসহ বিভিন্ন কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আটলান্টিক সিটির স্কুল বোর্ড সদস্য সুব্রত চৌধুরী, বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির সভাপতি মো: জহিরুল ইসলাম বাবুল, গিয়াসউদ্দীন পাঠান, মাহমুদ শাহ প্রমুখ অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে বিভিন্ন কমিউনিটি ব্যক্তিত্বকে কমিউনিটি সেবায় অবদান রাখায় পুরস্কৃত করা হয়।

এনএএসিপির আটলান্টিক সিটি চ্যাপটারের সহসভাপতি রোজি সেগুরা 'ফ্রিডম ফান্ড গালা' অনুষ্ঠান সফল করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

Khalil Biryani House
ভোজন রসিক ও খাদ্য পিপাসুদের জন্য সুখবর!
নিউইয়র্ক ও আন্তর্জাতিক জগতে স্বনামধন্য ও বাংলাদেশি মুখরোচক ১০০% হালাল খাবারের জন্য আপনার বন্ধুবান্ধব ও পরিবারসহ নিকটবর্তী ও পছন্দের যে কোন শাখায় আসুন। আমরা আপনাদের সেবায় নিয়োজিত
* KHALIL BIRYANI HOUSE BRONX – 718-409-6840
* KHALIL HALAL CHINESE BRONX – 347-621-2884
* KHALIL SWEETS BRONX – 646-763-5073
* KHALIL BIRYANI HOUSE JAMAICA – 718-374-3225
* KHALIL BIRYANI HOUSE JACKSON HEIGHTS – 929-328-0680

VISA VISA VISA VISA VISA VISA VISA VISA VISA
• Canada Visa Processing
• UK Visa Processing
• USA Visa Processing
• India Visa Processing
• Dubai Visa Processing
• Saudia Visa Processing
• Australia Visa Processing
• Thailand Visa Processing
• Schengen Visa Processing
• সৌদি ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা
আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা এপ্লিকেশন প্রসেস করি
VISITING SCHENGEN COUNTRIES
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
Phone: 917-396-4140, 917-592-7828
7305 37th Road, Jackson Heights, NY 11372
* Visa Issued by Consulate General
VISA VISA VISA VISA VISA VISA VISA VISA VISA

## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

### আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



**সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা**




**ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা**



**১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা**




**USA 5 YEARS MULTIPLE TOURIST VISA**

### দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








# SCHENGEN TOURIST VISA

**এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ**

BANGLA TRAVELS · JACKSON HEIGHTS, NEW YORK

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

**আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার**

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

# নজরুলের সাহিত্য মানস ও বিপ্লবী দর্শন

৭ পৃষ্ঠার পর

হন। তাঁরা হলেন- উচ্চাঙ্গসঙ্গীতের সতীশচন্দ্র কাঞ্জিলাল, বিপ্লবী ভাবধারার নিবারণচন্দ্র ঘটক, ফারসি সাহিত্যে পারদর্শী হাফিজ নুরুন্নবী এবং শিল্প-সাহিত্যচর্চায় 'নগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।' কিশোর বয়সে স্কুলে থাকাকালীন সময়ে সমাজের নানারকম অসঙ্গতি ও বৈপরীত্য দেখে নজরুলের মাঝে স্বাধীনতার মন্ত্র প্রথিত হয়। তাঁর শিক্ষক নিবারণচন্দ্র ছিলেন ব্রিটিশবিরোধী মনোভাবাপন্ন একজন বিপ্লবী চেতনার মানুষ। নজরুল তাঁর কাছ থেকে সামাজিক ও রাজনৈতিক বিপ্লব সম্পর্কে অনেককিছু জ্ঞাত হন।

১৯১৭ সালের শেষদিক থেকে ১৯২০ সালের মার্চ-এপ্রিল পর্যন্ত নজরুলের সামরিক জীবনের পরিধি ছিল আড়াই বছর। সামরিক জীবনে তিনি ৪৯ বেঙ্গলি রেজিমেন্টের একজন সাধারণ সৈনিক থেকে ব্যাটেলিয়ন কোয়ার্টার মাস্টার হাবিলদার পর্যন্ত পদোন্নতি পেয়েছিলেন। সেনানিবাসের রেজিমেন্টে তিনি ফারসি ও আরবি ভাষা শেখেন। এ সময় নজরুলের মাঝে শিল্প-সাহিত্য ও সংস্কৃতি বিষয়ের উপর নানারকম প্রতিভা পরিলক্ষিত হয়। তিনি সঙ্গীতানুরাগী সৈনিক বন্ধুদের সঙ্গে দেশি-বিদেশি সঙ্গীতচর্চা করেন।

সেনাবাহিনীতে দায়িত্ব পালনের পাশাপাশি কাজী নজরুল ইসলাম সাহিত্যচর্চায় মনোযোগী হন। একই সঙ্গে তাঁর ভেতরে সাম্রাজ্যবাদবিরোধী মনোভাব এবং ভারতবর্ষের স্বাধীনতার জন্যে বিপ্লবী চেতনার উন্মেষ ঘটতে থাকে। সেনানিবাসে (চাকুরিরত অবস্থায়) বিভিন্ন বিষয়ের উপর সাহিত্য রচনা করেন। সেসব লেখাসমূহ পর্যায়ক্রমে কলকাতার বিভিন্ন পত্রপত্রিকায় প্রকাশিত হতে থাকে।

নজরুলের সে সময়কার রচনাবলির মধ্যে রয়েছে 'বাউন্ডুলের আত্মকাহিনী' সওগাত, (মে ১৯১৯) নামক প্রথম গদ্য রচনা, প্রথম প্রকাশিত কবিতা 'মুক্তি' (বঙ্গীয় মুসলমান সাহিত্য পত্রিকা, (জুলাই ১৯১৯) এবং অন্যান্য রচনা: গল্প 'হেনা', 'ব্যথার দান', 'মেহের নেগার', 'ঘুমের ঘোরে'; কবিতা 'আশায়', 'কবিতা সমাধি' প্রভৃতি। উল্লেখযোগ্য যে, করাচি সেনানিবাসে থাকা অবস্থায় তিনি কলকাতার বিভিন্ন সাহিত্যপত্রিকা, যেমন- প্রবাসী, ভারতী, মানসী, মর্মবাণী, সবুজপত্র, সওগাত ও বঙ্গীয় মুসলমান সাহিত্য পত্রিকার গ্রাহক ছিলেন। তাছাড়া তাঁর কাছে রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র, এমনকি পারস্যের কবি হাফিজ ও ওমর খৈয়ামের কিছু কাব্যগ্রন্থ ছিল।

কিশোর বয়স থেকে শুরু করে এবং সেনাবাহিনীতে যোগদানের পর করাচি সেনানিবাসেই মূলত নজরুলের আনুষ্ঠানিকভাবে সাহিত্যচর্চার যাত্রা। সাহিত্য চর্চার মধ্যদিয়ে ক্রমে ক্রমে তাঁর ভিতরে বিপ্লবীচেতনার উন্মেষ ঘটে। এছাড়া তিনি প্রথম বিশ্বযুদ্ধ এবং ইরাক মেসোপটেমিয়ার যুদ্ধে অংশগ্রহণ করেন। ড. সুকুমার সেন রচিত বাংলা সাহিত্যের ইতিহাস থেকে জানা যায়-" মেসোপটেমিয়া গিয়া নজরুল স্বাধীনতাকামী নবজাগ্রত মুসলিম রাষ্ট্র তুর্কীর উদ্যম খানিকটা প্রত্যক্ষ করিয়াছিলেন। ইহাই তাঁহার বিদ্রোহ-উল্লাসের সুর আনিয়াছিল।" কিন্তু এটাও বলতে হবে যে, ছোটবেলা থেকেই নজরুলের মধ্যে এক ধরনের তেজস্বিতা, ক্ষীপ্র মনোভাব ও প্রতিবাদী চেতনা পরিলক্ষিত হয়। কোথাও কোন অন্যায় ও অসঙ্গতি চোখে পড়লে তিনি ব্যথিত হতেন এবং তাৎক্ষণিকভাবে অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করতেন। মানুষের দুঃখ-কষ্ট ও মৌলিক অধিকার বিষয়ে তাঁর মধ্যে সবসময় মানবীয় কল্যাণচিন্তা, স্বাধীনতা ও মুক্তির জন্যে ক্ষীপ্র মনোভাব জাগ্রত ছিল। মানুষের সুখের সঙ্গী হওয়ার চেয়ে দুঃখি ও নিপীড়িত মানুষের বিপদে দুঃখের সঙ্গী হয়ে থাকাটা বেশি শ্রেয়। তাঁর রচিত বিপ্লবী গান ও কবিতার মাধ্যমে প্রগতিশীল ও স্বাধীনতাকামী একটি বিরাট বিপ্লবী যুবসম্প্রদায় গড়ে উঠেছিল। শুধু তাই নয়, নজরুল সরাসরি গণমুক্তি আন্দোলনে যোগদানও করেছিলেন। গণমানুষের স্বাধীনতা ও মুক্তির জন্য নজরুলের রাজনৈতিক ভাবনা ও রাজনীতির সঙ্গে সম্পৃক্ততাও ব্রিটিশ বিরোধী ধ্যান-ধারণাও ছিল গণমুখি এবং স্পষ্ট। সর্বক্ষেত্রেই তিনি প্রকাশ্যে ভারতবর্ষের অবহেলিত মানুষের অধিকার রক্ষা ও মুক্তির লড়াইয়ের মনোভাব পোষণ করতেন। ব্রিটিশ সাম্রাজ্যবাদ ও অত্যাচার,নির্যাতন ও নিপীড়নের প্রকাশ্য প্রতিবাদ করতেন। সাহিত্যের বহুলাংশে বিপ্লবের দীক্ষাসম্বৃত কাব্যগাঁথা বিপ্লবীসঙ্গীতের ঝংকার তুলে ভারতবর্ষকে কাঁপিয়ে তুলেছিলেন। কবিতায় তাঁর প্রতিবাদের ভাষাও ছিল দুঃসাহসী ও সুদৃঢ়।



তিনি লিখেন-

"শোন্ অত্যাচারী! শোন রে সঞ্চয়ী!
ছিনু সর্বহারা, হব সর্বজয়ী।
ওরে সর্বশেষের এই সংগ্রাম মাঝ
নিজ নিজ অধিকার জুড়ে দাঁড়া সবে আজ।"

নজরুলের প্রত্যাশা ও স্বপ্ন ছিল, -নিশ্চয়ই একদিন ভারতবর্ষে ব্রিটিশ সাম্রাজ্যবাদের মূলোৎপাটন ঘটবে। মানুষের মুক্তি ও স্বাধীনতার সূর্য উদিত হবে। একটি শোষণমুক্ত সমাজ প্রতিষ্ঠিত হবে।

সুমিতা চক্রবর্তীর রচনা থেকে জানা যায় যে,- "নজরুল কিশোর বয়স থেকেই স্বাধীনতা চেয়েছেন। জীবনের পুরোসময় যতদিন সুস্থ ছিলেন সর্বসময়েই স্বাধীনতা সংগ্রামে আত্মনিয়োজিত হওয়ার জন্য সবাইকে উদ্দীপ্ত করে তুলেছেন। সেই চেতনা আমরা দেখতে পাই নজরুলের যুদ্ধে যাবার সংকল্প থেকে। যে তরুণ সতেরো বছর বয়সে যুদ্ধযাত্রী বাঙালি সৈনিকদের দেখে আলোড়িত হয়েছিলেন এবং নিজে যুদ্ধে যাবার সংকল্প করেছিলেন। তাঁর রাজনীতিবোধ যথেষ্ট পরিণত এবং সুদৃঢ় হয়ে উঠেছিল সন্দেহ নেই।"

আগেই উল্লেখিত হয়েছে যে, সেনাবাহিনীর চাকুরি ছেড়ে দিয়ে নজরুল কলকাতায় ফিরে আসেন এবং পুরোপুরিভাবে সাহিত্যচর্চায় নিয়োজিত হন।

প্রথমেই তিনি শৈশবের বন্ধু শৈলজানন্দ মুখোপাধ্যায়ের মেসে উঠেন। কিন্তু সেখানে জাতিভেদ পোষণকারী কয়েকজন হিন্দুর বিরাগভাজন হন। এইসব বন্ধুদের চিন্তা-চেতনার ফারাক দেখে নজরুল অনুধাবন করলেন যে,এখানে থাকা ঠিক হবে না। যদিও তাঁর বন্ধু শৈলজানন্দ চেয়েছিলেন,নজরুলকে তিনি তাঁর সঙ্গে রাখতে। কিন্তু নজরুল থাকেন নি। অতঃপর তিনি সবকিছু নিয়ে বঙ্গীয় মুসলমান সাহিত্য পত্রিকা'র অফিসে উঠেন। সেখানে তিনি বিরামহীন লিখতে শুরু করেন। ব্যক্তিজীবনে নজরুল যেমন ছিলেন তীক্ষ্ণ বুদ্ধিমান ও প্রখর মেধাবী। তেমনই তাঁর সূক্ষ্ম ও অন্তর্দৃষ্টিধারা সমাজ ও রাষ্ট্রের অসঙ্গতি এবং বৈপরীত্যসমূহ সহজেই ধরতে পারতেন। সত্যকে সত্য বলা এবং মিথ্যা ও অন্যায়ের বিরুদ্ধে কথা বলতে কোন দ্বিধা করতেন না। যা সত্য তা-ই। কোন তোষামোদি কিংবা লৌকিকতা নেই। সমাজের অধিকারহারা মানুষের মুক্তি এবং ভারতবর্ষের স্বাধীনতার জন্য নজরুলের হৃদয়ে সর্বদা বিপ্লবের আগুন প্রজ্জ্বলিত ছিল। কোন জেল-জুলুম ও মৃত্যুভয় তাঁকে বিপ্লবী মনোভাব ও মুক্তমনা চিন্তা-চেতনা থেকে বিচ্যুত করতে পারেনি। একইভাবে ভারতবর্ষের পূর্ণ স্বাধীনতা লাভের আকাঙ্ক্ষায় নজরুলের রাজনৈতিক ভাবনা ছিল বাস্তবমুখি। সকল প্রকার নিপীড়ন ও শোষণের হাত থেকে মানুষকে মুক্ত করবার লক্ষ্যে,বিপ্লবী সাহিত্য রচনা করে তিনি ভারতবর্ষের গণমানুষকে স্বাধীনতা সংগ্রামের দীক্ষা দান করেছেন এবং তাঁদের মুক্তিকামী জনতাকে স্বাধীনতাসংগ্রামে জাগিয়ে তোলার চেষ্টা করেছেন।

শুধু ভারতেই নয় পৃথিবীর মুক্তিকামী মানুষের জন্য নজরুলের সাহিত্যাদর্শ মাইলফলক। বাংলাদেশের মুক্তিসংগ্রাম ও মহান মুক্তিযুদ্ধে নজরুলের রণসঙ্গীত ও বিপ্লবী গানসমূহ বিরাট ভূমিকা রেখেছিল।

পরাধীন দেশে,অবহেলিত জনগোষ্ঠীর মুক্তির পথ ও ভারতবর্ষের স্বাধীনতার জন্য গণমানুষকে উদ্দীপ্ত করনের হাতিয়ার হিসেবে নজরুল বেশ কয়েকটি পত্রিকা সম্পাদনা করেন। সেসব পত্রিকার মাধ্যমে ভারতবর্ষে স্বাধীনতার বাণী সম্প্রসারিত হয়। তাঁর সম্পাদিত 'ধূমকেতু' পত্রিকার মাধ্যমে সর্বপ্রথম কাজী নজরুল ইসলাম প্রকাশ্যে ভারতবর্ষের স্বাধীনতা ঘোষণা করেন। নজরুল ছিলেন শক্তিশালী কলমযোদ্ধা।

তাঁর শানিত লিখনীতে ফুটে ওঠেছে বিদ্রোহী মনোভাবাপন্ন বিপ্লবীধারার সৃজনশীল সাহিত্য। কেননা, গণমানুষের আকুতি এবং তাঁদের চাওয়া-পাওয়ার বিষয়টি সর্বদা নজরুলকে চিন্তিত ও উৎকণ্ঠিত করে রাখতো।

কবি তাঁর ক্ষুরধার লিখনীর মধ্যদিয়ে সর্বপ্রকার অন্যায়, জুলুম ও অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ গড়ে তোলেন। যা ভারতবর্ষে ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের ভিত কাঁপিয়ে তুলেছিল। সেজন্য পরবর্তীতে নজরুলকে জেলও খাটতে হয়েছে। ব্রিটিশ সাম্রাজ্যবাদের শোষণপ্রক্রিয়া ও তাদের গণবিরোধী অন্যায় কার্যক্রম এবং অত্যাচারের বিরুদ্ধে নজরুলের ভূমিকা ছিল বজ্রের মতো কঠিন। তিনি সর্বপ্রথম উপমহাদেশের মজলুম জনতাকে সরাসরি ব্রিটিশের বিরুদ্ধে রুখে দাঁড়াবার প্রেরণা দান করেন। তিনি কবি-সাহিত্যিকদের কলমযুদ্ধে অংশগ্রহণের আহ্বান জানান। এমনকি রাজনীতিতে সাধারণ মানুষের মুক্তির জন্য সবাইকে স্বাধীনতাসংগ্রামে অবতীর্ণ হওয়ার আহবান জানিয়েছিলেন। বিপ্লবী রাজনৈতিক কর্মীরা তাঁর নিকট থেকে প্রেরণা লাভ করেন। কোন প্রকার জেল-জুলুমকে ভয় না করে সাহসিকতার সাথে দৃপ্তকণ্ঠে তিনিই সর্বপ্রথম বাঙালি কলম সৈনিক যিনি, উচ্চারণ করেন-

"কারার ঐ লৌহ কপাট/ভেঙে ফেল কর রে লোপাট/রক্ত জমাট/শিকল পূজার পাষাণ বেদী/ওরে ও তরুণ ঈশান/বাজা তোর প্রলয় বিষাণ/ধ্বংস নিশান/উড়ুক প্রাচীর/প্রাচীর ভেদি"

-"লাথি মার ভাঙরে তালা/যত সব বন্দী-শালায়/আগুন জ্বালা ফেল উপাড়ি। 'এই শিকল পরা ছল মোদের এই শিকল পরা ছল/এই শিকল পরেই শিকল তোদের করব রে বিকল।"

বিদ্রোহী কবি নজরুল পরাধীনতার শিকল ভেঙে ভারতবর্ষের মানুষকে স্বাধীনতার স্বপ্ন দেখিয়েছেন। তিনি লিখেছেন পৃথিবীর মুক্তিকামী মানুষের পথ দেখিয়ে লিখেছেন জাগরণী কবিতা এবং সর্বকালের শ্রেষ্ঠ কবিতা' রচনা করেন।

লিখেছেন:

--"বল বীর, চির উন্নত মম শির!
শির নেহারি' আমারি নতশির ওই শিখর হিমাদ্রির!
--"মহাবিদ্রোহী রণক্লান্ত/আমি সেই দিন হবো শান্ত
মহা-বিদ্রোহী রণ ক্লান্ত
আমি সেই দিন হব শান্ত,
যবে
উৎপীড়িতের ক্রন্দন-রোল
আকাশে বাতাসে ধ্বনিবে না-
অত্যাচারীর খড়্গ কৃপাণ ভীম রণ-ভূমে রণিবে না-
বিদ্রোহী রণ ক্লান্ত
আমি সেই দিন হব শান্ত।"

এই বিদ্রোহী কবিতা হচ্ছে নিপীড়িত মানুষের মুক্তি ও স্বাধীনতা প্রতিষ্ঠার জাগরণী শক্তি এবং সর্বকালের শ্রেষ্ঠতম বিপ্লবী কবিতা। শোষক ও উৎপীড়িতের বিরুদ্ধে সর্বকালের শ্রেষ্ঠতম সাহসী হাতিয়ার। যে কবিতার সমতুল্য বাংলা সাহিত্যে দ্বিতীয়টি নেই। কাজী নজরুল ইসলামের এই কবিতার শুরুটাই হয়েছে আত্মবিশ্বাস, অদম্য সাহস ও দুর্জয় মানসিকতা ও দৃঢ়তার উপর। শুধু বাংলাভাষা নয় বিদ্রোহী কবিতার স্থায়ী প্রেরণা ও আবেদন পৃথিবীর সকল ভাষাভাষী মানুষের মুক্তি ও কল্যাণে নিবেদিত। কবিতাটি যাত্রালগ্নে তিনি শুরু করেছেন এভাবে-

"বল বীর-
বল উন্নত মম শির!
শির নেহারি আমারি,
নত-শির ওই শিখর হিমাদ্রীর!
বল বীর -
বল মহাবিশ্বের মহাকাশ ফাড়ি'
চন্দ্র সূর্য গ্রহ তারা ছাড়ি'
ভূলোক দ্যুলোক গোলক ভেদিয়া,
খোদার আসন 'আরশ' ছেদিয়া
উঠিয়াছি চির-বিস্ময় আমি বিশ্ব-বিধাত্রীর!"

নজরুলের 'বিদ্রোহী' কবিতাটি প্রকাশিত হওয়ার পর তিনি পূর্বের তুলনায় অনেক গুন বেশি জনপ্রিয়তা লাভ করেন। বিদ্রোহী কবিতাটি পাঠক এবং গণমানুষের মনে উৎসাহ, উদ্দীপনা জাগায়। বিদ্রোহী কবিতাটি প্রকাশিত হওয়ার পূর্বে এ ধরণের প্রতিবাদমুখর কবিতা বাংলা সাহিত্যে প্রকাশিত হয় নি। এই কবিতাটির মাধ্যমে কবি তৎকালীন শাসকের বিরুদ্ধে তিনি তাঁর দুঃসাহসী অবস্থানকে তুলে ধরেন। ভারতবর্ষের মানুষদেরকে ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে সচেতন করে তুলেন।

তেমনি 'বিদ্রোহের বাণী' নামক সুদীর্ঘ কবিতায় বিপ্লবের দীক্ষাসম্বৃত উল্লেখ করেন-

"যেথায় মিথ্যা ভণ্ডামি ভাই করব সেথাই বিদ্রোহ!
ধামা-ধরা! জামা ধরা! মরণ-ভীতু! চুপ রহো!
আমরা জানি সোজা কথা, পূর্ণ স্বাধীন করব দেশ!"

এছাড়া 'আনন্দময়ীর আগমনে' কবিতা লিখে তুমুল আলোড়ন সৃষ্টি করেন। কাজী নজরুল ইসলামের উপর ব্রিটিশ শাসকরা নিপীড়ন চালায়। তিনি একবছর জেল খাটেন।

নজরুলের কবিতায় স্বাধীনতাকামী মুক্তিপাগল মানুষকে যেভাবে জাগিয়ে তুলেছে, অন্য কোন বাংলা কবিতা ও গানে মানুষের মধ্যে সেরকম জাগরণ আনা সম্ভব হয়নি।

তিনি লেখেন-

"ভীম কারার ওই ভিত্তি নাড়ি!
লাথি মার ভাঙরে তালা!
যত সব বন্দীশালায়-
আগুন জ্বালা,
আগুন জ্বালা, ফেল উপাড়ি।"

তিনি (৭ জানুয়ারি১৯২৩)কলকাতার প্রেসিডেন্সী জেলে বন্দী থাকা অবস্থাও প্রতিবাদমুখর ছিলেন। তিনি তাঁর যুবক অনুসারিদের সঙ্গে ব্রিটিশ সরকারবিরোধী বিপ্লব সংক্রান্ত যোগাযোগ করতেন। তিনি বলেন--'আমার বলাই, আমার ভয় নাই, দুঃখ নাই। জেলের অভ্যন্তরে তিনি লিখেন (৭ জানুয়ারি ১৯২৩,রবিবার):

-"ঐ অত্যাচারীর সত্য পীড়ন/ আছে তাঁর আছে ক্ষয়;
সেই সত্য আমার ভাগ্য-বিধাতা/যার হাতে শুধু রয়।"

কবিতা ও গান ছাড়াও নজরুলের বিভিন্ন পত্রিকায় সম্পাদকীয় লিখেও তিনি বিপ্লবের অনুপ্রেরণা দান করেন।

নজরুলের অপ্রতিরোধ্য ভূমিকা ও মনোবলের ফলে ভারতবর্ষের নিপীড়িত মানুষের মুক্তির পথ খুলতে শুরু করে। গান ও কবিতার বৈপ্লবিক ঝংকারে গণমানুষের স্বাধীনতা সংগ্রামের পথ সুগম হয়। তিনি যেমন কবিতা লিখেছেন,-তেমনি বিপ্লবী চেতনার অসংখ্য গান রচনা করেছেন এবং নিজের সুরকে প্রতিষ্ঠিত করেছেন।

তাঁর রচিত ও সুরারোপিত গানগুলির মধ্যে যেমন একটি গান এরকম:-- 'এ কোন পাগল পথিক ছুটে এলো বন্দিনী মার আঙিনায়,
আজি রক্ত-নিশি ভোরে/ একি এ শুনি ওরে/ মুক্তি-কোলাহল বন্দী-শৃঙ্খলে' প্রভৃতি।

এছাড়া 'তরুণের সাধনা', 'রাজবন্দীর জবানবন্দী', 'মন্দির ও মসজিদ', 'হিন্দু-মুসলমান', 'জন-সাহিত্য,' যদি আর বাঁশী না বাজে,'সহ অনেক লেখা বাংলা সাহিত্যে চিরন্তন ও অবিস্মরণীয় হয়ে আছে। সকল ধরণের সাহিত্য রচনা এবং সাহসী কাব্য লেখনীর মাধ্যমে তিনি গণমানুষকে জাগ্রত করার চেষ্টা করেছেন। কাজী নজরুল ইসলাম পরাধীনতা, ব্রিটিশ শাসকের শোষণের কবল থেকে জাতিকে প্রথম ভারতবর্ষের স্বাধীনতা ঘোষণা করেন ও মুক্ত হওয়ার ডাক দিয়েছিলেন। তাঁর প্রত্যয়ী লেখনী ও বলিষ্ঠ ভূমিকা ভারতবর্ষের গণমানুষকে মুক্তিসংগ্রামে অনুপ্রাণিত হওয়ার পথ দেখিয়েছে। তিনি জাগ্রত করেছেন মানবীয় জাতীয়তাবোধ। তাঁর বিপ্লবীধারার শানিত লেখা ব্রিটিশ শাসকের ভীত কাঁপিয়ে তুলেছিল। তিনি ছিলেন মানবতার কবি। রাষ্ট্রপুঞ্জ ও রাজনীতিতে শাসকশ্রেণীর অবদমিত ষড়যন্ত্র,হিংসাবতী শাসনব্যবস্থার বিরুদ্ধে কথা বলার ক্ষেত্রে এবং আমাদের আত্মবিস্মৃত জাতিকে এমনভাবে আর কেউ আহবান জানাতে পারেন নি।

নজরুল ছিলেন বাংলা সাহিত্যের শক্তিমান কবি। কৈশোর থেকেই তাঁর মাঝে অসাধারণ কাব্যক্ষমতা ও সাহিত্য প্রতিভার দিকগুলো পর্যায়ক্রমে ফুটে উঠতে থাকে। অসুস্থ হওয়ার পূর্ব পর্যন্ত তিনি তাঁর শিল্পবোধ ও বিরামহীন সাহিত্যরচনায় লিপ্ত ছিলেন। তাঁর সমতুল্য প্রতিভাবান কবি ভারতবর্ষে বিরল। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ,গণমানুষের মুক্তি ও স্বাধীনতা সমগ্রামে নজরুলের কিংবদন্তী কবিতা, সঙ্গীত ও সমগ্র সাহিত্যকর্ম বিরাট ভূমিকা রাখে।

তিনি ছিলেন দুঃসাহসী, দুর্জয় মানসিকতার এক অপ্রতিরোধ্য কবি। বিপ্লবী ও প্রতিবাদী সাহিত্যের জন্যই তিনি ব্রিটিশ সরকারের হাতে নির্যাতিত হয়েছেন। জেল খেটেছেন। কিন্তু অন্যায়ের সাথে কোন আপোষ করেন নি। পৃথিবীর বিভিন্ন অঞ্চলে মানবাধিকারসংশ্লিষ্ট যুদ্ধ,আগ্রাসন এবং আমাদের অবক্ষয়ী সমাজের সকল প্রকার অত্যাচার, নিপীড়ন,অনাচার ও অসঙ্গতির বিরুদ্ধে কাজী নজরুল ইসলামের সাহিত্য নিপীড়িত মানুষকে জাগ্রত করবে। চিরকাল তাঁর শিল্পবোধ,কর্মজীবন ও সাহিত্যাদর্শ মানবতার কল্যাণের পাথেয় হবে। তাঁর সাহিত্যাদর্শ নিপীড়িত মানুষের মুক্তির পথ সুগম করবে এবং যুগে যুগে গণবিপ্লবের পথে প্রেরণা যোগাবে।

লেখক: কবি ও প্রাবন্ধিক।
(জাতীয় কবির জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রবন্ধটি রচিত)



- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

Address:
Queens: 148-45 Hillside Ave, Jamaica, NY 11435
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

আমাদের সার্ভিস সমূহ

এয়ার টিকেটিং
হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
HOTEL
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন?

- বিশেষজ্ঞ দল
- যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- প্রিমিয়াম সহায়তা
- নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR

এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA
QATAR AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES

ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## অনিচ্ছায় অর্জিত সুদের বিধান

২৫ পৃষ্ঠার পর

ব্যাংক ছাড়া সম্পাদন করার বিকল্প ব্যবস্থা থাকে না। তাই মানুষ কখনো কখনো নিরুপায় হয়ে সুদভিত্তিক ব্যাংকের সহায়তা নিতে বাধ্য হয়। যেমন: সরকারি ও বেসরকারি বড় প্রতিষ্ঠানগুলোতে সাধারণত কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতা সরাসরি হাতে হাতে দেওয়া হয় না। বরং ব্যাংকের মাধ্যমে দেওয়া হয়। সে জন্য কোনো ব্যাংকে প্রতিষ্ঠানের সব কর্মকর্তা ও কর্মচারীর নামে পৃথক পৃথক অ্যাকাউন্ট খোলা হয়। প্রতিষ্ঠান প্রতি মাসের নির্দিষ্ট তারিখে প্রত্যেকের অ্যাকাউন্টে তার বেতন-ভাতা জমা দিয়ে দেয়। এরপর কর্মচারীরা ব্যাংকে গেলেই সবাই নিজ নিজ বেতন ওঠাতে পারে। এই অ্যাকাউন্ট যেহেতু সেভিংস অ্যাকাউন্ট হয়, ফলে ইচ্ছা না থাকলেও বছর শেষে তাদের অ্যাকাউন্টে সুদের অর্থ চলে আসে।

এখানে চাকরিজীবীর কিছুই করার থাকে না। কোনো চাকরিজীবী এতে আপত্তি করলেও তার জন্য প্রতিষ্ঠান আলাদাভাবে ইসলামী শরিয়া মোতাবেক পরিচালিত ব্যাংকে অ্যাকাউন্ট করতে দেবে না। তারা সবার জন্য কোনো সুদি ব্যাংকে গ্রুপ অ্যাকাউন্ট করে রাখে। এখানে যেহেতু চাকরিজীবী বাধ্য। অ্যাকাউন্ট খোলার ক্ষেত্রে তার কোনো এখতিয়ার নেই। তাই ওই সেভিংস অ্যাকাউন্ট তথা সেলারি অ্যাকাউন্ট খোলার গুনাহ চাকরিজীবীর ওপর আরোপ হবে না। এর সব দায় ও গুনাহ প্রতিষ্ঠানের হবে। তাই যারা বিভিন্ন প্রতিষ্ঠানের কর্ণধার আছেন, তাঁদের উচিত, ধর্মপ্রাণ কর্মচারীদের সুবিধার্থে শরিয়া মোতাবেক পরিচালিত কোনো ব্যাংকে তাদের সেলারি অ্যাকাউন্ট খোলার ব্যবস্থা রাখা। কারণ ধর্মপ্রাণ অনেক মুসলমানই বিষয়টা নিয়ে বেশ চিন্তায় থাকেন। যাদের এ রকম ব্যবস্থা নেই, তাদের অ্যাকাউন্টে বছরান্তে অনিচ্ছাকৃত সুদের কিছু টাকা চলে আসে। এ পরিস্থিতিতে তাঁদের করণীয়গুলো সংক্ষেপে দেওয়া হলো, এখানে কর্মচারীদের করণীয় হলো, প্রতি মাসে সেলারি অ্যাকাউন্টে বেতনের অর্থ আসামাত্র তা তুলে শরিয়া মোতাবেক পরিচালিত কোনো ব্যাংকে রেখে দেবে। যদি নিজের কাছে ক্যাশ রাখার কোনো নিরাপদ ব্যবস্থা থাকে সেটা আরো ভালো। কিন্তু এর পরও যদি বছর শেষে তার অ্যাকাউন্টে কোনো সুদ চলে আসে, তবে সে ক্ষেত্রে অবশ্যই সেই টাকা সুদদাতাকে ফেরত দিতে হবে। (ফাতাওয়ায়ে ফকীহুল মিল্লাত : ১০/১২৪) কিন্তু ব্যাংকের ক্ষেত্রে যেহেতু নির্দিষ্ট সুদদাতা বের করা অসম্ভব, তাই সওয়াবের নিয়ত না করে কোনো জাকাত খাওয়ার উপযুক্ত মিসকিনকে তা দান করে দিতে হবে। (আহসানুল ফাতাওয়া : ৭/১৬, ফাতাওয়ায়ে ফকীহুল মিল্লাত : ১০/১২৬) অনেকের ধারণা সুদের টাকা হাতে এলে তা দিয়ে কোনো মসজিদের টয়লেট ইত্যাদি বানাতে হয়, এটা ভুল। কোনো অবস্থাতেই সেই টাকা মসজিদ, মাদরাসা বা কোনো জনকল্যাণমূলক কাজ (যেমন রাস্তাঘাট নির্মাণ, পাবলিক টয়লেট নির্মাণ) ইত্যাদিতে খরচ করা যাবে না। (ইমদাদুল মুফতিন, পৃ. ৫৮৬, ফাতাওয়ায়ে ফকীহুল মিল্লাত : ১০/১৩১) অনেকেই প্রশ্ন করে থাকেন, এ ধরনের টাকা গরিব আত্মীয়-স্বজনকে দেওয়া যাবে কি না? আত্মীয়-স্বজনের ভেতর যারা জাকাত খাওয়ার উপযুক্ত আছে, সুদের টাকা অনিচ্ছাকৃত হাতে এলে তাদেরও এই টাকা দেওয়া যাবে। (আহসানুল ফাতাওয়া : ৭/১৬)

তবে এটা তাবার অবকাশ নেই যে তাহলে গরিব-মিসকিন ও অসচ্ছল আত্মীয়দের দান করার উদ্দেশ্যেও সুদি কারবার করা যেতে পারে। জেনেশুনে গরিব-মিসকিনদের মধ্যে বণ্টন করার উদ্দেশ্যে সুদি লেনদেন করে সুদ উসুল করা জায়েজ নেই। (ফাতাওয়ায়ে ফকীহুল মিল্লাত : ১০/১২৯)

মহান আল্লাহ আমাদের সবাইকে হালাল পথে চলার তাওফিক দান করুন।

## মাকসুদ চৌধুরী গ্রেফতার ও জামিনে মুক্তি লাভ

১ পৃষ্ঠার পর

বৃহস্পতিবার তারা কোর্ট থেকে জামিনে ছাড়া পেয়েছেন।

চট্টগ্রাম সমিতির নির্বাচনী ফলাফলকে কেন্দ্র করে তাহের- আরিফ প্যানেলের সমর্থকদের সাথে মাকসুদ চৌধুরীর বিরোধ চলছিল। নির্বাচন কমিশন তাহের ও আরিফকে চূড়ান্ত ফলাফলে বিজয়ী ঘোষণা করলে এ বিরোধ চরম আকার ধারন করে। পরবর্তীতে চট্টগ্রাম সমিতির অফিসে প্রবেশকে কেন্দ্র করে তা পুলিশী অভিযোগ পর্যন্ত গড়ায়। সভাপতি আবু তাহের ও সাধারণ সম্পাদক আরিফ সমিতির অফিসের তালা ভাঙা, ট্রাসপাসিং সহ নানা অভিযোগ আনেন। পুলিশ অবনের ক্যামেরা ফুটেজ দেখে গত ১৮ মার্চ সাবেক সভাপতি আহসান হাবিবকে গ্রেফতার করে। একই অভিযোগে জড়িত বিবাদী মাকসুদ, ফিরোজ ও হারুন বুধবার ৩০ এপ্রিল ব্রুকলিনের ৬৬ প্রিসিংকটে গেলে পুলিশ তাদের আটক করে। বৃহস্পতিবার কোর্ট থেকে তারা জামিনে ছাড়া পান।

এ ব্যাপারে চট্টগ্রাম সমিতির গত নির্বাচনে সভাপতি পদ প্রার্থী মাকসুদ এইচ চৌধুরীর দৃষ্টি আকর্ষণ করলে তিনি আজকালকে বলেন, একটি মিথ্যা অভিযোগ এনে তাহের ও আরিফরা মামলা দায়ের করেছে। আমিই জনগণের ভোটে নির্বাচিত সভাপতি। ওরা দ্রুত, তালা ভাঙা সহ নানা অভিযোগ এনে আমাদের বিরুদ্ধে পুলিশের কাছে রিপোর্ট করেছে। যা মিথ্যা। আমরা প্রিসিংকটে গিয়েছিলাম। তারা আমাদের আটক করেছিল। বৃহস্পতির জামিনে বেরিয়ে এসেছি। এ মিথ্যা মামলা ও অভিযোগের বিরুদ্ধে আমরা লড়বো। আদালতের রায় আমাদের পক্ষে আসবে ইনশাআল্লাহ। সমিতির সভাপতি তাহের ও আরিফ বৃহস্পতিবার রাতে আজকালকে বলেন, তারা অফিসের তালা ভেঙে ভিতরে প্রবেশ করেছিল। পুলিশ ভিডিও ফুটেজ দেখে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে। আমরা মামলা করিনি। ঘটনার জন্য পুলিশকে রিপোর্ট করেছিলাম। মামলা করিনি।

## নয়া রাজনৈতিক বন্দোবস্ত কতোদূর?

৬ পৃষ্ঠার পর

নির্দেশনা দিয়েছেন। সাংগঠনিক শৃঙ্খলা রক্ষার জন্য আগের মৌখিক সতর্কতা অমান্যের পরিপ্রেক্ষিতে সালাউদ্দিন তানভীরকে দলের সব দায়িত্ব ও কার্যক্রম থেকে অব্যাহতি দেয়া হয়েছে বলেও উল্লেখ করা হয় চিঠিতে। এর আগের দিন বাংলামোটরে রূপায়ন ট্রেড সেন্টারে এনসিপি'র তৃতীয় সাধারণ সভায় কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির নেতাদের কঠিন প্রশ্নের মুখোমুখি হতে হয় তাকে। যদিও আত্মপক্ষ সমর্থন করে সব প্রশ্নের জবাব দেন তিনি। বলেন, কোনো প্রমাণ হাজির করতে পারলে তিনি নিজেই পদত্যাগ করবেন। অবশ্য তানভীরের উত্থানও রহস্যেঘেরা। কোথা থেকে এলেন, কীভাবে দলে পদ বাগিয়ে নিলেন তা নিয়ে রয়েছে রহস্য। এনসিপি'র উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম হাত ধরে তানভীরের এনসিপিতে আসা বলে অনেকে দাবি করেন। তানভীরের বিরুদ্ধে অভিযোগ- কোনোভাবেই নতুন রাজনীতির পক্ষে যায় না।

এ ছাড়াও পুরনো রাজনীতির দৃশ্যপট দেখা গেছে সারজিস আলমের নিজ জেলা পঞ্চগড় সফরের সময়ও। বিশাল গাড়িবহর নিয়ে এলাকায় শোডাউন দেয়ার বিষয়টি নিয়ে নানা সমালোচনার সৃষ্টি করে। চলতি মাসেই হাসনাত আবদুল্লাহ ও সারজিস আলম যুবক চেয়ারম্যানের সঙ্গে দেখা করার বিষয়টি নিয়ে ব্যাপক সমালোচনা দেখা যায়। তাই তো এনসিপি'র সাধারণ সভায় সারজিসকে নানা প্রশ্নের জবাব দিতে হয়েছিল। তার বিরুদ্ধেও স্বজনপ্রীতি ও তদবির বাণিজ্যের অভিযোগ উঠে। সেদিন আত্মপক্ষ সমর্থন করে বক্তব্য দেন সারজিস। সংগঠনটির যুগ্ম সদস্য সচিব তুলরাত আফসানসহ কয়েকজনের বিরুদ্ধে ওয়াসার মাস্টাররোলে কর্মী নিয়োগে তদবিরের অভিযোগ উঠে। আরেক নেতা আব্দুল হান্নান মাসুদও নানা সময় আলোচনায় থাকছেন। দলের মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর অভিজ্ঞতা মুখোমুখি এনসিপি। এসব কিছুই নতুন রাজনীতিকে সমর্থন করে না বলে মনে করেন অনেকে। কিন্তু এনসিপি নেতারা সেগুলো কতোটুকু বুঝতে পারছেন- সে প্রশ্ন রাখাই যায়। এ ছাড়াও বৈষম্যবিরোধী ছাত্রআন্দোলনের সাবেক সমন্বয়ক ও বর্তমান যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদের এপিএস মোয়াজ্জেম হোসেনের বিরুদ্ধে গত কয়েক মাসে নানা অনিয়মের অভিযোগ ওঠে। সোমবার তাকে তার পদ থেকে অব্যাহতি দিয়ে প্রজ্ঞাপন জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়। একই অভিযোগে অব্যাহতি দেয়া হয়েছে বৈষম্যবিরোধী ছাত্রআন্দোলনের আরেক নেতা ও স্বাস্থ্য উপদেষ্টার এপিএসকে। আবার উপদেষ্টা আসিফের বাবা বিল্লাল হোসেন তার নির্বাচনী এলাকায় এনসিপি'র নিয়ন্ত্রক। হেলেন মন্ত্রণালয়ের ঠিকাদারি লাইসেন্স নিয়ে গত সপ্তাহে আলোচনায় আসেন তিনি। এসবই নতুন রাজনীতির প্রত্যাশার সঙ্গে সাংঘর্ষিক।

নেতৃত্বের অন্তর্কলহ নিয়েও অসন্তোষ বাড়ছে। এনসিপি'র তৃতীয় সাধারণ সভায় নেতাদের বিরুদ্ধে সরাসরি অভিযোগ ওঠে- যার মধ্যে ছিল আর্থিক অস্বচ্ছতা, একক সিদ্ধান্ত গ্রহণ, দায়িত্বহীনতা ও নেতৃত্ব সংকট। সেদিন এসব বিষয়ে দলীয় কাঠামোর মুখোমুখি হতে হয়েছে জাতীয় নাগরিক পার্টি- এনসিপি'র শীর্ষ নেতাদের। জবাবদিহিতা চাওয়া হয়েছে আহ্বায়ক নাহিদ ইসলামসহ শীর্ষ নেতাদের কাছে। সেদিনের বৈঠকে এক নেতা খোদ দলটির রাজনীতি কতো শতাংশ আর বাকি আছে এমন প্রশ্নও রাখেন। বলেন, "নানা কর্মকাণ্ডে আমাদের ৬০ ভাগ রাজনীতি ক্ষতিগ্রস্ত হয়েছে। বাকি ৪০ ভাগ কতোটুকু ধরে রাখতে পারবো- এটা নিয়েও শঙ্কা আছে। জাতীয় রাজনীতিতে এনসিপি'র যে সম্ভাবনা ছিল তার ৩০ শতাংশ একজনের কারণেই নষ্ট হয়ে গেছে।" গণ-অভ্যুত্থানের সময় গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করা শীর্ষ ওই ছাত্র নেতার নামও উল্লেখ করেন তিনি। বলেন, "এনসিপি বা নাগরিক কমিটির কোনো পদে না থেকেও তিনি সব জায়গায় হস্তক্ষেপ করার চেষ্টা করছেন। তার কারণে আমাদের বৈঠকের সিদ্ধান্তও অনেক সময় গুরুত্ব পায় না।" অভিযোগ করা হয়, তার কারণে অন্যান্য রাজনৈতিক দলের সঙ্গেও দূরত্ব তৈরি হচ্ছে। জুলাই ঘোষণাও বিলম্ব হচ্ছে। ওইদিনের সভায় আহ্বায়ক নাহিদ ইসলামের নেতৃত্ব নিয়েও অসন্তোষ প্রকাশ করেন কেউ কেউ। তারা বলেন, এখন পর্যন্ত তার কাছ থেকে প্রত্যাশিত নেতৃত্ব পাচ্ছেন না। সংগঠন বিস্তারের দূরদর্শী কোনো চিন্তা হাজির করতে পারেননি নাহিদ। এরকমসহ আর্থিক বিষয়ে অস্বচ্ছতার বিষয়টিও উঠে আসে এনসিপি'র সাধারণ সভায়। সমালোচনার পাশাপাশি সভায় তৃণমূলে সংগঠন বিস্তারের বিষয়টি আলোচনায় ছিল। যেখানে জেলা ও উপজেলা কমিটির ক্ষেত্রে আহ্বায়ককে ন্যূনতম ৪০ বছর বয়সী হতে হবে বলে সিদ্ধান্ত হয়। শৃঙ্খলা ও তদন্ত বিষয়ক একটি কমিটি গঠনের সিদ্ধান্ত হয়েছে বৈঠকে। প্রায় ১৪ ঘণ্টার বেশি সময় ধরে চলা সভায় অভ্যন্তরীণ সাংগঠনিক নীতিমালা নির্ধারণ, সংস্কার বিষয়ক প্রস্তাবনা প্রদান, গণহত্যাকারী আওয়ামী লীগের বিচার ও গণপরিষদ নির্বাচনের দাবিতে কর্মসূচি নির্ধারণ, সীমান্ত হত্যা বন্ধে কার্যকর পলিসি গ্রহণে সরকারের কাছে দাবি জানানো; ফিলিস্তিনের গাজায় চলমান ইসরাইলি নৃশংসতা ও ভারতে ওয়াক্ফ বিলের বিরুদ্ধে চলমান আন্দোলনে দমন-নিপীড়নের বিরুদ্ধে প্রতিবাদ এবং ব্রহ্মপুত্রের উজানে চীনের বাঁধ করে জলাধার ঝুঁকি মোকাবিলায় সরকারের কাছে দাবি জানানোর বিষয়ে আলোচনা হয়। এখানেও প্রশ্ন উঠে নতুন করে। কারণ যে দলের কেন্দ্রীয় নেতাদের অধিকাংশের বয়স ৩০-এর নিচে সে দল জেলা-উপজেলা কমিটির আহ্বায়কের বয়স নির্ধারণ করেছে ৪০ বছর। ওই দিনের সভামুক্ত জানায়, এনসিপি'র সব সিদ্ধান্ত নির্দিষ্ট এক জায়গা থেকে আসছে বলে ক্ষোভ প্রকাশ করেছেন যুগ্ম সদস্য সচিব আরিফ সোহেল। আরেক যুগ্ম সদস্য সচিব জুলাই ঘোষণাপত্রের দাবির প্রক্রিয়া নিয়ে সমালোচনা করেন। সেখানে তিনি উল্লেখ করেন, হঠাৎ করে বলা হয়েছে ৫ দিনের মধ্যে জুলাই ঘোষণা লাগবে, যেটি কোনো ফোরামে আগে আলোচনা করা হয়নি। সভায় একাধিক নেতা জোর দিয়ে বলেন, সবাইকে নিয়ে কেন্দ্রীয় কমিটি আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত নেন। কাউকে জিজ্ঞেস না করে নিজেদের মতো সিদ্ধান্ত নিলে সংগঠন ক্ষতিগ্রস্ত হবে। কোনো নির্দিষ্ট জায়গা থেকে আসা সিদ্ধান্ত দলের সিদ্ধান্ত হতে পারে না। দলের আর্থিক বিষয়ে স্বচ্ছতা আনার জন্য ক্ষোভ প্রকাশ করেন যুগ্ম আহ্বায়ক মনিরা শারমিন। তিনি দাবি করেন, এ বিষয়ে জবাবদিহিতা থাকবে। কোথা থেকে টাকা আসছে, কোথায় খরচ করা হচ্ছে তা কেন্দ্রীয় কমিটির কাছে স্পষ্ট থাকতে হবে। কোনো ব্যক্তির আর্থিক দায়ভার পুরো দল নিতে পারে না বলেও তিনি স্পষ্ট করে জানান। কেন্দ্রীয় কমিটির অনেকে মনে করেন, আহ্বায়ক নাহিদ ইসলাম প্রভাবশালী অনুসারী দল চালাতে পারছেন না। দুর্নীতি ও দলীয় নীতিবিরুদ্ধ কাজ করলেও নেতাদের বিরুদ্ধে তিনি কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারেন নি। এ ছাড়া সংগঠনে বিস্তারেও নাহিদ ইসলাম ও সদস্য সচিব আখতার হোসেনের কার্যক্রমে খুশি নন বলে অনেকে সভায় উল্লেখ করেন। প্রায় দুই মাস অতিবাহিত হতে চললেও কেন্দ্রীয় কমিটির সদস্যদের দায়িত্ব নির্ধারিত হয়নি। বিশেষ করে আহ্বায়ক কমিটির সদস্যরা ক্ষোভ প্রকাশ করে তাদের কোনো দায়িত্ব দেয়া হচ্ছে না বলে। সেদিনের সভা শুরুর আগে আরও একটি আলোচনাপূর্ণ ঘটনা ঘটে বলে কয়েকজন জানান। বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদের শীর্ষ নেতারা এনসিপি'র সাধারণ সভার আগে রূপায়ন ট্রেড সেন্টারে এসে দলটির নেতাদের সঙ্গে এক বৈঠক করেন। যেখানে তারা এনসিপি নেতাদের জানান, আপনাদের কারণে গণঅভ্যুত্থানের কাছে আমাদের সুনাম ক্ষুণ্ন হচ্ছে। আপনারা সংশোধন হন। নতুবা সামনে অস্বস্তির পরিস্থিতির মুখোমুখি হতে হবে।

## মেয়র প্রার্থী মামদানির সমর্থন বাড়ছে

আজকাল রিপোর্ট



জোহরান মামদানি নিউইয়র্ক স্টেটের এসেমব্লিম্যান পদে নির্বাচন করার সময়ই আলোচনায় ছিলেন। তিনি প্রগ্রেসিভ ঘরানার ডেমোক্রেট। তাই তার যাবতীয় কর্মসূচির মূল সুর তার ডিস্ট্রিক্টের খেটে খাওয়া, শ্রমজীবী, স্বল্প আয়ের মানুষ। তার নির্বাচনী ডিস্ট্রিক্ট এস্টোরিয়া। প্রথম মেয়াদের এই এসেমব্লিম্যান বরাবরই মেয়র এরিক এডামস এবং সাবেক গভর্নর এ্যান্ড্রু কোমোর সমালোচক। এ বছর মেয়র নির্বাচনের প্রাইমারিতে প্রার্থীর সংখ্যা প্রায় এক ডজন। নিউইয়র্ক টাইমস বৃহস্পতিবার এই শক্তিশালী প্রার্থীর ওপর খবর ছাপতে গিয়ে শিরোনাম লিখেছে 'মামদানি এইমস এট কোমো, বিগিনিং এন্ড ওয়ার ইন এনওয়াইসি মেয়রস রেস'। তাতে বলা হয়েছে জোহরান মামদানি সর্বশেষ জরিপে দ্বিতীয় অবস্থানে রয়েছেন। প্রথম অবস্থানে এ্যান্ড্রু কোমো। জোহরান তার প্রতিদ্বন্দ্বী হিসাবে এ্যান্ড্রু কোমোকেই মনে করছেন। সে কারণে বৃহস্পতিবার তিনি যে প্রথম টিভি এ্যাড প্রচার করলেন নিউইয়র্ক নিকস'র প্রেমেক পেয়ে সেখানে আক্রমণ করা হয়েছে এ্যান্ড্রু কোমোকে।

টাইমস বলছে, গত কয়েক মাস ধরে জোহরান মামদানি নিউইয়র্ক সিটি মেয়র প্রতিদ্বন্দ্বিতায় নিজের নামকে প্রতিষ্ঠিত করেছেন নানাভাবেই। যেমন বিপুল অংকের ফান্ড রেইজ করে, জরিপে নিজের অবস্থান অন্য প্রার্থীদের চেয়ে এগিয়ে রেখে, এবং সোশ্যাল মিডিয়ায় ভিডিও ভাইরাল করে। আর সর্বশেষ হলো অত্যন্ত গুরুত্বপূর্ণ এনডোর্সমেন্ট সংগ্রহ করে এবং সব প্রার্থীর আগে টিভি এ্যাড প্রচার করে। জোহরান মামদানির কয়েকটি গুরুত্বপূর্ণ এজেন্ডা হচ্ছে নিউইয়র্ক সিটিতে বাসে চলাচল সম্পূর্ণ ফ্রি করা, রেন্টস্ট্যাবিলাইজড ইউনিটের রেন্ট ফ্রিজ করা, সম্পদশালী ব্যক্তিদের ট্যাক্স বাড়ানো, বিপুল সংখ্যক এ্যাফোর্ডেবল এপার্টমেন্ট নির্মাণ করা, চাইল্ড কেয়ার সম্পূর্ণ ফ্রি করা, সিটির মালিকানাধীন গ্রোসারি স্টোর প্রতিষ্ঠা করা।

জোহরান মামদানি ইতিমধ্যে যেসব প্রতিষ্ঠান ও সংগঠনের এনডোর্সমেন্ট পেয়েছেন সেগুলোর অন্যতম নিউইয়র্ক ওয়ার্কিং ফ্যামিলিস পার্টি, নিউইয়র্ক সিটি ডেমোক্রেটিক সোশালিস্টস অব আমেরিকা, ইউনাইটেড অটো ওয়ার্কার্স, ড্রাম বিটস, জুইস ভয়েস ফর পিস এ্যাকশন, নিউ কিংস ডেমোক্রেটস, নিউইয়র্ক প্রগ্রেসিভ এ্যাকশন নেটওয়ার্ক, দ্য জুইশ ভয়েস, কলেজ ডেমোক্রেটস অব নিউইয়র্ক, মুসলিম ডেমোক্রেটিক ক্লাব অব নিউইয়র্ক, এ্যাসাসনহ কংগ্রেস সদস্য নিডিয়া ভেলাজকুয়েজ, স্টেট সিনেটর জাবারি ব্রিসপোর্ট, ক্রিস্টেন গনজালেস, জুলিয়া সালাজার, এবং কয়েক ডজন স্টেট এসেম্বলি সদস্য ও নিউইয়র্ক সিটি কাউন্সিল সদস্য।

জোহরান মামদানির বয়স ৩৩ বছর। তার মা স্বনামধন্য চলচ্চিত্র নির্মাতা মিরা নায়ার। তিনি ব্রংক্স হাইস্কুল অব সাইন্স থেকে গ্র্যাজুয়েশন করে মেইনের লিবারেল আর্ট স্কুল বোডোয়েন কলেজ থেকে গ্র্যাজুয়েশন করেন।

## পেনসিলভেনিয়ায় ঝড়ে নিহত ৩, বিদ্যুৎহীন ৫ লাখ মানুষ

৬২ পৃষ্ঠার পর

৪০,০০০ মানুষ অন্ধকারে ছিলেন। মিশিগান, নিউ ইয়র্ক এবং পশ্চিম ভার্জিনিয়াসহ প্রতিবেশী রাজ্যগুলিও হাজার হাজার বিভ্রাটের খবর দিয়েছে একটি ওয়েবসাইট। পেনসিলভেনিয়ার অ্যালেগেনি কাউন্টির জরুরি পরিষেবার প্রধান ম্যাথিউ ব্রাউন বলেন, 'এটি একটি প্রাকৃতিক দুর্যোগ, যা আমরা খুব একটা দেখতে পাই না। মি: ব্রাউন এক সংবাদ সম্মেলনে সতর্ক করে দিয়েছিলেন যে, বৃহস্পতিবারও আরেকটি ঝড় আসার পূর্বাভাস রয়েছে।

ডুকেন লাইটের একজন মুখপাত্র ঝড়ের ক্ষয়ক্ষতিকে 'অভাবনীয়' বলে অভিহিত করেছেন। তার প্রায় ২,৫০,০০০ গ্রাহকের বিদ্যুৎ বিচ্ছিন্ন করে দেওয়ার জন্য এবং গাছ, ভেঙে পড়া তার এবং আধা খুঁটি সহ ২২,০০০ মানুষ বিপদগ্রস্ত হয়েছেন। মুখপাত্র বলেন, বিদ্যুৎ পুনরুদ্ধার করতে ইউটিলিটিটি বাইরের সহায়তা নিয়ে আসছিল এবং দুর্যোগ আগামী এক সপ্তাহ স্থায়ী হতে পারে।

পুলিশ জানিয়েছে, মঙ্গলবার সন্ধ্যায় পেনসিলভেনিয়ার এক ব্যক্তি বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা যান যখন একটি ইউটিলিটি খুঁটির কাছে আগুন নেভানোর চেষ্টা করছিলেন। যখন মারাত্মক আবহাওয়া স্টেট কলেজ এলাকায় আঘাত হানে, অনেক গাছ এবং ইউটিলিটি লাইন ক্ষতিগ্রস্ত হয়।

পুলিশ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, আগুন নেভানোর চেষ্টা করার সময় ২২ বছর বয়সী ওই ব্যক্তি একটি সক্রিয় বৈদ্যুতিক প্রবাহের মুখোমুখি হন এবং ঘটনাস্থলেই তিনি মারা যান। স্টেট কলেজ পুলিশ জানিয়েছে, তারা বিশ্বাস করে যে লোকটির মৃত্যু ঝড়ের কারণেই হয়েছে। পিটসবার্গ পাবলিক সেফটি ডিপার্টমেন্টের সোশ্যাল মিডিয়া পোস্ট অনুসারে, পিটসবার্গে, মঙ্গলবার সন্ধ্যায় সাউথ সাইড স্লোপস এলাকায় প্রথম প্রতিক্রিয়াকারীদের ডাকা হয়েছিল একজন ব্যক্তির বিদ্যুৎস্পৃষ্ট হওয়ার খবরের জন্য এবং সেই ব্যক্তিটিও ঘটনাস্থলে মারা যান। বিভাগটি গাছ পড়ে যাওয়া এবং সম্ভাব্য জীবন্ত তারের মতো একাধিক বিপদের কথা উল্লেখ করে শহরের মধ্য দিয়ে যাওয়ার সময় বাসিন্দাদের চরম সতর্কতা অবলম্বন করার আহ্বান জানিয়েছে। অ্যালেগেনি কাউন্টির কর্মকর্তারা ঝড়-সম্পর্কিত দুটি মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন, যার মধ্যে পিটসবার্গের কর্মকর্তাদের দ্বারা রিপোর্ট করা একটি এবং পিটসবার্গের ঠিক বাইরে রস টাউনশিপের একটি বাড়িতে গাছ পড়ে ৬৭ বছর বয়সী এক ব্যক্তির মৃত্যু হয়েছে।

ন্যাশনাল ওয়েদার সার্ভিসের পিটসবার্গ অফিস জানিয়েছে, মঙ্গলবার তার অঞ্চল জুড়ে বিধ্বংসী বাতাসের ব্যাপক ক্ষতি হয়ে গেছে। আবহাওয়া পরিষেবা অফিস একটি সোশ্যাল মিডিয়া পোস্টে জানিয়েছে, বাতাস ৮০ মাইল থেকে ৯০ মাইল (১২৯ কিলোমিটার থেকে ১৪৫ কিলোমিটার) বেগে প্রবাহিত হয় যা সাধারণত এই অঞ্চলে দেখা যায় না।

স্টেট কলেজের আবহাওয়া পরিষেবা আবহাওয়াবিদ জন বোয়েনের মতে, মঙ্গলবার রাতে পেনসিলভেনিয়া জুড়ে বজ্রপাতের একটি লাইন তৈরি হয়েছিল যাকে বলা হয় "ধনুক প্রতিধ্বনি, যা অবিশ্বাস্যভাবে শক্তিশালী বাতাসের একটি ধনুক-আকৃতির রেখা যা বক্ররেখার শীর্ষে সবচেয়ে শক্তিশালী। তিনি বলেন, যেখানে শীর্ষটি অতিক্রম করেছিল সেখানে ক্ষয়ক্ষতি সবচেয়ে গুরুতর ছিল। আবহাওয়া পরিষেবার পিটসবার্গ অফিসের আবহাওয়াবিদ লিয়ানা সুপোর মতে, পিটসবার্গ আন্তর্জাতিক বিমানবন্দর সর্বোচ্চ বাতাসের দমকা হাওয়া রেকর্ড করেছে ৭১ মাইল (১১৪ কিলোমিটার)। একটি দল পিটসবার্গের ঠিক বাইরে উইলকিন্সবার্গে বাতাসের ক্ষতির তদন্ত করেছিল।

আবহাওয়া পরিষেবা সতর্ক করে দিয়েছে যে ভারী থেকে অত্যধিক বৃষ্টিপাত বুধবার দক্ষিণ সমভূমির কিছু অংশে অতিরিক্ত আকস্মিক বন্যার সৃষ্টি করতে পারে, যার মধ্যে রেড রিভার ভ্যালি বরাবর পশ্চিম আরকানসাস পর্যন্ত সবচেয়ে বেশি ঝুঁকি রয়েছে। উত্তর মধ্য টেক্সাস থেকে, অঞ্চল জুড়ে এবং লুইসিয়ানায় সম্ভাব্য শিলাবৃষ্টি, ক্ষতিকারক বাতাস এবং টর্নেডো সহ বিক্ষিপ্ত তীব্র বজ্রপাতের সম্ভাবনা ছিল।

দক্ষিণ ওকলাহোমা এবং উত্তর-পূর্ব টেক্সাসের বেশিরভাগ অংশে আকস্মিক বন্যার সতর্কতা জারি করা হয়েছিল কারণ ধীর গতির বজ্রপাতে এই অঞ্চলের বেশিরভাগ অংশে রেকর্ড বৃষ্টিপাত হয়েছে, যদিও তাৎক্ষণিকভাবে মৃত্যু বা আহত হওয়ার কোনও খবর পাওয়া যায়নি।

## পাক-ভারত সীমান্তে ট্যাঙ্ক ও সাঁজোয়া যান

৬৪ পৃষ্ঠার পর

ড্রোন গুলি করে নামিয়েছে পাক সেনারা। উত্তেজনাকর অবস্থায় কংগ্রেস নেতা রাহুল গান্ধি যুক্তরাষ্ট্র থেকে দ্রুত দেশে ফিরে যান এবং নরেন্দ্র মোদির সঙ্গে পাক বিরোধি আওয়াজ আরও জোরালো করেন। ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস. জয়শংকর বিদেশি কূটনৈতিকদের কাছে পাকিস্তানের পক্ষ থেকে হামলা করা হয়েছে এমন বিষয়ে অব্যাহতভাবে অভিযোগ জানাতে থাকেন। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পাকিস্তানের বিরুদ্ধে হোঙ্কার দিয়ে প্রতিশোধ নেবার ঘোষণার আগেই ভারত সিন্ধু বাঁধ খুলে দিয়ে পাকিস্তান অধিকৃত কাশ্মীর পানিতে ডুবিয়ে দিয়েছে। লাখ লাখ মানুষ ভোগান্তির শিকার। এদিকে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ খানও 'হামলা হলে' কঠোর প্রতিশোধের হুমকি দিয়েছেন ভারতকে। এই সময়ে সীমান্তে দুই দেশের প্রহরীদের মধ্যে থেমে থেমে ব্যাপক গুলিবিনিময়ের ঘটনা ঘটছে। পারমাণবিক শক্তিধর এই দুইদেশ হুঙ্কার দিলেও কেউ এখন পর্যন্ত কারো ওপর হামলে পড়েনি। ভারত অংশের কাশ্মীরের পহেলগাঁও-এ সন্ত্রাসি হামলায় পর্যটকসহ ২৮ জন নিহতের খবর দিয়েছে বিভিন্ন সংবাদ মাধ্যম। পাকিস্তানের পক্ষ থেকে বলা হচ্ছে, এই হামলার ছক কেটেছিল মোদি সরকার নিজেই। ভারতের কাশ্মীর অংশে সেনারা সন্দেহভাজন মুসলমানদের বাড়ি ঘরে হামলা চালিয়ে তা ভেঙে দিচ্ছে। তাদের পরিবারের বৃদ্ধ সদস্যদের গ্রেফতার করা হয়েছে।

এমন এক পরিস্থিতিতে শান্তির বার্তা দিতেই যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও ভারত ও পাকিস্তানের উত্তেজনা কমাতে দুপক্ষের সঙ্গে ফোনে আলাপ করেছেন। সংঘাত এড়াতে পাক প্রধানমন্ত্রী শাহবাজ শরীফ যুক্তরাষ্ট্র সরকারের আরও সক্রিয়তা চেয়েছেন। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরীফকে ফোন করে পরিস্থিতি সম্পর্কে খোঁজখবর নেওয়ার পাশাপাশি উত্তেজনা কমানোর পরামর্শ দিয়েছেন তিনি।

পহেলগাঁও হত্যাকাণ্ডের পরে ভারত এবং পাকিস্তানের মধ্যে তৈরি হওয়া উত্তেজনা প্রশমনে উদ্যোগী হয়েছে আমেরিকা। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বুধবার রাতে পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফকে ফোন করে পরিস্থিতি সম্পর্কে খোঁজখবর নেওয়ার পাশাপাশি সংঘাতমূলক পদক্ষেপ থেকে বিরত থাকারও পরামর্শ দিয়েছেন।

ভারতের কাশ্মীরে সন্ত্রাসি হামলায় ২৭ পর্যটক ও এক সেনা সদস্যসহ ২৮ জন নিহত হবার পরেই আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড জে ট্রাম্পের সরকার নয়াদিল্লি এবং ইসলামাবাদকে সংঘাতের পরিবর্তে সমস্যার 'দায়িত্বশীল সমাধানের' পথ খুঁজতে বলেছিল। কিন্তু তার পরেই কূটনৈতিক ও বাণিজ্যিক স্তরে একাধিক পদক্ষেপ নিয়েছে দু'দেশ। নিয়ন্ত্রণরেখায় টানা এক সপ্তাহ ধরে চলছে গুলি বিনিময়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতীয় সেনাদের যে কোনও পদক্ষেপ গ্রহণের ছাড়পত্র দিয়েছেন।

এমন উত্তেজনাকর পরিস্থিতিতে পাকিস্তানকে সমর্থন দেয়ার কথা নিশ্চিত করেছে চীন সরকার। গতকাল বৃহস্পতিবার রাজধানী ইসলামাবাদে প্রাইম মিনিস্টার হাউসে প্রধানমন্ত্রী শেহবাজ শরীফের সঙ্গে সাক্ষাৎ করে এমন নিশ্চয়তা দিয়েছেন পাকিস্তানে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত জিয়াং জাইডং। এই সাক্ষাতে রাষ্ট্রদূত জোর দিয়ে বলেছেন, 'দক্ষিণ এশিয়ায় শান্তি রক্ষায় পাকিস্তানকে সবসময় সমর্থন দেবে চীন'।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ট্যামি ব্রুস জানিয়েছেন, এস. জয়শংকরের সঙ্গে কথোপকথনের সময় রুবিয়ো পহেলগাঁওয়ে প্রাণহানির জন্য গভীর শোকপ্রকাশ করেছেন এবং জঙ্গি হামলায় নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। পাশাপাশি, জয়শঙ্করকে সন্ত্রাস দমনে সহযোগিতা করার এবং দক্ষিণ এশিয়ায় উত্তেজনা কমানোর পরামর্শ দিয়েছেন তিনি।

মার্কিন পররাষ্ট্র দফতরের ওয়েবসাইটে লেখা হয়েছে, 'দু'দেশের মধ্যে যে উত্তেজনার পরিস্থিতি তৈরি হয়েছে, তা নিরসনে ভারত পাকিস্তানের সঙ্গে আলোচনা করুক এবং দক্ষিণ এশিয়ায় শান্তি ও সুস্থিতি বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করুক।' পাকিস্তানের 'দ্য ডন' জানিয়েছে, যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রীর কাছে পহেলগাঁও হত্যাকাণ্ডের নিরপেক্ষ তদন্তের দাবি করেছেন পাক প্রধানমন্ত্রী। এ ক্ষেত্রে তৃতীয় কোনও পক্ষের তত্ত্বাবধানে তদন্ত হলে ইসলামাবাদ তাতে পূর্ণাঙ্গ সহযোগিতা করবে বলেও প্রতিশ্রুতি দিয়েছেন তিনি। সেই সঙ্গে শাহবাজ ফোনে মার্কো রোবিও-কে জানিয়েছেন, পহেলগাঁও সন্ত্রাসের সঙ্গে পাক সরকারের কোনও সংযোগ নেই। পহেলগাঁও হত্যাকাণ্ডের পরে ভারত কোনও প্রমাণ ছাড়াই একতরফাভাবে সিন্ধু জল চুক্তি স্থগিতসহ একাধিক পদক্ষেপ নিয়েছে। লন্ডনের পাকিস্তান দূতাবাস ঘেরাও করে বিক্ষোভ করার সময় বেশ কয়েকজন ভারতীয়কে দাঙ্গাবাজ হিসেবে পুলিশ গ্রেফতার করেছে বলে জানা যায়।

## বদ-অভ্যাসের কারণে দাঁত ও মুখের ক্ষতি

২২ পৃষ্ঠার পর

অনুকূল পরিবেশে চিনি ব্যাকটেরিয়ার বংশ বৃদ্ধিতে সহায়তা করে এবং এসিড সৃষ্টির মাধ্যমে দাঁতের ক্ষয় করে থাকে। তাই কাশির সিরাপ সেবন করতে হলে চিনিমুক্ত সিরাপ সেবন করাই শ্রেয়। যদি আপনি চকোলেট, ললিপপ, আঠালো ক্যান্ডি খেতে পছন্দ করেন তাহলে এগুলো খাওয়ার সময় দাঁতের সঙ্গে লেগে থাকে। এর ফলে বিদ্যমান চিনি ব্যাকটেরিয়ার বংশ বৃদ্ধিতে সাহায্য করে। আঠালো ক্যান্ডি অনেক সময় ধরে দাঁতে লেগে থাকে। তাই ব্যাকটেরিয়া সময় নিয়ে দাঁতের এনামেলের ক্ষয় করে থাকে। দাঁতের ক্ষয় থেকে রক্ষা পেতে হলে চকোলেট, ক্যান্ডি পরিহার করতে হবে। প্রয়োজনে চিনিবিহীন বা সুগারলেস চুইংগাম চোষা যেতে পারে। সোডা পান আপনার দাঁত ও শরীরের জন্য ক্ষতিকর। এটি উচ্চমাত্রায় চিনির একটি উৎস। চিনিযুক্ত সোডা দাঁতের ক্ষয় বৃদ্ধি করে থাকে।

সোডাতে রয়েছে উচ্চ মাত্রায় ফসফরিক এসিড এবং সাইট্রিক এসিড যা দাঁতের এনামেলের ক্ষয় করে থাকে। আর সোডা যদি একান্তই খেতে হয় তাহলে পাইপ দিয়ে পান করলে দাঁতে লাগলেও খুব সামান্য পরিমাণে লাগে। সোডা পান করার পর পানি দিয়ে কুলি করলে দাঁতে লেগে থাকা চিনি অপসারিত হয়। সোডা পান করার ৩০ মিনিট পর দাঁত ব্রাশ করবেন। কারণ, সোডা পান করার পর দাঁতের এনামেল তুলনামূলকভাবে নরম থাকে। তাই সঙ্গে সঙ্গে দাঁত ব্রাশ করলে দাঁতের এনামেলের ক্ষতি হতে পারে। সোডা পান ডায়াবেটিস এবং মোটা হওয়ার ঝুঁকি বৃদ্ধি করে থাকে। দাঁত দিয়ে বোতলের মুখ খোলা উচিত নয়। এতে করে দাঁতের এনামেলে ফ্র্যাকচার হতে পারে। আবার সামনের দাঁতের কোনো ফিলিং আংশিক উঠে যেতে পারে। সোডার মতো স্পোর্টস ড্রিংকে রয়েছে চিনি এবং এসিড যা দাঁতের ক্ষয় করতে পারে।

স্পোর্টস ড্রিংক পান করার ২০ মিনিট পর্যন্ত তা দাঁতের ক্ষতি করতে পারে। সোডার চেয়ে স্পোর্টস ড্রিংকে কম চিনি রয়েছে। এই কারণে স্পোর্টস ড্রিংক তুলনামূলকভাবে মিষ্টি কম। কেউ যদি স্পোর্টস ড্রিংক বেশি পান করে তাহলে তা ডায়াবেটিস এবং মোটা হওয়ার ঝুঁকি বৃদ্ধি করে থাকে। কারণ, বেশি পান করলে চিনি বেশি খাওয়া হচ্ছে।

কিছু ফলের রসে সুগারের পরিমাণ সোডায় বিদ্যমান সুগারের মতো। উচ্চ চিনিযুক্ত ফলের রস দাঁতের ক্ষয়ের ঝুঁকি বৃদ্ধি করে থাকে। সাইট্রাস ফল যেমন অরেঞ্জ ফল এবং লেমনয়েড এসিডিক হওয়ায় দাঁতের এনামেলের ক্ষয় করতে পারে। ফলে বিদ্যমান চিনি, এসিড এবং ক্যালরি সব সময় শরীর ও দাঁতের জন্য ভালো নয়। স্বাস্থ্যকর পদ্ধতিতে ফলের রস পান করলে ক্ষতি হওয়ার সম্ভাবনা নেই বললেই চলে।

উচ্চ শ্বেতসার সমৃদ্ধ খাবার দাঁতে লেগে থাকে এবং লম্বা সময় ধরে উপস্থিত থাকে। পটেটো চিপসের একটি উদাহরণ। এগুলো খাওয়ার পর আমাদের দাঁতের ফাঁকে লম্বা সময় ধরে লেগে থাকে এবং এর ফলাফল অনবরত স্ন্যাকস জাতীয় খাবার গ্রহণের মতো। শ্বেতসার জাতীয় খাবার মুখে বিদ্যমান ব্যাকটেরিয়ার খাবার হিসেবে কাজ করে থাকে।

ব্যাকটেরিয়া এসিড উৎপন্ন করে এবং এসিড দাঁতের এনামেলের ক্ষয় করে। এর ফলে দন্তক্ষয় শুরু হয়। তবে আপেল বা গাজর খাওয়ার মাধ্যমে দাঁতে লেগে থাকা শ্বেতসার জাতীয় খাবার অপসারণ করা যায়। ব্রাশ এবং ফ্লসিং এর মাধ্যমে খাদ্যকণা পরিষ্কার করা যায়।

অনবরত স্ন্যাকস জাতীয় খাবার গ্রহণের অর্থ হলো দাঁত বেশি সময় ধরে চিনির সংস্পর্শে থাকা। মুখে বিদ্যমান ব্যাকটেরিয়া চিনিকে খাবার হিসেবে গ্রহণ করে এবং এসিড উৎপাদনের মাধ্যমে দাঁতের এনামেলের ক্ষয় করে থাকে। অনবরত স্ন্যাকস জাতীয় খাবার গ্রহণ করার ফলে শুধু দাঁতের ক্ষয় হয় না বরং মোটা হওয়ার ঝুঁকি বৃদ্ধি পায়।

কাঠপেন্সিল, কলম, ইরেজার, বোতলের মুখ এবং অন্যান্য বস্তু কামড়ানো বা চোষার বদ-অভ্যাস অনেকেরই রয়েছে। এগুলো দাঁতের জন্য ক্ষতিকর। দাঁতের ওপর অপ্রয়োজনীয় চাপ পড়ে। এর ফলে দাঁতে ফাটল বা ফ্র্যাকচার দেখা দিতে পারে। এছাড়া বিপজ্জনক ব্যাকটেরিয়া মুখে প্রবেশ করতে পারে। এ ধরনের বদ-অভ্যাসের কারণে মাড়ি এবং নরম কোষ ক্ষতিগ্রস্ত হতে পারে। কলম বা পেন্সিল ক্রমাগত চোষার অভ্যাস থাকলে দাঁত উঁচু-নিচু বা আঁকা-বাঁকা হতে পারে। চোষার অভ্যাস থাকলে জাইলিটল সমৃদ্ধ সুগার ফ্রি গাম চোষা যেতে পারে। জাইলিটল লালা নিঃসরণ বৃদ্ধি করে যা দাঁতের জন্য উপকারী।

ধূমপান দাঁত ও মুখের কোষ এবং শরীরের জন্য ক্ষতিকর। ধূমপানের ফলে শুষ্ক মুখের সৃষ্টি হয় যার ফলে প্লাক গঠন অধিকতর সহজ হয়। ধূমপান মাড়ি রোগের রিস্ক ফ্যাক্টর। মাড়ি রোগ থেকে পেরিওডন্টাইটিসের কারণে বয়স্কদের দাঁত পড়ে যেতে পারে। ধূমপানের ফলে দাঁতে দাগ পড়তে পারে এবং দাঁতে ক্ষয়ের ঝুঁকি বৃদ্ধি পায়। ধূমপানের ফলে মুখ এবং ফুসফুসের ক্যান্সার হতে পারে। তাই ধূমপানের বদ-অভ্যাস বর্জন করতে হবে।

অনেকে সকালে নাস্তার পর কফি দিয়ে দিন শুরু করে। কিন্তু কফি পানের মাধ্যমে শুষ্ক মুখ এবং দন্তক্ষয়ের সৃষ্টি হয়। কফি দাঁতে দাগ সৃষ্টি করে এবং লালা নিঃসরণ কমিয়ে দেয়। লালা এসিডকে নিরপেক্ষ করে। তাছাড়া দাঁতে জমে থাকা খাদ্যকণা অপসারণে সাহায্য করে। চিনি মিশ্রিত কফির মাধ্যমেও দাঁতে ক্ষয় হতে পারে। তাই কফি পান করার পর পানি দিয়ে কুলি করবেন। সম্ভব না হলে একটু পানি পান করবেন।

এর ফলে দাঁতের গায়ে লেগে থাকা কফি অপসারিত হবে। সুগারফ্রি গাম চোষা যেতে পারে যাতে করে চিনি সমস্যা সৃষ্টি করতে না পারে। পাইপ দিয়ে কফি পান করলে দাঁতে দাগ সৃষ্টি হওয়ার সম্ভাবনা অনেক কমে যাবে। লাল ওয়াইনের তিনটি উপাদান ক্রমোজেনস, এসিড এবং ট্যানিন দাঁতের এনামেলের সঙ্গে সংযুক্ত হতে থাকে। ক্রমোজেনস লাল ওয়াইনকে গাঢ় লাল রং দিয়ে থাকে। এসিড দাঁতের এনামেলের ক্ষয় করে থাকে।

ট্যানিন মুখ শুষ্ক করে। ফলে লাল পিগমেন্ট বাইন্ডিং হতে থাকে। সাদা ওয়াইনও দাঁতের ক্ষয় করে থাকে। সাদা ওয়াইনেও ট্যানিন ও এসিড রয়েছে। তাই এলকোহলের বদ-অভ্যাস অবশ্যই ত্যাগ করতে হবে। মুখ ও দাঁতের সুরক্ষায় সব ধরনের খারাপ অভ্যাস বর্জন করতে হবে। জীবনযাপন স্বাস্থ্যসম্মত হতে হবে। খাবার গ্রহণে সচেতন হতে হবে এবং সর্বোপরি দাঁতের যত্ন নিতে হবে। তাহলে দাঁত ও মুখের স্বাস্থ্য ভালো থাকবে। দাঁত ও মুখের স্বাস্থ্য ভালো থাকলে সার্বিক স্বাস্থ্য ভালো থাকবে।

লেখক: মুখ ও দন্তরোগ বিশেষজ্ঞ, ইমপেরিয়াল ডেন্টাল কেয়ার, ঢাকা।



## খানস টিউটরিয়ালের ভোট দেওয়ার আহবান

আজকাল ডেস্ক



খানস টিউটরিয়াল-এর পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, 'নিউইয়র্ক সিটির অভিভাবক এবং নেতারা বিবৃতিটি অনুগ্রহ করে পড়ুন। আমাদের প্রস্তাবিত সিটি ওয়াইড এবং কমিউনিটি এডুকেশন কাউন্সিল প্রার্থীদের জন্য ভোট দিয়ে এর পক্ষে ওকালতি করতে সহায়তা করুন। আমরা বিশ্বাস করি এই প্রার্থীরাই আমাদের শিক্ষা সম্পর্কিত ওকালতির সাথে সবচেয়ে ভালোভাবে সামঞ্জস্যপূর্ণ। এ মূল্যায়ন করা হয়েছে প্রার্থীদের বক্তব্যে। সিইসি ফোরামে অংশগ্রহণে পূর্ববর্তী সিইসি ভোটের রেকর্ড শিক্ষা সভায় প্রকাশ্যে বক্তব্যের ভিত্তিতে। অন লাইনে ভোট দিন। ভোট দেওয়ার জন্য অভিভাবকদের একটি এনওয়াইসি স্কুল একাউন্ট থাকতে হবে। এটি একই পোর্টাল যা আপনার সন্তানের রিপোর্ট কার্ড ও স্কুল ডকুমেন্ট দেখার জন্য ব্যবহার করা হয়।'

যে কোন খানস টিউটরিয়ালে চলে আসুন। আমরা আপনাদের সেখানেই সাহায্য করবো এবং প্রক্রিয়া সম্পর্কে সব ব্যাখ্যা করব। আপনার এনওয়াইসিএসএ ব্যবহার করে অন লাইনে ভোট দিন। সিইসি ইলেকশন ক্লিক করুন আর আপনার পছন্দের প্রার্থীদের নির্বাচন করুন। ২৫ এপ্রিল থেকে ১৩ মে পর্যন্ত ভোট দিন এবং আপনার কণ্ঠস্বর শুনিয়ে দিন। আসুন আমাদের সন্তানদের জন্য একসাথে এগিয়ে আনি।

## শঙ্কা সত্যি করে বিদায় ম্যাক্সওয়েলের

৫২ পৃষ্ঠার পর

অলরাউন্ডার ম্যাক্সওয়েলকে। ডান হাতের আঙুলের চোট পড়ায় টুর্নামেন্ট থেকেই ছিটকে গেলেন অস্ট্রেলিয়ার এই অলরাউন্ডার। ম্যাক্সওয়েলের চোটের কথা বলতে গিয়ে গতকাল টসের সময় আইয়ার জানিয়েছিলেন যে বিকল্প খেলোয়াড় নেওয়ার ব্যাপারে কোনো সিদ্ধান্ত তারা নেননি।

চেন্নাইয়ের বিপক্ষে ম্যাচের আগে ম্যাক্সওয়েলের চোট নিয়ে মুখপ্রকাশ করেছিলেন তার স্বদেশী মার্কাস স্টয়নিসও। ম্যাচ সম্প্রচারককে স্টয়নিস বলেন, 'তার (ম্যাক্সওয়েল) মনে হয়েছিল চোটটা বেশি গুরুতর না। তবে শেষ পর্যন্ত এই চোটটা অনেক বেশিই হয়েছে। সে স্ক্যান করিয়েছে। কিন্তু ফল ভালো আসেনি। এটা ম্যাক্সির জন্য দুর্ভাগ্যজনক। খুব সম্ভবত টুর্নামেন্ট থেকে ছিটকে যেতে পারে সে।'

স্টয়নিস জানান, গেল ২৬ এপ্রিল কলকাতা নাইট রাইডার্সের বিপক্ষে ম্যাচের আগে ইডেন গার্ডেন্সে অনুশীলনের সময় আঙুল ভেঙে গিয়েছিল ম্যাক্সওয়েল। ওই ম্যাচটি শেষ পর্যন্ত বৃষ্টিতে ভেসে যায়।

ম্যাক্সওয়েলের আগে পাঞ্জাবের কিউইই পেসার লকি ফার্গুসনও আইপিএল থেকে ছিটকে যান। তবে পাঞ্জাব কিংস ম্যাক্সওয়েল, ফার্গুসন কারও বদলি খেলোয়াড়ের নাম প্রকাশ করেনি।

তবে বদলি খেলোয়াড় দলে টানার ইঙ্গিত দিয়ে পাঞ্জাবের হেড কোচ রিকি পন্টিং বলেন, 'আমরা এক পর্যায়ে গিয়ে বদলি খেলোয়াড় নেব। ১২ নম্বর ম্যাচ পর্যন্ত সুযোগ থাকছে বদলি খেলোয়াড় নেওয়ার।'


ব্রুকলিনে বাংলাদেশি মালিকানাধীন ২৪ ঘন্টা সেবা প্রদানকারি সকল ধরনের অটো সার্ভিস প্রতিষ্ঠান




আমাদের সেবাগুলো / Our Services.

* Insppection * Diagnostics * Engine
* Transmission * Brakes * Mechanical
* Auto Body and Collision Repair
* Tire Shop * A/C Work.



আমাদের রয়েছে

* TLC কার, হাইব্রিড, Evs, গাড়ির কাজের অত্যন্ত দক্ষতা সম্পন্ন বিশেষজ্ঞ।
* সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করা হয়।
* We Repair and Service all Makes and Models.
* Electrical, Engines Replaced, Transmission Replace.

Contact:

790 Coney Island Ave, Brooklyn, NY 11218.

TEL : 718-489-8338 / 347-987-5802.




## নিউইয়র্কে ইসলামিক কনভেনশন আগামী ২৮-২৯ জুন

৬৪ পৃষ্ঠার পর

জীবন-ঘনিষ্ঠ ইস্যুতে গবেষণামূলক বক্তব্য দেবেন। কানাডা ও যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেট থেকে আড়াই হাজারের অধিক মুসলমান অংশ নেবেন বলে ২৬ এপ্রিল শনিবার সন্ধ্যায় নিউইয়র্কে অনুষ্ঠিত সংবাদ সম্মেলন থেকে জানানো হয়।

সংবাদ সম্মেলনে মূল বক্তব্য উপস্থাপনকালে 'নর্থ আমেরিকান মুসলিম এলায়েন্স'র প্রেসিডেন্ট মোহাম্মদ সাইফুল আজম আল-আজহারি আরো জানান, মুল সমাজকে লেখাপড়ার পাশাপাশি ধর্মীয় সংস্কৃতির আবহে জড়িয়ে রাখার লক্ষ্যে সেমিনার-ওয়ার্কশপ অনুষ্ঠিত হবে। প্রথম প্রজন্মের মুসলমানেরাও যাতে সন্তানের সাথে নিজেদের সম্পর্ক অটুট রাখেন- এবং বৈরি পরিবেশ সত্ত্বেও আচার-আচরণে সন্তানদের ধর্মীয় মূল্যবোধে জাগ্রত রাখতে সক্ষম হোন-এমন কিছু আলোচনাও থাকবে এই কনভেনশনে।

প্রবাস প্রজন্মকে ধর্মীয় আবহে জড়িয়ে রাখার অভিপ্রায়ে নিউইয়র্কে ২৮-২৯ জুন ইসলামিক কনভেনশন । মোহাম্মদ সাইফুল আজম আল-আজহারি আরো বলেন, বর্তমান বিশ্বে সাম্য ও শান্তির পতাকাবাহী ইসলাম ও মুসলিম মিল্লাতকে নানা নেতিবাচক অপবাদের মুখোমুখী দাড় করানো হচ্ছে। বিশেষ করে বিশ্ব মিডিয়া ইসলামকে উগ্রতার দোষে দায়ী করার অপকৌশলও অব্যাহত রেখেছে। যদিও বাস্তবতা হচ্ছে ইসলামের মুক্তি-যুক্তি মতাদর্শ মূলতঃ প্রেম ও মানবতা দিয়েই সিরাতুল মুস্তাকিমের পথ দেখায়। আমাদের কর্মকান্ডের মূল লক্ষ আল্লাহ ও তাঁর রাসুল।

সংবাদ সম্মেলনে আরো জানানো হয় যে, আসন্ন কনভেনশনে অতিথি বক্তার মধ্যে থাকবেন ক্যালিফোর্নিয়াস্থ ইসলামিক শিক্ষার পাদপিঠ জয়তুনা কলেজের কো-ফাউন্ডার ইমাম জাইদ শাকির, লেবাননের খ্যাতনামা ইসলামিক স্কলার শেখ নুর মোহাম্মদ কাব্বানী, নিউইয়র্কস্থ মসজিদ আন নুরের ইমাম গোলাম রসুল, কানাডার ইসলামিক স্কলার শেখ আলী আল সার্দিন এবং সিরিয়ান-আমেরিকান স্কলার মোহাম্মদ বিন আহিয়া আল-নিনোভি।

উত্তর আমেরিকায় নবগঠিত এই সংগঠনের প্রথম ইসলামিক কনভেনশনের অন্যতম পৃষ্ঠপোষক এবং বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির অন্যতম সদস্য গিয়াস আহমেদ সংবাদ সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্যে বলেন, যেসব দেশে অলি-আউলিয়াদের মাধ্যমে ইসলাম প্রতিষ্ঠিত হয়েছে সে সব দেশে ইসলাম টিকে রয়েছে। আর যে সব দেশে ইসলাম প্রতিষ্ঠায় বল প্রয়োগ করা হয়েছে, সে সবে কিন্তু ইসলাম ধর্মাবলম্বী নেই। যেমন স্পেনে মুসলমান নেই। গ্রীসেও প্রায় একই অবস্থা। অপরদিকে, তুরস্কের দিকে তাকালে দেখবেন অলি-আউলিয়াদের মাজার রয়েছে। বসনিয়া, ভারতবর্ষ, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, এমনকি চীনেও অলি-আউলিয়াগণের মাজার রয়েছে। মূল কথা হচ্ছে, যেখানে মাজার আছে সেখানেই মুসলমান আছে। গিয়াস উল্লেখ করেন, আমাদের মধ্যেও এক ধরনের মুসলমান আছেন যারা মাজার পছন্দ করেন না।

## গভর্নর হোকুলের ২৫৪ বিলিয়ন ডলারের বাজেট

৬৪ পৃষ্ঠার পর

দিয়েছেন নিউইয়র্ক স্টেট গভর্নর ক্যাথি হোকুল। গত ২৮ এপ্রিল সোমবার রাতে আলবেনিতে তিনি এই ঘোষণা দেন। বাজেটে রাজ্যের মধ্যবিত্ত পরিবার, শিক্ষার্থী এবং জননিরাপত্তাকে অগ্রাধিকার দিয়ে প্রণয়ন করা হয়েছে।জানা যায়, নতুন বাজেটের আওতায় মধ্যবিত্ত শ্রেণির জন্য কর হ্রাসের ব্যবস্থা রাখা হয়েছে।

একই সঙ্গে শিশু কর ক্রেডিট তিনগুণ বৃদ্ধি করা হবে। শিক্ষাক্ষেত্রে, রাজ্যের সব শিক্ষার্থীর জন্য বিনামূল্যে সকালের নাস্তা ও দুপুরের খাবারের ব্যবস্থা নিশ্চিত করতে অতিরিক্ত বিনিয়োগ বরাদ্দ করা হয়েছে।জননিরাপত্তার ক্ষেত্রে বাজেটে একটি উল্লেখযোগ্য নতুন বিধান যুক্ত করা হয়েছে। অপরাধ সংঘটনের সময় বা অপরাধস্থল থেকে পালানোর সময় মুখোশ পরা ব্যক্তিদের বিরুদ্ধে অতিরিক্ত অভিযোগ আনা যাবে। তবে এই বিধান স্বতন্ত্র কোনো অপরাধ নয়; এটি বিদ্যমান অপরাধের সঙ্গে অতিরিক্ত চার্জ হিসেবে প্রয়োগ করা হবে।

গভর্নর হোকুল পূর্বে আশাবাদ ব্যক্ত করেছিলেন, সপ্তাহের শেষ নাগাদ বাজেট চুক্তি সম্পন্ন হবে। ঘোষণার মাধ্যমে তিনি সেই প্রতিশ্রুতির বাস্তবায়ন নিশ্চিত করলেন।স্কুলে মোবাইল ফোন নিষিদ্ধ করার প্রস্তাব : নিউইয়র্কের স্কুলগুলিতে প্রস্তাবিত মোবাইল ফোন নিষেধাজ্ঞা নিয়ে মতবিরোধ থাকলেও এখনমনে হচ্ছে গভর্নর ক্যাথি হোকুল এবং আইন প্রণেতারা এগিয়ে যাওয়ার জন্য একটি চুক্তিতে পৌঁছেছেন।গত সোমবার হোকুল আগামী অর্থবছরের জন্য ২৫৪ বিলিয়ন ডলারের রাজ্য বাজেট ঘোষণা করেছেন, যার মধ্যে শিক্ষায় ঐতিহাসিক ৩৭ বিলিয়ন ডলারের বিনিয়োগ অন্তর্ভুক্ত রয়েছে, যা রাজ্যের ইতিহাসে সর্বোচ্চ পরিমাণ। রেকর্ড বিনিয়োগের পাশাপাশি, হোকুল শ্রেণীকক্ষ থেকে মোবাইল ফোন অপসারণের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেছেন এবং বলেছেন যে সেপ্টেম্বর থেকে শুরু করে একটি নতুন "বেল টু বেল" পরিকল্পনা বাস্তবায়ন করা হবে।

গভর্নর হোকুল বলেন, "সমস্ত পাবলিক স্কুল শিক্ষার্থীদের স্মার্টফোন এবং অন্যান্য ডিভাইস থেকে মুক্ত করার জন্য নীতি বাস্তবায়ন করবে"। "আমাদের এমন শ্রেণীকক্ষ দরকার যেখানে তরুণ মন বিকশিত হতে পারে এবং এর অর্থ হল আমাদের বাচ্চাদের মনোযোগ কেড়ে নেওয়া ডিজিটাল বিভ্রান্তি চিরতরে দূর করা।"হোকুল আরও বলেন, মোবাইল ফোন অপসারণ শিশুদের মানসিক স্বাস্থ্যের উন্নতি করবে।তিনি বলেন, "আমরা তাদের মনোযোগ কেড়ে নেওয়ার জন্য তৈরি আসক্তিকর প্রযুক্তি থেকে রক্ষা করছি। মোবাইল ফোন আমাদের অনেক শিশুকে অন্ধকারে টেনে নিয়ে গেছে। নীতির এই পরিবর্তনের সাথে সাথে, আমরা তাদের আলোতে ফিরে আনতে সাহায্য করছি" যদিও একটি সাধারণ চুক্তিতে পৌঁছানো হয়েছে, তবুও আইনসভার বাজেট বিলের উপর ভোটাভুটি বাকি আছে। ভবিষ্যতে পরিবর্তনের সম্ভাবনা উড়িয়ে দেননি হোকুল।

## সিটিতে ৬ হাজার আবাসন ইউনিটের পরিকল্পনা

৬৪ পৃষ্ঠার পর

মডেলে আবাসন নির্মাণে জোর দেয়া হবে। যেখানে বাসিন্দারা একই স্থানে আবাসন সুবিধার পাশাপাশি মানসিক স্বাস্থ্য ও সামাজিক সেবা পাবেন। মেয়রের কার্যালয় সূত্রে জানা গেছে, নতুন বাজেটে ৪৬ মিলিয়ন ডলার ব্যয়ে ৫ হাজার ৮৫০টি ইউনিট নির্মাণ ও সংরক্ষণ করা হবে। এর মধ্যে ৪ হাজার ৫৫০টি নতুন ইউনিট নির্মাণ করা হবে এবং ১ হাজার ৩০০টি বিদ্যমান ইউনিট সংরক্ষণ করা হবে। ২০১৫ সালে চালু হওয়া ১৫/১৫ প্রকল্পের লক্ষ্য ছিল ২০৩০ সালের মধ্যে ১৫ হাজার ইউনিট সহায়ক আবাসন তৈরি করা। মেয়র অ্যাডামস সেই সময়সীমা এগিয়ে এনে ২০২৮ করেছেন। তবে ছড়িয়ে ছিটিয়ে থাকা আবাসন প্রকল্পের অগ্রগতি আশানুরূপ না হওয়ায় এবার কনগ্রিগেট মডেলে গুরুত্ব দেওয়া হচ্ছে।

নিউইয়র্ক সিটি কাউন্সিলের স্পিকার অ্যাড্রিয়েন অ্যাডামস এই পরিকল্পনাকে স্বাগত জানিয়ে বলেন, নতুন এই বিনিয়োগ নিউইয়র্কবাসীর আবাসন সুরক্ষায় একটি বড় অগ্রগতি।এছাড়া নতুন বাজেটে আরও ৩৫০ মিলিয়ন ডলার বরাদ্দ রাখা হয়েছে নিউইয়র্ক সিটি হাউজিং অথরিটির ইউনিট সংস্কারে এবং ভাড়াটিয়াদের আইনি সহায়তার জন্য ৭.৬ মিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে।মেয়র অ্যাডামস বলেন, আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম যে রাস্তায় বা সাবওয়েতে আর কাউকে মানবেতর অবস্থায় থাকতে দেব না। এই বাজেট সেই প্রতিশ্রুতি বাস্তবায়নের আরেকটি ধাপ।

## ট্রাম্পের নিরাপত্তা উপদেষ্টা বরখাস্ত

১ পৃষ্ঠার পর

ওয়াল্টজকে তার পদ থেকে অপসারণ করার ঘোষণা দিলেন। অনলাইনে গোপন সামরিক হামলার আলোচনা চলার সময় 'ভুলবশত' গ্রুপচ্যাটের মধ্যে এক সাংবাদিককে আমন্ত্রণ জানিয়ে ফেলেন ওয়াল্টজ। তারপর শুরু হয় বিতর্ক। প্রেসিডেন্ট ট্রাম্প তাঁর জাতীয় সুরক্ষা দলে একটি বড় পরিবর্তন ঘোষণা করেছেন। মাইক ওয়াল্টজকে জাতিসংঘে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত হিসাবে পাঠাবার সিদ্ধান্ত নেন এবং পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও-কে (ভারপ্রাপ্ত) জাতীয় নিরাপত্তা উপদেষ্টার দায়িত্ব পালনের ঘোষণা করেন তিনি। গতকাল বৃহস্পতিবার এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, 'আমি অত্যন্ত আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে, মাইক ওয়াল্টজকে জাতিসংঘে যুক্তরাষ্ট্রের পরবর্তী রাষ্ট্রদূত হিসেবে মনোনীত করব। যুদ্ধক্ষেত্রে, কংগ্রেসে এবং আমার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হিসেবে ইউনিফর্ম পরা সময় থেকে মাইক ওয়াল্টজ আমাদের জাতির স্বার্থকে অগ্রাধিকার দেওয়ার জন্য কঠোর পরিশ্রম করেছেন। আমি জানি সে তার নতুন ভূমিকায় একই অবদান রাখবে। অন্তর্বর্তীকালীন সময়ে পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও জাতীয় নিরাপত্তা উপদেষ্টার দায়িত্ব পালন করবেন এবং পররাষ্ট্র দপ্তরে তাঁর দৃঢ় নেতৃত্ব অব্যাহত রাখবেন। একসঙ্গে, আমরা মেক আমেরিকা এবং বিশ্বকে আবার নিরাপদ করার জন্য অক্লান্ত লড়াই চালিয়ে যাব'।

আটলান্টিক ম্যাগাজিনের প্রধান সম্পাদক জেফ্রি গোল্ডবার্গকে ইয়েমেনে বিমান হামলা সম্পর্কে একটি গ্রুপ চ্যাটে যুক্ত করেছিলেন মাইক। বিতর্কের সূত্রপাত গত ২৪ মার্চ। ওই সময় অনলাইন যোগাযোগ মাধ্যম 'সিগন্যাল' অ্যাপের একটি চ্যাট ফাঁস হয়ে গিয়েছিল। ট্রাম্পের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ওয়াল্টজ-সহ আমেরিকার বিভিন্ন শীর্ষ আধিকারিকেরা একটি 'গ্রুপ চ্যাটে' সামরিক কিছু বিষয়ে আলোচনা করছিলেন। ওই 'গ্রুপ চ্যাটে' এক মার্কিন সংবাদমাধ্যমের সম্পাদককে আমন্ত্রণ জানিয়ে বসেন ওয়াল্টজ। দাবি করা হয়, ভুলবশতই তিনি ওই কাণ্ড ঘটিয়েছিলেন। কিন্তু তাতে বিতর্ক থামেনি। অভিযোগ, ওই গ্রুপ চ্যাটে ইয়েমেনে সশস্ত্র গোষ্ঠী হুথিদের উপর সামরিক হামলার পরিকল্পনা চলাকালীনই অনভিপ্রেত 'ওই অতিথি' গ্রুপে প্রবেশ করেছিলেন। ওই গোপন তথ্য 'ফাঁস' বিতর্কের পর ওয়াল্টজ নিজেই ঘটনার কথা স্বীকার করেছিলেন। মার্কিন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জানিয়েছিলেন, ভুলবশত ওই ঘটনাটি ঘটেছে এবং এর দায়ও সম্পূর্ণ তাঁর।

## ব্যবসা প্রতিষ্ঠানে কর্মচারি সংকট

১ পৃষ্ঠার পর

ট্রাম্প প্রশাসন দায়িত্ব নেবার গত ৪ মাসে ২ লাখ অভিবাসীকে গ্রেফতার করেছে। এরমধ্যে ১ লাখ বহিষ্কার করেছে। ২০০০ জনের জরিপে প্রতি পাঁচজন কর্মীর মধ্যে তিনজন বলেছেন, তারা অভিবাসন অভিযান নিয়ে চিন্তিত। প্রতিবেদনে দেখা গেছে, কর্মক্ষেত্রে অভিযানের সম্ভাবনা নিয়ে তরুণ কর্মীরা বেশি উদ্বিগ্ন।

## ক্রেডিট কার্ড ব্যবহারে পরিচয়পত্র প্রদর্শন বাধ্যতামূলক হচ্ছে

১ পৃষ্ঠার পর

ব্যবসায়ী এ আইন অনুসরন না করলে আর্থিক জরিমানাসহ আইনী প্রক্রিয়ার মুখোমুখি হতে হবে। ২৫ এপ্রিল শুক্রবার যুক্তরাষ্ট্রের কংগ্রেসের আপার হাউজ সিনেট সর্বসম্মতিক্রমে এ সংক্রান্ত বিল ২৪-২২ ভোটে পাস করেছে। যার ফলে ক্রেডিট এবং ডেবিট কার্ড ব্যবহারকারীদের কেনাকাটা করার সময় একটি বৈধ ছবিযুক্ত পরিচয়পত্র উপস্থাপন করতে হবে। এতদিন এমন বাধ্যবাধকতা অনিবার্য ছিল না। ছিল অপশনাল। অনেক সময় স্বাক্ষর করলেই যথেষ্ট ছিল।

এখন তা যাবে প্রতিনিধি পরিষদে। সেখানেও বিলটি অনুমোদন হবে তা নিশ্চিত। আর তা প্রেসিডেন্ট স্বাক্ষর করলেই আইনে পরিণত হবে। সিনেটর ফ্রাঙ্ক কিউ মুজ কর্তৃক উত্থাপিত এ বিল অনুসারে সমস্ত ব্যবসায়িক প্রতিষ্ঠানকে ডেবিট বা ক্রেডিট কার্ডের সাথে সম্পর্কিত যেকোনো লেনদেনের জন্য, সেই সাথে চেক-ক্যাশ বিনিময় বা কেনাকাটার জন্য গ্রাহকদের একটি বৈধ ছবিযুক্ত পরিচয়পত্র প্রদান করতে বাধ্য করা হবে।

এই ব্যবস্থা লঙ্ঘনকারী যে কোনও ব্যবসায়ীকে ভুক্তভোগীর আর্থিক ক্ষতির জন্য ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দেওয়া হবে। অননুমোদিত ক্রেডিট কার্ড চার্জ এবং ফি ফিরিয়ে দেওয়া হবে না এবং প্রথম লঙ্ঘনের জন্য ব্যবসা প্রতিষ্ঠান ২৫০ ডলার পর্যন্ত এবং পরবর্তী প্রতিটি লঙ্ঘনের জন্য ১,০০০ ডলার পর্যন্ত দেওয়ানি জরিমানার বিধান থাকছে। ।

বিলটি পাস হওয়ার আগে, সিনেটের ফ্লোর লিডার জোসেফ এম. ম্যাংগোনা আইনটির প্রতি সমর্থন প্রকাশ করেন।ম্যাংগোনা বলেছেন, ব্যবসায়ীদের উচিত একটি বৈধ পরিচয়পত্র এবং ছবি দেখানোর প্রয়োজনীয়তাকে গুরুত্ব সহকারে নেওয়া। কারণ এটি তাদের সুরক্ষা এবং কার্ডধারীদের সুরক্ষা উভয়ের জন্য।

## লাগোর্ডিয়া কলেজের ১৭ বাংলাদেশি শিক্ষার্থীর ভিসা বাতিল

১ পৃষ্ঠার পর

হয়েছে, উল্লেখিত শিক্ষার্থীদের গতিবিধি সন্দেহজনক হওয়ায় এফ-১ (স্টুডেন্ট ভিসা) বাতিল করা হলো। কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের প্রাতিষ্ঠানিক ই-মেইলে ভিসা বাতিল সংক্রান্ত ইমেইল পাঠিয়েছে। এ খবরটি জানাজানি হবার পর লাগোর্ডিয়া কমিউনিটি কলেজ সহ সিটির অন্যান্য কলেজগুলোতে আন্তর্জাতিক শিক্ষার্থীদের মধ্যে আতংক বিরাজ করছে। গত ৩ মাসে ৫ হাজার আন্তর্জাতিক শিক্ষার্থীর ভিসা বাতিল করেছেন বলে সেক্রেটারি অব স্টেট মার্ক রুবিও সংবাদ মাধ্যমকে জানিয়েছেন।

নাম প্রকাশে অনিচ্ছুক একজন ভুক্তভোগী শিক্ষার্থী প্রতিবেদককে বলেন, গত ১৭ এপ্রিল কলেজ থেকে ভিসা বাতিল সংক্রান্ত ই-মেইল পাই। সাথে সাথে কলেজে যোগাযোগ করি। এমনকি কলেজে যেতে চাই। তারা কলেজে না যেতে পরামর্শ দেন। লাগোর্ডিয়া কমিউনিটি কলেজ সেনচুয়ারি ক্যাম্পাস না হওয়ায় আইনশৃংখলা বাহিনীর হাতে গ্রেফতার হবার সম্ভাবনার কথা বলেন তারা। কলেজ কর্তৃপক্ষ একজন এটর্নির নাম ও টেলিফোন নাম্বার দিয়ে তার কাছ থেকে পরামর্শ নেবার কথা বলেন। আমি এটর্নিকে কল করেছি। ৯ মে এটর্নির সাথে আমার সাক্ষাৎ হয়েছে।

বাংলাদেশি এই শিক্ষার্থী সাপ্তাহিক আজকালকে বলেন, ৩ বছর আগে লাখ লাখ টাকা খরচ করে এ দেশে এসেছি। সুন্দর ও উজ্জ্বল একটি ভবিষ্যতের আকাংখা ছিল। দেশে স্ত্রী ও সন্তান রেখে এ দেশে লেখাপড়া করছিলাম। সবই ঠিকঠাক চলছিল। আগামী জানুয়ারিতে কম্পিউটার সায়েন্সে ডিগ্রী নেবার কথা ছিল। এখন ঘর থেকেই বের হতে পারছি না। কখন গ্রেফতার হই এই আতংকে দিনাতিপাত করছি। ৩ বছরে প্রায় ১ কোটি টাকা খরচ করেছি। দেশে ফিরে গেলে কোন ডিগ্রী হাতে থাকবে না। আর দেশে গিয়ে কি করবো। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, এটর্নির সাথে পরামর্শ করে আইনী লড়াইটি চালিয়ে যেতে চাই। তারপর দেশে ফেরার পর সিদ্ধান্ত নেব।

## দুই মহাতারকার স্বপ্ন একই রাতেই ভঙ্গ

৫২ পৃষ্ঠার পর

সোনালতা তারকা সেমিতে স্বপ্নভঙ্গ হওয়ার পর আবেগটা লুকাননি। আল-নাসরের হয়ে একটি শিরোপা জেতার আক্ষেপটা দীর্ঘ করেই নিজের এক্স (সাবেক টুইটার) হ্যান্ডলে রোনালদো লিখেছেন, 'কখনও কখনও স্বপ্নকে অপেক্ষা করতে হয়। আমি এই দল এবং পারফরম্যান্স নিয়ে গর্বিত।'

লিওনেলের সেই হতাশাজনক ম্যাচের কয়েক ঘণ্টা পর ফ্লোরিডার চেজ স্টেডিয়ামে খেলতে নামেন তার চিরপ্রতিদ্বন্দ্বী ও আর্জেন্টাইন অধিনায়ক মেসি। তিনিও এদিন কোনো সুখকর চিত্র আঁকতে পারেননি। কনকাকাফ চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালে প্রথম লেগে হেরে বিদায়ের শঙ্কায় ছিলেন লিওনেল মেসিদের ইন্টার মায়ামি। তবে ২-০ ব্যবধানে পিছিয়ে থেকেও তাদের আশাটা জিইয়ে ছিল, বিশেষত দ্বিতীয় লেগ যে ঘরের মাঠে। কিন্তু মেসি-সুয়ারেজরা সেই ব্যবধান তো ঘুচাতেই পারলেন না, উল্টো ফিরতি লেগেও ৩-১ গোলের বড় ব্যবধানে হারলেন।

ইন্টার মায়ামি এদিন জর্দি আলবার গোলে ম্যাচের মাত্র নবম মিনিটেই এগিয়েও গিয়েছিল। কিন্তু বাকিটা সময় থাকল দর্শক হয়ে। যেহেতু গুরুত্বপূর্ণ ম্যাচ, মেসি-সুয়ারেজদের শুরু থেকেই পুরো সময় খেলিয়েছেন কোচ হাভিয়ের মাচেরানো। যদিও দুজনেই ম্যাচে একাধিক সুযোগ পেয়েও কাজে লাগাতে ব্যর্থ হয়েছেন। ফলে হারের হতাশাই সঙ্গী হলো মেসি-সুয়ারেজ-আলবা-বুসকেটসদের। ম্যাচ শেষে মেসির চোখমুখেও শিরোপার নিকটে থেকে ফেরার হতাশার ছাপ ছিল স্পষ্ট। ম্যাচ শেষে মেসির সাবেক সতীর্থ ডিফেন্ডার ও বর্তমানে মায়ামির কোচ মাচেরানো বলেন, 'আমরা দুটি টুর্নামেন্টের সেমিফাইনালে উঠেছিলাম, এমন কিছু ক্লাব আগে দেখেনি। কিন্তু এটি এখন স্বপ্নবিলাসক, আমরা ফাইনালেও খেলতে চেয়েছিলাম। আমরা মেনে নিচ্ছি তারা (ভ্যাঙ্কুভার) ভালো খেলেই জিতেছে, গুরুত্বপূর্ণ মুহূর্তে সুযোগ কাজে লাগিয়েছে, দুটি ম্যাচেই জিতে এই পর্যায়ে (ফাইনাল) গেছে। এখন আমাদের মনোযোগ এমএলএস কাপে। এই মুহূর্তে ক্লাব বিশ্বকাপ নিয়ে ভাবছি না।'

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদেরকে নিম্ন সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস




আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

## ইসলামি দাম্পত্যবিধানে স্বামী-স্ত্রীর দায়িত্ব

২৫ পৃষ্ঠার পর

তোমাদের নিজেদের মধ্য হতে জোড়া সৃষ্টি করেছেন, যাতে তোমরা তাদের নিকটে শান্তি পাও; এবং তোমাদের মধ্যে পারস্পরিক ভালোবাসা ও দয়া সৃষ্টি করেছেন। চিন্তাশীল সম্প্রদায়ের জন্য এতে অবশ্যই বহু নিদর্শন রয়েছে।' (সুরা-৩০ রুম, আয়াত: ২১)। বিয়ের তিনটি অনুষঙ্গ: প্রস্তাব গ্রহণ, সাক্ষী ও মহর। 'মহর' হলো বিয়ের সময় বর কর্তৃক কনেকে প্রদত্ত সম্মানী, যার মাধ্যমে সে স্বামীর অধিকার লাভ করে। মহর নগদে প্রদান করা উচিত। উভয় পক্ষের সম্মতিতে আংশিক বা সম্পূর্ণ বাকিও থাকতে পারে। তবে তা অবশ্যই পরিশোধযোগ্য। জীবনে পরিশোধ না করলে মৃত্যুর পর ঋণ হিসেবেও সম্পদ বণ্টনের আগে পরিশোধ করতে হবে। নগদ প্রদানকৃত মহর কিংবা মহরের অংশবিশেষকে 'মহরে মুআজ্জাল' (মিম, আইন, জিম, লাম) অর্থাৎ তাৎক্ষণিক পরিশোধিত মহর বলে। বাকিতে পরিশোধযোগ্য মহর বা মহরের অংশবিশেষকে 'মহরে মুআজ্জাল' (মিম, হামজাহ, জিম, লাম) অর্থাৎ বিলম্বে পরিশোধিত মহর বলে। শব্দ দুটির বাংলা রূপ প্রায় একই।

বিয়ের আগে বিবাহবিষয়ক জ্ঞান থাকলে সতর্ক থাকা যায়। 'পুরুষ নারীর ওপর দায়িত্বশীল; কারণ, আল্লাহ তাদের একের ওপর অপরের শ্রেষ্ঠত্ব দান করেছেন এবং এ জন্য যে পুরুষ তাদের ধনসম্পদ ব্যয় করে।' (সুরা-৪ নিসা, আয়াত: ৩৪) বিয়ের পর স্বামীর ওপর তিনটি দায়িত্ব বর্তায়: স্ত্রীর ভরণপোষণ, পোশাকপরিচ্ছদ ও আবাসনব্যবস্থা করা। স্বামীর প্রতি ওয়াজিব হলো এমন একটি গৃহে স্ত্রীর আবাসনব্যবস্থা করা, যে ঘরে স্ত্রীর অনুমতি ছাড়া কেউ প্রবেশ করবে না। এমনকি স্বামীর পরিবারের লোকও নয়, সন্তানও নয়। তা হতে হবে রান্নাঘর ও স্নানাগারসহ স্বয়ংসম্পূর্ণ আবাসনব্যবস্থা, যাতে তালাবদ্ধ করার ব্যবস্থাও থাকবে। ইমাম আবু হানিফা (রহ.) ও ইমাম মুহাম্মাদ (রহ.)এর মতে সামর্থ্যবান স্বামীরা স্ত্রীর জন্য একজন পরিচারিকার ব্যবস্থা করবেন। ইমাম আবু ইউসুফ (রহ.)এর মতে, স্ত্রীর গৃহকর্মের জন্য একজন পরিচারিকা এবং বাইরের কাজের জন্য একজন পরিচারকের ব্যবস্থা করা স্বামীর কর্তব্য। ইমাম আবু ইউসুফ (রহ.) ও ইমাম মুহাম্মাদ (রহ.)এর আরেকটি মত হলো, একজন পরিচারিকাই উভয় কাজের জন্য যথেষ্ট হবে। ইমাম মুহাম্মাদ (রহ.)এর মতে, অসচ্ছল হলেও একজন পরিচারিকার ব্যবস্থা করা ওয়াজিব। (শরহে বেকায়া, উমদাতুর রেআয়া, দ্বিতীয় খণ্ড, খোরপোশ অধ্যায়, পৃষ্ঠা: ১৪৯-১৫১)। স্ত্রীর দায়িত্ব হলো স্বামীর সংসারের দেখাশোনা, তদারক করা ও স্বামীর সম্পদ হেফাজত করা এবং সন্তান প্রতিপালন করা। কোরআনুল করিমের বর্ণনা, 'সুতরাং সাধ্বী স্ত্রীরা অনুগতা এবং লোকচক্ষুর অন্তরালে আল্লাহ যা সংরক্ষিত করেছেন, তা হেফাজত করে।' (সুরা-৪ নিসা, আয়াত: ৩৪)। শারীরিক, মানসিক ও আর্থিক সামর্থ্য বিয়ের পূর্বশর্ত। সামর্থ্য না থাকলে কী করতে হবে, তাও কোরআনে বর্ণিত আছে, 'যাদের বিবাহের সামর্থ্য নাই, আল্লাহ তাদের নিজ অনুগ্রহে অভাবমুক্ত না করা পর্যন্ত তারা যেন সংযম অবলম্বন করে।' (সুরা-২৪ নূর, আয়াত: ৩৩)। মানসিক প্রশান্তি, পারিবারিক সমৃদ্ধি ও সামাজিক সহাবস্থানের জন্য দায়িত্বের বাইরেও নৈতিক কারণে ভালোবাসার প্রতিদানস্বরূপ কিছু কাজ করতে হয়। সমঝোতার ভিত্তিতে একে অন্যের সহযোগী হলে দাম্পত্যজীবন সহজ সুন্দর ও সুখের হয়।

লেখক: যুগ্ম মহাসচিব, বাংলাদেশ জাতীয় ইমাম সমিতি; সহকারী অধ্যাপক, আহ্ছানিয়া ইনস্টিটিউট অব সুফিজম।

## রোববার দেশে ফিরতে পারেন খালেদা

৬৪ পৃষ্ঠার পর

তিনি রোববার দেশে ফিরবেন। তবে এয়ার অ্যাম্বুলেন্স পাওয়ার বিষয়টি এখনো অনিশ্চিত। সে ক্ষেত্রে তিনি পরদিন সোমবার বাংলাদেশ বিমানে দেশে ফিরতে পারেন।

খালেদা জিয়ার একান্ত সচিব এবিএম আব্দুস সাত্তার বৃহস্পতিবার রাতে বলেছেন, 'এয়ার অ্যাম্বুলেন্স পেলে ম্যাডাম (খালেদা জিয়া) ৪ মে (রোববার) দেশে ফিরতে পারেন। তবে এখনো এয়ার অ্যাম্বুলেন্স পাওয়া যায়নি। আমরা চেষ্টা করে যাচ্ছি। শেষ পর্যন্ত না পেলে বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে করে তিনি দেশে ফিরবেন।'

এয়ার অ্যাম্বুলেন্স পাওয়া না গেলে বাংলাদেশ সময় ৫ মে বেলা ১১টায় বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে বিএনপির চেয়ারপারসন দেশে ফিরতে পারেন বলে জানান আব্দুস সাত্তার। খালেদা জিয়ার সঙ্গে তাঁর দুই পুত্রবধূও দেশে ফিরতে পারেন।

প্রায় চার মাস আগে গত ৮ জানুয়ারি উন্নত চিকিৎসার জন্য খালেদা জিয়া লন্ডনে যান। কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার শারীরিক অসুস্থতার কথা জেনে রাজকীয় বহরের বিশেষ বিমান দিয়েছেন। ওই বিশেষ বিমানে (বিশেষ ধরনের এয়ার অ্যাম্বুলেন্স) করে তিনি লন্ডন যান।

সেখানে দ্য লন্ডন ক্লিনিকে ১৭ দিন চিকিৎসাধীন ছিলেন খালেদা জিয়া। পরে গত ২৫ জানুয়ারি হাসপাতাল থেকে ছেলে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের লন্ডনের বাসায় যান তিনি। এরপর থেকে সেখানেই তিনি ছিলেন। ছেলের বাসাতেই তাঁর চিকিৎসা চলে।

খালেদা জিয়া দীর্ঘদিন ধরে লিভার সিরোসিস, কিডনি, হার্ট, ডায়াবেটিস, আর্থরাইটিসসহ শারীরিক নানা অসুস্থতায় ভুগছেন।

২০১৮ সালে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে দুর্নীতির মামলায় গ্রেপ্তার করা হয়েছিল। তিনি দুই বছরের বেশি সময় কারাগারে ছিলেন। দল ও পরিবারের পক্ষ থেকে তাঁকে বিদেশে চিকিৎসার অনুমতি দিতে তৎকালীন আওয়ামী লীগ সরকারের কাছে কয়েক দফা আবেদন করা হয়; কিন্তু তাতে সাড়া দেওয়া হয়নি।

গত ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর রাষ্ট্রপতির এক আদেশে খালেদা জিয়া মুক্তি পান। এরপর দুর্নীতির যে দুটি মামলায় তিনি কারাবন্দী হয়েছিলেন, সেগুলোর রায় বাতিল করেন আদালত।

## ইরানের তেল কিনলেই মার্কিন নিষেধাজ্ঞা

৬৪ পৃষ্ঠার পর

২ মে (শুক্রবার) এক প্রতিবেদনে এ খবর দিয়েছে বার্তাসংস্থা রয়টার্স। বৃহস্পতিবার ট্রুথ সোশ্যাল-এ দেওয়া এক বার্তায় ট্রাম্প লেখেন, তারা যুক্তরাষ্ট্রের সঙ্গে কোনোভাবেই ব্যবসা করতে পারবে না—না কোনোভাবে, না কোনো রূপে।

ট্রাম্পের এ মন্তব্য এমন সময় এলো যখন ইরানের পরমাণু কর্মসূচি নিয়ে রোমে অনুষ্ঠিতব্য যুক্তরাষ্ট্র-ইরান বৈঠক স্থগিত হয়েছে। এক জ্যেষ্ঠ ইরানি কর্মকর্তা বার্তা সংস্থা রয়টার্সকে জানিয়েছেন, যুক্তরাষ্ট্রের আচরণের ওপর নির্ভর করে বৈঠকের নতুন তারিখ নির্ধারণ করা হবে। এর আগে ট্রাম্প প্রশাসন চীনভিত্তিক একটি কাঁচা তেল সংরক্ষণ কেন্দ্র ও একটি স্বাধীন রিফাইনারিসহ একাধিক প্রতিষ্ঠানের ওপর নিষেধাজ্ঞা আরোপ করে, যাদের অবৈধভাবে ইরানি তেল ও পেট্রোকেমিক্যাল বাণিজ্যে জড়িত থাকার অভিযোগ রয়েছে। চলতি বছরের ফেব্রুয়ারিতে ট্রাম্প আবারও সর্বোচ্চ নীতি ফিরিয়ে আনেন, যার উদ্দেশ্য হচ্ছে ইরানের তেল রপ্তানি শূন্যে নামিয়ে আনা এবং দেশটিকে পরমাণু অস্ত্র অর্জনে বাধা দেওয়া। 'সেকেন্ডারি স্যাংশন' হলো এমন এক ধরনের নিষেধাজ্ঞা, যেখানে একটি দেশ তৃতীয় আরেকটি দেশের সঙ্গে ব্যবসার কারণে দ্বিতীয় কোনো দেশকে শাস্তি দেয়। যুক্তরাষ্ট্রের মতো বৃহৎ অর্থনীতির ক্ষেত্রে এটি একটি অত্যন্ত কার্যকর হাতিয়ার।

বিশ্লেষকরা বলছেন, ইরানের তেল রপ্তানিকে বাস্তবিকভাবে দমন করতে হলে যুক্তরাষ্ট্রকে এমনকি চীনা ব্যাংকের ওপরও নিষেধাজ্ঞা দিতে হবে, যারা ইরানি তেল কেনায় সহায়তা করে। বর্তমানে চীনই ইরানি কাঁচা তেলের সবচেয়ে বড় ক্রেতা।

## এসাইলাম আবেদন ফি হাজার ডলার!

১ পৃষ্ঠার পর

জন্য গত সোমবার হাউস জুডিশিয়ারি কমিটি কর্তৃক অন্তর্ভুক্ত হওয়ার জন্য সোমবার প্রকাশিত আইনের মধ্যে ইমিগ্রান্টদের উপর ফি-সংক্রান্ত আইন একটি। এসাইলাম আবেদনকারীদের ওপর ফি ধার্য করার প্রস্তাব এর আগেও করা হয়েছে, কিন্তু সেসব প্রস্তাবে সামান্য পরিমাণে ফি ধার্য করতে বলা হয়েছিল। কিন্তু সেসব প্রস্তাব গৃহীত হয়নি। রিপাবলিকানদের প্রস্তাবটি গৃহীত হলে যুক্তরাষ্ট্রে যারা অবৈধ সীমান্ত অতিক্রম করে অনুপ্রবেশ বিপুলভাবে হ্রাস পাবে, তাতে কোনো সন্দেহ নেই। প্রস্তাবে বেশিরভাগ এসাইলাম প্রার্থী ইমিগ্রান্টের মাথাপিছু ১,০০০ ডলার ফি প্রয়োজনের উল্লেখ করা হয়েছে।

যারা ইমিগ্রান্ট শিশুদের স্পন্সর করবেন তাদেরকে শিশু স্পন্সরের জন্য ৩,৫০০ ডলার ফি প্রদান করতে হবে। এর ফলে অভিভাবকহীন শিশুদের জন্য সীমান্ত অতিক্রম করা কঠিন হয়ে উঠবে। এসাইলাম আবেদন করার পর ওয়ার্ক পারমিটের জন্য প্রত্যেক আবেদনকারীকে ৫৫০ ডলার ফি আরোপের প্রস্তাব করা হয়েছে। বর্তমানে এ ধরনের আবেদনকারীকে প্রথমবারের জন্য ওয়ার্ক পারমিটের আবেদন করার জন্য কোনো ফি প্রদান করতে হয় না। তবে নবায়ন করতে ফি এর প্রয়োজন পড়ে।

## ভার্জিনিয়ায় ফোবানার মীট এন্ড গ্রীট অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফোবানার সাবেক চেয়ারম্যান জিল্লুর খান, ফোবানা কনভেনশন ২০২৫-এর কনভেনর নাজিবুল খান সোহেল, ফোবানা কনভেনশন ২০২৫-এর মেম্বার সেক্রেটারী মাহবুব ভূঁইয়া, সিনিয়র কো-কনভেনর কাজী নাহিদ। অনুষ্ঠানটি পরিচালনা করেন কবি, লেখক ও সংগঠক সামছুদ্দীন মাহমুদ। সভাপতিত্ব করেন একাত্তর ফাউন্ডেশনের প্রেসিডেন্ট পারভীন পাটোয়ারী। মূল আয়োজনে ছিলেন একাত্তর ফাউন্ডেশনের কবির পাটোয়ারী, জাকির চৌধুরী, বাইডেপোর সামছুদ্দীন মাহমুদ, স্বাধীন বাংলাদেশের মজনু মিয়া, ম্যারিল্যান্ড স্ক্যাভেঞ্জ এন্ড ক্যামিলির মোহাম্মদ কামরুল। আরো বক্তব্য রাখেন ফোবানার সেন্ট্রাল কমিটির ট্রেজারার ড. প্রিয়লাল কর্মকার, বাই-এর প্রেসিডেন্ট দিলশাদ চৌধুরী চুটি, বাংলাদেশ আমেরিকান ফাউন্ডেশনের প্রেসিডেন্ট হাসান চৌধুরী, সুরনিকেতনের মো. কামাল, জাগো বাংলাদেশের আতাউর রহমান জনি, ঘাস্তবাজ এর পলাশ আনসারী, বিশিষ্ট রিয়েল্টর শিক রোমান, বিশিষ্ট ব্যবসায়ী মিজানুর রহমান, বিশিষ্ট রিয়েল্টর মোহা কাদের, বিশিষ্ট ব্যবসায়ী মোর শরীফ, স্বপন ইসলাম, রাবেয়া সারা খান, মোহাম্মদ জেসমিন দিপু প্রমুখ। ফোবানার কনভেনশন ২০২৫ এর বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন আটলান্টা থেকে আগত নেতৃবৃন্দ। অনুষ্ঠানে প্রায় ৪৬ টি সিলভার প্যাকেজ বিক্রি হয়। ফোবানার নেতৃবৃন্দের এ মীট এন্ড গ্রীট থেকে ৫০ হাজার ডলার কালেকশনের লক্ষ্যমাত্রা থাকলেও প্রায় ৬০ হাজার ডলার সংগৃহীত হয়। ওয়াশিংটন থেকে এবারের ফোবানায় বিশাল একটি গ্রুপ যোগ দেবে বলে উল্লেখ করেন। অনুষ্ঠান শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে সঙ্গীত পরিবেশন করেন আলমগীর রহমান, আতেকুর রহমান জনি ও মাহিন সুজন।

## জিম্বাবুয়ের বিপক্ষে জয়ের পরও খুশি নন শান্ত

৫২ পৃষ্ঠার পর

শান্ত নিজের পারফরম্যান্স নিয়ে পুরোপুরি খুশি নন। ব্যাটারদের আউট হওয়ার ধরন নিয়ে কাল চট্টগ্রামে ম্যাচ-পরবর্তী সংবাদ সম্মেলনে শান্ত বলেন, 'না, আমি আসলে খুব বেশি খুশি না। দুই ম্যাচের পর এর চেয়ে ভালো ক্রিকেট খেলা উচিত ছিল। সিরিজটা আমাদের জেতা উচিত ছিল। প্রথম ম্যাচে আমরা ভালো খেলিনি, দ্বিতীয় ম্যাচে ফিরে এসেছি।' শান্ত এই সিরিজ থেকে অনেক প্রাপ্তিও তুলে ধরলেন। বাংলাদেশ অধিনায়ক বলেন, 'তাইজুল ভাই প্রথম ম্যাচে বোলিংয়ের পর এই ম্যাচে যেভাবে ফিরে এসেছেন, সেটি প্রশংসনীয়। সাদমানের অসাধারণ সেঞ্চুরি, (এনামুল হক) বিজয়ের দলে ফিরে এসে ভালো ব্যাটিং করা, যদিও বড় ইনিংস হয়নি। তবু ওপেনিংয়ে এই উন্নতি দেখে অনেক ভালো লেগেছে। এখানে ধারাবাহিক হতে হবে। (তানজিম) সাকিবের ব্যাটিংটাও অনেক ভালো লেগেছে। শেষের দিকে অতীতে যেমন তাইজুল ভাই অনেক বল মোকাবিলা করেছেন, সাকিবের ব্যাটিং প্রথম ম্যাচে দারুণ ছিল।'


ব্যাথার যন্ত্রনায় ভুগছেন ?
আর কোন চিন্তা নয়!
জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রেই আছে ২০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ফিজিক্যাল থেরাপির বিশ্বস্ত প্রতিষ্ঠান!
প্লাস ফিজিক্যাল থেরাপি পিসি
PLUS PHYSICAL THERAPY PC
40-16 74th street Elmhurst, NY 11373
আমরা অভিজ্ঞ মহিলা থেরাপিস্ট দ্বারা যত্নসহকারে মহিলা এবং পুরুষ রোগীদের ১০০ শতাংশ সেবা দিয়ে থাকি।

যে কোন ধরনের ব্যাথা নিরাময়ের জন্য আমাদের এখানে এসে সম্পূর্ণ সুস্থ ও নিরাময় বোধ করুন।
বিস্তারিত জানতে কল করুন
তাহেরা রহমান : ৬৪৬-৮৭২-৯৭৬৮

Starling Car Service LLC
Best Choice for your trip

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
* 24 Hours Service
* Experienced & Professional Driver
* Affordable Price
* Airport Service
* Long Distance - Short Distance Hourly Service
* Special Occasions Service
* Wheelchair Available
* Corporate Transporation


Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825
2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com
We arrange
Base Letter & Base Affiliate

# জাতীয় ঐকমত্য কমিশন কি ঠিক পথে হাঁটছে?

১ পৃষ্ঠার পর

রাষ্ট্র মেরামতের, সেটিকে আমরা সংস্কার বলছি, সেই কাজকে একটি সফল পরিণতির দিকে নিয়ে যাবেন। আপাতদৃষ্টিতে মনে হচ্ছে রাজনৈতিক দলগুলো, বিশেষ করে বিএনপি, দেশের চেয়ে তাদের দলের এবং তারও চেয়ে বেশি জিয়া পরিবারের স্বার্থকে বড়ো করে দেখছে। সেদিকে এই কমিশন সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে কিন্তু প্রকৃত সত্য হয়তো তা নয়।

কিছুতেই একটি পরিবারের স্বার্থ রাষ্ট্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ সংস্কার কাজের প্রধান বিবেচ্য বিষয় হতে পারে না। সেটি যত বড়ো শক্তির মুখ দিয়েই উচ্চারিত হোক না কেন। রাজনৈতিক দলগুলোর মূল শক্তি দেশের মানুষের আকাঙ্ক্ষার সঙ্গে একাত্মতা। তারা যদি গণমানুষের আকাঙ্ক্ষা বুঝতে না পারেন তাহলে তাদের এই শক্তির প্রবাল মুহূর্তেই এক মুঠো ছাই হয়ে শূন্যে মিলিয়ে যেতে পারে। বিএনপির সাম্প্রতিক কার্যক্রম এবং নেতাদের বক্তব্যে সেই ছাই হয়ে ঝরে পড়ার লক্ষণ বেশ স্পষ্ট হয়ে উঠেছে।

আমাদের দেশের রাজনৈতিক দলগুলো কোনো না কোনো একক ব্যক্তির ক্যারিশমায় গড়ে ওঠে এবং ক্রমশ সেই ব্যক্তি এবং কালক্রমে তার পরিবার হয়ে ওঠে দলের পাওয়ার সেন্টার বা ক্ষমতার কেন্দ্র। পরবর্তীতে তারা আর মানুষের আকাঙ্ক্ষাকে মূল্য দেন না, পাওয়ার হাউজকে কেন্দ্র করে আবর্তিত হতে থাকে দল, এভাবে চাটুকার শ্রেণি তৈরি হয়, ক্ষমতারোহণের পরে স্বৈরাচার তৈরি হয় এবং এক সময়ে পুরো দেশ একটা মাফিয়া রাজ্যে পরিণত হয়। দেশের মূল মালিক যারা, সেই জনগণ হয়ে যায় তাদের কৃপায় কোনোরকমে বেঁচে থাকা প্রজামাত্র।

দেশে যদি গণতন্ত্রের চর্চা অব্যাহত থাকে তাহলে আস্তে আস্তে এই অবস্থা থেকে, খুব ধীরে হলেও, উত্তরণ ঘটে। কিন্তু একক কোনো ব্যক্তি বা পরিবার কেন্দ্রিক রাজনীতি চলমান থাকলে গণতন্ত্র মৌরুসি থাকবেই, বাধাগ্রস্ত হবেই, ফ্যাসিবাদ তৈরি হবেই। রাজনৈতিক দলগুলো নির্বাচন চাইছে। সাদা চোখে দেখলে মনে হবে এটিই তো চাওয়ার কথা। নির্বাচন ছাড়া আর কি কোনো পথ আছে গণতন্ত্রে উত্তরণের? উত্তর হচ্ছে, না নেই, নির্বাচনই একমাত্র সমাধান, গণমানুষের শাসন প্রতিষ্ঠার উপায়। তাহলে দেশের মানুষ কেন ড. ইউনূসের শাসন দীর্ঘায়িত করার কথা বলছে? আমরা কি একটি অনির্বাচিত সরকারকে দীর্ঘদিন রাষ্ট্র পরিচালনার দায়িত্বে রাখবো? না, রাখবো না। দেশের মানুষ দুটি কারণে ইউনূসের সরকারকে একটু বেশি সময় দিতে চায়। জুলাই বিপ্লবের গণ-আকাঙ্ক্ষার মধ্য দিয়ে অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হয়েছে, এই সরকারের ওপর মানুষের বিপুল আস্থা আছে এবং সেই আস্থা পূরণে তারা ইতোমধ্যেই অনেকখানি সফল হয়েছেন। যদিও তাদের মূল কাজ দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, আইন শৃঙ্খলার উন্নতি, রাষ্ট্রের অর্থনীতি সুসংহত করা, বিদ্যুৎ, গ্যাস, ইন্টারনেট সেবা নিশ্চিত করা ইত্যাদি নয়, তবুও রাষ্ট্র পরিচালনার দায়িত্বে থাকলে বাই ডিফল্ট এই কাজগুলো সফলতার সঙ্গে করতে হয়। কারণ এগুলোর সুফল কিংবা কুফল সরাসরি জনজীবনকে প্রভাবিত করে। এইসব রুটিন কাজের মতোই অবাধ, সুষ্ঠু এবং গ্রহণযোগ্য একটি নির্বাচন অনুষ্ঠান এই সরকারের একটি বাই ডিফল্ট কাজ। একটা সময়ে সেটি তাদের করতেই হবে যদিও সেটি তাদের ম্যান্ডেট নয়, জুলাই বিপ্লবের মূল গণ-আকাঙ্ক্ষা নয়।

যে আকাঙ্ক্ষা নিয়ে বাংলাদেশের মানুষ ১৪০০ প্রাণের বিনিময়ে, ৩০ হাজার আহত মানুষের আত্মত্যাগের বিনিময়ে, এই সরকার গঠন করেছে, মোটা দাগে তা মাত্র সুনির্দিষ্ট দুটি কাজ। সর্বপ্রধান কাজটি হচ্ছে রাষ্ট্র সংস্কারের মধ্য দিয়ে এমন একটি ব্যবস্থা নিশ্চিত করা যাতে এই দেশে আর কোনোদিন গণতন্ত্র ভূলুণ্ঠিত না হয়, আর কোনোদিন ফ্যাসিবাদ তৈরি না হয়। অন্য দায়িত্বটি বিপ্লবের বাই প্রোডাক্ট হিসেবে তাদের কাঁধে এসে পড়েছে। সেটি হচ্ছে গণহত্যার বিচার করা, এবং সেই বিচার এমন একটি দৃষ্টান্ত তৈরি করবে যাতে ভবিষ্যতে আর কেউ এই পথে হাঁটার কথা চিন্তাও করতে না পারে। এই দুটি কাজ হয়ে গেলে তারা একটি নির্বাচন দেবেন এবং জনগণের ভোটে নির্বাচিত সরকারের কাছে দায়িত্ব বুঝিয়ে দিয়ে বিদায় নেবেন।

ড. ইউনূসের সরকারকে মানুষ বেশি সময় দিতে চাইছে যে দুটি কারণে তার একটি হচ্ছে, তারা শংকিত, যদি রাজনৈতিক দল ক্ষমতায় এসে আবার দেশকে পুরনো জায়গায় নিয়ে যায়, যদি আবার সুশাসন ভূলুণ্ঠিত হয়। ড. ইউনূসের সরকার রুটিন কাজগুলো দক্ষতার ও সততার সঙ্গে করে দেশের মানুষের আস্থা অর্জন করে ফেলেছেন। মানুষ কিছুটা নিরাপদ বোধ করছেন, একটা কমফোর্ট জোন তৈরি হয়েছে, এখান থেকে তারা বের হতে ভয় পাচ্ছেন। দ্বিতীয় যে কারণে মানুষ এই সরকারকে একটু বেশি সময় দিতে চায় তা হচ্ছে, মানুষ মনে করে নতুন বন্দোবস্ত নিশ্চিত না করে অন্তর্বর্তীকালীন সরকার বিদায় নিলে আবার গণতন্ত্র হাতছাড়া হয়ে যাবে, আবার দেশের জনগণ, যারা প্রকৃত মালিক, তারাই হয়ে যাবে কোনো না কোনো পরিবারের দাস, রাতের অন্ধকারে যে কাউকে তুলে নিয়ে যাবে রাজার কোতোয়াল।

নতুন বন্দোবস্ত নিশ্চিত করার জন্য গলদঘর্ম হয়ে কাজ করছে জাতীয় ঐকমত্য কমিশন। এই কমিশন জানে কী করতে হবে। তাদের হাতে চূড়ান্ত নকশার, অর্থাৎ স্বপ্নের বাড়িটার, স্থাপত্য নকশা আছে। কিন্তু সমস্যা হচ্ছে বাড়িটা তারা কীভাবে নির্মাণ করবেন, কে অনুমোদন দেবে, সেটা বুঝতে পারছেন না। তারা রাজনৈতিক দলগুলোকেই সেই বাড়ি নির্মাণের অনুমোদনকারী ভাবছেন, তাই দফায় দফায় তাদের সঙ্গে আলোচনা করছেন, দর কষাকষি করছেন অনুমোদন পাওয়ার জন্য।

তারা এও জানেন, রাজনৈতিক দলগুলো দেশের প্রকৃত মালিককে পুরোপুরি প্রতিনিধিত্ব করে না। কিন্তু মালিকের সংখ্যা এতো বেশি যে মূল মালিকের কাছে পৌঁছানোর রাস্তাও তারা খুঁজে পাচ্ছেন না, তাই মালিকের প্রতিনিধি ভেবে ভুল মানুষদের কাছেই বারবার যাচ্ছেন। ১৯৯০ সালে এই প্রতিনিধিদের বিশ্বাস করেই ছাত্রী গণতন্ত্র প্রতিষ্ঠার একটি রূপরেখা তৈরি করা হয়েছিল। রোপণ করা হয়েছিল তত্ত্বাবধায়ক সরকার নামক একটি বীজ। সেই বীজ থেকে অঙ্কুরিত চারা গাছটি পূর্ণাঙ্গ বৃক্ষ হয়ে ওঠার আগেই রাজনৈতিক দলের পাওয়ার হাউজগুলো, মানে পরিবারগুলো, সেটিকে সমূলে উৎপাটন করেছে। বিএনপি প্রথমে এর মূল কেটে দিয়েছে, পরে আবার জল ঢেলে বাঁচাতে চেয়েছিল। কিন্তু আওয়ামী লীগ ক্ষমতায় এসে পুরো গাছটিকেই শেকড়শুদ্ধ উপড়ে ফেলে দিয়েছে। তাই বাংলাদেশের মানুষ আর দুই পরিবার-কেন্দ্রিক এই দুটি দলকে বিশ্বাস করতে পারছে না। তারা এর চেয়েও শক্ত, মজবুত কোনো ব্যবস্থা চায় যাতে আগেরবারের মত আবারও তাদের ঠকতে না হয়। আবারও ১৪০০ মানুষকে প্রাণ দিয়ে বিপ্লব ঘটাতে না হয়।

রাজনৈতিক দলগুলো হচ্ছে দেশের মালিকের দালাল। সেই দালালের কাছে না গিয়ে বিপ্লবের মধ্য দিয়ে তৈরি হওয়া গণমানুষের সরকারকে, ঐকমত্য কমিশনকে, নতুন বন্দোবস্ত তৈরির অনুমোদনটা নিতে হবে সরাসরি মালিকের কাছ থেকেই। এজন্য তাদেরকে প্রচলিত নিয়মতান্ত্রিকতার চৌহদ্দি পেরিয়ে কিছুটা সৃজনশীল হতে হবে। যেভাবে তারা সাংবিধানিক বাধ্যবাধকতাকে পাশ কাটিয়ে গণমানুষের আকাঙ্ক্ষা পূরণের জন্য একটি সৃজনশীল অন্তর্বর্তীকালীন সরকার গঠন করেছেন ঠিক সেইভাবে গণমানুষের মূল আকাঙ্ক্ষা পূরণের জন্য পূর্ণাঙ্গ সংস্কারের কাজটিও সম্পন্ন করতে হবে। কোনো রাজনৈতিক দলের চাওয়া-না চাওয়াকে গুরুত্ব দেওয়া যাবে না। সকল রাজনৈতিক দলের ঐকমত্যের ভিত্তিতে তারা যে জুলাই সনদ তৈরি করতে যাচ্ছেন সেটি বাস্তবায়ন করার জন্যও তো সাংবিধানিক নিয়মের ব্যত্যয় ঘটাতে হবে, অধ্যাদেশের মাধ্যমে তা কার্যকর করতে হবে। আংশিক বাস্তবায়ন যদি অধ্যাদেশের মাধ্যমে করা যায় তাহলে পূর্ণাঙ্গ বাস্তবায়ন কেন করা যাবে না? তারা হয়তো ভেবে থাকবেন রাজনৈতিক দলগুলোর ঐকমত্যই তাদের বৈধতা, তাহলে আমি বলবো, এর চেয়েও অনেক শক্তিশালী বৈধতা অর্জনের পথে আপনারা হাঁটুন, যদিও জুলাই বিপ্লবই আপনাদের সেই বৈধতা দিয়েছে তবুও আরো একবার আপনারা জনগণের কাছে যেতে পারেন।

সকল রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা শেষে ঐকমত্যের ভিত্তিতে যে সংস্কারের তালিকা তৈরি হবে, সেটি এক হাতে নিন, অন্য হাতে নিন আপনাদের সুপরিশিকৃত পূর্ণাঙ্গ তালিকা। এবার জনগণকে, যারা দেশের মালিক, তাদের জিজ্ঞেস করুন, আপনারা কোনটি চান? কীভাবে জিজ্ঞেস করবেন? বলছি সে কথা। না, আমি প্রচলিত গণভোটের কথাও বলবো না। আপনারা একটি অনলাইন ভোটের আয়োজন করবেন। এর আগে ৯০ দিনের সময় নিয়ে সরকারি মেশিনারিজ, যেমন: জেলা, উপজেলা প্রশাসন, সকল সরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়, জেলা নির্বাচন কমিশনারের অফিস ইত্যাদির মাধ্যমে যতটা সম্ভব গণসচেতনতা তৈরি করবেন। মানুষকে বোঝাবেন দুটি তালিকার পার্থক্য।

এরপর একটি অনলাইন ভোটের আয়োজন করবেন। অনলাইন জরিপের সবচেয়ে বড়ো অসুবিধা হলো, একজন মানুষ একাধিক ভোট দিতে পারে। এই অসুবিধা দূর করার জন্য এমন একটা সফটওয়্যার তৈরি করবেন যাতে ভোটাররা তাদের জাতীয় পরিচয়পত্রের নাম্বার ব্যবহার করে ভোট দেয়, তাহলে এক ব্যক্তির একাধিক ভোটদান রোধ করা যাবে। কোন বয়সের মানুষ সংস্কার জরিপে ভোট দিতে পারবে তাও জাতীয় পরিচয় পত্রের মাধ্যমে নিশ্চিত করা যাবে।

এই ব্যবস্থায় দেশের ও প্রবাসের সকল বাংলাদেশিকে যুক্ত হওয়ার আহ্বান জানাবেন। শতভাগ মানুষ এতে যুক্ত না হলেও এমন একটা সংখ্যার প্রতিনিধিত্ব পাবেন, তা অবশ্যই রাজনৈতিক দলগুলোর মুখচেনা কিছু নেতার বাগাড়ম্বরের চেয়ে অনেক বেশি কার্যকর ও সন্তোষজনক হবে। আপনাদেরও তখন আত্মবিশ্বাস অনেক বেড়ে যাবে।

৩০ এপ্রিল, ২০২৫

# ট্রাভেল ব্যবসায় খরা, দেশে যেতে ভয়

১ পৃষ্ঠার পর

এমনকি নতুন করেও পরিকল্পনা নিচ্ছে না। বিশেষ করে আমেরিকান-বাংলাদেশি গ্রিনকার্ড ধারীরা ভ্রমণ এড়িয়ে চলছেন বলে জানাচ্ছেন এ খাতের ব্যবসায়ীরা।

ব্যবসায়ীরা বলছেন, তাদের পুরো বছরের ৫০ শতাংশ ব্যবসায় হয় মে-আগস্টের ট্রাভেল মৌসুমে। এজন্য আগে থেকেই টিকিট বুকিং ও কেটে রাখেন যাত্রীরা। তবে এবার বুকিংও কম, বিক্রিও কম। গত বছরও কোটা সংস্কার আন্দোলনের কারণে মৌসুমের শেষ দিকে ব্যবসায় ধস নামে। এবার মৌসুমের শুরুতেই সে অবস্থা দেখা দিয়েছে। এ মন অবস্থা চলতে থাকলে ব্যবসা টিকিয়ে রাখাই দায় হয়ে পড়বে।

সংশ্লিষ্টরা বলছেন, বাংলাদেশের বেশকিছু আইনজীবী ও প্যারালিগ্যাল নিয়মিত তাদের ক্লায়েন্টকে ইমিগ্রেশন সংক্রান্ত তথ্য দিয়ে থাকেন। তাতে দেশে যাওয়ার ক্ষেত্রে সতর্ক থাকার পরামর্শ দেন বা না যেতে উৎসাহিত করেন। বাংলাভাষা-ভাষীর হওয়ায় কমিউনিটির লোকজন তাদের কথায় ভরসা করেন। ফলে তারা নিরুপায় না হলে ভ্রমণ করছেন না।

জিনিয়াল এন্টেরিয়া ট্রাভেলসের সিইও নজরুল ইসলাম আজকালকে বলেন, ভ্রমণের বিষয়ে কমিউনিটিতে বিভিন্ন ধরনের বিভ্রান্তিমূলক তথ্য প্রচার হচ্ছে। অনেকেই বলছেন গ্রিনকার্ড নিয়ে বাংলাদেশে গেলে আসতে সমস্যা হবে, ইউএসএতে ঢুকতে দেবে না। এনাইলাদের গ্রিন কার্ড নিয়ে গেলে আর আসতে দেবে না। এসব কারণে অনেকেই ভ্রমণে উৎসাহ পাচ্ছেন না। অনেকেই আগের টিকিট বাতিল করছেন।

তিনি বলেন, আমেরিকার অর্থনৈতিক কারণেও অনেকে ভ্রমণ করছেন না। কারণ বাংলাদেশিদের অনেকেই এখানে শেয়ার বাজারে বিনিয়োগ করেছেন। কিন্তু ট্রাম্পের বিভিন্ন পদক্ষেপের কারণে সেখানেও মন্দা দেখা দিয়েছে। এতে অনেক বাংলাদেশিদের লোকসান দিয়েছেন ফলে তারাও দেশে যাচ্ছে না, বা ভ্রমণ বাদ দিচ্ছেন। কিন্তু আমাদের যেসব গ্রাহক এখন ভ্রমণ করছেন তারা বলছেন, যুক্তরাষ্ট্রে প্রবেশের সময় ইমিগ্রেশনে কোন প্রশ্নই করা হচ্ছে না। মার্চ থেকে আমাদের ব্যবসার অবস্থা খারাপ। সব মিলিয়ে প্রায় ৫০ শতাংশ বিজনেস হারিয়েছে বাংলাদেশি ট্রাভেল ব্যবসায়ীরা।

আমেরিকান ট্রাভেল এজেন্ট এসোসিয়েশন অব বাংলাদেশ (আটাব)-এর সভাপতি ও কর্ণফুলী ট্রাভেলসের সিইও সেলিম হারুন আজকালকে বলেন, কিছু কিছু লোক পেপার পত্রিকা ও ইলেক্ট্রনিক্স মিডিয়ায় ভ্রমণ বিষয়ে মানুষকে অহেতুক ভয়-ভীতি দেখাচ্ছে। গ্রিনকার্ড হোল্ডারদের ভ্রমণ জটিলতার কথা বলছে। কিন্তু নিয়মিত আমাদের যাত্রী আসছে, যাচ্ছে কোন সমস্যা হচ্ছে না। তবে হয়তো কেউ দেশে গিয়ে দীর্ঘ সময় ছিল তাদের প্রশ্ন করা হচ্ছে এতোদিন কেন ছিল, সেসংখ্যাটিও নগণ্য। এটা কিন্তু রেগুলার বিষয়, নতুন কিছু নয়। তবে এসব প্রচারণায় ট্রাভেল ইন্ডাস্ট্রিতে নেতিবাচক প্রভাব পড়েছে। এখন আমাদের সামার সিজন। বছরের ৫০ থেকে ৮০ ভাগ ব্যবসাই এসময় হয়। অনেকেই পরিবার নিয়ে দেশে যায়। পরিবারে হয়তো কারো আমেরিকান পাসপোর্ট আছে, আবার কারো হয়তো গ্রিন কার্ড আছে। এখন গ্রিনকার্ড বিষয়ক অতিরঞ্জিত প্রচারণায় পুরো পরিবারই ভ্রমণ বাতিল করছেন।

জ্যাকসন হাইটসের বাংলা ট্রাভেলসের স্বত্বাধিকারী বেলায়েত হোসেন বলেন, গ্রিন কার্ড নিয়ে গেলে সমস্যা হবে এমন প্রচারণা কেন হচ্ছে, তা যারা প্রচারণা করছেন তারাই জানেন। কোথায় লেখা আছে, গ্রিন কার্ড নিয়ে ভ্রমণ করলে সমস্যা হবে, ইমিগ্রেশনে প্রশ্ন করা হবে, এদেশে ঢুকতে দেবে না। এটা অপ-প্রচার। তবে এমন নেতিবাচক প্রচারণার কান দেয়া উচিত নয়। তবে এ কারণে তার ব্যবসায় তেমন কোন প্রভাব পড়ছে না বলেই জানান তিনি।


পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

Bangladeshi Foot Specialist

Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

Call for Appointment



CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল

আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ

Authorized IRS e-file Provider

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

tax refund

Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)

JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা - রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**



Five Star Banquet Hall
BANQUET
5 BANQUET
RESTAURANT
ফাইভস্টার ব্যানকুইট আভিজাত্যের প্রতিষ্ঠান
> Weddings > Events > Catering
> আমাদের শেফ বাংলাদেশী
> আমরা হালাল ফুড পরিবেশন করি
> আমরা বাংলা সহ সব ভাষায় কথা বলি
13-05 43rd Ave
Queens, NY 11101
718-704-4243
718-784-8484
www.5starbanquethall.com
উৎসব হোক জমজমাট
খাবার হোক মনোমুগ্ধকর
ফাইভস্টার ব্যানকুইট হল

Amader Service.com
Your Trusted Service Partner

আমাদের সেবাসমূহ

ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place from professional expart, at home!

এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

GET IT ON Google Play | GET IT ON App Store

CONTACT

+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com

বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

Md. Alamgir Hossain
Associate Broker

75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

REAL ESTATE, DIVORCE, IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা, ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয় অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

# ১৭ শিল্পীর বিরুদ্ধে হত্যা মামলা

## আসামির তালিকায়- রিয়াজ, শাওন, চঞ্চল, মামুনুর রশীদ, অরুণা বিশ্বাস, জ্যোতিকা জ্যোতি, শামীমা তুষ্টি, শমী কায়সার, সাজু খাদেম, আশনা হাবীব ভাবনা, সোহানা সাবা, রোকেয়া প্রাচী ও অভিনেতা জায়েদ খান, ফেরদৌস

আজকাল বিনোদন



জুলাই-আগস্ট আন্দোলনের সময় রাজধানীর সরকারি আলিয়া মাদ্রাসার শিক্ষার্থী সাইফুদ্দিন মোহাম্মদ এমদাদ হত্যাচেষ্টার অভিযোগে অভিনেত্রী মেহের আফরোজ শাওন, অভিনেতা রিয়াজ, চঞ্চল চৌধুরী ও মামুনুর রশীদসহ ১৪ শিল্পীকে আসামি করা হয়েছে।

বুধবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. মনিরুল ইসলামের আদালত অভিযোগটি গ্রহণ করে শাহবাগ থানাকে এজাহার হিসেবে গ্রহণের নির্দেশ দেন।

মামলার অন্য শিল্পীরা হলেন, অভিনেত্রী অরুণা বিশ্বাস, জ্যোতিকা জ্যোতি, শামীমা তুষ্টি, শমী কায়সার, সাজু খাদেম, আশনা হাবীব ভাবনা, সোহানা সাবা, রোকেয়া প্রাচী ও অভিনেতা জায়েদ খান, ফেরদৌস।

এ মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রধান আসামি করে মোট ২০১ জনকে আসামি করা হয়েছে। এসব আসামির মধ্যে কালবেলা সম্পাদক সন্তোষ শর্মা, এটিএন নিউজের মুন্নী সাহাসহ ১৫ জন সাংবাদিকের নাম রয়েছে।

শিক্ষকদের মধ্যে জাফর ইকবাল, জবির সাবেক ভিসি মিজানুর রহমান, মুনতাসির মামুনসহ ১৩ জনের নাম রয়েছে।

এছাড়া ইমরান এইচ সরকার ও লাকী আক্তারেরও এ মামলায় আসামি হিসেবে নাম রয়েছে।

এর আগে, গত ২০ মার্চ এম এ হাশেম রাজু বাদী হয়ে এ মামলার আবেদন করেন। ওইদিন আদালত বাদীর জবানবন্দি রেকর্ড শেষে এই ঘটনায় শাহবাগ থানায় আর কোনও মামলা আছে কি না, সেই সংক্রান্ত প্রতিবেদন দাখিলের জন্য ওই থানার ওসিকে নির্দেশ দেন।

মামলায় বলা হয়েছে, বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের সময়ে গত ৪ আগস্ট সকাল সাড়ে ১১টায় ভুক্তভোগী এম এ হাশেম রাজুর নেতৃত্বে কেন্দ্রীয় শহীদ মিনার থেকে পরিবাগ হোটেল ইন্টারকন্টিনেন্টালের সামনের মোড়ে এসে পৌঁছান। তখন ছাত্রলীগ, যুবলীগ, আওয়ামী লীগের বিভিন্ন স্তরের এরপর ৫৩ পৃষ্ঠায়



## অস্ট্রেলিয়ায় অপমানিত নেহা

### ফাঁস হলো নেপথ্যের কারণ

আজকাল বিনোদন

অস্ট্রেলিয়ার মেলবোর্ন শহরের এক কনসার্টে নির্ধারিত সময়ের তিন ঘণ্টা পর মঞ্চে উঠে 'অপমানিত'। গায়িকা মঞ্চে উঠতেই তাকে দেখে দুয়ো ধ্বনি দিতে থাকেন মেলবোর্নের শ্রোতারা। 'গো ব্যাক' স্লোগানে শুনে মঞ্চে দাঁড়িয়েই অঝোরে কাঁদতে শুরু করেছিলেন গায়িকা। এরপর ৫৩ পৃষ্ঠায়

## শাকিবের 'বরবাদ'-এর নকল করে দক্ষিণী তারকা নানির সিনেমার পোস্টার!




আজকাল বিনোদন

ভিনদেশি সিনেমার পোস্টার টুকে দেওয়া ঢালিউডে নতুন কিছু না। মাঝে মাঝেই এরকম অভিযোগ ওঠে। তবে এবারের গল্প ভিন্ন। বাংলাদেশের সিনেমার পোস্টার থেকে দক্ষিণী সিনেমার পোস্টার হুবহু অনুকরণ! তা-ও আবার ন্যাচারাল সুপারস্টার নানির সিনেমার পোস্টার। তার সদ্য মুক্তিপ্রাপ্ত 'হিট থ্রি' সিনেমার পোস্টার ঢালিউড মেগাস্টার শাকিব খানের মুক্তিপ্রাপ্ত 'বরবাদে'র পোস্টারের সঙ্গে হুবহু মিল পাওয়া যাচ্ছে।

'বরবাদ' সিনেমার দুটি পোস্টারের সঙ্গে 'হিট' সিনেমার দুটি পোস্টারের সামঞ্জস্য দেখা গেছে। এতে অনেকে মনে করছেন শাকিবের 'বরবাদে'র পোস্টারের অনুকরণে নানির সিনেমার পোস্টার তৈরি করা হয়েছে। এরইমধ্যে সামাজিক মাধ্যমে চলচ্চিত্র বিষয়ক বিভিন্ন গ্রুপে পোস্টারগুলো নিয়ে চলছে তুমুল চর্চা।

বিষয়টি দেখে শাকিবিয়ানরা আপ্লুত হলেও কেউ কেউ মন্তব্য করছেন একটু ভিন্নভাবে। তারা মনে করছেন 'হিট' সিনেমাটি যদি 'বরবাদে'র আগে মুক্তি পেত তাহলে পোস্টারের সাদৃশ্যের কারণে কিং খানের ছবির গায়ে নকলের তকমা সেঁটে দিতেন নিন্দুকেরা। এরপর ৫৩ পৃষ্ঠায়



## ব্লকবাস্টার হতে যাচ্ছে 'জংলি'



আজকাল বিনোদন



এবার ঈদের ছবিগুলো নিয়ে বিগত বছরের তুলনায় দর্শকের উন্মাদনা ছিল অনেকটাই বেশি। মুক্তি পাওয়া হাফ ডজন সিনেমার মধ্যে চারটি সিনেমা ছিল ব্লকবাস্টার। তার মধ্যে সাড়া জাগানো একটি ছবি সিয়াম আহমেদের 'জংলি'। শুরুতে 'জংলি' সিনেমার প্রতি অন্যরকম ভাবনা ছিল দর্শকদের। কেউ ভেবেছেন এটি অ্যাকশন ঘরানার, আবার কেউ ভেবেছেন থ্রিলার স্টোরি। কিন্তু প্রেক্ষাগৃহে যাওয়ার পর ছবিটি দেখে ভিন্ন অভিজ্ঞতা পায় দর্শকেরা।

এর সঙ্গে 'জংলি' মুক্তির পর দিন যতো যায়, সিনেমাটি সাফল্যের আলো দেখতে থাকে ততটাই। এক মাস হলো ছবিটি মুক্তির। এখনও প্রেক্ষাগৃহে চলছে 'জংলি', দর্শকেও ভর্তি প্রেক্ষাগৃহের অন্দর। দেশের মাল্টিপ্লেক্স, সিনেমা হলগুলো এরপর ৫৩ পৃষ্ঠায়

## ব্যাট-বল নিয়ে মাঠে নামছেন তারকারা

আজকাল বিনোদন



দুই বছর পর হাতে ব্যাট-বল নিয়ে মাঠে নামছেন দেশের তারকারা। অর্থাৎ, শুরু হচ্ছে সেলিব্রিটিদের নিয়ে আয়োজিত ক্রিকেট টুর্নামেন্ট 'সেলিব্রিটি ক্রিকেট লিগ' (সিসিএল)। তবে এই আয়োজন আগে নিয়মিতই ছিল। মাঝে নিজেদের মধ্যে বিবাদে জড়িয়ে বন্ধ হয়ে যায় টুর্নামেন্টটি। ২০২৩ সালে সর্বশেষ আয়োজন করা হয়েছিল সিসিএল-এর। তবে দুই বছর পর ফের মাঠে গড়ানো এই আসরটি এবার বদলে যাচ্ছে নাম ও ফরম্যাটে। চারটি দলের অংশগ্রহণে আগামী ৫ মে থেকে শুরু হচ্ছে 'সেলিব্রিটি চ্যাম্পিয়নস ট্রফি' বা সিসিটি। এর আগে টুর্নামেন্টটির আয়োজন হয়েছিল ইনডোরে। এবার তা হতে যাচ্ছে উন্মুক্ত মাঠে। আগের মতো ৬ ওভারে নয়, টি২০ ফরম্যাটে অনুষ্ঠিত হবে ম্যাচগুলো। আকর্ষণীয় এই টুর্নামেন্টের চারটি দল হলো- গ্ল্যাডিয়েটর্স, কিংস, ওয়ারিয়র্স, এবং স্পারটান্স অংশ নিচ্ছে। প্রতিটি দলেই অংশ নিচ্ছেন দেশের শোবিজ অঙ্গনের জনপ্রিয় তারকারা।

জানা গেছে, টুর্নামেন্টে খেলবেন জনপ্রিয় অভিনেতা সিয়াম আহমেদ, শরিফুল রাজ, ইরফান সাজ্জাদ, তৌসিফ মাহবুব, জিয়াউল রোশান, জয় চৌধুরী, সাজু জন, অভিনেত্রী মেহজাবীন চৌধুরী, দীপা খন্দকার, তাসনিয়া ফারিণ, সংগীতশিল্পী আরফিন রুমি, জাকিয়া সুলতানা কর্নিয়া, নির্মাতা গিয়াস উদ্দিন সেলিম, মোস্তফা কামাল রাজ, তানিম রহমান অংশু এবং প্রবীর রায় চৌধুরীসহ অনেক তারকারাই। টুর্নামেন্টটি সামনে রেখে বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে ট্রফি উন্মোচন অনুষ্ঠান। সেখানে আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হবে দলের খেলোয়াড়দের নাম। ফাইনালসহ মোট ম্যাচ হবে ৭টি। তারকাদের এই টুর্নামেন্টটি সম্প্রচার করবে টি-স্পোর্টস।

## আমি কারও নিয়ন্ত্রণে থাকার জন্য আসিনি: বাঁধন



আজকাল বিনোদন

জুলাই বিপ্লবে সরব ছিলেন অভিনেত্রী আজমেরী হক বাঁধন। ছাত্র জনতার পক্ষে রাস্তায় নেমেছিলেন অভিনেত্রী। তবে পট পরিবর্তনের পর অনেকটা নীরব ছিলেন অভিনেত্রী। সম্প্রতি আড়াল ভেঙেছেন তিনি। হয়েছেন সরব।

আজ মঙ্গলবার নিজের ফেসবুকে বাঁধন লিখেছেন, 'আমি এখানে কারও নিয়ন্ত্রণে থাকার জন্য আসিনি। আমার জীবন, আমার নিয়মভঙ্গগুলি কী করব, কীভাবে বাঁচব, আর কী হব, তা একমাত্র আমিই ঠিক করি। আমার পথ আমি এরপর ৫৩ পৃষ্ঠায়


SK FILMS
USA DISTRIBUTIONS
REAL ENERGY PRODUCTION & AZEEM HAROON PRESENTS
A RIDHI SIDHI ENTERTAINMENT PRODUCTION
PRODUCED BY SHAHREEN AKTER SUMI
REAL ENERGY PRODUCTION
দর্শকদের ভালোবাসায় 'বরবাদ'
এখন তৃতীয় সপ্তাহে!
MEGASTAR SHAKIB KHAN
BORBAAD
DIRECTED BY: MEHEDI HASSAN HRIDOY
CINEMART CINEMAS
10603 Metropolitan Ave, Forest Hills, NY 11375
4/30/25 WED 1:30PM 4:30PM 7:30PM
5/01/25 THU 1:30PM 4:30PM 7:30PM
অগ্রিম টিকেট পাওয়া যাচ্ছে
থিয়েটার ওয়েবসাইট এবং থিয়েটার বক্স অফিসে
KEW GARDENS CINEMAS
81-05 Lefferts Boulevard, Kew Gardens, Queens, NY 11415
4/30/25 WEDNESDAY 1:30 PM 4:45 PM
5/1/25 THURSDAY 4:20 PM 1:30 PM 4:45 PM
5/2/25 FRIDAY 4:30 PM
5/3/25 SATURDAY 4:30 PM
5/4/25 SUNDAY 4:05 PM
5/5/25 MONDAY 4:00 PM
5/6/25 TUESDAY 4:00 PM
5/7/25 WEDNESDAY 4:00 PM
5/8/25 THURSDAY 4:00 PM
GET YOUR TICKET NOW
IN ASSOCIATED WITH:
Galaxy media
EVENT PARTNER:
GOLDEN AGE HOME CARE
MEDIA PARTNER:
আজকাল
SUPPORTED BY
NAWBAB

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

# বাংলাদেশী ডাক্তার

## মেডিসিন বিশেষজ্ঞ

## Internal Medicine

**Geriatric Medicine**

## শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30, 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

**TEL: 718-205-6561**



Khagendra Gharti-Chhetry, Esq
Attorney-At-Law

### যেসব বিষয়ে পরামর্শ দিই

- ASYLUM Cases
- Business Immigration/Non-Immigrant Work Visa (H-1B, L1A/L1B, O, P, R-1, TN)
- PERM Labor Certification (Employment based Green Card)
- Family Petition
- Deportation
- Cancellation of Removal
- Visas for physicians, nurses, extra-ordinary ability cases
- Appeals
- All other immigration matters

ইমিগ্রেশনসহ যে কোন আইনি সহায়তার জন্য

এ পর্যন্ত আমরা দুই শতাধিক বাংলাদেশীকে বিভিন্ন ডিটেনশন সেন্টার থেকে মুক্ত করেছি। এখনো শতাধিক বাংলাদেশী ডিটেইনির মামলা পরিচালনা করছি।

আপনাদের সুবিধার্থে আমাদের বাফেলো শাখা থেকেও ইমিগ্রেশন সেবা দিচ্ছে।



বিস্তারিত জানতে যোগাযোগ করুন।
বাফেলো ঠিকানা :
Nasreen K. Ahmed
Chhetry & Associates P.C.
2290 Main Street, Buffalo, NY 14214

Nasreen K. Ahmed
Sr. Legal Consultant
LLM, New York.
Cell: 646-359-3544
Direct: 646-893-6808
nasreenahmed2006@gmail.com

## CHHETRY & ASSOCIATES P.C.

363 7th Avenue, Suite 1500, New York, NY 10001
Phone: 212-947-1079 ext. 116

PEOPLE N TECH

A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

**PROVIDED JOBS TO 7000+ STUDENTS.**
**100% JOB PLACEMENT**
**RECORD FOR THE LAST 17 YEARS.**

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by:

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:

info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

## জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান



IRS e-file

## নুসরাত জেরিন

CALL: 917-436-0954

- সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
- কম সময় এবং নূন্যতম ফি
- ট্যাক্স, ইমিগ্রেশন
- কন্সালটেশন, নোটারী পাবলিক
- নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।

168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
**718-480-6904, 917-436-0954**
Email: globalnusrat@gmail.com

# Clearview Eye Center






## কুইন্সের বহু বছর যাবত চোখের চিকিৎসায় সাফল্য অর্জনকারী ডাক্তার সাজ্জাদ আখতার এর চিকিৎসা নিন

* চোখ আপনার জীবনের অমুল্য সম্পদ
* সময় থাকতে অভিজ্ঞ ডাক্তারের পরামর্শ নিয়ে চোখের সঠিক যত্ন নিন
* আমরা বাংলায় কথা বলি





All kinds of eye's Problems Solved by

**SAJJAD AKHTAR, M.D.**

117-04 Jamaica Ave, Richmond hill, NY 11418

Tel : 718-847-3937

25-19 35th Street, Suite: CFAstoria, NY 11103

Tel : 718-728-3606

We Accept most of Insurances.

ESTD 2017

## Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



## 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

## Zillur Tax Accounting and Insurance

Accounting, Tax Filling, Audit, Insurance and Real State

**Zillur Rahim**

IRS Enrolled Agent, MBA

646-322-3254



### Our Services:

- Personal tax filling
- Business tax filling
- New Business Set-up
- Immigration
- Insurance and all kind of form fill up
- Notary

IRS e-file

We help Buying, Selling and Renting

Zillur Rahim
Exit Realty Prime

88-11A, 169th St. (2nd floor) Jamaica NY-11432

646-322-3254, 718-374-3110

Email : zillurincometaxnyc@gmail.com

Zillurtaxandinsurance.com

সাপ্তাহিক
সত্যের সন্ধানে আপোষহীন
# ইনকিলাব
WWW.WEEKLYINQILAB.COM
WEEKLY INQILAB

## আপনার পত্রিকা
## সংগ্রহ করুন

প্রথম সংখ্যা প্রকাশ
মে ৬, ২০২৫ থেকে




ইনকিলাব এখন পাঠকের হাতের মুঠোয়
অনলাইনে খবর পড়ুন যেকোনো সময়, যেকোনো জায়গা থেকে



www.weeklyinqilab.com

Design by: ihopeprint.com, 929-538-7903

929-328-5971 | info@weeklyinqilab.com
86-11 101 Avenue, Ozone Park, NY-11416



ঈদ উপলক্ষে
10%
DISCOUNT

DUO NEST
REAL ESTATE TUTORING CENTER

নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!

DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি

কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?

দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।

শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।

আমাদের সুযোগ ও সুবিধা

- এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
- আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
- দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
- পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
- সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
- পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
- রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা

Design by: ihopeprint.com, 929-538-7903

CALL US TODAY TO START
YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434

duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

!! 100% HALAL & TASTY FOOD IN MANHATTAN !!



We do catering
HALAL
CHINESE
HALAL FOOD
CURRY KING
RESTAURANT
حلال



PAKISTANI, INDIAN & BANGLADESHI CUISINE







ম্যানহাটানের প্রাণকেন্দ্রে ১০০% হালাল ও সুস্বাদু খাবার

* PAKISTANI -BANGLADESHI- INDIAN CUISINE
COME & ENJOY
OUR DELICIOUS FOOD

WE DO MONEY TRANSFER
AVAILABLE RECHARGE PHONE CARDS
FREE DELIVERY & ONLINE ORDER









সকল অনুষ্ঠানের ক্যাটারিং এর অর্ডার নেয়া হয়

942 COLUMBUS AVE. NEW YORK, NY 10025
TEL : 646-669-7826

# ‘ভর্তুকি’র সিরিজে কি পেল বাংলাদেশ

## সিরিজের দ্বিতীয় টেস্টে জিম্বাবুয়েকে ইনিংস ও ১০৬ রানে হারিয়েছে টাইগাররা

আজকাল স্পোর্টস



জিম্বাবুয়েকে ডাকুন, সব সমস্যার সমাধান হয়ে যাবেও বাংলাদেশ ক্রিকেটের বাজে সময়ে অনেকেই মজা করে এমনটা বলেন। এবারও সেটার ব্যতিক্রম হয়নি। ফেব্রুয়ারি-মার্চে আইসিসি চ্যাম্পিয়নস ট্রফিতে ভরাডুবির এক মাস পর জিম্বাবুয়ের বিপক্ষে দুই ম্যাচের টেস্ট সিরিজ খেলেছে বাংলাদেশ। সিরিজটি শেষ হয়েছে ১-১ সমতায়।

জিম্বাবুয়েকে শুধু 'দুঃসময়ের বন্ধু'ই এখন বলা হয় না, বাংলাদেশ-জিম্বাবুয়ে সিরিজকে সামাজিক মাধ্যমে ব্যঙ্গ-বিদ্রুপ করে অনেকে বলেন 'গরীবের অ্যাশেজ'। আর গত এক দশকে বেশিরভাগ জিম্বাবুয়ে সিরিজে লাভের মুখ দেখেনি বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। প্রায় প্রতি সিরিজেই কোটি কোটি টাকা ভর্তুকি দিতে হয়েছে বোর্ডের। ২০২৪ সালে জিম্বাবুয়ের বিপক্ষে পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজে ভর্তুকি ছাড়িয়েছে ৬ কোটির বেশি। এবার ভর্তুকি কমবে না, বরং বাড়বে। কারণ, টিভিসত্ব বিক্রি হয়নি। খেলা সম্প্রচার করা হয়েছে বাংলাদেশ টেলিভিশনে (বিসিবি)। ১০ দিনের খেলা শেষ হয়েছে সাত দিনে। আর যদি বলের হিসেব করা হয়, সেক্ষেত্রে পূর্ণ ৬ দিনের সমানও খেলা হয়নি। বাংলাদেশ-জিম্বাবুয়ে দুই ম্যাচের টেস্ট সিরিজে খেলা হয়েছে ৫৩৬ ওভার ৪ বল।

জিম্বাবুয়ের বিপক্ষে সিরিজের প্রথম টেস্ট হারের পরই নেটিজেনরা আরও কটাক্ষ করতে থাকেন নাজমুল হোসেন শান্তর নেতৃত্বাধীন বাংলাদেশ দলকে নিয়ে। সেই ম্যাচে মেহেদী হাসান মিরাজ-তাইজুল ইসলামরা প্রাণপণে চেষ্টা করলেও স্কোরবোর্ডে লড়াই করার মতো পুঁজি পায়নি বাংলাদেশ। শান্ত-মুশফিকুর রহিমের মতো ব্যাটাররা নিজের উইকেট বিলিয়ে দিয়ে এসেছেন। অবশেষে ঘরের মাঠে টানা ৬ টেস্ট হারের পর গতকাল চট্টগ্রামের বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান স্টেডিয়ামে জয়ের মুখ দেখল বাংলাদেশ। জিম্বাবুয়ের বিপক্ষে দ্বিতীয় টেস্টে ইনিংস ও ১০৬ রানে জয়ে সিরিজের শেষটা শান্তদের হলো দারুণ।

দ্বিতীয় টেস্টে জিম্বাবুয়েকে বড় ব্যবধানে হারানোর ম্যাচে বাংলাদেশের অনেক প্রাপ্তি রয়েছে। যেখানে অধিনায়ক শান্ত, কোচ ফিল সিমন্স ও টিম ম্যানেজমেন্ট একাদশ নির্বাচনে সাহসিকতার পরিচয় দেখিয়েছে। ধুঁকতে থাকা মাহমুদুল হাসান জয়কে বাদ দিয়ে এরপর ২৮ পৃষ্ঠায়




## জিম্বাবুয়ের বিপক্ষে জয়ের পরও খুশি নন শান্ত

আজকাল স্পোর্টস

সিরিজ শুরুর আগে সিলেটে সংবাদ সম্মেলনে অধিনায়ক শান্ত বলেছিলেন, প্রস্তুতি ভালো ছিল এবং সিরিজ জেতার লক্ষ্য নিয়েই খেলবেন। সিলেট টেস্টে হারের পর দৃশ্য বদলে গেছে। শান্তদের ওপর উল্টো জেঁকে বসে রাজ্যের চাপ। সিলেট টেস্টে হেরে নিজের ব্যাটিংকে দায়ী করেছিলেন বাংলাদেশ অধিনায়ক। তবে চট্টগ্রামে সিরিজ বাঁচানোর টেস্টে বাংলাদেশ পেয়েছে অসাধারণ এক জয়। এরপরও এরপর ৪১ পৃষ্ঠায়



সেমিফাইনালে বিদায়

## দুই মহাতারকার স্বপ্ন একই রাতেই ভঙ্গ

আজকাল স্পোর্টস

দুজনেই আছেন নিজেদের পেশাদার ফুটবল ক্যারিয়ারের পড়ন্ত বেলায়। যদিও এখনও তারাই ফুটবলবিশ্বের মহাতারকা। দীর্ঘ সময় বিশ্বের জায়ান্ট ক্লাবগুলোতে রোমাঞ্চকর দ্বৈরথ দেখানো চিরপ্রতিদ্বন্দ্বী লিওনেল মেসি ও ক্রিস্টিয়ানো রোনালদো এখন ইউরোপ থেকে অনেক দূরে। তবে এখনও তাদের ফুটবল মাঠে ঝড় তোলা কিংবা শিরোপা জয়ের ক্ষুধা মেটেনি। গত বুধবার রাতে ভিন্ন দুই প্রতিযোগিতার সেমিফাইনালে নেমে স্বপ্নভঙ্গ হয়েছে মেসি-রোনালদো উভয়েরই।

বাংলাদেশ সময় অনুযায়ী খেলার মুহূর্তটা রাত ও ভোরে হলেও একইদিন রাতেই মূলত মাঠে নামেন দুই মহাতারকা। প্রথমে জেদ্দার কিং আবদুল্লাহ স্পোর্টস সিটিতে এএফসি চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালে জাপানের কাওয়াসাকি ফ্রন্টেলের মুখোমুখি হয় রোনালদোর দল আল নাসর। ৩-২ গোলে হেরে তারা টুর্নামেন্ট থেকে বিদায় নিয়েছে। যেখানে এই পর্তুগিজ তারকা গোল তো পান-ইনি, উল্টো সুযোগ হাতছাড়া করেছেন যোগ করা সময়ে।

বয়সটা ৪০ হলেও ফুটবলারের ভূমিকায় রোনালদো যেন একে থোড়াই কেয়ার করেন। কয়েকদিন আগেই সৌদি ক্লাবটির জার্সিতে ৯৩৪তম গোল পেয়েছিলেন, ছুটছেন সেই চূড়ান্ত লক্ষ্যের দিকে। ঘোষণা দিয়েছিলেন ১০০০ গোল করার। পেশাদার ফুটবলের সর্বোচ্চ এই এরপর ৪০ পৃষ্ঠায়




## সুখবর পাওয়া গেল তাসকিনকে নিয়ে

আজকাল স্পোর্টস

ঘরের মাটিতে জিম্বাবুয়ের বিপক্ষে দুই ম্যাচের টেস্ট সিরিজটিতে খেলতে পারেননি তাসকিন আহমেদ। ইনজুরির কারণে দলে ছিলেন না টাইগার এই পেসার। গোড়ালির সেই চোটের জন্য গেল রোববার রাতে ইংল্যান্ডের উদ্দেশে দেশ ছাড়েন তাসকিন। এরপর গত ২৯ এবং ৩০ এপ্রিল দুইজন চিকিৎসকের শরণাপন্ন হন তাসকিন। আর আজ বৃহস্পতিবার আরো একজন চিকিৎসকের পরামর্শ নিয়েছেন টাইগার এই পেসার। সবমিলিয়ে তিন জন স্পোর্টস ফিজিশিয়ানকে দেখালেন তাসকিন। তাতে আপাতত ছুরি-কাচির নিচে যেতে হচ্ছে না টাইগার এই পেসারকে। বিসিবির প্রধান চিকিৎসক দেবাশীষ চৌধুরী নিশ্চিত করেছেন বিষয়টি। তিন জন ডাক্তারের পরামর্শ অনুযায়ী আপাতত বিশ্রাম করেই মাঠে ফিরতে পারবেন তাসকিন। তবে কবে নাগাদ মাঠে দেখা যাবে তাকে সেটা এখনই নিশ্চিত করে বলা যাচ্ছে না। লাল সবুজের জার্সি গায়ে মাঠে নামতে আরো বেশ কয়েক সপ্তাহ সময় লাগতে পারে তার।

এর আগে জানা গিয়েছিল উন্নত চিকিৎসা নিলেও বাঁ পায়ের গোড়ালির হাড়ের অস্বাভাবিক বৃদ্ধি নিয়েই চলতে হবে তাসকিনকে। এটা সহনীয় পর্যায়ে থাকলেও একেবারে নির্মূল সম্ভব নয়। যতদিন খেলবেন এটাকে মানিয়ে নিয়েই খেলতে হবে। চিকিৎসার জন্য দেশ ছাড়ার আগে তাসকিন ফেসবুকে লিখেছিলেন, 'আমি কিছুটা গোড়ালির ব্যথায় ভুগছিলাম, তাই বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) আমাকে এই সিরিজ (জিম্বাবুয়ে) থেকে বিশ্রাম দিয়েছে এবং একজন গোড়ালি বিশেষজ্ঞের কাছে পাঠাচ্ছে। বিসিবিকে তাদের সহযোগিতার জন্য ধন্যবাদ। ইনশাআল্লাহ, আমি আরও শক্তিশালী হয়ে ফিরে আসব! আমাকে আপনারা দোয়ায় রাখবেন।'

# ২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপের সময়-সূচি প্রকাশ, ফাইনাল লর্ডসে

নারী টি-টোয়েন্টি বিশ্বকাপ

আজকাল স্পোর্টস

নারীদের টি-টোয়েন্টি বিশ্বকাপ ২০২৬-এর ফাইনাল অনুষ্ঠিত হবে ঐতিহাসিক লর্ডস ক্রিকেট গ্রাউন্ডে, আগামী বছরের ৫ জুলাই অনুষ্ঠিত হবে ফাইনাল ম্যাচটি। আজ লন্ডনের এই ভেন্যুতে জমকালো এক উদ্বোধনী অনুষ্ঠানের আগে বিষয়টি নিশ্চিত করেছে আইসিসি।

লর্ডসেই ২০১৭ সালে ইংল্যান্ড ও ভারতের মধ্যে জমজমাট নারী বিশ্বকাপের ফাইনাল হয়েছিল। আসন্ন আসরেও সেই মাঠেই গড়াবে নারীদের টি-টোয়েন্টি বিশ্বকাপের শিরোপার লড়াই। টুর্নামেন্টের জন্য আরও ছয়টি ভেন্যু চূড়ান্ত করেছে আইসিসি। এগুলো হলো- ওল্ড ট্র্যাফোর্ড, হেডিংলি, এজবাস্টন, হ্যাম্পশায়ার বোল, দ্য ওভাল ও ব্রিস্টল কাউন্টি গ্রাউন্ড।




২০২৬ সালের ১২ জুন শুরু হবে আসর। ২৪ দিনের টুর্নামেন্টে হবে মোট ৩৩টি ম্যাচ। টুর্নামেন্টজুড়ে নারী ক্রিকেটের সেরা দলগুলো লড়বে বিশ্বসেরা হবার লক্ষ্যে। আইসিসির লক্ষ্য- এই আসরের মাধ্যমে নারী ক্রিকেটকে প্রধান ধারায় নিয়ে আসা।

এইবারের বিশ্বকাপে ১২টি দল অংশ নেবে, যা টুর্নামেন্টের আগের সংস্করণগুলোর তুলনায় বড় পরিসরে আয়োজিত হচ্ছে। বর্তমানে ট্রফির মালিক নিউজিল্যান্ড, এবার সেই শিরোপা দখলের জন্য লড়বে আরও ১১ দল। দুটি গ্রুপে ভাগ হয়ে দলগুলো মাঠে নামবে, এরপর হবে নকআউট পর্ব। আসন্ন আসরের পূর্ণ সূচি শিগগিরই ঘোষণা করা হবে। এরইমধ্যে আটটি দল নিশ্চিত হয়েছে। বাকি চারটি দল উঠে আসবে আগামী বছরের নারী টি-টোয়েন্টি বিশ্বকাপ কোয়ালিফায়ার থেকে। এরপর ২৯ পৃষ্ঠায়

## শঙ্কা সত্যি করে বিদায় ম্যাক্সওয়েলের

আইপিএল



আজকাল স্পোর্টস

চেন্নাই সুপার কিংসের বিপক্ষে বুধবারের (৩০ এপ্রিল) ম্যাচে টসের সময় পাঞ্জাব কিংস অধিনায়ক শ্রেয়াস আইয়ার জানিয়েছিলেন গেন ম্যাক্সওয়েলের চোটের কথা। বলেছিলেন, এই অজি অলরাউন্ডারের আঙুলে চিড় ধরেছে। তখনই তার আইপিএলের বাকি অংশ খেলা নিয়ে সংশয় দেখা দেয়। শেষ পর্যন্ত সেটাই সত্যি হলো। চলতি আইপিএলে আর দেখা যাবে না পাঞ্জাবের এরপর ৩৯ পৃষ্ঠায়

## ব্লকবাস্টার হতে যাচ্ছে 'জংলি'

৪৬ পৃষ্ঠার পর

থেকে তো বটেই, বিদেশের থিয়েটার থেকেও সুখবর পাওয়া গেল সিয়াম আহমেদের এই ছবিটি নিয়ে। অর্থাৎ, সব মিলিয়ে একটা বড় অঙ্কের টাকা আয় করেছে পরিচালক এম রাহিম-এর এই সিনেমাটি।

সম্প্রতি 'জংলি'র প্রযোজক ও পরিবেশক জাহিদ হাসান অভি সিনেমাটির গ্রস কালেকশন জানিয়ে দিয়েছেন। সঙ্গে 'জংলি' টিমের পক্ষ থেকে কৃতজ্ঞতা জানিয়ে দিয়েছেন একটি বিবৃতিও।

সামাজিক মাধ্যমে এই প্রযোজক লিখেছেন, 'জংলি আমাদের গোটা টিমের প্রচণ্ড প্যাশন প্রজেক্ট। আমরা খুব কনশাসলি এই প্রজেক্টটা রেডি করেছিলাম যেন মার্কেট থেকে লগ্নিকৃত অর্থ তুলতে পারি, পাশাপাশি এই অল্পপ্রাণ ইন্ডাস্ট্রি থেকে প্রফিট করে আরও মানুষকে অনুপ্রেরণা দিতে পারি। প্রযোজকেরা যেন স্বপ্ন দেখার সাহস পায়, এটাই আমাদের ইচ্ছে ছিল।' জাহিদ হাসান অভি লেখেন, 'জংলির বাজেট আড়াই কোটি টাকা, রিলিজের আগেই আমরা প্রপার ব্র্যান্ড প্লেসমেন্ট, টিভি রাইটস থেকে বেশ ভালো একটা অংক ফেরত পেয়েছি। এদিকে সিনেমাহল থেকেও দেশে-বিদেশে দারুণ সাড়া পাচ্ছি।'

সব মিলিয়ে কত আয় করল জংলি, সেই তথ্য জানিয়ে প্রযোজক লেখেন, 'এখন পর্যন্ত দেশের সিনেমাহল থেকে জংলি ৪ কোটি ২৭ লাখ টাকা গ্রস সেল করেছে ও বাইরের দেশ থেকে ৭৫ লাখ টাকা গ্রস সেল করেছে। জংলির টোটাল ওয়ার্ল্ডওয়াইড গ্রস সেল ৫ কোটি ২ লাখ টাকা।'

সবশেষে এই প্রযোজক লেখেন, 'জংলি এখন সুপারহিট ছবি। জংলিকে এখনও যেভাবে ভালোবাসা দিচ্ছেন আপনারা, তাতে করে আমি আমার এক যুগের অভিজ্ঞতা থেকে বলতে পারি 'জংলি' নিশ্চিতভাবেই ব্লকবাস্টার হতে যাচ্ছে।'

## ১৭ শিল্পীর বিরুদ্ধে হত্যা মামলা

৪৬ পৃষ্ঠার পর

নেতাকর্মীরা ভিকটিম ও তার সঙ্গীদের গতিপথ রোধ করে। আসামিরা ছাত্র-জনতাকে হত্যার উদ্দেশ্যে গুলিবর্ষণ, হাতবোমা, পেট্রোল বোমা ও ককটেল বিস্ফোরণ করে। মিছিল ছত্রভঙ্গ করতে পুলিশের কাঁদানে গ্যাস, পিপার স্প্রে ও ছররা গুলিতে ভিকটিমের বাম চোখ ক্ষতিগ্রস্ত হয়। এসময় তিনি রাস্তায় লুটিয়ে পড়লে অজ্ঞাতনামা ছাত্রলীগ, যুবলীগ এবং পুলিশ সদস্যরা তাকে মারধর করতে থাকে।

## অস্ট্রেলিয়ায় অপমানিত নেহা

৪৬ পৃষ্ঠার পর

এরপর দেশে ফিরে গায়িকা সামাজিক মাধ্যমে লিখেছেন, 'সত্যিটা জানার জন্য অপেক্ষা করুন শুধু। সত্যি জানতে পারলে, পরে আপনার অনুতাপ হবে।' লেখার সঙ্গে 'দুঃখের' একটি ইমোজিও জুড়ে দেন গায়িকা।

এ ঘটনার পর কেটে গেছে এক মাসের বেশি সময়। অবশেষে জানা গেল গায়িকাকে অপমানের নেপথ্যের কারণ। মেলবোর্নে ঘটে যাওয়া ঘটনার কথা উল্লেখ করে এবার মুখ খুললেন মেলবোর্ন কনসার্টের উদ্যোক্তা পেস ডি এবং র‍্যাপার বিক্রম সিং রন্ধাওয়া।

ওই সাক্ষাৎকারে পেস ডি বলেন, "নেহার পরিষ্কার বক্তব্য ছিল 'আমি যাব না। মাত্র সাতশো লোক? আরও লোক আনুক, জায়গাটা ভরুক তারপর যাব। না ভরলে যাবই না।' সেদিন এ কারণেই মঞ্চে যেতে দেরি হয়েছিল।"

এছাড়াও কনসার্ট উদ্যোক্তা বিক্রম সিং রন্ধাওয়া বলেন,"দর্শকরা প্রস্তুত ছিলেন। তারা বারবার চিৎকার করছিলেন। সকলেই ভেবেছিলেন উনি এখনই আসবেন। কিন্তু সাড়ে সাতটার জায়গায় দশটা বেজে গেলেও তিনি আসেননি। আর সেই কারণেই উপস্থিত শ্রোতারা ক্ষুব্ধ হয়ে পড়েন।"

তিনি যোগ করেন,'মঞ্চেও সবাই প্রস্তুত ছিলেন। নেহার জন্য অপেক্ষা করছিল। কেবল নেহাই ছিলেন অনুপস্থিত'।

বলে রাখা ভালো, কনসার্টের মঞ্চে গাইতে উঠে প্রথমে ক্ষমা চেয়ে নেয়া বলেন, 'আপনারা সত্যিই ভালো। অনেকক্ষণ ধৈর্য ধরে অপেক্ষা করছেন। আমার খুব খারাপ লাগছে, আমি জীবনে কখনও কাউকে এতটা অপেক্ষা করাইনি। আপনারা এতক্ষণ অপেক্ষা করছেন। আপনাদের এই সহযোগিতা আমি আজীবন মনে রাখব।'




BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন
Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !
মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন
YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:
Pass Real Estate Exam
[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়
Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%
Real Estate Productivity Coaching
Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY



বাড়ী ক্রয়-বিক্রয় এবং লোন পেতে
বিশ্বস্ত রিয়েলটরের সেবা নিন
•Residential •Commercial • Investment
•Foreclosures •Auctions • Co-Op & Condo
•Short Sale •Hud • Rentals
•Bank Owned/ REO Properties
List Your Property Faster with TOP $$$
Free Market Analysis
Consultation



Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor
realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite, 202
Jackson Heights, NY-11370
realtorhoque64 AzizulH48770125
azizul-hoque-880064245

ঘরে বসে আয় করুন
আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন,
বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?
তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।



যোগাযোগ : ৯১৭ ৫১৯ ১১৫১


## আমি কারও নিয়ন্ত্রণে থাকার জন্য আসিনি: বাঁধন

৪৬ পৃষ্ঠার পর

নিজেই বেছে নিই, আমার সিদ্ধান্ত আমার নিজের। কারও অনুমতি, প্রশংসা কিংবা স্বীকৃতির প্রয়োজন নেই আমার। আমি হাসি যখন চাই, করি যখন মন চায়, আর যে যা-ই বলুক, নিজের অবস্থানে অটল থাকি। আমাকে নিয়ন্ত্রণ করবে? কখনও না, কোনোদিন না।'

এর আগে গত সোমবার ইরেশ যাকেরের মামলা প্রসঙ্গে অভিনেত্রী লিখেছিলেন, 'ইরেশ যাকের সবসময় সত্যের পক্ষে ছিলেন। সংগ্রামের প্রতিটি মুহূর্তে তিনি আমাদের পাশে ছিলেন, ছাত্রদের পাশে ছিলেন। ৪ আগস্ট কারফিউ ঘোষণার সময় আমরা একসঙ্গে শাহবাগে ছিলাম। সেই রাতে গণভবন যাওয়ার চাপ ছিল তীব্র। কিন্তু ইরেশ যাকের প্রত্যাখ্যান করেছেন। তিনি চাপের মুখে না গিয়ে সত্যের সঙ্গে দাঁড়ানোর কঠিন সিদ্ধান্ত নিয়েছেন। আজ তাকে জেলে হতে দেখা হৃদয়বিদারক।' আরও লিখেছিলেন, 'যারা সত্যের জন্য দাঁড়ায়, তাদের সুরক্ষা প্রাপ্য, নিপীড়ন নয়। আমরা ইরেশের পাশে আছি। আমরা সকলের পাশে আছি।'

## শাকিবের 'বরবাদ'-এর নকল করে দক্ষিণী তারকা নানির সিনেমার পোস্টার!

৪৬ পৃষ্ঠার পর

মন্তব্যের ঘরে সেই সংশয় প্রকাশ করে একজন লিখেছেন, 'ভাগ্যিস 'বরবাদ' আগে রিলিজ হয়েছে নইলে নকলের ট্যাগ লেগে যেত।' শাকিবের সিনেমাকে যারা ব্যঙ্গ করেন তাদের খুঁচিয়ে কেউ কেউ লিখেছেন, 'সুশীলরা কোথায়।' কেউ কেউ অবশ্য ইতিবাচকভাবে দেখছেন। একজন লিখেছেন, 'উন্মুক্ত বিনোদনের দুনিয়ায় এগুলো হবেই, একজন আরেকজন থেকে ইনসপায়ার্ড হবে, স্বাভাবিক।'

শ্রমিক দিবস উপলক্ষে মুক্তি পেয়েছে 'হিট থ্রি'। নির্মাণ করেছেন শৈলেশ কোলানু। এ ছবির মাধ্যমে রাত ১টার শো চালু করতে যাচ্ছেন সুপারস্টার নানি। শাকিবের অন্যদিকে 'বরবাদ' মুক্তি পেয়েছে মাসখানেক। মেহেদী হাসান হৃদয় নির্মিত এ সিনেমাটি দেশ-বিদেশে থিয়েটারে দাপিয়ে চলছে। বলে রাখা ভালো, এবারই প্রথম নয়, এর আগে বলিউড সুপারস্টার সালমান খানের বিরুদ্ধেও উঠেছিল শাকিবকে অনুকরণের অভিযোগ। 'সিকান্দার' ছবির 'জোহরা জাবিন' গানের ভিডিওতে সালমানের লুক ও নাচের সঙ্গে শাকিব খানের 'প্রিয়তমা'র 'কলিজার কোরবানি' গানের দৃশ্যের মিল খুঁজে পেয়েছিলেন নেটিজেনরা। তা নিয়ে হয়েছিল বিস্তর সমালোচনা।

## চরম শত্রুকেও দয়া করতেন নবীজি (সা.)

২৫ পৃষ্ঠার পর

হে আল্লাহর রাসুল, দাওস সম্প্রদায় ধৃষ্টতা দেখাচ্ছে এবং সত্য গ্রহণে অস্বীকৃতি জানাচ্ছে। আপনি তাদের বিরুদ্ধে আল্লাহর কাছে বলুন, তাদের ওপর বদদোয়া করুন। তাঁর আবেদনের পর নবীজি (সা.) কেবলামুখী হয়ে হাত ওঠান। এই দৃশ্য দেখে সাহাবিরা দাওস গোত্রের ধ্বংস হওয়ার ব্যাপারে নিঃসংশয় হয়ে গেলেন। রাসুলুল্লাহ (সা.) দোয়া করে বললেন, 'হে আল্লাহ, দাওসকে হিদায়াত দান করুন এবং সুপথে নিয়ে আসুন। তাদের জন্য তিনি হিদায়াত ও কল্যাণের দোয়া করলেন, ধ্বংস ও বিনাশের দোয়া থেকে বিরত থাকলেন। একইভাবে নবীজি (সা.) তায়েফে গেলে স্থানীয় লোকেরা তাকে সীমাহীন কষ্ট দেয়, পাথর মেরে শরীর ক্ষত-বিক্ষত করে ফেলে। তার পরও তিনি তাদের ব্যাপারে কল্যাণের আশা ত্যাগ করেননি। তিনি পাহাড়ের ফেরেশতার শাস্তির আবেদনের পরিবর্তে বলেন, আমি আশা করি, আল্লাহ তাদের বংশধরদের থেকে এমন সব লোক বের করবেন যারা শুধু আল্লাহর ইবাদত করবে এবং তার সঙ্গে কাউকে শরিক করবে না। মক্কাবাসী রাসুলুল্লাহ (সা.) ও সাহাবায়ে কেরামকে হিজরত করতে বাধ্য করেছিল। হিজরত করার পরও মুসলমানের বিরুদ্ধে যুদ্ধ করে। ফলে মক্কা বিজয়ের দিন মক্কার মুশরিক ভেবেছিল আজ রক্তের বন্যা বয়ে যাবে, কিন্তু রাসুলুল্লাহ (সা.) বলেন, 'আজ বরং অনুকম্পা ও দয়া প্রদর্শনের দিন।' তিনি মক্কাবাসীকে লক্ষ্য করে বললেন, হে কুরাইশ সম্প্রদায়! আমি তোমাদের সঙ্গে কিরূপ আচরণ করব বলে তোমাদের ধারণা। তারা বলল, ভালো ও সুন্দর আচরণ। তুমি সম্মানিত ভাই ও সম্মানিত ভাইয়ের পুত্র। তখন রাসুলুল্লাহ (সা.) বললেন, যাও, তোমরা সবাই মুক্ত। তারা চলে গেল, দেখে মনে হচ্ছিল তারা সবেমাত্র কবর থেকে উত্থিত হয়েছে। রাসুলুল্লাহ (সা.) নিজের ব্যাপারে যথার্থই বলেছেন, 'নিশ্চয়ই আমি তোমাদের প্রতি উপহারস্বরূপ রহমত।'

UCS Ultra Credit Solutions Inc.

# CREDIT REPAIR
ক্রেডিট রিপেয়ার




আমাদের সেবাসমূহঃ
পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট, ব্যাংকক্রাপসি, ডেবট সেটেলমেন্ট, লেট-পেমেন্ট, ষ্টুডেন্ট লোন, মেডিক্যাল বিল ও কার রিপজিশানিং রিমুভাল।
(এটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান)

Public Record Removal, Collection Removal
Bankruptcy Removal, Debt Settlement, Debt Elimination

**929-386-6426**
**929-386-4705**

3716 73rd Street, Suite. 302-B (3RD FLOOR)
JACKSON HEIGHTS, NY 11372
34-18 Northern Blvd, Suite # 5/14
Long Island City, NY 11101 (বাংলাদেশ কনস্যুলেট অফিসের উপর তলায়)

www.ultracreditsolutions.com

# MITU DISABILITY CENTER



RONJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH
State Disability (TANF) • Federal Disability (SSI, SSDI)
Citizenship Without Exam N-648 Waiver
Personal Injury • Divorce • Bankruptcy • Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Loan Modification • Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন
* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

37-47 73 St. #215, Jackson Heights NY 11372
TEL: 718-701-2666



ডাঃ গোবিন্দ পাল
মেডিসিন বিশেষজ্ঞ

Attending Physician
Wyckoff Heights
Medical Center

**Gobinda Paul M.D., F.A.C.P.**
Board Certified in Internal Medicine

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- বয়সভিত্তিক বিভিন্ন রোগের টিকা দিয়ে ভবিষ্যতে নিরাপদ থাকুন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

GOBINDA PAUL PHYSICIAN P.C.
An Ideal Healthcare Unit for Curative and Preventive Medicine

Visiting Hours: Mon-Fri : 6PM-9PM
Sat or Sun : 9AM-2PM

87-38 168 Pl, Jamaica, NY 11432
P: 718-874-0076, F: 718-841-7499
E-mail : GobindaPaul.PC@outlook.com

# মহিলা দাঁতের ডাক্তার

NAEEMA BHUIYA, D.D.S
নাঈমা ভূঁইয়া, ডি.ডি.এস
Program Director, Department of Dentistry, Lincoln Hospital

* রেফারেন্সের প্রয়োজন নেই। সরাসরি চলে আসুন
* আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
* স্বল্প মুল্যে দাঁতের সবধরনের চিকিৎসা করা হয়



87-48, 168 Street, Jamaica, NY 11432
Tel: 718-206-0601, Fax: 718-206-0603

# রুমী ডেন্টাল ল্যাব



কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)
Tel: 718-414-4760

# USR BROKERAGE CORP.

USR BROKERAGE

আমরা সব ধরনের ইন্সুরেন্স করে থাকি

★HOME ★BUSINESS ★AUTO ★WORKERS' COMPENSATION

**MULTI-CARRIER ACCESS:**
**ALLOWS US TO COMPARE PRICES**
**FROM MULTIPLE CARRIERS.**



**MD ABDUR ROUF**
President
Electrical and Computer Engineer NYIT, NY
Cybersecurity and Cyber Insurance Specialist
Licensed Property and Causality Insurance Broker

**+1 (646) 270 4861, +1 (631) 565 4334**
usrbrokerage.com | a.rouf@usrbrokerage.com, info@usrbrokerage.com
37- 21 72 Street, Suit # 2, Jackson Heights, New York 11372

# LIBERTY REAL ESTATE SCHOOL

NYS Approved Real Estate School

রিয়েলএস্টেটের লাইসেন্স করুন
বছরে লক্ষ ডলার আয় করুন

বিস্তারিত তথ্য এবং ক্লাসের সময় সুচি জানতে
কল করুন **+1 (929) 393-8620**

- SALESPERSON COURSE : 75 HOURS
- CONTINUING EDUCATION : 22.5 HOURS
- BROKER COURSE : 45 HOURS

**YOU LEARN :**

The easiest way to buy and sell a home
Learn for Being a professional Realtor or for knowledge
